হোমিওপ্যাথিক

ভৈষজ্য-সুধা।

অর্থাৎ

প্রধান প্রধান ঔষধের বিশেষ প্রকৃতি ও বিশেষ লক্ষণ।

৺ হরিপ্রসাদ চক্রবর্ত্তী কর্ত্তৃক অনূদিত।

চতুর্থ সংস্করণ।

ALLEN'S KEYNOTES

IN BENGALI

PUBLISHED AND REVISED BY
PIYUSH KIRAN CHAKRAVARTTI, B. A.
Homœopathy Prachar Karjyalaya
Patuatuli, Dacca.

1924.

মূল্য ২৲ দুই টাকা।

Out of Print.

হেনা প্রেস, ঢাকা
প্রিন্টার—শ্রীগোপাল চন্দ্র দে দ্বারা মুদ্রিত

ভূমিকা।

ভৈষজ্য-সুধা ভৈষজ্য-তত্ত্বের প্রথম-শিক্ষা। ভৈষজ্য-সাগর মথিত প্রধান প্রধান ঔষধের বিশেষ প্রকৃতি ও বিশেষ লক্ষণ এই পুস্তকে সন্নিবিষ্ট। প্রত্যেক ঔষধের লক্ষণের মধ্যেই কতকগুলি এমন লক্ষণ দৃষ্ট হয় যে, সেই সকল লক্ষণ অন্য ঔষধে একেবারেই দেখা যায়না। এই লক্ষণ গুলিকেই সেই সেই ঔষধের বিশেষ লক্ষণ বলে। এই বিশেষ লক্ষণ দ্বারাই ঔষধের বিশেষত্ব স্থির হয়, এবং অন্যান্য ঔষধ হইতে উহার স্বতন্ত্রতা নিরূপণ করিতে পারা যায়

সঞ্চালনে বৃদ্ধি ব্রাইওনিয়ার, সঞ্চালনে হ্রাস রসটক্সের, প্রচণ্ড প্রলাপ বেলেডোনার এবং ঔদাস্য ফসফরিক এসিডের এইরূপ এক একটী সর্ব্বপ্রধান বিশেষলক্ষণ।

এই পরিচালক লক্ষণগুলি ভিত্তি-ভূমি করিয়াই মনে মনে সেই সেই ঔষধের লক্ষণগুলির তুলনা করিতে হয়। তুলনা ব্যতিরেকে প্রভেদ নিরূপণ করিতে পারা যায়না, প্রভেদ নির্ণীত না হইলে বস্তুর প্রকৃত জ্ঞান জন্মেনা। এজন্য ঔষধে ঔষধে তুলনা করিয়া ঔষধের প্রভেদ নিরূপণ করিতে হয়; এবং উহার প্রকৃত জ্ঞান লাভ করিতে হয়। ঔষধের প্রকৃত জ্ঞান না থাকিলে ঠিক সদৃশ ঔষধ নির্ব্বাচন করিতে পারা যায় না ফলতঃ তুলনাকরণ ও প্রভেদ নিরূপণ হোমিওপ্যাথি-শিক্ষার্থীর জীবন-ব্রত। ঔষধেরলক্ষণে-ঔষধেরলক্ষণে এবং রোগীরলক্ষণে-ঔষধেরলক্ষণে তাঁহাকে প্রতিনিয়তই কেবল তুলনা করিতে হয়। হোমিওপ্যাথিক ভৈষজ্য-তত্ত্বের বিশাল লক্ষণ রাশি দেখিলে প্রথম শিক্ষার্থীকে ভীত হইয়া প্রতিনিবৃত্ত হইতে হয়। বাস্তবিক উহা প্রথম উদ্যমে আয়ত্ত করা বড়ই সুকঠিন ব্যাপার অতএব প্রথমে ঔষধের বিশেষ প্রকৃতি ও বিশেষ লক্ষণ গুলি অভ্যাস করিয়া প্রত্যেক ঔষধের বিশেষ বা স্বতন্ত্র প্রতিকৃতি উপলব্ধি করা উচিত। উহা অপেক্ষাকৃত অল্পায়াস-সাধ্য এবং শিক্ষার প্রারম্ভে বড়ই উপযোগী। তাই এই পুস্তক অভ্যাস করিয়া বৃহৎ ভৈষজ্য-তত্ত্ব অভ্যাস করা সুবিধাজনক হইবে বলিয়া ভৈষজ্য-তত্ত্বের এই প্রথম-শিক্ষা "ভৈষজ্য-সুধা" নামে প্রকাশিত হইল। এতদ্দ্বারা সেই উদ্দেশ্য সুসিদ্ধ হইলেই হইল। এই পুস্তকখানি ছাত্র

এলেনের "কি নোটস্" নামক সুপ্রসিদ্ধ গ্রন্থের বাঙ্গলা অনুবাদ গ্রন্থকা· সিকাগো হেরিং মেডিক্যাল কালেজের ভৈষজ্য-তত্ত্বের অধ্যাপক। তিনি অধ্যয়ন ও অধ্যাপনায় এই পুস্তকের বিলক্ষণ উপকারিতা দেখিতে পাইয়াছেন ভরসা করি ছাত্রগণও এই অনুবাদের তদ্রূপ ফলবত্ত উপলব্ধি করিবেন অনুবাদ যথাযথ মূলানুরূপ করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি, জানিনা কতদূর কৃতকার্য্য হইয়াছি পাঠকগণ অনুগ্রহ পূর্ব্বক ত্রুটি মার্জ্জনা করিবেন।

এই পুস্তকে প্যারেন্থিসিস্ চিহ্নের অভ্যন্তরে সমলক্ষণাপন্ন ঔষধের উল্লেখ আছে অধ্যয়নকালে সেইগুলি একস্থলে সংগ্রহ করিয়া অনুশীলনী স্বরূপ আলোচনা ও অভ্যাস করিলে একটী ঔষধ শিক্ষা করিলেই সঙ্গে সঙ্গে অন্যান্য কতকগুলি ঔষধেরও কতকটা জ্ঞানলাভ হইবে। এবং ঔষধে ঔষধে কোথায় কোথায় সৌসাদৃশ্য ও কোথায় কোথায় অসাদৃশ্য তাহা ভাল করিয়া বুঝা যাইবে লক্ষণগুলির প্রাধান্যের তারতম্যানুসারে অক্ষরেরও তারতম্য করা গিয়াছে।

চৈত্র ১৩১৯। অনুবাদক।

দ্বিতীয় সং বিজ্ঞাপন।

ভৈষজ্য-সুধার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল এ সংস্করণে পুস্তকের বিশেষ কোন পরিবর্ত্তন সাধিত হয় নাই মুদ্রাঙ্কনব্যয় পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃদ্ধি পাওয়া সত্ত্বেও এ সংস্করণের পুস্তকের মূল্য বর্দ্ধিত না করিয়া পূর্ব্ববৎ দেড় টাকাই রাখা হইল। মুদ্রাঙ্কন-দোষ দূর করিবার জন্য যথা সাধ্য চেষ্টা করিয়াছি, তথাপি স্থানে স্থানে ভ্রম থাকিবার সম্ভাবনা। গ্রন্থকার জীবিত থাকিতে সহৃদয় গ্রাহক মহোদয়গণ ইহাকে যেরূপ প্রীতির চক্ষে দেখিতেন, ভরসা করি ইহা এখনও তাঁহাদের নিকট সেই ভাবে আদৃত হইবে

হোমিওপ্যাথিপ্রচার কার্য্যালয়।
নবাবপুর, ঢাকা।
আষাঢ়, ১৩২০।

বিনীত—
ডাঃ শ্রীনৃপেন্দ্রচন্দ্র রক্ষিত।

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন।

ভৈষজ্য-সুধার তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। এবারে পুস্তকখানি এলেন্স কীনোটস্-এর শেষ সংস্করণের সহিত মিলাইয়া দেওয়া হইয়াছে; এবং সোরিনাম্ নামক ঔষধটী নূতন সংযোজিত হইয়াছে। কঠিন শব্দগুলির পার্শ্বেই উহাদের ইংরেজী শব্দ বসাইয়া দেওয়া হইয়াছে, আশা করা যায় ইহাতে অভিনব শিক্ষার্থীর যথেষ্ট সাহায্য হইবে।

কাগজের মূল্য প্রায় তিন গুণ বাড়িয়া গিয়াছে সেইজন্য পুস্তকের মূল্য কিঞ্চিৎ বাড়াইতে বাধ্য হইলাম। আশাকরি সহৃদয় পাঠকগণ আমার সকল ত্রুটি মার্জ্জনা করিয়া স্বর্গীয় পিতৃদেবের এই পুস্তকখানি পূর্ব্ববৎ স্নেহের চক্ষে দেখিবেন। নিবেদন ইতি—

হোমিওপ্যাথি প্রচার কার্য্যালয়।
পাটুয়াটুলী, ঢাকা
শ্রাবণ, ১৩২৮

শ্রীপীযূষকিরণ চক্রবর্ত্তী।

চতুর্থ সংস্করণের বিজ্ঞাপন।

ভৈষজ্যসুধা নিঃশেষিত হওয়ায় পুনর্মুদ্রিত হইল। এবারে মূলতঃ গ্রন্থের কোনও পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন না হইলেও ইহা সম্যক্ পরিশুদ্ধ হইয়াছে। মুদ্রণব্যয়ের আধিক্য সত্ত্বেও ইহার মূল্য পূর্ব্ববৎই রহিল। নিবেদন ইতি -

হোমিওপ্যাথি প্রচার কার্য্যালয়
পাটুয়াটুলী, ঢাকা।
বৈশাখ, ১৩৩১।

শ্রীশ্রীসুশোভিতকুমার চক্রবর্ত্তী।

সূচীপত্র ।

অরম মেটেলিকম্ (অরম) ১
আইওডম্ (আইওড) ৩
আর্জেন্টম নাইট্রিকম (আর্জ-না) ৭
আর্জেন্টম মেটালিকম্ (আর্জ-মেট) ৭
আর্নিকা মন্টেনা (আর্ণ) ৮
আর্সেনিকম্ এলবম (আর্স) ১১
ইউপেটোরিয়ম পার্ফোলিয়েটম (ইউপ-পার্ফ) ১৩
ইউফ্রেসিয়া (ইউফ্রে) ১৪
ইস্কুইসিটম হাইমেল (ইস্কুই) ১৬
ইগ্নেশিয়া (ইগ্নে) ১৬
ইথুসা সাইনেপিয়ম (ইথু) ১৯
ইপিকাকুয়ানহা (ইপি) ২০
ইস্কিউলাস (ইস্কি) ২২
একোনাইটম নেপেলস (একন) ২৪
এক্টিয়া রেসিমোসা (এক্টিয়া) ২৬
এগেরিকস (এগার) ২৮
এগ্নসক্যাষ্টস (এগ্নস) ২৯
এন্টিমোনিয়ম ক্রুডম (এন্ট-ক্রুড) ৩০
এন্টিমোনিয়ম টার্টারিকম (এন্ট-টার্ট) ৩২
এনাকার্ডিয়ম (এনা) ৩৪
এথুসাইনম (এথু) ৩৬
এপিস মেলিফিকা (এপিস) ৩৭
এপোসাইনম (এপোসা) ৩৯
এব্রোটেনম (এব্রোট) ৪০
এমিলনম-নাইট্রো (এমিল) ৪১
এমোনিয়ম কার্বনিকম (এমন কা) ৪২
এমোনিয়ম মিউরিয়েটিকম (এমন-মিউ) ৪৪
এম্ব্রাগ্রিসিয়া (এম্ব্রা) ৪৫
এরাম ট্রিফিলাম (এরাম) ৪৬
এলিয়াম সেপা (এলি-সে) ৪৭
এলুমিনা (এলু) ৪৯
এলো সকোট্রিনা (এলো) ৫১
এষ্টিরিয়াস (এষ্টি) ৫৩
এসেটিক এসিড (এসে-এসি) ৫৪
এসেরাম (এসের) ৫৫
ওপিয়ম (ওপি) ৫৬
ককিউলাস (কক) ৫৯
কফিয়া ক্রুডা (কফি) ৬০
কলচিকম (কলচি) ৬২
কলোফাইলম (কলোফা) ৬৩
কলোসিন্থ (কলোসি) ৬৪
কষ্টিকম (কষ্টি) ৬৬
কার্বলিক এসিড (কার্বলি-এসি) ৬৮
কার্বো এনিম্যালিস (কার্বো-এ) ৭০
কার্বো ভেজিটেবিলিস (কার্বো-ভে) ৭২
কালী কার্বনিকম (কালী-কার্ব) ৭৩
কালী বাইক্রোমিকম্ (কালী-বাই) ৭৫

কালী ব্রোমেটম (কালী-ব্রোম) ৭৭
কুপ্রম মেটেলিকম (কুপ) ৭৯
কোকা (কোকা) ৮১
কোনায়ম (কোনা) ৮২
কোলিনসোনিয়া (কোলিন) ৮৪
ক্যাক্টস (ক্যাক্ট) ৮৪
ক্যানেবিস ইণ্ডিকা (ক্যান-ইণ্ড) ৮৬
ক্যানেবিস স্যাটাইভা (ক্যান-স্যাট) ৮৬
ক্যান্থেরাইডিস (কান্থ) ৮৭
ক্যাপ্সিকম (ক্যাপ্স) ৮৯
ক্যামোমিলা (ক্যামো) ৯০
ক্যাম্ফোরা (ক্যাম্ফ) ৯২
ক্যালমিয় (ক্যালমি) ৯৩
ক্যালেডিয়ম (ক্যালেড) ৯৪
ক্যালেণ্ডুলা (ক্যালেণ্ড) ৯৫
ক্যালকেরিয়া কার্ব্বনিকা (ক্যাল্ক-কা) ৯৬
ক্যালকেরিয়া আর্সেনিকা (ক্যাল্ক-আর্সে) ৯৯
ক্যালকেরিয়া ফসফরিকা (ক্যাল্ক-ফস) ৯৯
ক্রিয়োজোটম (ক্রিয়োজ) ১০১
ক্রোকাস (ক্রোক) ১০৩
ক্রোটন (ক্রোট) ১০৪
ক্রোটেলস (ক্রোটে) ১০৫
গ্রাফাইটিস (গ্রাফ্) ১০৭
গ্লনয়েন (গ্লন) ১০৯
চায়না (চায়) ১১০
চেলিডোনিয়ম (চেলি) ১১২
জিঙ্কম (জিঙ্ক) ১১৪
জেলসিমিয়ম (জেল) ১১৬
টিউবার কিউলাইনম (টিউব) ১১৮
টেরেবিন্থ (টের) ১২০
ট্যাবেকম (ট্যাবে) ১২২
ট্যারাক্সিকম (ট্যারাক্স) ১২৪
ট্যারাণ্টিউলা (ট্যারাণ্ট) ১২৫
ট্রিলিয়ম (ট্রিল) ১২৬
ডল্কেমেরা (ডল) ১২৭
ডাইওসকোরিয়া (ডাইও) ১২৯
ডিজিটেলিস (ডিজি) ১২৯
ডিপথিরিনম (ডিপথি) ১৩১
ড্রোসেরা (ড্রোস) ১৩২
থুজা (থুজ) ১৩৪
থেরিডিয়ন (থেরি) ১৩৭
থ্ল্যাস্পি বার্সা (থ্ল্যাস্প) ১৩৮
নক্সভমিকা (নক্স-ভম) ১৩৯
নক্স মস্কেটা (নক্স-ম) ১৪২
নাইট্রিক এসিড (নাই-এসি) ১৪৪
ন্যাজা (ন্যাজা) ১৪৭
ন্যাট্রম কার্ব্বনিকম (ন্যাট-কা) ১৪৮
ন্যাট্রম মিউরিয়েটিকম (ন্যাট-মি) ১৪৯
ন্যাট্রম সলফিউরিকম (ন্যাট-সল) ১৫২
পডফিলম (পড) ১৫৪
পলসেটিলা (পলস) ১৫৬
পাইরোজেন (পাইরো) ১৫৮
পিক্রিক এসিড (পিক্রি-এসি) ১৬০

পেট্রোলিয়ম (পেট্রো) ১৬২
পেট্রোসেলিনম (পেট্রোস) ১৬৩
প্লাম্বম (প্লম) ১৬৪
প্লাটিনা (প্লাটি) ১৬৬
ফসফরাস (ফস) ১৬৮
ফসফরিক এসিড (ফস-এসি) ১৭০
ফাইটোল্যাক্কা (ফাইটো) ১৭৩
ফাইসষ্টিগমা (ফাইসস্) ১৭৪
ফিরম (ফির) ১৭৫
ফ্লোরিক এসিড (ফ্লোর-এসি) ১৭৭
বার্বেরিস (বার্ব) ১৭৮
বিসমথ (বিস) ১৭৯
বেঞ্জোইক এসিড (বেঞ্জ) ১৮০
বেলেডোনা (বেল) ১৮১
বোভিষ্টা (বোভ) ১৮৪
বোরাক্স (বোর) ১৮৫
ব্যাপ্টিসিয়া (বেপ্ট) ১৮৬
ব্যারাইটা-কার্ব (ব্যারা-কা) ১৮৮
ব্রাইওনিয়া (ব্রাই) ১৮৯
ব্রোমিয়ম (ব্রোম) ১৯২
ভিরেট্রম এলবম (ভিরে-এ) ১৯৪
ভিরেট্রম ভিরিডি (ভিরে-ভি) ১৯৬
ভেরিওলাইনম (ভেরিওল) ১৯৭
ভেলিরিয়ানা (ভেলি) ১৯৮
মারকিউরিয়স (মার্ক) ১৯৯
" " করোসাইভস (মার্ক-কর) ২০২
" " ডলসিস (মার্ক-ডল) ২০২
" " প্রোটোআইওড (মার্ক-প্রোটো) ২০৩
মারকিউরিয়াস বিন আইওড (মার্ক-বিন) ২০৭
" " সলফিউরিকস (মার্ক সলফ) ২০৩
" " সলিউবিলিস (মার্ক-সল) ২০৪
" " সায়েনাইড (মার্ক সায়ে) ২০৫
মিউরিএটিক এসিড (মিউ-এসি) ২০৬
মিউরেক্স (মিউর) ২০৭
মিলিফোলিয়ম (মিলি) ২০৮
মেজেরিয়ম (মেজে) ২০৯
মেডোরাইনম (মেডো) ২১১
মেনিয়াস্থিস (মেনি) ২১৩
মেলিলোটস (মেলি) ২১৭
ম্যাগ্নিশিয়া কার্বনিকা (ম্যাগ-কা) ২১৮
" " ফসফরিক (ম্যাগ-ফস) ২১৯
" " মিউরিয়েটিকা (ম্যাগ-মিউ) ২২১
রসটক্সিকোডেণ্ড্রন (রস, রাস) ২২৩
র‍্যাটানহিয়া (র‍্যাটান) ২২৫
র‍্যানানকিউলস (র‍্যানন) ২২৬
রিউম (রিউ) ২২৭
রুমেক্স (রুম) ২২৮
রুটা (রুটা) ২২৯
রোডোডেণ্ড্রণ (রোড) ২৩০
লরোসিরেসস (লরো) ২৩১
লাইকোপোডিয়ম (লাই) ২৩২
লাইসীন (লাইস) ২৩৫
লিডাম (লিড) ২৩৬

লিলিয়ম (লিলি)	২৩৮
লোবেলিয়া (লোব)	২৪০
ল্যাক ক্যানাইনম (ল্যাক-ক্যান)	২৪১
ল্যাক ডিফ্লোরেটম (ল্যাক-ডি)	২৪৪
ল্যাকেসিস (ল্যাক)	২৪৬
ষ্টানম (ষ্টাণ)	২৪৯
ষ্ট্যাফিসেগ্রিয়া (ষ্ট্যাফ)	২৫১
ষ্ট্রামোনিয়ম (ষ্ট্রাম)	২৫৪
সলফর (সলফ)	২৫৬
সলফিউরিক এসিড (সল-এসি)	২৫৯
সাইকিউটা (সিকিউ)	২৬১
সাইক্লেমেন (সাইক্লে)	২৬৩
সার্সাপেরিলা (সার্সা)	২৬৪
সিকেলি (সিক)	২৬৬
সিড্রন (সিড)	২৬৮
সিনা (সিন)	২৬৯
সিপিয়া (সিপি)	২৭০
সিফিলাইনম (সিফি)	২৭৩
সিম্ফাইটম (সিম্ফা)	২৭৫
সিলিশিয়া (সিলি)	২৭৬
সেলেনিয়ম (সেলেন)	২৭৯
সোরিণম্ (সোরি)	২৮১
স্পঞ্জিয়া (স্পঞ্জ)	২৮৫
স্পাইজিলিয়া (স্পিজি)	২৮৭
স্যাঙ্গুইনেরিয়া (স্যাঙ্গ)	২৮৯
স্যানিকিউলা (স্যানি)	২৯০
স্যাবাডিলা (স্যাবা)	২৯২
স্যাবিন (স্যাবি)	২৯৪
স্যাম্বুকস (স্যাম্বু)	২৯৫
হাইওসায়েমাস (হাইও)	২৯৬
হাইড্রাষ্টিস (হাইড্রাষ্টি)	২৯৮
হাইপারিকম (হাইপার)	২৯৯
হিপার সলফর (হিপ)	৩০০
হেমেমেলিস (হেমে)	৩০৩
হেলিবোরস (হেলি)	৩০৪
হেলোনিয়াস (হেলোন)	৩০৬

দুরূহ পারিভাষিক শব্দের ইংরেজী প্রতিশব্দ।

অধঃক্ষেপ Sediment
অনামাস্থি Innominatum.
অনুকল্প Vicarious.
অনুপূরক সম্বন্ধ Complementary relation.
অনুভূতি Sensitiveness
অপচ্যমান Papular.
অবদরণ Excoriation
অবসাদ-বায়ু Hypochondriasis.
অবিদাহী Bland.
অমোঘ ঔষধ Genus Epidemicus.
অর্কাঘাত Sun-stroke.
অস্থিবেষ্ট Periostium.
আততি Tension.
আর্দ্রকাল Damp weather.
আধিভৌতিক Mechanical
আধেয় Contents.
আবিল Turbid.
আবেশ Paroxysm.
আভিঘাতিক Traumatic.
আম Mucus.
আমবাত Rheumatism.
আমাশয় Stomach
উদ্ভেদ Eruption.
উপক্ষত Aphthae
উপঘাত Injury.
উপচয় Aggravation
উপত্বক Epithelium.
উপদাহ Irritation.
কচ্ছু-দোষ Psora.
কণ্ডরা Tendon.
কনীনিকা Cornea.
কন্দ Prolapsus Uteri.
করোটি Cranium.
কৃত্রিম মৈথুন Onanism.
কৈশিকা Capillary
কোকিল-চঞ্চু-অস্থি Coccyx.
গতিজনন স্নায়ু Motor Nerves.
গল-কোষ Pharynx.
গুটিকা দোষ Tuberculosis.
গুল্ম-বায়ু Hysteria.
গৃঞ্জন Bunion.
গ্রন্থি-বাত Gout.
ঘৃষ্ট-ব্রণ Bruise.
চিপিটিকা Crusts.
ছত্রক Fungus.
ছিন্নব্রণ Incised wound.
জিহ্বা-কণ্টক Papillae.
টঙ্কার Convulsions.
ডিম্বাশয় Ovary.
তন্তু Fibrin.
তাপোদ্বেগ Flushes of heat.
তালু-মূল Tonsil
ত্রিক, ত্রিকাস্থি Sacrum.
দন্ত-শর্করা Sordes.
দীর্ঘাস্থি Tibia.
দেশ Region.
ধাতু-বিকৃত Cachexia.
নাড়ী-ব্রণ Fistula.
নিগরণ Deglutition.
নিমজ্জন Sinking.
নিষ্ঠীবন Expectoration
নৌ-গহ্বর Navicular fossa.
পচ্যমান Pustular.
পর্শুকা-মধ্য Intercostal.

পাণ্ডুর Pale.
পামা Eczema.
পীড়কা Eruptions.
পৃষ্ঠবংশ Spine.
প্রতিক্রিয়া Reaction.
প্রতিশ্যায় Catarrh.
প্রধাবন Rush.
প্রবণতা Tendency.
ফুসফুস-পাকাশয়িক-স্নায়ু Pneumo gastric nerve.
বঙ্ক্ষণ-স্নায়ু Sciatic-nerve.
বস্তি-কোটর *Pelvis.*
বহুপাদ Polypus
বাতকণ্টক Sprain.
বিদাহী *Acid.*
বিদ্ধব্রণ Punctured wound.
বিধান-তন্তু Tissue
বিবমিষা Nausea.
বিষয়-নিষ্ঠা Objective.
বিসমাসিত Decomposed.
বিসর্প Erysipelas
বৃক্ক Kidney.
ব্রণশোথ Abscess.
ভৌতিক *Physical.*
মণিপুর Pubis.
মণিবন্ধ Wrist
মদাত্যয় Delirium-tremens.
মধ্যান্ত্র Mesentery.
মস্তু Serum.
মাষক-দোষ Sycosis.
মুখ-রাগ Flush.
মূত্রশায়িগ্রন্থি Prostate.
মূত্র-নাশ Suppress of urine.
মূত্র-মার্গ Urethra.
মূত্রাশয় Bladder.
মূলাধার Perineum.
মৃৎপাণ্ডু Anaemia.
যান্ত্রিক Organic.
রক্তাতিসার Dysentery.
লসিকা Lymph.
শঙ্খ Temple.
শল্য Foreign body.
শল্ক Scales.
শিখর Apex.
শীতপিত্ত Urticaria.
শীতাদ Scurvy.
শ্লৈষ্মিক ঝিল্লী Macous-membrane
সংন্যাস Apoplexy.
সংবৃত্তি Stricture.
সদ্যব্রণ Wound
সমনিয়োগতা Co-ordination.
সরলান্ত্র Rectum.
সস্ফোটজ্বর Eruptive Fevers.
সহানুভূতি *Sympathy.*
সাণ্ডলাল Albuminous.
সান্তর Porous.
সুকুমার Delicate.
স্থূলান্ত্র Colon.
সূচী-বেধ Stitching pain.
স্নায়ু Nerve.
স্বপ্ন-সঞ্চরণ Somnambulism.
স্বয়ম্ভূত Idiopathic.
স্বরনাশ Aphonia.
হনু Jaw.
হনুস্তম্ভ Lock-jaw.
হরিৎপাণ্ডু Chlorosis.
হুল-বেধন Stinging pain.

হোমিওপ্যাথিক

ভৈষজ্য-সুধা।

অরম মেটেলিকংম।

(**Aurum metallicum**)

কৃষ্ণবর্ণ চক্ষু ও কৃষ্ণবর্ণ চুল বিশিষ্ট রক্ত প্রধান ব্যক্তি; ও সজীবতা, অস্থিরতা, ভবিষ্যৎ সম্বন্ধে উৎকণ্ঠা (anxiety) বিশিষ্ট ব্যক্তি

ক্ষীণ-দৃষ্টি, স্থূলকায়; জীবনে বিতৃষ্ণ, বৃদ্ধ।

পারদ ও উপদংশের মন্দফলে ভগ্ন-দেহ ব্যক্তি।

নিস্তেজ, নির্জীব, ক্ষীণ-মেধ (of weak memory), বালক-সুলভ ক্রীড়া-কৌতুকে বিরত, অবিকশিত-অণ্ড; ক্রমশঃ শীর্ণতাপ্রাপ্ত, বালক।

অবিরত আত্মহত্যার চিন্তা (আশা—কিন্তু মরিতে ভয়, নক্স)।

গভীর বিষাদ —ঘৃণা ও বিবাদ-প্রবৃত্তির উদ্রেক; আত্মহত্যা করিবার ইচ্ছা; জীবন সর্বদা গলগ্রহ অনুভব; পারদ অপব্যবহারের পর: প্রায় সকল রোগেই বিষাদের বিদ্যমানতা।

অস্বচ্ছন্দতা, ব্যস্তসমস্ততা, মানসিক ও শারীরিক পরিশ্রমের সাতিশয় ইচ্ছা; কিন্তু তাড়াতাড়ি কাজ করিতে অসমর্থতা (আর্জ-না)।

শোক, ও প্রেম-ভঙ্গজনিত অসুখ তৎসহ মৃত্যু ও আত্মহত্যার কামনা

ভয়, ক্রোধ, প্রতিবাদ, দুঃখ, বৈরক্তি, আতঙ্ক, অথবা সংগোপিত অসন্তোষ বশতঃ (ষ্ট্যাফ) অসুখ

অতিরিক্ত অনুভূতি; যৎসামান্য প্রতিবাদে ক্রোধের উদ্রেক (কোনা); যাতনায়; গন্ধে, স্বাদে, শ্রবণে ও স্পর্শে (বেলা) তীব্রতানুভব।

কপিশবর্ণ মলিন-বদন; দুঃখিত, বিমর্ষ, মৌনী; কোষ্ঠ-রোধ-প্রবণ; ব্যক্তিদিগের যৎসামান্য মানসিক পরিশ্রমে উদ্রিক্ত, শিরঃপীড়া।

কেশ-পতন, বিশেষতঃ উপদংশ ও পারদজনিত রোগে

অর্দ্ধ-দৃষ্টি, কেবল নিম্নার্দ্ধ দৃষ্ট হয় (কেবল বামার্দ্ধ দেখা যায়, লিথি-কা, ল্যাই)।

উপদংশ ও পারদজনিত অস্থি-রোগ।

অস্থি-ক্ষত।--নাসিকা ও তালুর অস্থির এবং কপাল-প্রান্তের স্তনাগ্র সদৃশ অস্থির কেরিজ (Caries) ; পুতিনস্য (Ozæna) ও কর্ণস্রাব, অতি দুর্গন্ধস্রাব ; রাত্রিতে বেদনার বৃদ্ধি ; বেদনা বশতঃ হতাশ হইয়া পড়া ; পারদ অথবা উপদংশ হইতে উহার উৎপত্তি (এসা)।

উচ্চ স্থান হইতে কিছু পাড়িতে অথবা স্বাভাবিক শক্তি অপেক্ষা অতিরিক্ত চেষ্টা করাতে (পড, রস) ; এবং বিবৃদ্ধি বশতঃ (কোনা) জরায়ু বাহির হইয়া পড়া ও উহার কঠিনতা প্রাপ্তি

অতিশয় বিষণ্ণতা সংযুক্ত রজোরোগ ও গর্ভাশয়ের (uterus) রোগ ; ঋতু-কালে উহার বৃদ্ধি।

বয়স্থতার প্রারম্ভে বালিকাদিগের শ্বাসে দুর্গন্ধ।

হৃৎপিণ্ড যেন স্থির হইয়া পড়িয়াছে এরূপ অনুভব ; যেন উহার স্পন্দন স্থগিত হইয়াছিল এপ্রকার অনুভব, তৎপরে সহসা একটী কঠিন আঘাত প্রদান (সিপি)।

প্রবল হৃৎকম্প।—তৎসহ পরিশ্রমের পরে মস্তকে ও বক্ষঃস্থলে রক্ত-সঞ্চয় ; ক্ষুদ্র, ক্ষীণ, দ্রুত ও অনিয়মিত নাড়ী ; গলায় ও কপাল-প্রান্তের ধমনীর (Carotid) দৃশ্যমান স্পন্দন (বেল, গ্লন)।

হৃৎপিণ্ডের মেদাপকর্ষ (ফ্যাটিডিজেনারেসন) (ফস)।

উপচয়।—শীতল বায়ুতে ; শীতল হইবার সময় ; শয়ন-কালে ; ও মান-সিক পরিশ্রমে বৃদ্ধি। কেবল শীতকালে অনেক অসুখের উপস্থিতি।

উপশম —উষ্ণ বায়ুতে ; উষ্ণ হইবার সময় ; প্রাতে ও গ্রীষ্মকালে হ্রাস।

সম্বন্ধ।—(১) অরমের পরে সিফিলাইনম ও সিফিলাইনমের পরে অরম ভাল খাটে। (২) অস্থি-রোগে ও জরায়ু রোগে, এসা, ক্যাল, প্লাট, সিপি, টার, থেরে, অরমের সমগুণ

আইওডম্।

(Iodum.)

কৃষ্ণবর্ণ কেশ ও চক্ষুবিশিষ্ট গণ্ডমালা-ধাতু-দুষ্ট ব্যক্তি, প্রগাঢ় দুর্ব্বলতা ও অতিশয় শীর্ণতা (এব্রোট) সংযুক্ত ধাতু-দুষ্ট অবস্থা

উপরের তলায় উঠিবার সময় (ক্যাল্ক); ও ঋতুকালে (এলম, কার্বো-এন, কক) অতিশয় দুর্ব্বলতা ও শ্বাস-কৃচ্ছ্রতা।

অতিক্ষুধা; বেশ আহার করা হয়, অথচ পেশীর শীর্ণতা জন্মে (এব্রো, ন্যাট-মিউ, স্যানি, টিউব)

প্রাতঃকাল হইতে রাত্রি পর্য্যন্ত শুষ্কোদ্গার, যেন ভুক্ত দ্রব্যের প্রত্যেক কণা পরিবর্ত্তিত হইয়া বায়ুতে পরিণত হইয়াছে (কালী-কা)।

ক্ষুধা হইলে কষ্ট হয়। অল্পক্ষণ পরে পরে আহার করা আবশ্যক হয়, না খাইলে উৎকণ্ঠা ও বিরক্তি জন্মে (সিনা, সলফ); আহার-কালে বা আহারান্তে, আমাশয় পূর্ণ থাকিলে, ভাল বোধ হয়।

কণ্ডূয়ন —বুকাস্থির পশ্চাদ্ভাগে, ফুসফুসের নিম্নদেশে কণ্ডূয়ন হইয়া কাসের উদ্রেক; বায়ুনলীর অভ্যন্তর দিয়া নাসা-রন্ধ্র পর্য্যন্ত সেই কণ্ডূয়নের সম্প্রসারণ (কক কোনা, ফস)

গল-গ্রন্থি (thyroid), স্তন, ডিম্বাধার (ovary), অণ্ডকোষ, জরায়ু, মূত্রাশয়ের মুখশায়ীগ্রন্থি (prostatic gland), ও অন্যান্য গ্রন্থির বৃদ্ধি ও দৃঢ়তা প্রাপ্তি… স্তনের শীর্ণতা ও শোথিততাও জন্মিতে পারে

মলিনবর্ণ কেশবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে গলগণ্ড (পাতলা চুল বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে ব্রোম); আহারান্তে ভাল বোধ হয়।

হৃৎকম্প, যৎসামান্য পরিশ্রমে উহার আতিশয্য (ডিজি, তুলনা করুন— যৎসামান্য মানসিক পরিশ্রমে বৃদ্ধি, ক্যাল-আর্স)।

হৃৎপিণ্ড যেন সংপিষ্ট হইতেছে এরূপ অনুভব; যেন লৌহ নির্ম্মিত হস্তে ধৃত হইয়াছে এ প্রকার অনুভব (ক্যাক্টি, সলফ)।

ক্রুপ।—কৃত্রিম ঝিল্লীবিশিষ্ট ক্রুপ, ঘর্ঘরশব্দযুক্ত শুষ্ককাস, উষ্ণ আর্দ্রকালে বৃদ্ধি, তৎসহ হাঁসফাঁস ও করাতটানার ন্যায় শব্দ (স্পঞ্জ)।

বালক হাতদিয়া স্বরযন্ত্র ধরে (সেপা) ; বালকের, বিশেষতঃ মাংসল বালকদিগের মুখমণ্ডল পাণ্ডুবর্ণ ও শীতল হয়।

শ্বেতপ্রদর —বিদাহী প্রদর স্রাবে বস্ত্রে দাগলাগে ও বস্ত্র খাইয়া যায় ; ঋতুকালে প্রদরের সমধিক প্রাচুর্য্য জন্মে

জরায়ুগ্রীবার (cervix) ক্যানসারজনিত অপকৃষ্টতা (degeneration) ; উদরে কর্ত্তনবৎ বেদনা ও প্রত্যেকবার মলত্যাগকালে রক্তস্রাব।

বিফল মল-প্রবৃত্তি সহ কোষ্ঠ রোধ, শীতল দুগ্ধপানে উহার উপশম

উপচয় —উষ্ণতায় ; ও মস্তকে কাপড় জড়াইলে বৃদ্ধি (হিপার ও সোরিণমের বিপরীত)

সম্বন্ধ।—(১) লাইকোপোডিয়মের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) কৃত্রিম ঝিল্লীবিশিষ্ট ক্রুপরোগে ও ক্রুপসংক্রান্ত পীড়ায়, বিশেষতঃ গণ্ডমালা-ধাতু দুষ্ট অতিবর্দ্ধিত বালকদিগের রোগে, এসে-এসি, ব্রোম, কালী বাই, কোনা, ও স্পঞ্জের সহিত সমগুণ সম্বন্ধ। (৩) হিপার ও মার্কের পরে আইওড ভাল খাটে, ক্রুপরোগে আইওডের পর কালী-বাই ভাল খাটে। (৪) লিপি বলেন যে পূর্ণিমার পরে, অথবা চন্দ্রের ক্ষয়প্রাপ্তির সময় প্রয়োগকরিলে আইওডিনের সর্ব্বোত্তম ক্রিয়া দর্শে (৫) হেরিং বলেন যে প্রসূতাবস্থায় উচ্চক্রমে ভিন্ন এই ঔষধ ব্যবহার করা বিহিত নহে

আর্জ্জেণ্টম নাইট্রিকম্।

(Argentum Nitricum)

অসাধারণ অথবা দীর্ঘকালব্যাপী মানসিক পরিশ্রমজনিত তরুণ বা পুরাতন রোগ

শুষ্ক, শীর্ণ, বৃদ্ধবৎদৃষ্ট রোগী

প্রতিবৎসর বিবর্দ্ধিত শীর্ণতা ; নিম্নশাখাদ্বয়ে উহার অত্যন্ত স্পষ্টতা (এম-মি) ; ক্ষয়-রোগ (Marasmus)।

ভজনালয়ে অথবা নাট্যশালায় যাইবার সময় আশঙ্কার উৎপত্তি ও অতিসারের উপস্থিতি (জেল)।

সময় ধীরে ধীরে যায় (ক্যান-ইণ্ড), তাড়াতাড়ি করিয়া কাজ করিবার ইচ্ছা; শীঘ্র শীঘ্র হাঁটন; সমধাতু গম্ভীরতা, ব্যাকুলতা, কোপনতা, ও স্নায়বীয়তা (অর, লিলি)।

শিরঃপীড়া —মস্তকের পূর্ণতা ও গুরুতা সহ রক্ত-সঞ্চয় জনিত, প্রসারণ অনুভব সহ সাহিত্যসেবীদিগের অত্যন্ত মস্তিষ্ক শ্রম, নর্তন জনিত; কপালের সম্মুখাংশের উপরিস্থলে অথবা শঙ্খস্থানে (temple) আকুঞ্চন ও প্রচাপনবৎ এক পার্শ্বিক, তিক্ত বমনে পরিসমাপ্ত,* অবসাদজনক মানসিক পরিশ্রমে বিবর্দ্ধিত; এবং প্রচাপনে বা দৃঢ়বন্ধনে উপশমিত (এপিস, গ্লোন); শিরঃপীড়া।

চক্ষুর শ্লৈষ্মিক ঝিল্লীর তরুণ প্রদাহ, কাঁচা গো-মাংসের ন্যায় লোহিত বর্ণ; পূযাক্ত শ্লেষ্মাময় ও ভূরিস্রাব

নবজাত শিশুদিগের চক্ষু প্রদাহ। পূযময় ও ভূরি স্রাব নিঃসরণ; কনীনিকার (cornea) অস্বচ্ছতা ও ক্ষত; অক্ষি-পুটের শোথ, স্থূলত্ব ও স্ফীততা, প্রাতে সংযোজনা (এপিস, মার্ক-সল, রসটক্স)।

সূচী কার্য্যজনিত চক্ষুর অস্বচ্ছতা, উষ্ণগৃহে উহার উপশম, ও অনাবৃত বায়ুতে বৃদ্ধি (ন্যাট-মি, রুটা)।

চিনি আহারের আকাঙ্ক্ষা — বালক চিনি খাইতে ভালবাসে, কিন্তু খাইলে অতিসার জন্মে (লবণ বা ধূম-শুষ্ক মাংস (Smoked meat) আহারে স্পৃহা, ক্যাল্ক-ফস)

আমাশয়ের অধিকাংশ রোগেই উদ্গারের বিদ্যমানতা।

আধ্মান সংযুক্ত (flatulent) অজীর্ণতা। প্রত্যেকবার আহারের পরে উদ্গার; বায়ুতে আমাশয় যেন ফাটিয়া যাইবে এরূপ অনুভব, উদ্গার অনায়াসে উঠেনা, অবশেষে অতিশয় বেগের সহিত বায়ু নিঃসৃত হয়।

গিলিবার সময় গলায় যেন চোঁচ ফুটিয়া রহিয়াছে এপ্রকার অনুভব (ডলি, হিপ, নাইট্রিক এসিড, সাইলি)। হাঁটিবার সময় অথবা সঞ্চালনে যেন বুকে বা তন্নিকটেও চোঁচ ফুটার ন্যায় অনুভব।

অতিসার —কাটা শাকের ন্যায় ছিবড়া ছিবড়া সবুজ আম, শয্যাবস্ত্রে থাকিলে পরে সবুজবর্ণে পরিণত; জলপানান্তে অতি-

সার ; মিছরি অথবা চিনি খাওয়ার পর অতিসার ; সুত্রাকার খণ্ডেখণ্ডে অথবা পিণ্ডে পিণ্ডে রাশি রাশি শ্লেষ্মামিশ্রিত লসিকা (masses of mucolymph) পতন (এসার) ; তৎসহ সশব্দে অধিক বায়ু নিঃসরণ (এলো)

জলপান করিবামাত্র অতিসার (আর্স, কোট-টিগ, থুয়) ।

দিবারাত্রি অজ্ঞাতসারে মূত্র নিঃসরণ (কষ্ট)

ধ্বজভঙ্গ —রমণ চেষ্টায় উপস্থের অনুত্থান (এগনস, ক্যালাড, সেলেন)

রতি-ক্রিয়া স্ত্রী পুরুষ উভয়েরই রতিক্রিয়ায় যাতনা, রমনান্তে যোনি হইতে রক্তপাত (নাই-এসি)

জরায়ুতে রক্তস্রাব —যুবতীবিধবাদিগের ; বন্ধ্যাদিগের ; স্নায়বীয় ক্রিয়ার বিকৃত বিবৃদ্ধি সহকারে নিবৃত্ত-রজস্কাদিগের (ল্যাক), জরায়ু হইতে রক্তস্রাব ।

বিমল বায়ু সেবনের অতিশয় স্পৃহা (এমিল পলস, সলফ)

গায়কদিগের পুরাতন স্বরযন্ত্র প্রদাহ ; উচ্চস্বরে কাস অপ্রায় (এলম, আর্জ্জ-মে, এরম)

নিম্নাঙ্গের অতিশয় দুর্ব্বলতা, ও কম্পন ; চক্ষু বুজিয়া হাঁটিতে পারা যায় না ।

দৃঢ়রূপে হাঁটিতে বা দাঁড়াইতে পারা যায় না, বিশেষতঃ যখন অন্য কেহ দেখেনা মনে করা যায় ।

টঙ্কারের (দড়কা) পূর্ব্বে অতিশয় অস্থিরতা ।

গায়ের কাপড় ফেলিয়া দিলে শীতানুভব, অথচ বস্ত্রাবৃত হইলে শ্বাস-রোধানুভব ; বিমল বায়ু সেবনের স্পৃহা ।

এই ঔষধে ক্ষতে অধিক ক্ষতাঙ্কুরের উৎপত্তি নিবারণ করে ।

উপচয় ।—শীতল খাদ্যদ্রব্য ; শীতল বায়ু ; চিনি আহার ; বরফের কুল্পী ভোজন ; ও অসাধারণ মানসিক পরিশ্রমে ; বৃদ্ধি ।

উপশম । অনাবৃত বায়ুতে ; মুখমণ্ডলে বাতাস লাগিলে ; ও শীতলজলে স্নানে, হ্রাস ।

সম্বন্ধ —(১) নাইট্রেট অভ সিলভার দ্বারা পোড়াইয়া দেওয়ার মন্দফলে ন্যাট্রম মিউর ফলপ্রদ (২) কাফি সেবনে এই ঔষধের স্নায়বীয় শিরোবেদনা বৃদ্ধি পায় (৩) তামাক খাওয়ার পর বালকদিগের অসুখে এই ঔষধ

উপযোগী হয় (আর্স, চিন) (৪) এ্যাসিড, নাইট্রিক [illegible], অবশ, ও ক্ষতের সহিত ইহার সমতুল্য [illegible] (৫) [illegible] পরে আর্জ্জেণ্টম নাইট্রিকম ভাল খাটে, [illegible] আর্জ্জেণ্টম নাইট্রিকম [illegible] পরে হাইড্রোকোটাইল [illegible] উপযোগী [illegible]

আর্জ্জেণ্ট নাইট্রেট অতি [illegible] ফসফরাস [illegible] দিলে বিশেষ অথবা সহজে শক্তির [illegible] রোগের স্থানীয় প্রয়োগে উপকার দর্শে

আর্জ্জেণ্টম মেট্যালিকম।

(Argentum Metallicum)

দীর্ঘ, ক্ষীণ, কোপন-স্বভাব ব্যক্তিগণের রোগ।

পারদ অপব্যবহারজনিত রোগ।

কৃত্রিম মৈথুনের সর্ব্বাঙ্গীন ফল

উপাস্থি (cartilages), চক্ষু-পুটের উপাস্থি, কর্ণ, কণ্ঠনলী, নাসিকা ও গ্রন্থিস্থলের বিধানাদির পীড়া

স্বপ্ন-দোষ —কৃত্রিম মৈথুনের পরে, প্রায় প্রত্যহ রাত্রিতে; উপস্থের উত্থান ব্যতীত; ও উপস্থের শিথিলতাসহ নিদ্রাবস্থায় শুক্রপাত

অণ্ডকোষের পিষ্টবৎ বেদনা

বাম ডিম্বাশয়ে (Ovary) ও পৃষ্ঠে বেদনা, এবং সম্মুখ ও পশ্চাদ্ভাগে উহার সম্প্রসারণ সহকারে জরায়ুরোগ (জরায়ুর স্থান বিচ্যুতি, prolapsus) (দক্ষিণ ডিম্বাশয়ে বেদনা, প্যালা); [illegible] প্রদরস্রাব।

দৌর্ব্বল্য জনক, ও হাঁচিসংযুক্ত তরল সর্দ্দি।

ব্যবসায়ী গায়ক ও বক্তাদিগের স্বরভঙ্গ ([illegible], [illegible])

ব্যবসায়ী গায়কদিগের সম্পূর্ণ স্বর-নাশ

কিছু গিলিতে, অথবা কাসিতে গলা ও স্বরযন্ত্রে ক্ষতবৎ (Sore) অনুভব

হাস্যে কাসের উদ্রেক জন্মে (ড্রস, ফস, ষ্ট্যান) ও স্বরযন্ত্রে প্রচুর শ্লেষ্মার উৎপত্তি হয়।

উচ্চৈঃস্বরে পড়িবার সময় থক থক করিয়া কাসিতে হয়; শিরীষের ন্যায় আঠা আঠা সিদ্ধ শ্বেতসারের (boiled starch) ন্যায় দুষ্ট সহজে নির্গত নিষ্ঠীবন-বিশিষ্ট কাস

বক্ষঃস্থলের অতিশয় দুর্ব্বলতা (ষ্টান); বাম পার্শ্বে উহার আধিক্য। গায়ক ও বক্তাদিগের স্বরের গুণের বৈলক্ষণ্য (এরম)।

স্বরযন্ত্রের দ্বিশাখা স্থলের (bifurcation of the trachea) উপরে অবদীর্ণ ক্ষুদ্র স্থান (raw spot); স্বরের ব্যবহারে, আলাপে বা গানে উহার আতিশয্য।

উপচয় —গাড়ীতে চড়িলে (কক); স্পৃষ্ট বা প্রচাপিত হইলে; আলাপে গানে ও উচ্চৈঃস্বরে পাঠে; বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) এলমের পরে আর্জ্জ-মেট ভাল খাটে। (২) হাস্যে কাসের উদ্রেকে ষ্ট্যাণমের সহিত সমগুণ সম্বন্ধ

আর্ণিকা মণ্টেনা।

(Arnica Montana)

স্নায়বীয়া নারী, রক্ত প্রধান ব্যক্তি, এবং মুখাকৃতির সজীবতা ও অতিশয় আরক্ততা।

উপঘাতাদির মুখ্য বা গৌণফল বিশেষতঃ সামান্য উপঘাতের দীর্ঘকাল স্থায়ী সংস্কার (ইম্প্রেশন)

সর্ব্বশরীরের অভ্যন্তর দিয়া আঘাতিতবৎ স্পর্শ-দ্বেষ, খঞ্জতা ও ঘৃষ্টতা অনুভব; পেশীর আভিঘাতিক পীড়া।

আধিভৌতিক (মিক্যানিক্যাল) উপঘাত, বিশেষতঃ সংঘাত (কন্কশন) জনিত সুপ্তি (ষ্টুপর) সংযুক্ত, উপঘাত; অনিচ্ছায় মল মূত্র নিঃসরণ

স্থূল-মুখ অস্ত্রজনিত উপঘাতের পর ব্যবহার্য্য (সিম্ফা)

বিমিশ্র ভগ্ন (কম্পাউণ্ড ফ্র্যাকচার) ও তজ্জনিত প্রচুর পূযোৎপত্তি (ক্যালেণ্ড)

আঘাত বা উপঘাতের ফলে; কোমলস্থানের বিদারণ পরিশূন্য সংঘর্ষণে ও

নিষ্পেষণে, এবং পূযোৎপত্তি ও পচন নিবারণার্থে ও আশোষণ-ক্রিয়া (absorption) প্রবর্দ্ধনার্থে ব্যবহার্য্য

স্নায়বীয়তা, বেদনা সহ্য হয়না ; সমশরীরের অতিরিক্ত অনুভবাধিক্য (ক্যাম, কফি, ইগে)

যে কোন বস্তুর উপর শয়ন করা যায় তাহাই অতিরিক্ত শক্ত বোধ হয় ; রোগী অবিরত এই বিষয়ের অভিযোগ করে এবং একটু নরম স্থান পাইবার জন্য এক স্থান হইতে অন্য স্থানে সরিয়া সরিয়া যাইতে থাকে (শরীরের যে অংশে ভর দিয়া থাকা যায় তাহা স্পৃষ্ট বা দলিত বোধ হয়, ব্যাপ্ট, পাইরো , বেদনার শান্তির জন্য অবিরত উহা নাড়াচাড়া আবশ্যক হয়, রসটক্স)।

শরীরের ঊর্দ্ধাংশের উত্তাপ ; নিম্নাংশের শীতলতা।

মুখমণ্ডল অথবা কেবল মস্তক ও মুখমণ্ডলের উষ্ণতা ; নিম্নাংশের শীতলতা।

সংজ্ঞাশূন্যতা ; কিছু জিজ্ঞাসা করিলে পরিশুদ্ধরূপে উত্তর পাওয়া যায় বটে, কিন্তু অচৈতন্য ও প্রলাপ তৎক্ষণাৎ প্রত্যাবৃত্ত হয় (কোন বাক্যের মধ্যস্থলে ঘুমাইয়া পড়া, ব্যাপ্ট)

রোগী বলে যে তাহার কিছু হয় নাই

উপঘাত বা অভিঘাত জনিত, পতন বা মস্তিষ্কের সংঘর্ষণসম্ভূত (concussion) মস্তিষ্ক-ঝিল্লীর প্রদাহে, রক্ত-স্রাবের সন্দেহ হইলে আশোষণের সাহায্যার্থ ব্যবহেয়। হাইড্রোকেফেলাস , বালকদিগের বাহুর সম্মুখাংশের মৃতবৎ শীতলতা (অতিসারে, ব্রোম)

সংন্যাস , চৈতন্যশূন্যতা, অনিচ্ছায় মল-মূত্র নিঃসরণ ; তরুণ আক্রমণে এই ঔষধে রক্ত-স্রাব প্রশমিত ও আশোষণ প্রবর্দ্ধিত হয় , পুনঃপ্রযোজিত হওয়া উচিত এবং রোগীর লক্ষণ-দৃষ্টে অন্য ঔষধ ব্যবহার করা প্রয়োজনীয় না হইলে কয়েক দিন বা কয়েক সপ্তাহ ইহার ক্রিয়া হইতে দেওয়া বিহিত।

উপঘাত অথবা কাস বশতঃ চক্ষুর শুক্লমণ্ডলে কিম্বা তারকামণ্ডলে (Iris) রক্ত স্রবিত হইয়া রক্তপাত (লিড নক্স)।

স্পৃষ্ট বা আহত হইবার অতিশয় আশঙ্কা সংযুক্ত, গাউট ও আমবাত

বস্তি-গহ্বর (Pelvis) প্রদেশে একপ্রকার মুষ্টবৎ অনুভব বশতঃ সোজা হইয়া হাঁটিতে অসমর্থতা ।

ক্ষুদ্র ক্ষুদ্র, বেদনাবিশিষ্ট, একটীর পর আর একটী, অত্যন্ত স্পর্শ-দ্বেষসংযুক্ত স্ফোটকোৎপত্তির প্রবণতা (একসঙ্গে অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটকোৎপত্তি, সলফ) ।

বামদিকের পক্ষাঘাত, সবল ও পূর্ণ নাড়ী ; শ্বাসের ঘড় ঘড় শব্দ, দীর্ঘ নিশ্বাস ত্যাগ ; বিড় বিড় করিয়া বকা ।

উদ্গার ; ঢেকুর, পচা ডিমের ন্যায় দুর্গন্ধ

রক্তাতিসার ; তৎসহ মূত্র-রোধ, বিফল মূত্র-বেগ ; অনেকক্ষণ পরে পরে মলত্যাগ ।

কোষ্ঠ-রোধ ; সরলান্ত্রে মল সঞ্চিত থাকে, অথচ নির্গত হয় না, মূত্রাশয়ের মুখশায়ী গ্রন্থির বৃদ্ধি অথবা গর্ভাশয়ের বিপর্য্যস্ততা (retroversion) বশতঃ ফিতার ন্যায় মল

প্রসবের পর জননাঙ্গের স্পর্শ-দ্বেষ ; এই ঔষধে প্রসবের পরবর্ত্তী রক্তস্রাব ও উপসর্গাদির প্রতিষেধ জন্মে

প্রসবের পর মূত্র-রোধ কিংবা অবারিত মূত্রস্রাব (ওপি)

উপচয় ।—বিশ্রামে ; শয়ন কালে ; ও সুরাপানে ; বৃদ্ধি

উপশম ।—স্পর্শে ; ও সঞ্চালনে (রস, রূটা) হ্রাস

সম্বন্ধ ।—(১) একন, হাইপার, ও রসটক্সের সহিত আর্ণিকার অনুপূরক সম্বন্ধ (২) মুষ্টবৎ স্পর্শ-দ্বেষে ব্যাপ্ট, চায়না, ফাইটো, পাইরো, রসটক্স, ও ট্যাবেকমের সহিত আর্ণিকার সমগুণ সম্বন্ধ । (৩) একন, এপিস, হেমে, ইপি, ভিরের পরে আর্ণিকা ভাল খাটে ; আর্ণিকার পরে সল-এসি ভাল খাটে (৪) মদিরা পান কিম্বা অঙ্গারের ধূমজনিত পীড়ায় অনেক সময় আর্ণিকা ব্যবহৃত হয় (৫) পৃষ্ঠবংশের সংঘর্ষে, হাইপারিকমের সহিত আর্ণিকার তুলনা হয়

আর্সেনিকম্ এলবম্।

(Arsenicum Album)

অতিশয় অবসন্নতা, জীবনীশক্তির শীঘ্র শীঘ্র অবসাদন ; মূর্চ্ছা।

প্রকৃতি :—[ক] অবসাদ, বিষাদ নিরাশা, ঔদাস্য

[খ] ব্যাকুলতা, ভয়পূর্ণতা অস্থিরতা, অস্বচ্ছন্দতা।

[গ] কোপনতা, অনুভবাধিক্য, ক্রোধশীলতা সহজে বিরক্তির উৎপত্তি। যাতনার যতই আতিশয্য অস্বচ্ছন্দতা, অস্থিরতা ও মৃত্যু ভয়ের ততই আধিক্য।

মানসিক অস্থিরতা কিন্তু শরীরের এত দুর্ব্বলতা যে নড়িতে পারা যায় না ; একস্থানে স্থির হইয়া থাকিতে পারা যায় না ; অবিরত স্থান-পরিবর্ত্তন করা আবশ্যক হয় ; রোগী এক শয্যা হইতে অন্য শয্যায় যাইতে চায়, এবং কখনও এখানে, কখনও সেখানে শয়ন করিয়া থাকে

ব্যাকুলতা সংযুক্ত মৃত্যু ভয় ; রোগী মনে করে যে ঔষধ সেবনে কোন ফল দর্শিবে না, তাহার রোগ আরোগ্য প্রাপ্ত হইবে না ; সে নিশ্চয়ই মরিতে যাইতেছে ; একাকী থাকিলে, অথবা শয্যায় শয়ন করিতে গেলে মৃত্যু ভয়।

রাত্রিতে উৎকণ্ঠার আক্রমণ, তজ্জন্য শয্যা পরিত্যাগ করিয়া আসিতে হয়, মধ্যরাত্রির পরে উহা বর্দ্ধিত হয়

জ্বালাকর বেদনা, আক্রান্ত স্থান অগ্নি-দাহের ন্যায় জ্বালা করে, বোধ হয় যেন ঐ স্থানে তপ্ত অঙ্গার লাগান হইয়াছে ([illegible]), উত্তাপ, উত্তপ্ত পানীয় দ্রব্য, এবং উত্তপ্ত বাহ্য প্রয়োগ দ্বারা উহার হ্রাস হয়।

জ্বালাকর পিপাসা অথচ জল পান করিবার প্রবৃত্তিহীনতা ; আমাশয়ে জল সহ্য হয় না, কেননা উহা শীতল জল জীর্ণ করিতে পারে না, আমাশয়ে শীতল জল প্রস্তরের ন্যায় অবস্থিত থাকে। রোগী জল চায় বটে কিন্তু পান করিতে পারে না বা সাহস করে না।

খাদ্য দ্রব্যের গন্ধ বা দর্শন সহ্য করিতে পারা যায় না (কলচি, সিপি)।

শীতল জল পানের আতিশয় পিপাসা ; এক একবার অল্প অল্প করিয়া বারবার জলপান ; কচিৎ ক্বচিৎ আহার গ্রহণ, কিন্তু পরিমাণে অধিক।

শীতল ফল ; বরফের কুল্পী ; বরফের জল অম্ল বিয়ার, বিশিষ্টরূপে প্রস্তুত মাংস (সসেজ) ; উগ্র মদিরা ; উগ্র পনির, সেবন বশতঃ আমাশয়িক উপদ্রব

দাঁত উঠিবার সময় শিশুদিগের পাণ্ডুরতা, দুর্ব্বলতা, বিরক্তচিত্ততা, ও কোলে চড়িয়া দ্রুত গতিতে বেড়াইবার প্রবৃত্তি

আহার বা পানান্তে, অতিসার ; অল্প, মলিন বর্ণ, দুর্গন্ধময় মল ; মল ক্ষুদ্রই হউক বা বৃহৎই হউক, মলত্যাগের পর অতিশয় অবসন্নতা।

অর্শ :—হাঁটিলে বা বসিয়া থাকিলে, কিন্তু মলত্যাগকালে নয়, সূচী-বেধবৎ বেদনা, তদ্দ্বারা উপবেশন ও নিদ্রার ব্যাঘাত ; উত্তাপ প্রদানে জ্বালাকর বেদনার হ্রাস প্রাপ্তি ; অর্শ-বলির বিদারণ বশতঃ মূত্রত্যাগে কষ্ট

শ্বাস শ্বাস-কাসের (Asthma) শ্বাস ; উঠিয়া বসিতে অথবা সম্মুখভাগে অবনত হইয়া থাকিতে হয় ; রাত্রিতে, বিশেষতঃ বারটার পরে শয্যা হইতে নামিয়া পড়িতে হয়, শ্বাস-রোধের আশঙ্কায় শয়ন করিতে পারা যায় না ; শীত-পিত্ত (Urticaria) রোগের পরিবর্ত্তে ক্রুপরোগের ন্যায় আক্রমণ।

সত্বর শীর্ণতাপ্রাপ্তি।—শীতল ঘর্ম্ম ও অতিশয় দুর্ব্বলতা সহকারে শীঘ্র শীঘ্র শীর্ণতা (টিউব, ভিরে) ; রোগাক্রান্ত স্থানের শীর্ণতা, ক্ষয় (Marasmus)

শোথ, ত্বকের পাণ্ডুবর্ণ, মোমের বর্ণ, মৃত্তিকার বর্ণ (এসে-এসি)।

যৎসামান্য পরিশ্রমে অত্যন্ত অবসন্নতা।

স্থির হইয়া শয়ন করিয়া থাকিলে রোগীর অবসন্নতা অনুভূত হয়না ; কিন্তু নড়িলে চড়িলে বড়ই অবসন্ন বোধ হয়

অপরাহ্ন ১টা হইতে ২টা পর্য্যন্ত এবং রাত্রি ১২টা হইতে ২টা পর্য্যন্ত সাধারণতঃ রোগ লক্ষণের বৃদ্ধি

ত্বক।—শুষ্ক ও সশল্ক; শীতল, নীলবর্ণ ও কুঞ্চিত; শীতল, আঠা আঠা ঘর্ম্মাক্ত; পার্চমেণ্ট সদৃশ; শুষ্ক ও শল্কবৎ; রক্তবর্ণ স্ফোট ও জ্বালাকর বেদনাবিশিষ্ট; ত্বক

আঘ্রাণ, আহার, অথবা অন্য কোন প্রকারে শরীরে পচা খাদ্যদ্রব্য কিংবা পচা জান্তব পদার্থের সংপ্রবেশের মন্দফল।

উপচয়।— মধ্যরাত্রির পরে (১টা হইতে ২টা রাত্রি পর্য্যন্ত), শীতলতা হইতে; শীতল আহার্য্য বা পানীয় দ্রব্যে; আক্রান্ত পার্শ্বে অথবা মস্তক নীচ করিয়া শয়নে, বৃদ্ধি।

উপশম।—সাধারণতঃ উত্তাপে (সিকেলির বিপরীত), কিন্তু শিরঃপীড়ার উত্তাপে নহে, শীতল জলে ধুইলে এই শিরঃপীড়ার ক্ষণস্থায়ী হ্রাস (স্পাইজি); জ্বালাকর বেদনা, উত্তাপে উহার হ্রাস প্রাপ্তি।

সম্বন্ধ।—(১) এলিয়ম সেপা, কার্কো, ফস, পাইরোর সহিত আর্সেনিকের অনুপূরক (Complementary) সম্বন্ধ (২) তামাক চর্ব্বণ; মদিরাপান; সমুদ্রজলে স্নান; মৃতদেহ ব্যবচ্ছেদ জনিত ক্ষত ও কার্বঙ্কলের বিষ; বিষাক্ত অস্ত্রের হুল-বেধাদি জনিত পীড়ায় আর্সেনিকের কথা স্মরণ করা কর্ত্তব্য

ইউপেটোরিয়ম পার্ফোলিয়েটম।

(Eupatorium Perfoliatum)

বৃদ্ধদিগের রোগে; ভগ্নদেহ, বিশেষতঃ অপরিমিত সুরাপান বশতঃ ভগ্নস্বাস্থ্য ব্যক্তিদিগের রোগে; দীর্ঘকাল স্থায়ী অথবা পুনঃ পুনঃ পৈত্তিক জ্বর বা সবিরাম জ্বরের আক্রমণ জনিত ধাতু-বিকৃতিতে এই ঔষধ উপযোগী

সর্ব্ব শরীরে ভগ্নবৎ দৃষ্টতা-অনুভব (আর্ণ, বেলিস, পাইরো)

পৃষ্ঠ, মস্তক, বক্ষঃস্থল অঙ্গপ্রত্যঙ্গ বিশেষতঃ মণিবন্ধে (Wrists) সন্ধিচ্যুতবৎ অস্থি-বেদনা।

বেদনার যতই সর্ব্বাঙ্গীনতা ও তীব্রতা থাকে ততই এই ঔষধ অধিক উপযোগী হয় (ব্রাই, মার্ক, তুলনা করুন)।

অক্ষি-গোলকে বেদনাবিশিষ্ট স্পর্শদ্বেষ; প্রতিশ্যায়, প্রতি অস্থিতে বেদনা; ব্যাপক ইনফ্লুয়েঞ্জা রোগে অতিশয় অবসাদ (ল্যাক-ক্যান)

শীঘ্র শীঘ্র বেদনার আবির্ভাব ও শীঘ্র শীঘ্র তিরোভাব (বেল, ম্যাগ ফস, ইউপ-পার্প্)

শিরোঘূর্ণন; যেন বামদিকে পতিত হইতে হইবে এরূপ অনুভব (পতনের আশঙ্কায় বামদিকে মাথা ফিরাইতে পারা যায় না, কলো)

কাস —পুরাতন কাস; প্রলেপক জ্বর (হেক্টিক ফিভার) সহকারে তরলকাস; বক্ষঃস্থলে স্পর্শ-দ্বেষ, হাত দিয়া বুক ধরিয়া রাখিতে হয় (ব্রাই, ন্যাট-কা), রাত্রিতে বৃদ্ধি, হামের পরে অথবা অবিরাম জ্বরের অবরুদ্ধতার পরে কাস

জ্বর।—একদিন পূর্ব্বাহ্নে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত শীত, পরদিন মধ্যাহ্নে শীত; শীতের শেষে তিক্ত বমন, জল পানে শীতের দ্রুততা জন্মে এবং বমনোৎপন্ন হয়; শীতের পূর্ব্বে ও শীতের ভোগকালে, অস্থি-বেদনা।

শীত ও তাপাবস্থার পূর্ব্বে ও ভোগকালে অতৃপ্ত পিপাসা রোগী যথেষ্ট জল পান করিতে পারেন বলিয়া, শীত আসিতেছে জানিতে পায়

সম্বন্ধ। (১) এই ঔষধের পরে ন্যাট-মিউ এবং সিপিয়া ভাল খাটে (২) পাণ্ডুগ্রস্ত অবস্থায় ইহার সহিত চেলি, পডো, ও লাইকোর তুলনা হয় (৩) ব্রাইয়োনিয়া এই ঔষধের ঘনিষ্ঠ সমগুণ প্রভেদ এই যে ব্রাইয়োনিয়ায় বিমুক্ত ভাবে ঘর্ম্ম নিঃসৃত হয় ও বেদনায় রোগী সুস্থির হইয়া থাকে; ইউপেটোরিয়মে স্বল্প ঘর্ম্ম হয় এবং বেদনায় রোগীর অস্থিরতা থাকে।

ইউফ্রেসিয়া।

(Euphrasia)

পতন, সংঘর্ষণ অথবা বাহ্যদেশের সর্ববিধ আধিভৌতিক (মেকানিক্যাল) উপঘাতের মন্দফল (আর্ণ)।

শ্লৈষ্মিক ঝিল্লী (mucous membranes) বিশেষতঃ চক্ষু ও নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লীর প্রতিশ্যায়জনিত পীড়া (catarrhal affection)।

প্রচুর <u>বিদাহী অশ্রুস্রাব,</u> তৎসহকারে প্রচুর <u>অবিদাহী প্রতিশ্যায়</u> (এলিয়াম-সেপার বিপরীত)

<u>চক্ষু দিয়া সকল সময়েই জল পড়ে,</u> এবং প্রাতে চক্ষু সংযোজিত হইয়া থাকে ; চক্ষুর পাতার প্রান্তভাগের আরক্ততা, স্ফীততা ও জ্বালা।

প্রাতঃকালে প্রবল কাস ও প্রচুর নিষ্ঠীবন সহকারে প্রচুর তরল প্রতিশ্যায়, দক্ষিণদিকের উষ্ণ বাতাসে উহার বৃদ্ধি

প্রাতঃকালে বিরক্তিকর শ্লেষ্মাখণ্ড তুলিতে চেষ্টা করিলে, যে পর্য্যন্ত অথবা বহিত পূর্ব্বে ভুক্ত খাদ্যাহার বমন হইয়া না পড়ে সে পর্য্যন্ত গলায় ঠেকা ঠেকা অনুভূত হয় (ব্রাই)

ইচ্ছাপূর্ব্বক খক্ খক্ করিয়া কাসিলে প্রচুর শ্লেষ্মা-নিষ্ঠীবন, প্রাতে নিদ্রা হইতে উত্থানে উহার বৃদ্ধি

হুং শব্দ কাস—কাসিবার সময় অতিশয় অশ্রুস্রাব ; কেবল দিবাভাগে কাস (ফিস, ষ্টাট-মিউ)।

চক্ষু এবং নাসিকার প্রতিশ্যায় সহকারে মস্তকোপ, প্রচুর বিদাহী অশ্রুস্রাব

ঋতু।—যন্ত্রণাপ্রদ নিয়মিত, <u>কেবল এক ঘণ্টাস্থায়ী স্রাব ;</u> অথবা বিলম্বে প্রকাশিত ; অল্প, অল্পকালস্থায়ী, কেবল একদিন অবস্থিত, ঋতু (ব্যারা)।

উপচয়।—সন্ধ্যাকালে, শয্যায়, গৃহের অভ্যন্তরে উষ্ণতায়, আর্দ্রতায় ; দক্ষিণদিকের বাতাস লাগাইবার পর ; কেহ স্পর্শ করিলে (হিপ) ; বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) চক্ষু-রোগে পলসেটিলার সমগুণ (২) অশ্রুস্রাবণ ও নাসিকার প্রতিশ্যায়ে এলিয়ম সেপার বিপরীত

ইকুইসিটম হাইমেল।

(Equisetum Hyemale)

মূত্রাশয়ে প্রসারণবৎ তীব্র বেদনা, মূত্রত্যাগে উহার অনুপশম।

ঘন ঘন অসহ্য মূত্র বেগ, তৎসহ মূত্রত্যাগের শেষে তীব্র বেদনা (বার্ব্ব, সার্জ্জ, থুজা)।

অবিরত মূত্র প্রবৃত্তি অধিক পরিমাণ, পরিষ্কার, জলবৎ মূত্রত্যাগেও উহার অনিবৃত্তি (স্বল্পমূত্র, এপিস, ক্যান্থ)

প্রস্রাব ত্যাগকালে মূত্রমার্গে তীব্র জ্বালাকর কর্ত্তনবৎ বেদনা

বৃদ্ধদিগের মূত্রাশয়ের পক্ষাঘাত

দিবসে ও রাত্রিতে অনিচ্ছায় মূত্রপাত, জলবৎ প্রভূত মূত্র, অভ্যাসই কেবল উহার নির্ণেয় কারণ

সম্বন্ধ।—এপিস, ক্যান্থ, ফিরম-ফস, পলস ও স্কুইলার সহিত এই ঔষধের তুলনা হয়

ইগ্নেশিয়া।

(Ignatia).

স্নায়বীয় প্রকৃতি; অতিবিক্ত অনুভূতি ও সহজে উত্তেজনশীলতাবিশিষ্টা স্ত্রীলোক; এবং মলিন বর্ণ কেশ ও ত্বক, কিন্তু মৃদু প্রকৃতি, দ্রুত অনুভব, সত্বর কার্য্য সম্পাদন লক্ষণাপন্ন ব্যক্তিদিগের পক্ষে ইগ্নেশিয়া বিশেষ উপযোগী। পলসেটিলার সুন্দর মুখাকৃতি, নমনীয় প্রকৃতি, অশ্রুস্রাবশীলতা, ধীরতা ও চিত্তের অস্থৈর্য্যতার সহিত ইগ্নেশিয়ার বিপরীত সম্বন্ধ রক্ত প্রধান ও পিত্ত-প্রধান পুরুষদিগের সহিত নক্সভমিকার যে সম্বন্ধ, স্ত্রী-লোকদিগের রোগে ইগ্নেশিয়ার সেই সম্বন্ধ।

ইগ্নেশিয়ার লক্ষণে অতিশয় অসঙ্গতি থাকে। যথা—শীত-বাতে কর্ণের গর্জ্জন-ধ্বনির উপশম, হাঁটিবার সময় অর্শের যাতনার শান্তি; গিলিবার সময় গলা-বেদনার শান্তি; আহারে আমাশয়ের শূন্যতায় ভাবের অনুপশম; যতই কাসা যায় ততই কাসের বৃদ্ধি, হাঁটিবার সময় স্থির হইয়া দাঁড়াইলে কাসের উদ্রেক, শোকজন্য আক্ষেপিক হাস্য; ধ্বজভঙ্গ সহ রমণ প্রবৃত্তি; জ্বরের শীতাবস্থায় তৃষ্ণা, তাপাবস্থায় তৃষ্ণাহীনতা; বিশ্রামকালে বদনের বর্ণের পরিবর্ত্তন; আহারকালে দাঁত-বেদনার উপশম।

অতি শীঘ্র শীঘ্র, অর্থাৎ অত্যল্প সময়ের মধ্যে মানসিক অবস্থার পরিবর্ত্তন, অর্থাৎ আহ্লাদ হইতে দুঃখে হাস্য হইতে ক্রন্দনে পরিণতি (কফি, ক্রোক, নক্স-ম); খামখেয়াল।

দীর্ঘকাল স্থায়ী সংযত শোক বশতঃ মানসিক ও শারীরিক অবসন্নতা।

অনিচ্ছায় দীর্ঘ নিশ্বাস ত্যাগ (ল্যাক) তৎসহ আমাশয়-গহ্বরে দুর্ব্বলতা ও শূন্যতা অনুভব; আহার গ্রহণে উহার অনুপশম।

কোপ, শোক অথবা নিরাশ প্রেমের মন্দফল (হাইও, ক্যাল্ক-ফস); কাল্পত উপদ্রব সম্বন্ধে বিরলে দুশ্চিন্তা।

একাকী থাকিতে ইচ্ছা।

তীক্ষ্ণ অনুভূতি; সুতীব্র বিবেক।

চঞ্চলতা, অধীরতা, অস্থির-প্রতিজ্ঞতা, কলহকারিতা।

শরীর স্বচ্ছন্দ থাকিলে প্রকৃতিও ভাল থাকে, কিন্তু অতি যৎসামান্য চিত্ত-বিকারে সহজে ব্যাকুলতার উৎপত্তি হয়; সহজে বিরক্তি জন্মে।

যৎসামান্য দোষ-দর্শনে বা প্রতিবাদে ক্রোধের উদ্রেক জন্মে, ও উহাতে নিজের প্রতি রাগ হয়।

বালকদিগকে তিরস্কার করিতে অথবা তাড়না করিয়া শুইতে পাঠাইয়া দিলে, তাহাদের পীড়া হয়, কিম্বা নিদ্রাবস্থায় টঙ্কার (ধড়কা) জন্মে।

অশুভ সংবাদ; সংযত অসন্তোষ-সংযুক্ত বিরক্তি; গুপ্ত মানসিক অসুখ; এবং লজ্জা ও দুঃখের মন্দফল (ষ্ট্যাফ)।

মস্তকের পার্শ্ব দিয়া যেন একটী প্রেক বিদ্ধ হইতেছে এরূপ শিরঃপীড়া, তথায় ভর দিয়া শয়ন করিলে উহা উপশমিত হয় (কফি, নক্স, থুজা)

তামাক সহ্য হয়না ; তামাক খাইলে অথবা তামাকের ধূম লাগাইলে মাথা ধরে ব মাথা-ধরা বাড়ে

কথ বলিতে বা চর্ব্বণ করিতে গালের অভ্যন্তরভাগ দংশিত হয়

কেবল আহার করিবার সময় মুখমণ্ডলের কোন এক ক্ষুদ্রস্থানে ঘর্ম্ম উৎপন্ন হয়

বেদনার অতিরিক্ত অনুভূতি (কফি, ক্যাম)

নিদ্রিত হইবার সময় কোন অঙ্গের অথবা সর্ব্ব শরীরের স্পন্দন, উৎক্ষেপন, বা আক্ষেপ

সীমাবদ্ধ ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে বেদনা

প্রায়শঃ ঠিক একই ঘটিকায় রোগের প্রত্যাবৃত্তি ।

কোষ্ঠ-রোধ। গাড়ীতে আরোহণজনিত ; ও পক্ষাঘাতমূলক কোষ্ঠ-রোধ ; অত্যন্ত মল-বেগ, উদরের ঊর্দ্ধভাগে উহার আধিক্য অনুভব (জিরে) ; মল-ত্যাগে অতিশয় যাতনা, পায়খানায় যাইতে ভয় হয় ; কফী পায়িনীদিগের কোষ্ঠ-কাঠিন্য

মলত্যাগে অনধিক বেগ দিলে, অবশীর্ষ (Stooping) হইলে, অথবা কিছু উঠাইতে চেষ্টা করিলে গুহ্যভ্রংশ (হাড়িশ বাহির হইয়া পড়) (নাই-এসি, পডো, রুটা) ; তরল মলত্যাগ-কালে উহার বৃদ্ধি

অর্শ। প্রতিবার মলত্যাগ-কালে বলি-নিঃসরণ, হাত দিয়া পুনরায় উহা ভিতরে দিতে হয় ; সরলান্ত্রের উপরের দিকে তীব্র সূচী-বেধের ন্যায় যাতনার সঞ্চারণ হয় (Shoot up) (নাই-এসি) ; মলত্যাগের পরে কয়েক ঘণ্টা পর্য্যন্ত উহার আধিক্য থাকে । (রাট, সল) ।

জ্বর।—শীতাবস্থায় বদনের আরক্ততা (ফির) ; শীত, কেবল শীতাবস্থায় পিপাসা, বাহ্য উত্তাপে শীতের বৃদ্ধি ; উত্তাপাবস্থায় পিপাসা-শূন্যতা ; বস্ত্রাবৃত করিয়া রাখিলে উত্তাপের উপশম (আবরণে উত্তাপের বৃদ্ধি, নক্স)

উপচয় ।—তামাক, কফি, প্রান্তি স্পর্শ গতি তীব্রগন্ধ, মনোভাব, ও শোক হইতে বৃদ্ধি।

উপশম ।—উষ্ণতা, শক্তোপচাপন (সিক), নিঃসরণ ; ও বিচরণে উপশম।

সম্বন্ধ ।—(১) কফি, নক্স, ট্যাবের সহিত ইগ্নেশিয়ার বিষম-গুণ সম্বন্ধ। (২) ইগ্নেশিয়ার মন্দফল পলসেটিলা দ্বারা নিবারিত হয়।

ইথুসা সাইনেপিয়ম।

(Æthusa Cynapium)

উত্তপ্ত গ্রীষ্মকালে শিশুদিগের দন্তোদ্গমজনিত রোগে বিশেষ উপযোগী ; যে সকল শিশুর দুগ্ধ সহ্য হয় না, তাহাদের পক্ষে ফলপ্রদ।

অতিশয় দুর্বলতা :—শিশু দাঁড়াইতে পারে না ; মাথা খাড়া করিতে পারেনা (এব্রোট) ; নিদ্রালুতাসহ অবসন্নতা

শিশুদিগের জড়ত্ব ।—চিন্তা করিতে অসামর্থ্য ; হতবুদ্ধিতা।

অতিশয় উৎকণ্ঠা ও যাতনাজ্ঞাপক মুখাকৃতি, তৎসহ নাসিকার আকৃষ্ট অবস্থা ও সুস্পষ্ট কুঞ্চন-রেখা।

যাতনা ও উৎকণ্ঠাব্যঞ্জক মুখশ্রী

নাসিকার প্রান্তভাগে দদ্রুজনিত উদ্ভেদ।

সম্পূর্ণ পিপাসাশূন্যতা (এপিস পলস, আর্সের বিপরীত)।

দুগ্ধাসহ্যতা ।—কোন আকারেই দুগ্ধ সহ্য হয় না ; খাইবামাত্র বড় বড় সংযত খণ্ডে বমন হইয়া পড়ে ; তৎপরে দুর্বলতাবিশতঃ তন্দ্রালুতা জন্মে (ম্যাগ-কার্ব সহিত তুলনা করুন)।

দন্তোদ্গমকালে শিশুদিগের অগ্নিমান্দ্য ; একপ্রকার ফেনিল, দুগ্ধবৎ শুভ্র পদার্থ, প্রবলবেগে সহসা বমন ; অথবা পীতবর্ণ তরল পদার্থ বমন তৎপরে সংযত দুগ্ধ ও পনিরবৎ পদার্থ উদ্গীরণ।

আহারের এক ঘটিকা পরে ভুক্তদ্রব্য উদ্গীরণ ; হরিদ্রাভ প্রভূত বমন।

আকুঞ্চিত অঙ্গুষ্ঠ, আবক্ত মুখমণ্ডল, নিম্নদিকে আঘূর্ণিত (Turned downward) চক্ষু ; স্থির ও প্রসারিত চক্ষু-তারা ; মুখে ফেণা ; সংরুদ্ধ হনু (Jaws locked), ক্ষুদ্র, দৃঢ়, দ্রুতনাড়ী ; সহকারে অপস্মারের আক্ষেপ (Epileptic spasms)

বমন, মল-ত্যাগ, ও আক্ষেপের পরে নিদ্রালুতা সহকারে দুর্ব্বলতা ও অবসন্নতা।

উপচয়।—আহার বা পানান্তে ; বমনান্তে ; মলত্যাগান্তে, ও আক্ষেপান্তে বৃদ্ধি

সম্বন্ধ।—এণ্ট-ক্রুড আর্স, ক্যাল্ক, ও সেনিকিউলার সহিত সমগুণ সম্বন্ধ

ইপিকাকুয়ানহা

Ipecacuanha.

আমাশয়িক লক্ষণের প্রাধান্য (এণ্ট-ক্রুড, পলস) ; জিহ্বার পরিচ্ছন্নতা, অথবা অল্প লেপাচ্ছন্নতা

অবিরত ও অনবরত বিবমিষা (Nausea) সংযুক্ত সকল রোগ।

বিবমিষা —প্রচুর লালা নিঃসরণ ; শুভ্র, চিক্কণ (glairy), অধিক পরিমাণে শ্লেষ্মা বমন, অথচ উহাতে বিবমিষার অনুপশম, বমনের পর নিদ্রালুতা, মাথা নোয়াইলে উহার আতিশয্য ; তামাকের মুখ্য ফল (Primary effects), গডের মুখ্য ফল।

আমাশয়।—আমাশয় যেন ঝুলিয়া পড়িয়াছে (ইগে, ষ্টাফ), এরূপ শিথিলতা অনুভব ; যেন হাত দিয়া উহা মোচড়ান, আঁকড়ান ও নিঙড়ান যাইতেছে, এবং অন্ত্রের অভ্যন্তরে হাতের প্রত্যেকটি আঙ্গুল তীব্রভাবে চাপ দিতেছে এপ্রকার অনুভব ; নড়িলে চড়িলে উহার বৃদ্ধি।

নাভীর নিকটে আধ্মান (Flatulence) জনিত কর্ত্তনবৎ উদর-বেদনা।

IMPERIAL

মল।—ঘাসের ন্যায় সবুজ, শ্লেষ্মা আমসংযুক্ত (ক্রোটন); হরিদ্রাভ, উৎসেচিত (Fermented), ফেনিল, ... ফেনা যেন অণ্ডের শ্বেতাংশের মত, মল।

উষ্ণ দিবস, শীতল রাত্রি বিশিষ্ট শরৎকালের রক্তামাশয় (কলচি, মার্ক)।

এসিয়াটিক ওলাউঠার প্রথম অবস্থা, বিবমিষা ও বমনের আধিক্য (কলচি)

রক্ত-স্রাব —প্রবল বা অপ্রবল, শরীরের সকল দ্বার হইতে উজ্জ্বল লোহিত (ইরি মিলি); জরায়ু হইতে প্রচুর, সংযত; গর্ভপাত। রক্ত-স্রাব কালে শ্বাসের কষ্ট, নাভি হইতে গর্ভাশয়ে সূচী-বেধন।

উদরের আড়াআড়ি বাম হইতে দক্ষিণ দিকে কর্তনবৎ বেদনা (ল্যাক)।

শুষ্ক, আক্ষেপিক, সংকুচিত, শ্বাস-কাসজনিত, কাস।

অল্পমাত্র পরিশ্রমে শ্বাস-কষ্ট; হাঁসফাঁস শব্দ ও আমাশয়ের সমীপে উৎকণ্ঠা সহকারে প্রবল শ্বাস-কৃচ্ছ্র

শ্বাস-লোপ, পাণ্ডুবর্ণধারণ, আড়ষ্টতা ও নীলবর্ণপ্রাপ্তি, মুখ-রোধ ও শ্লেষ্মা-বমন সংযুক্ত শ্বাস-রুদ্ধতা; নাসিকা অথবা মুখ হইতে রক্ত-পাত (হাওগো); এই সকল লক্ষণাপন্ন হুপশব্দক কাস।

নিশ্বাস-গ্রহণকালে বায়ু-নলী ভরা শ্লেষ্মার, ঘড় ঘড় শব্দ সহকারে কাস; শ্লেষ্মা হইতে শ্বাস-রোধের আশঙ্কা।

অস্থিগুলি সকলই যেন ছিন্ন হইয়া খণ্ড খণ্ড হইতেছে এরূপ বেদনা (যেন ভগ্ন হইতেছে, ইউপ)।

সবিরাম জ্বর।—অনিয়মিত বা বিশৃঙ্খল সবিরাম জ্বরের চিকিৎসার প্রারম্ভে; বিবমিষা সংযুক্ত, অথবা আমাশয়িক উপদ্রবজনিত, কুইনাইন অপসেবিত, অথবা কুইনাইন দ্বারা অবরুদ্ধ, সবিরাম জ্বর।

একদিন পর একদিন, একই ঘণ্টায় উপস্থিত সবিরাম আমাশয়; ও দুর্নিবার বিবমিষ সহকারে জ্বর

উত্তাপ ও শীতলতায় অতিরিক্ত অনুভূতি।

উপচয়।—শীতকালে ও পরিশুষ্ককালে; উষ্ণ, আর্দ্র দক্ষিণ দিকের বাতাসে (ইউক্রে); ও যৎসামান্য সঞ্চালনে; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) কুপ্রেমের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) আমাশয়িক উপদ্রবে পলস্ ও এণ্ট-ক্রুডের সহিত সমগুণ সম্বন্ধ; (৩) ইনফ্লুয়েঞ্জা, সর্দ্দি, ক্রুপ, দুর্ব্বলতা ও শিশু-বিসূচিকা রোগে ইপিকাকের পর আর্সেনিক ভাল খাটে; স্বরযন্ত্রে শল্য (Foreign bodies) থাকিলে ইপিকাকের পর এণ্ট-টার্ট উপযোগী হয়।

ইস্কিউলাস হিপোক্যাষ্টেনম।

(Æsculus Hippocastanum.)

যে সকল ব্যক্তির অর্শ-প্রবণতা থাকে, এবং যাহারা আমাশয়িক, পৈত্তিক অথবা প্রাতিশ্যায়িক উপদ্রবে (Catarrhal troubles) উৎক্রান্ত হয় তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী।

রক্তাধিক্য জনিত পূর্ণতার ন্যায় হৃৎপিণ্ড, ফুসফুস, আমাশয়, মস্তিষ্ক, বস্তি-গহ্বর (Pelvis) ও ত্বকাদি বিবিধ স্থানের পূর্ণতা।

যকৃতের শিরা ও অর্শ-শিরার শৈরিক রক্ত-সঞ্চয়।

নিরাশা, বিষণ্ণতা; অতিশয় কোপনতা; সহজে ক্রোধের উদ্রেক হয় এবং ধীরে ধীরে উহার শান্তি জন্মে অতিশয় ক্ষণরাগিতা (ক্যাম)

মুখ-বিবর, গল-গহ্বর, ও সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর স্ফীততা, জ্বালা, শুষ্কতা ও অবদরণ অনুভব।

নাসিকার প্রতিশ্যায়; পাতলা জলবৎ জ্বালাকর স্রাব, নাসিকায় অবদরণ এবং নিশ্বসিত, শীতল বায়ুতে অতিরিক্ত অনুভূতি।

ফলিকিউলার ফ্যারিঞ্জাইটিস; প্রবল জ্বালা, গলার মধ্যে অবদরণ অনুভব; গল-মধ্যের নীরসতা ও খরস্পর্শতা।

ফসিসে (Fauces) জ্বালা, কণ্টক-বেধন, হুল-বেধন, নীরসতা ও আকুঞ্চন অনুভব সহ বারংবার গলাধঃকরণের প্রবৃত্তি।

সরলান্ত্র (rectum) —সরলান্ত্রের শুষ্কতা ও উত্তাপ; সরলান্ত্র ক্ষুদ্রে ক্ষুদ্রে কাষ্ঠখণ্ডে পূর্ণ রহিয়াছে এরূপ অনুভব; সরলান্ত্রের

উর্দ্ধদিকে ছুরিকাঘাত কর্ত্তনের ন্যায় বেদনার সঞ্চার (ইস্কে, সল) ; অর্শবলী, ব্যথিত, জ্বালাকর ঈষৎ বেগুনি বর্ণের অর্শ , কচিৎ রক্তস্রাব।

পূর্ণতা , জ্বালা ও কণ্ডুয়ন (সলফ) সহ সরলান্ত্রের টাটানি।

কোষ্ঠ-রোধ —শক্ত, শুষ্ক আয়াসে নিঃসারিত মল ; তৎসহকারে সরলান্ত্রের শুষ্কতা ও উত্তাপ ; কটি ও ত্রিকস্থানীয় (Lumbo-sacral) তীব্র পৃষ্ঠ-বেদনা

মল-ত্যাগের পরে কতিপয় ঘটিকাপর্য্যন্ত সরলান্ত্রের পূর্ণতা ও মল-দ্বারের সুতীব্র বেদনা (এলো, ইস্কে, মিউ-এসি, সলফ)।

কম্প ; ও বিদাহী মলিন প্রদর, তৎসহ কটি-বেদনা এবং হাঁটিলে অতিশয় শ্রান্তি।

<u>কটি ও ত্রিকস্থানের সংযোগ-স্থলে তীব্র পৃষ্ঠ বেদনা ;</u>
বেদনার অত্যধিক নিরন্তর বিদ্যমানতা ; ত্রিক (Sacrum) ও বস্তিদেশের (Hips) আক্রান্ততা

পিঠ ভাঙ্গিয়া আইসে ; গর্ভাবস্থায় হাঁটিলে বা মাথা নোয়াইলে কম্প ও প্রদর জন্মে ; বসিয়া বা শুইয়া থাকিতে হয়।

পৃষ্ঠে খঞ্জত্ব ও পঙ্গুত্ব অনুভব।

বাহু, জঙ্ঘা ও পৃষ্ঠদেশে পক্ষাঘাতবৎ অনুভব।

উপচয়।—নড়িলে চড়িলে ; শীতল বায়ু নিঃশ্বসনে ; এবং পৃষ্ঠ-বেদনা ও স্পর্শদোষ বিচরণে ও অবশীর্ষ হইলে ; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) অর্শে ; এলো, কোলিন, ইস্কে, মিউ-এসি, নক্স, সলফের সমগুণ। (২) কোলিন ব্যবহারে অর্শের কতকটা উপশম পড়িলে ইস্কিউ দ্বারা প্রায়ই আরোগ্য জন্মে। (৩) নক্স ও সলফ ব্যবহারে অর্শে উপকার দর্শিলে, কিন্তু আরোগ্য না জন্মিলে ইস্কিউ ফলপ্রদ।

একোনাইটম্ নেপেলস্।

(Aconitum Napellus)

যুবক-যুবতীদিগের, বিশেষতঃ রক্তপ্রধানা অব্যায়ামশীলা, কুমারীদিগের তরুণ বা নূতন রোগে ; বাতাতপের পরিবর্ত্তনে সহজে অসুখের উৎপত্তিতে ; মলিনবর্ণ চুল ও চক্ষু এবং শক্ত পেশী-তন্তু (rigid muscular fibre) বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে ; সাধারণতঃ একোনাইট উপযোগী

শুষ্ক শীতল বায়ু, উত্তরদিকের কিম্বা পশ্চিমদিকের শুষ্ক বাতাস, ও ঘর্ম্মাবস্থায় শীতল বায়ু-প্রবাহ লাগিয়া রোগোৎপত্তি ; ঘর্ম্ম-রোধের মন্দফল।

অতিশয় স্নায়বীয় উত্তেজনা সহকারে <u>অতিশয় ভয় ও চিত্তের উৎকণ্ঠা</u> (anxiety) বাহিরে যাইতে, উত্তেজনা ও অধিক লোকবিশিষ্ট জনতায় যাইতে, রাস্তা পার হইতে ; ভয়

<u>ভীততা</u> সূচক মুখাকৃতি ; ভয়বশতঃ জীবনের শোচনীয়তা ; রোগ সাংঘাতিক হইয়া উঠিবে বলিয়া নিশ্চিত ধারণা, মৃত্যুর দিন পূর্ব্বেই বলা ; গর্ভকালে মৃত্যু-ভয়

অস্থিরতা উৎকণ্ঠা, প্রত্যেক কার্য্য সম্পাদনে অতিশয় ব্যস্তসমস্ততা ; ঘনঘন অবস্থান পরিবর্ত্তনের আবশ্যকতা ; সকল বস্তুতেই চকিততা।

বেদনা।—বেদনায় অসহিষ্ণুতা, বেদনা বশতঃ ক্ষিপ্ততা ; অতিশয় অস্থির হইয়া উঠা ; রাত্রিতে আধিক্য

হানিম্যান বলেন যে হোমিওপ্যাথি মতে <u>একোনাইট নির্ব্বাচিত করিতে হইলে সর্ব্বোপরি উহার মানসিক লক্ষণগুলির অর্থাৎ শরীর ও মনের যাতনা ; অস্থিরতা ও অদম্য অশান্তির সাদৃশ্য থাকা আবশ্যক</u>

অত্যন্ত সামান্য অসুখেও উৎকণ্ঠা, যাতনা ও ভয়ের বিদ্যমানতা

রোগিণীর গীত-বাদ্য সহ্য হয়না, উহাতে তাহাকে বিমর্ষ করে (স্রাব।—ঋতুকালে, ন্যাট-কা)

হেলান দেওয়া অবস্থা হইতে উত্থান করিতে আরক্ত মুখমণ্ডল মৃতবৎ পাণ্ডুবর্ণ হয়, অথবা ভ্রান্তি ও শিরোঘূর্ণন জন্মে এবং রোগী অচৈতন্য হয়, পুনরায় উঠিতে ভয় পায়, উহার সহিত সচরাচর চক্ষে আঁধার দেখা ও অচৈতন্য থাকে।

রক্ত-প্রধানা যুবতীদিগের রজোরোধে, ভয়প্রাপ্তির পর, রজোরোধ ও তিরোধার্থে

প্রদাহের রক্ত সঞ্চয় অবস্থায়, প্রদাহের স্থান নিরূপণের (localization) পূর্ব্বে ব্যবহার্য্য।

জ্বর।—শুষ্ক ও উত্তপ্ত গাত্র-ত্বক; ঘন আরক্ত অথবা একবার আরক্ত একবার পাণ্ডুবর্ণ; অধিক পরিমাণে শীতল জল পান করিবার জন্য জ্বালাকর পিপাসা; অত্যন্ত স্নায়বীয় অস্থিরতা, যাতনায় অবলুণ্ঠন (tossing about); সন্ধ্যার প্রাক্কালে ও নিদ্রা যাইবার সময় রোগীর অধীরতার উৎপত্তি।

টঙ্কার (কনভল্শন)।—দন্তোদ্ভেদকালে, ভিন্ন ভিন্ন পেশীর উত্তাপ, উৎক্ষেপ (jerking) ও স্পন্দন (Stwitching) শিশুর অঙ্গুলির ধর (fist) চর্ব্বণ, বিরক্তি প্রকাশ ও চিৎকার করণ, গাত্রের উত্তপ্ততা ও শুষ্কতা সহিত জ্বর।

কাস, ক্রুপ।—শুষ্ক, স্বরভঙ্গসংযুক্ত শ্বাস-রোধকর কাস; উচ্চ, কর্কশ, ভেকের ডাকের ন্যায় কাস; কঠিন, ঝনঝনে শব্দবিশিষ্ট, শীষের শব্দ সংযুক্ত কাস; প্রশ্বাসে উচ্চারণ শব্দ (কষ্টকর, নিশ্বাসে সহজ); শুষ্ক শীতল বাতাস অথবা বায়ু-প্রবাহে রোগের উৎপত্তি।

কেবল জ্বর দমন করিবার জন্য একোনাইট ব্যবহার করা কখনও উচিত নহে, এই উদ্দেশ্যে অন্যান্য ঔষধের সহিত ইহা পর্য্যায়ক্রমে প্রয়োগ করাও বিধেয় নহে। যদি একোনাইট জ্ঞাপক রোগী হয় তবে অন্য কোন ঔষধ ব্যবহার করিবার প্রয়োজন নাই; একোনাইটেই রোগী আরোগ্য প্রাপ্ত হইবে।

একোনাইটসূচক উত্তেজক কারণ বিদ্যমান না থাকিলে টাইফয়েড জ্বরের প্রথমাবস্থায় এতদ্দ্বারা সর্ব্বদাই অপকার দর্শে।

উপচয়।—সায়াহ্নে ও রাত্রিতে বেদনা অসহ্য হইয়া উঠে; উষ্ণ গৃহে; শয্যা হইতে উঠিবার সময়; রোগাক্রান্ত পার্শ্বে শয়নে, (বিপ, সল্ফর); একোনাইটের লক্ষণ বৃদ্ধি পায়।

—অনাবৃত বায়ুতে উপশম (এলম, ম্যাগ-কা, পলস, স্তাব)।

সম্বন্ধ।—(১) জ্বরে, নিদ্রাহীনতায়, বেদনায় অসহ্যতায় কফিয়া সহিত, অভিঘাতের ফলে আর্ণিকার সহিত ; সকল রোগীর পক্ষেই সলফারের সহিত, অনুপূরক সম্বন্ধ (Complementary) যে সকল জ্বরে উদ্ভেদ নির্গত হয় তাহাতে কদাচিৎ একোনাইট উপযোগী হয় (২) তরুণ অবস্থায় একোনাইট, অতরুণ অবস্থায় সলফার উপযোগী, এবং তরুণপ্রাদাহিক অবস্থায় একোনাইটের পূর্ব্বে ও পরে ব্যবহার্য্য (৩) একোনাইটের অপব্যবহারে সলফার ব্যবস্থেয়।

এক্টিয়া রেসিমোসা।

(Actæa Recemosa.)

সূতিকোন্মাদ ; রোগিণী মনে করে যেন সে উন্মাদগ্রস্ত হইতেছে (সিফ) আপনাকে আপনি উপহত করিতে চেষ্টা করে

স্নায়ু-শূল বিলোপের পর উন্মাদ

যেন একটা ভারী, কাল মেঘ রোগিণীর সর্ব্ব শরীরের উপর স্থাপিত রহিয়াছে, এবং এরূপভাবে তাহার মস্তক আবৃত করিয়া ফেলিয়াছে যে সকলি তাহার নিকট অন্ধকারাচ্ছন্ন ও বিশৃঙ্খল অনুভূত হয়

আসনের তল হইতে যেন ইন্দুর দৌড়িয়া যাইতেছে এরূপ ভ্রান্তি (ল্যাক্ট-এসি, ইথু)

অক্ষি-পুটের স্নায়ুশূল।—অক্ষি-গোলকে (eye-ball) অবিরাম বেদনা অথবা তীব্র, চিড়িকমারা, সঞ্চরমান বেদনা, শঙ্খদ্বয় (temple), মস্তক-শিখর, মস্তক-পৃষ্ঠ, ও অক্ষি-গহ্বর পর্য্যন্ত উহার প্রসারণ এবং সিঁড়ি বাহিয়া উঠিতে বৃদ্ধি ও শয়নে উপশম।

গর্ভাশয়ের অথবা ডিম্বাশয়ের প্রতিক্ষিপ্ত লক্ষণ (reflex symptoms) জনিত হৃৎপিণ্ডের উপদ্রব সহসা হৃৎপিণ্ডের ক্রিয়ার বিরতি, শ্বাস-রোধের সম্ভাবনা ; যৎসামান্য সঞ্চলনে হৃৎকম্প (ডিজি)।

ঋতু—অনিয়মিত ; অবসাদজনক (এলস, কক) ; চিত্ত-বিকারে, শীত-

লতায়, অথবা জরায়ুর বিলম্বিত কিম্বা বিলুপ্ত, এবং কোরিয়া, হিষ্টিরিয়া অথবা উন্মাদ-সংযুক্ত ; ঋতু। ঋতুকালে মানসিক লক্ষণের বৃদ্ধি।

আক্ষেপ।— হিষ্টিরিয়া বা অপস্মার জনিত; জরায়ুরোগের প্রতিক্রিয়া হইতে উৎপন্ন ; ও ঋতুকালে বিবর্দ্ধিত, আক্ষেপ। বামপার্শ্বে কোরিয়ার আতিশয্য।

বামদিকের স্তনের নিম্নে তীব্র বেদনা (অষ্ট)

শরীরের নানাস্থানে ডিম্বাশয় অথবা গর্ভাশয়ের উপদাহের সহানুভূতিজনিত তীব্র, কর্ত্তনবৎ, তড়িতের ন্যায় বেদনা ; জরায়ু-প্রদেশে একপার্শ্ব হইতে অন্য পার্শ্বে তীরমারার ন্যায় বেদনা

গর্ভ। বিবমিষা ; নিদ্রাহীনতা ; কৃত্রিম প্রসববেদনার ন্যায় বেদনা ; উদরের আড়াআড়ি তীব্র বেদনা ; তৃতীয় মাসে গর্ভস্রাব (স্রাব)।

প্রসব কাল —প্রসবের প্রথমাবস্থায় কম্পন ; স্নায়বীয় উত্তেজনা জনিত উন্মাদ ; জরায়ুর-মুখের দৃঢ়তা ; উগ্র, আক্ষেপিক, অনিয়মিত প্রসব-বেদনা, যৎসামান্য গোলমালে উহার বৃদ্ধি।

কুচকীতে আতিশয্য বিশিষ্ট প্রসবান্তিক বেদনা

লক্ষণের সহিত সাদৃশ্য থাকিলে গর্ভের শেষ মাসে এই ঔষধ ব্যবহার করিলে প্রসব-বেদনার হ্রস্বতা জন্মে।

নর্ত্তন (Dancing), ক্রীড়ন (Skating), অথবা অন্য প্রকারে পেশীর প্রবল সঞ্চালনে উহার অতিশয় স্পর্শ-দ্বেষ।

ঘাড়ের ও পিঠের পেশীতে বাতের বেদনা ; পেশী শুষ্ক, খঞ্জ ও আকুঞ্চিত অনুভূত হয় ; সেলাই করা ; লেখা, অথবা পিয়ানো বাজানে বাহুর চালনা জন্য মেরুদণ্ডের অনুভবাধিক্য (এগার, রাণ-বথ)।

উদরের পেশীর বাত, সূচী-বেধ, ও খালধরার মত বেদনা।

আমবাতিক রজ শূল।

উপচয়। ঋতুকালে ; যতই অধিক পরিমাণে রজঃ নিঃসৃত হয়, ততই অধিক যাতনা বাড়ে

সম্বন্ধ।—জরায়ু ও বাতের ব্যারামে কলো ও পালসের সমগুণ ; এগারি-লিলি, সিপি'র সহিতও সমগুণ সম্বন্ধ

এগেরিকাস মাস্কেরিয়াস

(Agaricus Muscarius,)

লঘু কেশ; এবং ত্বক্‌ ও পেশীর শিথিলতা বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে উপযোগী

ক্ষীণ, মন্থর রক্ত-সঞ্চলন বিশিষ্ট বৃদ্ধদিগের পক্ষে উপযোগী

মদ্যপায়ীদিগের শিরঃপীড়া, মদ্যপানের মন্দফল (গোৎ, নক্স ম্যা)

প্রলাপ —সন্নিপাত-জ্বরে অবিরত প্রলাপোক্তি; শয্যা ছাড়িয়া বাহির হইয়া যাইবার চেষ্টা

শিরঃপীড়া জ্বরে বা বেদনায় সহজে যাহাদের প্রলাপ জন্মে (বেল); যাহাদের কোরিয়া, স্পন্দন বা মুখ-বিকৃতি আছে; তাহাদের শিরঃপীড়া পৃষ্ঠবংশের পীড়াজনিত শিরঃপীড়া

অতিশয় কণ্ডূয়ন ও অসহ্যজ্বালাবিশিষ্ট শীত-স্ফোট (চিলব্লেন); নীহার-স্ফোট (Frostbite) ও শীত-ভোগের অন্যান্য ফল, বিশেষতঃ মুখমণ্ডলে।

জাগ্রৎ অবস্থায়, অনিচ্ছায় অঙ্গ সঞ্চালন; নিদ্রাবস্থায় উহার বিরতি; এক একটী পেশীর সামান্য সঞ্চলন ও উৎক্ষেপণ হইতে সমগ্র শরীরে নর্তন পর্য্যন্ত'র কোরিয়া; সমস্ত শরীরের কম্পন (মুখমণ্ডলের পেশীর কম্পন, মাইগেল)

ত্বকে যেন বরফ স্পৃষ্ট অথবা বরফবৎ শীতল সূচী বিদ্ধ হইতেছে এরূপ অনুভব; উত্তপ্ত সূচী-বিদ্ধবৎ অনুভব

কর্ণ, নাসিকা, বদন, হস্ত-পদ প্রভৃতি নানাস্থানের জ্বালা ও কণ্ডূয়নবিশিষ্ট আরক্ততা; নানাস্থানের আরক্ততা, স্ফীততা ও উত্তপ্ততা

হাঁটিতে অনিশ্চিতত্তা, পথে প্রতিবস্তুতে হোঁচট্‌ লাগে; দাঁড়াইলে পায়ের গুড়মুড়ায় আঘাতিত হওয়ার ন্যায় বেদনা করে।

পৃষ্ঠ-বংশে স্পর্শে অনুভবাধিক্য (থেরে); প্রাতে উহার আধিক্য

বেদনা —দিবাভাগে পরিশ্রমকালে; উপবেশনকালে, কটিদেশে ও ত্রিকাস্থিপ্রদেশে (Sacral region) বেদনা

অতিরিক্ত ইন্দ্রিয়-সেবা বশতঃ পৃষ্ঠবংশের উপদাহ।

অমিত ইন্দ্রিয় সেবাজনিত স্নায়ুর অবসাদ

উদ্ভেদ-বিলোপজনিত অপস্মার (epilepsy) রোগ (সোরি, সল)

শরীরের প্রতি স্পর্শনে, ও প্রতি আবর্তনে (turn) পৃষ্ঠবংশে বেদনার উৎপত্তি — কোন একটী কশেরুকায় (vertebra) স্পর্শ-দ্বেষ

নিম্নতরঅঙ্গাদিগের কম্প, অসহ্যপ্রায় কুঞ্চনবৎ যাতনা (জিঙ্কাম, মেডোরি, সিপিয়া)

শীতল বায়ুতে অত্যন্ত অনুভবাধিক্য (ক্যাল, কালী কা, সোরি)।

উপরের বামদিকে ও নীচের দক্ষিণদিকে, কোণাকোণি রোগের প্রকাশ, (এগ্না, ব্রোম, মেড, ফস, মিউ-এসি)

উপচয়।—আহারান্তে; রমণান্তে, শীতল বায়ুতে; মানসিক অভিনিবেশে; ঝড়-বজ্রের পূর্ব্বে (ফস, সোরি) বৃদ্ধি

সম্বন্ধ।—মদাত্যয়ের প্রলাপে, এগারিয়া, ক্যাল, ক্যান-ইণ্ড, হাইও, ল্যাক, নক্স, ওপি, ষ্ট্রামোর সহিত; কোরিয়ায়—মাইগ. টারেণ, জিঙ্কের সহিত সমগুণ সম্বন্ধ

এগ্নাস ক্যাষ্টাস।

(Agnus Castus)

লসিকা-প্রধান (লিম্ফেটিক) ধাতুর পক্ষে উপযোগী।

অন্যমনস্কতা, অন্তর্দৃষ্টি-শক্তির লাঘব; স্মরণ রাখিতে পারা যায় না, একটী বাক্য দুইবার না পড়িলে বুঝা যায় না (এনাকার্ড, মস-এসি, সিপি)

ধ্বজ-ভঙ্গ ও লালা-মেহ বিশিষ্ট পুরাতন রোগী, অবিবাহিত ব্যক্তিদিগের স্নায়বীয় দুর্ব্বলতা।

অকাল বার্দ্ধক্য —বিষণ্ণতা, উদাসীনতা, চিত্তের অস্থিরতা, আপনাকে হেয় জ্ঞান; যুবক-যুবতীদিগের ইন্দ্রিয়-শক্তির অপব্যবহার হইতে উহার উৎপত্তি; শুক্রক্ষয় হইতে উদ্ভব

সম্পূর্ণ ধ্বজভঙ্গ।—জননেন্দ্রিয়ের শিথিলতা, লোলিতত্তা (flaccidity) ও শীতলতা ইন্দ্রিয়-শক্তি বা ইন্দ্রিয়-ক্রিয়ার বিকৃতি (ক্যালাড, সেলে)

পুনঃ পুনঃ প্রমেহের আক্রমণের পর ধ্বজভঙ্গ

প্রমেহের অবরোধ-বিলোপের মন্দফল

সম্ভোগ-ক্রিয়া অথবা উপস্থের উত্থিতির অবিদ্যমানতা সহকারে শ্লেষ্ম-মেহ

শ্বেতপ্রদর স্বচ্ছস্রাব কিন্তু তদ্দ্বারা বস্ত্রে পীতবর্ণ দাগ লাগে, অতিশয় শিথিলিত জননাঙ্গ হইতে অজ্ঞাতসারে উহা নিঃসৃত হয়।

স্তন্যদায়িনীদিগের দুগ্ধ-স্রাবের লাঘব বা বিলোপ (এসা, ল্যাক-ক্যান, ল্যাক-ডি), তৎসহকারে অনেক সময় অতিশয় বিমর্ষতা; রোগিণী বলে যে সে মরিয়া যাইবে

হেরিংমৎস্য অথবা মৃগনাভির গন্ধের ন্যায় নাসিকার সম্মুখে কল্পিত গন্ধ।

এই ঔষধে বিচরণ জনিত অবদরণ (Excoriation) নিবারিত হয়

সম্বন্ধ।—জননেন্দ্রিয়ের দুর্বলতায় অথবা ধ্বজভঙ্গে এগ্নাসের পরে ক্যালাড ও সেলেন ভাল খাটে।

এণ্টিমোনিয়ম ক্রুডম্।

(Antimonium Crudum.)

বালক, বৃদ্ধ ও স্থূলত্ব-প্রবণ তরুণবয়স্ক ব্যক্তি (ক্যাল্ক)

প্রাতঃকালীন অতিসারগ্রস্ত বৃদ্ধ, সহসা কোষ্ঠ-রোধের উৎপত্তি অথবা পর্য্যায়ক্রমে অতিসার ও কোষ্ঠ-রোধ, নাড়ীর দৃঢ়তা ও দ্রুততা।

শীতলতায় অনুভবাধিক্য, সর্দ্দি লাগিবার পরে উহার আধিক্য।

শিশুর খুঁতখুঁতে ও খিটখিটে প্রকৃতি, অন্যের স্পর্শ বা দৃষ্টি সহ্য হয় না; কথা বলিতে বা শুনিতে বিরক্তি (এন্ট-টা, আইওড, সিলি); একটু আদর করিলেই ক্রোধের উদ্রেক

ক্রন্দনসংযুক্ত অতিশয় বিষণ্ণভাব।

জীবনে বিরাগ

আকুলিত অশ্রুস্রাবশীলভাব, সামান্য বিষয়ে রোগিণী প্রভাবিত হয় (পল্স), নীচ নিরাশা, অবসন্ন হইয়া আত্ম-হত্যা।

পদ্যে কথা বলিতে অথবা কবিতা আবৃত্তি করিতে দুর্নিবার প্রবৃত্তি

চন্দ্রালোকে পাগলের ও উন্মত্ত প্রেমের ভাব, হতাশ প্রেমের মন্দ ফল (ক্যাম্ফর)

নাসারন্ধ্র ও মুখের কোণ বিদারিত ও চিপিটিকাযুক্ত ([illegible])

শিরঃপীড়া — নদীতে স্নান বশতঃ, সর্দ্দি লাগিয়া মদিরা সেবন জন্য; অম্লদ্রব্য, বসাদ্রব্য, ও ফল আহার জন্য আমাশয়ের বিশৃঙ্খলা জন্মিয়া; এবং উদ্ভেদ-বিলোপ বশতঃ শিরঃপীড়া

অতিরিক্ত আহার বশতঃ, আমাশয়ের রোগ, আমাশয়ের দুর্বলতা, সহজে পরিপাক-ক্রিয়ার বিশৃঙ্খলার উৎপত্তি জিহ্বায় গাঢ় দুগ্ধবৎ শুভ্র লেপ; মুখে পচা ক্ষত-প্রবণতা (আর্জ্জ-না, সলফ)।

অম্ল ও আচার খাইবার স্পৃহা

আমাশয়ের রোগ — রুটি, লুচি প্রভৃতি আহারে; অম্ল বিশেষতঃ সির্কা; ও অম্ল বা মন্দ মদ্য সেবন জন্য, শীতল জলে স্নানান্তে; অতিরিক্ত উত্তাপ লাগিলে; এবং উষ্ণ ঋতু বশতঃ, আমাশয়ের ও অন্ত্রের পীড়া।

ঊর্দ্ধ দিকে ও অধোদিকে অনেক বৎসর পর্য্যন্ত নিয়ত বায়ু নিঃসরণ, ভুক্ত দ্রব্যের গন্ধবিশিষ্ট উদ্গার।

কাসিতে কাসিতে নাসিকার পশ্চাৎ রন্ধ্র হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা নিঃসরণ; মলদ্বার হইতে রসাদি ক্ষরণ, উহাতে কাপড়ে হরিদ্রা বর্ণের দাগ লাগে; আমস্রাবী অর্শ।

চর্ম্মে অস্বাভাবিক বিবর্দ্ধনাদির উৎপত্তির প্রবণতা; হাতের আঙ্গুলের নখ শীঘ্র বর্দ্ধিত হয় না; ঘৃষ্টনখ আঁচিলের ন্যায় ফাটা ফাটা আকারে ও শৃঙ্গবৎ ক্ষুদ্র ক্ষুদ্র স্থান সহকারে পুনরুৎপন্ন হয়।

পদতলে কাঁটা বা শক্ত-খড়া; হাঁটিবার, বিশেষতঃ পাথরের উপর হাঁটিবার, সময় উহাতে অতিশয় যাতনা জন্মে।

অতিরিক্ত উত্তপ্ত হওয়াতে স্বর-লোপ।

সূর্য্যের উত্তাপ সহ্য হয় না ; রৌদ্রে পরিশ্রম করিলে অসুখ করে (ল্যাক ক্যাট মিউ) ; অগ্নিতাপে অতিরিক্ত উত্তপ্ত হওয়াতে বৃদ্ধি প্রাপ্তি ; উষ্ণকালে অবসন্নতা ; সূর্য্য-দাহ বশতঃ পীড়া

হুপিংকাস সূর্য্যের উত্তাপে অথবা উষ্ণগৃহে বিবর্দ্ধিত, ও শীতল জলে প্রক্ষালন বশতঃ উৎপন্ন হুপিংকাস

শীতলজলে স্নানে অপ্রবৃত্তি ; শীতলজলে স্পর্শনে অথবা স্নানে শিশুর ক্রন্দন, শীতলজলে স্নানে প্রবল শিরোবেদনার উৎপত্তি, ঋতুর বিলুপ্তি ; সন্তরণে বা জলে পতনে সর্দ্দি (রসটক্স)

উপচয় আহারান্তে, শীতলজলে স্নানে ; অম্লদ্রব্য বা অম্ল মদিরা সেবনে ; সূর্য্যের বা অগ্নির উত্তাপ ভোগান্তে ; এবং অতিশয় উত্তাপ বা শীতলত লাগিয়া ; বৃদ্ধি

উপশম —অনাবৃত বায়ুতে ; বিশ্রামকালে ; উষ্ণজলে স্নানান্তে ; উপশম।

সম্বন্ধ —(১) স্কুইলার সহিত অনুপূরক সম্বন্ধ। (২) আমাশয়িক রোগে বাই. ইপি, লাই. পলসের সহিত সমগুণ সম্বন্ধ। (৩) পলস, মার্ক, সলফের পরে এন্ট-ক্রুড ভাল খাটে।

এন্টিমোনিয়ম টার্টারিকম

(Antimonium Tartaricum)

নিশ্চেষ্ট, শ্লেষ্মা প্রধান ধাতুর ব্যক্তি, ও রস-প্রধান ধাতুর ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উপযোগী

সেঁতসেঁতে স্থানে থাকার দরুণ উৎপন্ন রোগ (আর্স, আরাণ, টেরে)।

এই ঔষধে নিউমোগ্যাষ্ট্রীক স্নায়ুর অভ্যন্তর দিয়া শ্বাস-ক্রিয়া ও রক্ত-সঞ্চালন-ক্রিয়ার অবসাদ জন্মে এবং তাহাতেই ইহার প্রয়োগের প্রধান পরিচালক লক্ষণের উৎপত্তি হয়, অর্থাৎ যখন রোগী কাসে, তখন বায়ু-নলীতে অধিক পরিমাণে শ্লেষ্মা-সঞ্চয় বুঝা যায়, বোধ হয় যেন কাসিলে অধিক শ্লেষ্মা উঠিবে, কিন্তু কিছুই উঠে না।

যাহারা নিকটে থাকে শিশু তাহাদিগকে জড়াইয়া ধরে ; কোলে চড়িয়া বেড়াইতে চায় ; কেহ ছুঁইলে কাঁদে, নাড়ী দেখিতে দেয় না (এণ্ট-ক্রুড তুলনা)

মুখমণ্ডলের শীতলতা, নীলাভতা, পাণ্ডুরতা, ও শীতল ঘর্ম্মাচ্ছন্নতা (ট্যাবে)

গাঢ়, শুভ্র, স্নেহবৎ (pasty) পদার্থে জিহ্বার আচ্ছন্নতা, জিহ্বা-কণ্টক ও জিহ্বাপ্রান্তের আরক্ততা ; দাগ লাল রেখা জিহ্বা বড় লাল মধ্যভাগে শুষ্ক ; এপেল ফল খাওয়ার অসাধারণ আকাঙ্ক্ষা (এণ্টে—অম্ল ও আচার খাওয়ার স্পৃহা, এণ্ট-ক্রুড)

বমন —যেভাবে থাকা যায় সেই ভাবেই বমন হয়, কেবল দক্ষিণপার্শ্বে শয়নে বমন হয় না, বমন করিতে করিতে মূর্চ্ছাপ্রাপ্তি, বমনের পরে তন্দ্রালুতা ও অবসন্নতা ; শীতল ঘর্ম্ম ও পিপাসা সহকারে গাউঠায় বমন, প্রত্যেকবার বমনের পরে এক এক মাত্রা দেয় (ভিরে)

শ্বাস—রোধ (এসফিক্সিয়া) —ঘড়ঘড়ানি, বায়ু-নলীতে (bronchi) শ্লেষ্মার সঞ্চয়, ফুসফুসের পক্ষাঘাত সম্ভাবনা, নবজাত অথবা কণ্ঠনালীতে শল্যাবস্থান (foreign bodies) আধিভৌতিক (mechanical) কারণে তন্দ্রালুতা ও অচৈতন্য সহকারে, দৃশ্যমান মৃত্যু (এপেরেণ্ট ডেথ্)।

সকল রোগের সহিতই অতিশয় নিদ্রালুতা অথবা নিদ্রা যাইবার দুর্নিবার প্রবৃত্তি (নক্স ম, ওপি)

অগ্নিবাণাক্ত শিশুর পাণ্ডুরতা, শ্বাস-শূন্যতা খাবি-খাওয়া, শিশুর শ্বাস-রুদ্ধ (এসফিক্সিয়া)। এই ঔষধে মৃত্যু-সময়ের 'গলা-ঘড়ঘড়ানি' উপশান্তি ঘটে (টারাণ)।

ফুসফুস প্রদাহ, বিশেষতঃ দক্ষিণ ফুসফুসের প্রদাহ সহকারে পাণ্ডু রোগ (jaundice)।

উপচয়।—আর্দ্র, শীতল সময়ে, রাত্রিতে শয়নে ; গৃহের উষ্ণতায় ; ও বসন্তকালে ঋতু-পরিবর্ত্তনে ; বৃদ্ধি।

উপশম।—শীতল অনাবৃত বায়ুতে, সোজা হইয়া বসিলে, শ্লেষ্ম-নিষ্ঠীবনে ; দক্ষিণ পার্শ্বে শয়নে ; উপশম।

সম্বন্ধ।—(১) এণ্ট-টার্ট, লাইকোপোডিয়ামের সহিত সমগুণ; কিন্তু লাইকোপোডিয়মের নাসা-পার্শ্বের আক্ষেপিক সঞ্চালনের পরিবর্ত্তে এণ্ট-টার্টে নাসা রন্ধ্রের প্রসারণ লক্ষিত হয়, ভিরেট্রামেরও সমগুণ, উভয় ঔষধেই অতিসার, উদর বেদনা, বমন, শরীরের শীতলতা ও অম্লদ্রব্যে স্পৃহা লক্ষণ আছে; ইপিকাকেরও সমগুণ, কিন্তু এণ্ট টার্টে শ্বাস কাসের ক্রটী এবং অধিকতর নিদ্রালুতা; এবং বমনান্তে বমিবার উপশম জন্মে (২) যখন ফুসফুসের ক্রিয়ালোপ হইয়া আসিতেছে বোধ হয়, রোগী নিদ্রাগ্রস্ত হইয়া পড়ে, কাসের হ্রাস বা নিবৃত্তি জন্মে; তখন ইপিকাকের স্থলে এণ্ট-টার্ট ব্যবহৃত হয় (৩ গো-বীজে টীকাদানের মন্দফলে থুজা বিফল হইলে এবং সিপিয়া ব্যবস্থেয় না হইলে, এণ্ট-টার্ট প্রয়োজিত হয় (৪) স্বরযন্ত্রে বা কণ্ঠনালীতে বৈদেশিক (foreign bodie) অবস্থিতি বশতঃ শ্বাস-কৃচ্ছ্র (dyspnoea) সিলিশিয়ার পূর্ব্বে; প্রমেহের স্রাব-লোপে পল্সেটিলার পূর্ব্বে; স্যাঁতসেঁতে ভিত্তির দোষে রোগ জন্মিলে টেরেবিন্থের পূর্ব্বে, এণ্ট-টার্ট ব্যবহৃত হয়। (৫) বালকদিগের কাসে এণ্ট টার্ট উপযোগী বোধ হইলেও তদ্দ্বারা সহজে ফল না দর্শিলে হিপার আবশ্যক হয় (৬) বসন্ত ও শরৎকালে আর্দ্র সময়ের আরম্ভে শিশুদিগের কাস বৃদ্ধি পাইলে এণ্ট-টার্ট প্রয়োজিত হয়।

এনাকার্ডিয়ম্ ওরিয়েণ্টেল।

(Anacardium Orientale)

সহসা স্মৃতি-বিলোপ; সকলই স্বপ্নদৃষ্টবৎ বোধ হয়, রোগী স্বকীয় বিস্মৃতি বশতঃ অতিশয় বিরক্ত হয়, সে অপ্রতিভ হইয়া পড়ে, কায কর্ম্মের উপযুক্ততা থাকে না।

অসূয়াপরবশতা (malicious disposition), দুষ্কর্ম্মে আসক্তিশীলতা।

অভিসম্পাত ও শপথ করিবার দুর্নিবার প্রবৃত্তি। (ন্যাক-ক্যান, লিলি, নাই-এসি) অবিরত প্রার্থনা করিবার প্রবৃত্তি (ষ্ট্রাম)।

আপনার ও অন্যের প্রতি নির্ভরের অভাব।

রোগীর বোধ হয় যেন তাহার হৃৎপিণ্ড [illegible] আছে, [illegible] করিতে আদেশ করে অথচ ইচ্ছা [illegible] দিবে [illegible]।

হাঁটিবার সময় [illegible] ; গীর [illegible]

সকল ইন্দ্রিয়েরই [illegible]

অর্শ ও কোষ্ঠবদ্ধতা সহকারে [illegible]

অদ্ভুত স্বভাব, [illegible] করা ও [illegible] বিষয়ে গাম্ভীর্য্য ধারণ

শরীরের [illegible] অংশের [illegible] (hoop) অথবা [illegible] বাধা রহিয়াছে ([illegible]) ; অথবা [illegible] চাপিত হইতেছে ; কিংবা [illegible] অনুভব

আহার করিবার সময় সাময়িকরূপে উপশমিত (সোরি), রাত্রিতে শয্যায় শয়নে, ও [illegible] এবং নাড়িলে চাড়িলে ও কার্য্যকালে [illegible] বর্দ্ধিত ; শিরঃপীড়া

অব্যায়ামীদিগের সাময়িক ও [illegible] শিরঃপীড়া (আর্জ্জ-না, ব্রাই, নক্স)

আহার ও পান করিবার সময় [illegible] (ক্যান-সা, কাল্কা কার্ব, নাই-এসি)

আহারীয় ও পানীয় দ্রব্য [illegible] ; আহার-কালে রোগের লক্ষণ অন্তর্হিত হয় (কালী-ফ, সোরি)।

আমাশয় আমাশয় শূন্য থাকিলেই কেবল "পেটে যেন কিছু নাই" এরূপ উপবাসবৎ অনুভব ; আহারে উহার উপশম (চেলি, আইওড) ; পরিপাক-ক্রিয়ার সময় উপশম (এ্যাই, এ নক্সের বিপরীত)

হাতের তালুতে আঁচিল

মল-ত্যাগের অতিশয় ইচ্ছা, [illegible] মল-ত্যাগের চেষ্টা করিলে মল পরিত্যক্ত হয় না ও সে ইচ্ছা আর থাকে না সরল অন্ত্র [illegible], পক্ষাঘাতিক, ও ছিপিবদ্ধবৎ অনুভূত হয় ([illegible] অনিয়মিত [illegible] peristaltic action) (নক্স)

সম্বন্ধ ।—(১) রস-রেড, ব্যাপ্টিয়া, ও রস-ভেনেনের সহিত সমগুণ সম্বন্ধ (২) দক্ষিণ হইতে বামদিকে রক্তগণের গতি প্রবণতা (লাইক)। (৩) চায়না ও পলসের পরে এনাকার্ডিয়ম ভাল খাটে (৪) এনাকার্ডিয়মের পরে ও পূর্ব্বে প্লাটিনা ভাল খাটে

এন্থ্রাসাইনম্।

(Anthracinum)

কার্ব্বঙ্কল, দূষিত ক্ষত এবং ক্ষত, পচলা ও অসহ্য জ্বালাসংযুক্ত রোগ।

যখন আর্সেনিক বা অন্য কোন সুনির্ব্বাচিত ঔষধে কার্ব্বঙ্কল কিংবা দূষিত ক্ষতের জ্বালাকর বেদনার নিবারণ হয় না, তখন ব্যবহার্য্য

রক্ত-স্রাব; মুখ-বিবর, নাসিকা, মল-দ্বার বা মূত্র-দ্বার হইতে রক্ত-স্রাব, কাল, গাঢ়, আলকাতরার মত, শীঘ্র শীঘ্র বিসংহিত (decomposing) (ক্রোট) রক্ত

সেপ্টিক ফিভার, শীঘ্র শক্তি-ক্ষয়, নাড়ীর নিমগ্নতা, প্রলাপ ও মূর্চ্ছা (পাইরো)।

গ্যাংগ্রীণ সংযুক্ত ক্ষত; দূষিত প্রকৃতির আঙ্গুল-হাড়া (felon), কার্ব্বঙ্কল, এরিসিপেলাস

দূষিত আঙ্গুল-হাড়া; পচলা ও ভয়ানক জ্বালাকর বেদনা (আর্স, কার্ব্ব-এসি, ল্যাক)

সাংঘাতিক দূষিত ব্রণ; কৃষ্ণ বা নীল বর্ণ ফোস্কা; চব্বিশ বা আট-চল্লিশ ঘণ্টার মধ্যে মৃত্যু।

কার্ব্বঙ্কল; ভয়ঙ্কর জ্বালাকর বেদনা; রসানির ন্যায় ক্ষরিত (offensive) পূয নিঃসরণ।

মৃতদেহ-ব্যবচ্ছেদ জনিত ক্ষত, বিশেষতঃ উহার গ্যাংগ্রীণ জন্মিবার অভিমুখতা; দূষিত পূযযুক্ত জ্বর (সেপ্টিক ফিভার), সুস্পষ্ট অবসন্নতা (আর্স, পাইরো)।

সন্নিকৃষ্ট কটের ছেদ (বধ)। ক্ষতস্থানের নিকটে লাল, এবং আঘাত স্থল হইতে লসিকাবাহী নাড়ীর (lymphatics) গতি অনুসারে লাল রেখার উৎপত্তি (ল্যাক, পাইরো)

পুয বা অন্য কোন দূষিত পদার্থ রক্তে শোষিত হইয়া শীতাবস্থা, বেদনা ও অতিশয় অবসন্নতা লক্ষণাপন্ন প্রদাহ (আর্স, পাইরো)।

গো, মেষ ও অন্যান্য বহুব্যাপক প্রাণী রোগ

পচাজন্তুর বা মৃত-দেহ-ব্যবচ্ছেদগৃহের দুর্গন্ধ আঘ্রাণের মন্দফল; দুর্গন্ধ নিশ্বাসে বিষাক্ততা (পাইরো)

হেরিং বলেন কার্বঙ্কলকে শস্ত্র-চিকিৎসার রোগ বলা ঠিক নহে। উহা কাটিয়া দেওয়ায় প্রায়ই অপকার হয়। কার্বঙ্কল কেবল আভ্যন্তরিক ঔষধ প্রয়োগেই আরোগ্য প্রাপ্ত হয়, প্রকৃত চিকিৎসায় একটী রোগীও নষ্ট হয় না।

সম্বন্ধ।—(১) পুয-দূষিত অবস্থায় আর্স, কার্ব্ব-এনি, ল্যাক, সিকেল, পাইরোর সহিত সমগুণ সম্বন্ধ (২) কার্বঙ্কল, ক্যান্সার অথবা পোড়াঘায়ের ভয়ানক বেদনায় যখন আর্স বা অন্য ঔষধে উপশম হয় না তখন ইউফরবিয়মের সহিত এই ঔষধ তুলনা করিয়া দেখা যায়।

এপিস মেলিফিকা।

(Apis Mellifica)

গণ্ডমালা-ধাতু; বিবর্দ্ধিত, দৃঢ়ীভূত গ্রন্থি; কঠিন ক্যান্সার অথবা বিযুক্ত ক্যান্সারে এপিস উপযোগী।

নারী, বিশেষতঃ বিধবা নারী; এবং যে সকল বালক-বালিকারা সাধারণতঃ সাবধান থাকিলেও হাত হইতে দ্রব্যাদি ফেলিয়া দেয় (বোভি) তাহাদের পক্ষে এপিস উপযোগী

অসম্পূর্ণরূপে বিকশিত অথবা বিলুপ্ত তরুণ উদ্ভেদের মন্দ ফল (জিঙ্ক), রোমান্তিকা (হাম), আরক্তিকা (স্কার্লে টিনা), ও শীতাপিত্ত (আর্টিকেরিয়া)

বিদ্বেষ, ভয় ক্রোধ, বিরক্তি ও অশুভ সংবাদের মন্দফল।

কোপনতা ; স্নায়বীয়তা (nervous) ; অস্থিরতা ; সহজে সন্তুষ্ট না হওয়া

অশ্রুস্রাব প্রবণতা ; না কাঁদিয়া থাকিতে পারা যায় না ; সাহসহীনতা, আশাশূন্যতা (পলস)

জাগ্রৎ বা নিদ্রিত কালে শিশুদিগের আকস্মিক, তীব্র চীৎকার (হেল)

শোথ চক্ষুর নিম্নভাগে, গলার ন্যায় স্ফীততা, উরুভাগে, কাটা-কা) ; হাত-পায়ের জলপূর্ণ স্ফীততা, পিপাসাশূন্য শোথ (পিপাসা সংযুক্ত শোথ, এসে-এসি, এপোসা)

স্পর্শে অত্যন্ত অনুভূতি (বেল ল্যাক)

বেদনা জ্বালাকর, হুল বেধবৎ, টাটানে বেদনা ; সহসা বেদনার একস্থান হইতে স্থানান্তরে গতি (কালী-বাই, ল্যাক-ক্যান পলস)

পিপাসাহীনত শোথে, ও উদরীতে পিপাসাশূন্যতা (বমনের অধিকতর মোমাকৃতি ও অতিশয় পিপাসা, এসে-এসি)।

জননাঙ্গের অতিশয় উপদাহ সহকারে অবারিত মূত্র ; এক মুহূর্ত্তও মূত্র ধারণ করিয়া রাখিতে পারা যায় না, এবং ত্যাগ করিলে মূত্র-পথে দারুণ জ্বালা জন্মে ; পুনঃপুনঃ, যন্ত্রণাযুক্ত, স্বল্প, রক্তাক্ত মূত্র নিঃসরণ

কোষ্ঠরোধ —কোষ্ঠ-রোধে মল-ত্যাগের অধিক চেষ্টা করিলে যেন আঁটা কিছু ছিঁড়িয়া যাইবে এরূপ অনুভব

অতিসার —মদ্যপায়ীদিগের অতিসার, উদ্ভেদ-বিশিষ্ট রোগে, বিশেষতঃ উদ্ভেদ বসিয়া গেলে, অতিসার, নড়িলে চড়িলে অনিচ্ছায় মল-নিঃসরণ, বোধহয় যেন মল-দ্বার বিস্তৃতরূপে উন্মুক্ত রহিয়াছে (ফস)

দক্ষিণ পার্শ্ব সমধিক আক্রান্ত হয় ; দক্ষিণদিকের ডিম্বাশয়ের বিবর্দ্ধন বা শোথ ; দক্ষিণ অণ্ডকোষের শোথ

সবিরাম জ্বর ; সর্ব্বদা অপরাহ্ণ তিনটার সময়, পিপাসাসহ, শীত (ইগে), উষ্ণগৃহে ও বাহ্যোত্তাপে শীতের বৃদ্ধি (পূর্ব্বাহ্ণ ৭টা ও অপরাহ্ণ ৫টার সময় শীত, থুজ)

উপচয় ।—নিদ্রান্তে (ল্যাক) ; উষ্ণ ও উত্তপ্ত গৃহে ; ভিজিলে (রসটক্স), বৃদ্ধি ; কিন্তু রুগ্নস্থান শীতল জলে ধুইলে বা শীতল জলে স্নানে ; কাসিলে,

হাটিলে অথবা অ ... নিবাঁচলে (বেদনার), ও খোঁড়া হইয়া থাকলে; উপশম

সম্বন্ধ। (১) আর্টিমিউ, সালফার প্রভৃতির অনুপূরক ঔষধ। (২) রাস-টক্সের পূর্ব্বে বা পরে ব্রায়োনিয়া ব্যবহৃত হয়না (৩) ক্যালির সঙ্গে আর্স ও পালস্ ভাল খাটে। (৪) আর্সেনিকের এবং পুরাতন ম্যালেরিয়া, কাশি, ডিজি, হেলি অকৃতকার্য্য হইবার পরে ব্রায়োনিয়া আরোগ্য জন্য।

এপোসাইনম ক্যানেবিনম।

(Apocynum Cannabinum.)

নিঃস্রব, বিশেষতঃ মূত্র ও ঘর্ম্মের হ্রাস প্রাপ্তি

রসস্রাবী ঝিল্লীর (Serous membranes) উপর, প্রদাহিক শোথ

শোথ।—পিপাসাসহ শোথ (এসেটিক এসিড), জল সহ্য হয়না অথবা বমন হইয়া পড়ে (আর্স), বিধান বিকার জনিত রোগের সহিত অসংসৃষ্ট অধিকাংশ শোথ; টাইফস, টাইফয়েড, ও স্কার্লেটিনা জ্বরের পরবর্ত্তী, এবং সিরোসিস রোগের পরবর্ত্তী শোথ; কুইনাইন অপব্যবহারের পরবর্ত্তী শোথ।

সেবনী-সন্ধির (Sutures) বিযুক্ত তরুণ হাইড্রোকেফেলাস রোগ; স্তব্ধি, এক চক্ষুর দৃষ্টিশূন্যতা; একপার্শ্বের অঙ্গ অবিরত ঐচ্ছিক সঞ্চালন (বাম বাহু ও বাম জঙ্ঘা, প্রভৃতি), কপালের বহির্গামিতা।

উদর ও হস্ত-পদের শোথ জনিত প্রস্রাব সংক্রান্ত যন্ত্রাদির শক্তিহীনতা।

রক্তস্রাবিতা।—ক্রমাগত বা থাকিয়া থাকিয়া রক্ত-স্রাব; তরল বা সংযত রক্ত, বিবমিষা, বমন, হৃৎকম্প; নাড়ীতে চঞ্চল নাড়ীর ক্ষীণতা, ও কম্পন; জীবনী-শক্তির অবসন্নতা, বালিশ হইতে মাথা তুলিলে মূর্চ্ছা।

গর্ভাবস্থায় হ্রস্ব ও শুষ্ক অথবা গভীর ও ... কাশি (কোনা)

সম্বন্ধ।—শোথে, এসেটিক এসিড, এপিস, আর্স, ডিজি, ডিজিবর সাহিত সমগুণ সম্বন্ধ।

এব্রোটেনংম।

(Abrotanum)

পর্য্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ ও অতিসার ; অজীর্ণদ্রব্য স্রাবী অতিসার।

অতিশয় শীর্ণতা, বিশেষতঃ অঙ্গদ্বয়ের শীর্ণতা (আইয়োড, স্যানি, টিউব) সহকারে বালকদিগের ক্ষয় রোগ (মরাসমাস) ; চর্ম্মের লোলিততা শিথিলভাবে বলীতে বলীতে ঝুলিয়া থাকা

ক্ষয় রোগে মস্তকের দুর্ব্বলতা, উহা সোজা করিয়া রাখিতে পারা যায়না

কেবল নিম্ন শাখাদ্বয়ের ক্ষয় প্রাপ্তি।

অতিশয় ক্ষুধা , অথচ পর্য্যাপ্ত আহারেও শরীরের শীর্ণতা প্রাপ্তি, (আইও, ন্যাট মিউ, স্যানি, টিউব)।

খল্লী (Cramps) বা তৎপরবর্ত্তী উদর-বেদনা হইতে অঙ্গপ্রত্যঙ্গের বেদনা-বিশিষ্ট আকুঞ্চন (Contractions)

বাত —স্ফীততার আরম্ভের পূর্ব্বে অত্যন্ত বেদনার জন্য ব্যবস্থেয় ; অতিসার অথবা অন্যবিধ নিঃস্রবের সহসা অবরোধজনিত ; এবং অর্শের সহিত, ও রক্তাতিসারের সহিত পর্য্যায়ক্রমে উপস্থিত ; বাত।

গাউট —সন্ধি-স্থলের স্ফীততা, স্তব্ধতা (Stiffness), তৎসহ কণ্টক-বেধবৎ যাতনানুভব ; মনিবন্ধ (wrist) ও গুল্‌ফসন্ধির (ankle-joints) বেদনা ও প্রদাহ

সর্ব্বশরীরের অতিশয় পঙ্গুতা (lameness) ও স্পর্শ-দ্বেষ

কণ্ডূয়নশীল নীহার-স্ফোট (chilblains) (এগার)।

শিশুদিগের অতিশয় দুর্ব্বলতা ও অবসন্নতা এবং একপ্রকার প্রৈপক জ্বর ; দাঁড়াইতে অসমর্থতা।

শিশুর মন্দ-প্রকৃতি, কোপনতা, বিরক্ত-চিত্ততা ও নিরাশতা ; প্রচণ্ডতা, নিষ্ঠুরতা, ও নির্দ্দয় কার্য্য করিতে প্রবৃত্তি

পাণ্ডুর, কুঞ্চিত, বৃদ্ধবৎ মুখমণ্ডল (ওপি)।

সম্বন্ধ। স্ফোটকে হিপারের পরে ; প্লুরিসি রোগে একোনাইট ও ব্রাইওনিয়ার পরে, আক্রান্ত পার্শ্বে শ্বাসের প্রতিবন্ধকতাজনক প্রচাপনবৎ অনুভবের বিদ্যমানতায় ; উপযোগী।

এমিলিনংম নাইট্রোসংম ।

(Amylenum Nitrosum.)

স্বাভাবিক রজোনিবৃত্তিকালে বা তৎপরে প্রাথণীয়, রক্তপ্রধান স্ত্রীলোকদিগের পক্ষে এই ঔষধ উপযোগী

এতদ্দ্বারা ধমনিসকল প্রসারিত ও উহাদের গতি বিবর্দ্ধিত হয়, কিন্তু পরে নাড়ীর দুর্ব্বলতা ও মন্দগতি জন্মে ।

মুখমণ্ডলে ও মস্তকে রক্তের তীব্র গতি (বেল, গ্লন)।

অত্যন্ত শীতল সময়েও অনাবৃত বায়ু সেবনের আকাঙ্ক্ষা ; গাত্রবস্ত্র-বিমোচন ও জানালা খুলিয়া দেওয়া (আজ-না, ল্যাক, সল)

যে সকল রোগ আরোগ্য হয়না তাহাতে অনেক সময় এমিল দ্বারা উপশম জন্মে ; মৃত্যু-যন্ত্রণা নিবারণে ইহা অতিশয় ফলপ্রদ ।

মুখ-রাগ (ফ্লশিংস্)। মুখমণ্ডল, আমাশয়, ও শরীরের নানাস্থান হইতে উহার আরম্ভ তৎপরে ঘর্ম্মের উৎপত্তি, অনেক সময় ঘর্ম্মের উত্তপ্ততা ও প্রচুরতা ; সহসা উহার সীমাবদ্ধতা (abruptly limited), নিম্নাংশের তুষারবৎ শীতলতা ; তৎপরে অতিশয় অবসন্নতা

যৎসামান্য মনোভাবে মুখ-রাগের উৎপত্তি (কোকা, ফির)

ব্লংশিং (লজ্জাদি কারণে গালের আরক্ততা)।—পুরাতন বা তরুণ ; সামুদ্রিক বিবমিষা ।

অর্দ্ধ-শিরোবেদনা, বিশেষতঃ আক্রান্ত পার্শ্বের পাণ্ডুবর্ণ থাকিলে ।

গল-বস্ত্র অতিরিক্ত কষা বোধ হয়, ঢিলা করিয়া দেওয়া আবশ্যক হয়

হৃদশূল ; হৃৎপিণ্ডের ক্রিয়ার গণ্ডগোল ; হৃৎপিণ্ড ও গ্রীবার বৃহৎ ধমনীদ্বয়ের (carotids) তীব্র দপদপ (গ্লন)।

অনেকক্ষণ পর্য্যন্ত প্রতিনিয়ত অঙ্গ-প্রসারণ ; এ ইচ্ছার পরিতৃপ্তি জন্মেনা ; খাট ধরিয়া ও অন্যের সহায়তা লইয়া অঙ্গ-প্রসারণ (আড়ামোড়াভাঙ্গা)।

পুনঃপুনঃ গভীর জৃম্ভণ (হাইতোলা) (কালী-কা)

প্রসবের অব্যবহিত পরেই সূতিকাক্ষেপ (Puerperal convulsions)।

উপচয়।—মানসিক বা শারীরিক শ্রমে বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) বেল, ক্যাষ্ট, কোকা, ফির, গ্লন, ল্যাকের সহিত সমগুণ সম্বন্ধ (২) অাঘ্রাণে শীঘ্র ক্রিয়া দর্শে; স্পর্শ-জ্ঞান-বিলোপকর পদার্থের ক্রিয়ায় মৃতকল্প ব্যক্তিদিগের পুনর্জ্জীবনের সঞ্চার জন্মে। (৩) আদত ঔষধ প্রধানতঃ যাপ্যকর; রোগী ঔষধে অভ্যস্ত হইয়া পড়িলে পুনঃ প্রয়োগ আবশ্যক, উচ্চতর উচ্চতর ক্রমে ইহা আরোগ্যকর। (৪) ক্রমের শক্তির উপরেই অধিকাংশ সময় আরোগ্য নির্ভর করে

এমোনিয়ঃম কার্ব্বনিকঃম।

(Ammonium Carbonicum.)

শারীরিক প্রকৃতির রক্তস্রাব-প্রবণতা, রক্তের তরলতা ও লোহিত-কণার অপকৃষ্টতা (degeneration); ক্ষতের গ্যাংগ্রীণে পরিণত হইবার সম্ভাবনা।

শারীরিক পরিশ্রমের অভাব বশতঃ স্থূলাঙ্গীদিগের নানাপ্রকার অসুখে; সর্ব্বদা "স্মেলিং বোতল" (এমোনিয়ার শিশি) কাছে রাখিতে হয় এরূপ সুকুমারীদিগের পক্ষে, এবং যাহাদের শীতকালে সহজে সর্দ্দি লাগে, তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী।

শিশুরা গাত্র ধৌত কর ভালবাসে না

নিদ্রাক্রান্ত হইবার সময় শ্বাসরুদ্ধ হইয়া আইসে, শ্বাস প্রাপ্তির জন্য জাগিতে হয় (গ্রিণ্ড, ল্যাক)।

আর্দ্র-কালে, ঝড় বৃষ্টির সময় বদ-মেজাজ।

শিরঃপীড়া; পূর্ণতানুভব, বোধ হয় যেন কপাল ফাটিয়া যাইবে (বেল, গ্লন)

নাসিকার রক্তপাত।—প্রাতে হাত ও মুখমণ্ডল প্রক্ষালনের সময় (আর্ণ, ম্যাগ-কা), বাম নাসা-রন্ধ্র হইতে রক্তপাত; আহারান্তে রক্তপাত।

ওজিনা, বারংবার নাসিকা হইতে রক্তাক্ত শ্লেষ্মা নিঃসরণ, অবনীর্য (উপুড়, অবনত মস্তক) হইলে নাসাগ্রে রক্তের প্রধাবন।

প্রায়শঃ রাত্রিতে নাসাবরোধ ; মুখদিয়া নিশ্বাস গ্রহণ করিতে হয় ; দীর্ঘকালস্থায়ী সর্দ্দি ; শিশুদিগের নাসা-রোধক সর্দ্দি (হিপ, নক্স, স্যাম্বু, ষ্টিক্টা)

পচা গল-ক্ষত ; তালুমূলের পচা ক্ষত জন্মিবার উপক্রম , গ্রন্থির রক্তাপূর্ণতা।

ডিপথিরিয়া ব. স্কার্লেট-টিনায় নাসিকার অবরুদ্ধতা ; শ্বাস রুদ্ধ হইয়া আইসে বলিয়া শিশু ঘুমাইতে পারেনা।

ঋতুর আরম্ভে ওলাউঠার ন্যায় লক্ষণ (বোভ, ভিরে)।

ঋতু —অতি শীঘ্র শীঘ্র, প্রভূত রজস্রাব, রজ- নিঃসরণের পূর্ব্বে উদরবেদনা ; বিদাহী রজ-রক্ত, উহা লাগিয়া উরুতে ক্ষত জন্মে ; দাঁড়াইতে ও বসিয়া থাকিলে অধিক পরিমাণে রজ-স্রাব (জিঙ্ক) ; ঋতু-কালে দাঁত-বেদনা, পেট-বেদনা ও বিষণ্ণতা ; শ্রান্তি, বিশেষতঃ উরুদ্বয়ের শ্রান্তি ; জৃম্ভণ (হাইতোলা) ও শীত।

প্রদর।—জরায়ু হইতে জলবৎ জ্বালাকর স্রাব ; যোনি হইতে বিদাহী প্রভূত স্রাব ; ত্বকের অবদরণ (excoriation)।

হৃৎকম্প সহকারে শ্বাস-কৃচ্ছ্র, শারীরিক পরিশ্রমে অথবা কতিপয় সিঁড়ি বাহিয়া উঠিলে উহার আতিশয্য ; উষ্ণগৃহে বৃদ্ধি।

এম্ফিসিমায় (কোষময় বিধানে বায়ু প্রবেশ, বায়ু কর্ত্তৃক স্ফীততা) অন্যতম সর্ব্বোৎকৃষ্ট ঔষধ।

প্রত্যহ প্রাতে পুনরায় ৩টা হইতে ৪টা পর্য্যন্ত (কালি-কা) ধূলিজনিত কণ্ডুয়নের ন্যায় গলা কণ্ডুয়িত হইয়া শুষ্ককাস

নখ-মূলের প্রদাহ ; অস্থি-বেষ্টের গভীর-মূল বেদনা (ভাইওলা, সিলি)।

স্কার্লেটিনার ন্যায় শরীরের আরক্ততা (এইলান্থের সহিত তুলনা করুন)।

গভীর নিদ্রা সংযুক্ত সাংঘাতিক স্কার্লেটিনা ; সশব্দ শ্বাস ; জীবনীশক্তির ক্ষীণতাবশতঃ উদ্ভেদগুলির অল্প অল্প প্রকাশ ; মস্তিষ্কের পক্ষাঘাত সম্ভাবনা (টিউব, জিঙ্ক)।

উপচয়।—শীতল, আর্দ্রকালে ; আর্দ্র পোল্টিসে ; প্রক্ষালনে (washing) ও ঋতুকালে ; বৃদ্ধি।

উপশম।—উদরের উপর ভরদিয়া উপুড় হইয়া শয়নে (এসেন্সিস) ; ব্যথিত পার্শ্বে ভর দিয়া শয়নে (পালস) ; ও শুষ্ককালে ; উপশম।

সম্বন্ধ ।—(১) রসটক্সের বিষ-ক্রিয়া এবং কীটের হুল-বেধ-যাতনা এই ঔষধে নিবারিত হয়। (২) দক্ষিণ পার্শ্ব সমধিক আক্রমিত হয় (৩) ল্যাকেসিসের সহিত প্রতিকূল সম্বন্ধ

এমোনিয়ংম মিউরিয়েটীকংম ।

(Ammonium Muriatioum)

স্থূলকায় অলস ; অথবা শরীর স্থূল, জঙ্ঘা ক্ষীণ ব্যক্তিদিগের পক্ষে, বিশেষ উপযোগী ।

জলবৎ বিদাহী প্রতিশ্যায় (acrid coryza), স্রাবসংস্পর্শে ওষ্ঠের ক্ষত (এলি-সেপা)

ঋতুকালে বিরেচন ও বমন ; অন্ত্র হইতে রক্তস্রাব (ফস), পদদ্বয়ে স্নায়ুশূল জনিত বেদনা ; রাত্রিতে রক্ত-প্রবাহের অধিকতর আধিক্য (বোভি—শয়নে আতিশয্য, ক্রিয়ো)

অতিশয় বায়ু-নিঃসরণ বিশিষ্ট দুর্দম্য কোষ্ঠ-রোধ

কঠিন, বিখণ্ডিত মল, নিঃসারণে অতিশয় চেষ্টার আবশ্যকতা, মলদ্বারের প্রান্ত হইতে ভাঙ্গিয়া ভাঙ্গিয়া পতন (ম্যাগ-মি) মলের বর্ণের পরিবর্ত্তন, দুইবারের মল একরূপ হয় না (পল্স) ।

অর্শ বলি টাটায় ও বেদনা করে ; মলত্যাগের পর কয়েক ঘণ্টা পর্য্যন্ত সরলান্ত্রে জ্বালা ও হুল-বেধনের ন্যায় যাতনা হয় (ইগ্নি, সলফ) ; বিশেষতঃ প্রদর-স্রাব বিলোপের পর

শ্বেতপ্রদর ; অণ্ডের শুভ্রাংশের ন্যায় স্রাব, স্রাব-নিঃসরণের পূর্ব্বে নাভীর নিকটে জ্বালাকর মোচড়ান বেদনা, প্রত্যেকবার মূত্র-ত্যাগের পরে, কপিশবর্ণ, আঠাআঠা, বেদনাশূন্য প্রদর-স্রাব ।

পৃষ্ঠে, স্কন্ধাস্থিদ্বয়ের ব্যবধান-স্থানে শীতলতা অনুভব (ল্যাকনান) ।

হাঁটিবার সময় জঙ্ঘার শিরা হ্রস্ব ও ব্যথিত বোধ হয় ; পেশীর হ্রস্বতা হইতে

উৎপন্ন অস্থিশিথিলতার ন্যায় সন্ধিস্থলে অশিথিলতা (কষ্টি, সাইলেশিয়া)।

পদদ্বয়ে দুর্গন্ধ ঘর্ম (কেলস, গ্রাফ, সোরি, সেনিকিউ, সিলি)

সম্বন্ধ—এই ঔষধের পরে এণ্টিম-ক্রুড, ফস, পলস, সেনিকিউ, ভাল খাটে।

এম্ব্রাগ্রেসিয়া।

(Ambragrisea.)

বালক-বালিকাদিগের, বিশেষতঃ উত্তেজন-প্রবণ, স্নায়বীয় ও দুর্বলা যুবতীদিগের পক্ষে; এবং বৃদ্ধদিগের স্নায়বীয় রোগে, স্নায়ুর "জীর্ণশীর্ণতায়"; এম্ব্রা উপযোগী

ক্ষীণ, রুগ্ন, ব্যক্তিগণ, যাহাদের সহজে সর্দ্দি লাগে।

অতিশয় বিষণ্ণতা, কয়েক দিন পর্য্যন্ত বসিয়া ক্রন্দন

বৈষয়িক উৎপাতের পর নিদ্রা যাইতে অপারগতা, উঠিয়া বসিতে হয় (এ্যাক্টিয়া, সিপিয়া)

দুর্গন্ধ নিশ্বাস সংযুক্ত র‍্যাণুলা রোগ (জিহ্বার নীচে অৰ্দ্ধস্বচ্ছ টিউমার) (থুজা)

উদরে শীতলতা অনুভব (ক্যাল্ক)

মল-ত্যাগকালে কাহারও উপস্থিতি, এমন কি ধাত্রীর উপস্থিতি পর্য্যন্ত সহ্য হয়না; বারবার বিফল মল-প্রবৃত্তি, ও উহাতে উৎকণ্ঠার উৎপত্তি

অনেকক্ষণ হাঁটা, ও কঠিন মল-ত্যাগ প্রভৃতি সামান্য সামান্য কারণে ঋতুদ্বয়ের ব্যবহিত কালে রক্তস্রাব

বিশেষতঃ অথবা কেবল রাত্রিতে গাঢ়, নীলাভ শুভ্র শ্লেষ্মাময়, প্রদরস্রাব।

থাকিয়া থাকিয়া প্রবল আক্ষেপিক কাস, তৎসহ উদ্গার ও স্বরভঙ্গ; উচ্চৈঃস্বরে কথা বলিলে বা পড়িলে উহার আধিক্য (ড্রস, ফস); সন্ধ্যাকালের কাসে কাস উঠে না, প্রাতঃকালে উঠে (হাইও); "হুপ"-শব্দ বিবর্জ্জিত হুপশব্দ কাস।

উপচয় ।—উষ্ণ পানীয় দ্রব্যে, উষ্ণগৃহে, গীত-বাদ্যে; শয়নে, উচ্চৈঃস্বরে কথা বলিলে বা পড়িলে; বহুলোকের বিদ্যমানতায়; ও জাগরণান্তে; বৃদ্ধি।

উপশম ।—আহারান্তে; শীতল বায়ুতে; শীতল আহারীয় ও পানীয় দ্রব্যে, এবং শয্যা হইতে উত্থানে; উপশম

সম্বন্ধ ।—এক্টি, এসাফ, কাকা, ইগ্নে, মস্ক, ফস, ভেলের সহিত এম্বার সমগুণ সম্বন্ধ।

এরাম ট্রিফিলাম।

(Arum Triphyllum.)

নাসিকার সর্দ্দি; বিদাহী, তরলস্রাব; নাসারন্ধ্রের অবদরণ (raw)

জলবৎ স্রাব নিঃসরণ সত্বেও নাসা অবরুদ্ধবৎ অনুভব (এম-কা, শ্য স্যু, সিনাপিসের সহিত তুলনা করুন), রাত্রিতে বিবর্দ্ধিত হাচি

বিদাহী, রসানীবৎ স্রাব নিঃসরণ, তদ্বারা নাসিকার অভ্যন্তর ভাগ, নাসাপার্শ্ব ও উপরের ওষ্ঠের অবদরণ (আর্স, সেপা)

যে পর্য্যন্ত রক্ত না পড়ে সে পর্য্যন্ত সতত নাকখুঁটন; নাসিকার পার্শ্বে অঙ্গুলি প্রবিষ্ট করা

রক্ত না পড়া পর্য্যন্ত ওষ্ঠ খুঁটন; মুখের কোণের ক্ষত, বিদারণ, ও রক্তপাত; রক্ত না পড়া পর্য্যন্ত হাতের আঙ্গুল কামড়ান

অতিশয় বেদনা লাগিলেও কাঁচা রক্তস্রাবী স্থানে খুঁটন ও অঙ্গুলী প্রবিষ্ট করণ; রোগী বেদনায় চীৎকার করে অথচ অঙ্গুলী প্রবিষ্ট করিতে বিরত হয় না (ডিপথিরিয়া, স্কার্লেটিনা, ও টাইফয়েড জ্বরে)

মুখের ও গলার স্পর্শ-দ্বেষ বশতঃ শিশুদিগের পানাহারে অস্বীকৃতি (মার্ক); ও নিদ্রাহীনতা।

প্রভূত, বিদাহী লালা, তদ্বারা মুখের শ্লৈষ্মিক ঝিল্লী ছাইয়া যায়; জিহ্বা ও মুখ-গহ্বরের অবদরণ জন্মে ও রক্তপাত হয়

স্বর-নাশ।—উত্তর-পশ্চিমদিকের বাতাস ভোগ করিয়া সম্পূর্ণ স্বর বিলোপ (একন, হিপ); গান করিয়া স্বর-বিলোপ (আর্জেন্টা, কষ্ট, সম, সেলে)।

ধর্ম্ম-যাজকদিগের গলা-বেদনা। স্বরের কর্কশতা, অনিশ্চিততা, অনায়ত্ততা, ও ক্রমাগত পরিবর্ত্তনশীলতা; আলাপ করিলে, কথা বলিলে, অথবা গান করিলে বৃদ্ধি; বক্তা, গায়ক, ও অভিনেতাদিগের গলা-ব্যথা।

স্কার্লেটিনা রোগে দ্বিতীয় বা তৃতীয়বার বড় বড় গোছায় গোছায় চাম উঠিয়া যাওয়া।

উদরাময়, স্বল্প বা বিলুপ্ত মূত্র সহকারে সান্নিপাতিক স্কার্লেটিনা; ইউরিমিয়ার আশঙ্কা।

সাংঘাতিক স্কার্লেটিনা ও ডিপথিরিয়ায় নাসিকা ও মুখের ক্ষত এই ঔষধের পরিচালক লক্ষণ।

লক্ষণ।—(১) হিপার, ও নাইট-এসিড পরে শুষ্ক, স্বরভঙ্গসংযুক্ত, ক্রুপের ন্যায় কাসে; এবং প্রাতঃকালের স্বরভঙ্গে ও বধিরতায় এবং স্কার্লেটিনায় কষ্টিকম ও হিপারের পরে এরম উপযোগী (২) নিম্নক্রমে বা পুনঃপুনঃ এরম প্রয়োগে অনেক সময় মন্দফল দর্শে। (৩) উচ্চক্রমের ঔষধে অতি সত্বর সফল ক্রিয়া দর্শে।

এলিয়ম সেপা।

(Allium Cepa)

বিবর্দ্ধিত নিঃস্রাব নিঃসরণ সহকারে শ্লৈষ্মিক-ঝিল্লীর তরুণ প্রতিশ্যায় জনিত প্রদাহ।

সর্দ্দিজনিত অতীব শিরোবেদনা, তৎসহ মাথায় সর্দ্দি; সন্ধ্যাকালে উহার বৃদ্ধি, অনাবৃত বায়ুতে উহার উপশম; উষ্ণগৃহে ফিরিয়া আসিলে আবার বৃদ্ধি (ইউফ্রে, পলস)।

ঋতুকালে শিরঃপীড়ার নিবৃত্তি, ও ঋতুস্রাব অন্তর্হিত হইলে উহার প্রত্যাবৃত্তি (ল্যাক, জিঙ্ক)।

চক্ষুতে ধূম লাগিয়া উৎপন্নের ন্যায় জ্বালা, কামড়ানি ও টাটানি, চক্ষু কচলাইতে হয়; চক্ষুর জলপূর্ণতা ও জলস্রাব, উহার কৈশিকা নাড়ীতে (capillaries) রক্তাধিক্য এবং অতিশয় অশ্রু স্রাব

মস্তকের প্রতিশ্যায়; প্রভূত, জলবৎ, ও বিদাহী (acrid) নাসা-স্রাব, তৎসহ প্রচুর অবিদাহী অশ্রুস্রাব (বিদাহী অশ্রু ও অবিদাহী নাসাস্রাব, ইউফ্রে)।

নাসিকার অগ্রভাগ হইতে বিন্দু বিন্দু বিদাহী জলবৎ স্রাব পতন, (আর্স, আর্স-আইয়োড)

বসন্তকালের প্রতিশ্যায় —উত্তর-পূর্ব্বদিকের আর্দ্র বাতাস ভোগের পর সর্দ্দি; স্রাব লাগিয়া উপরের ওষ্ঠে জ্বালা ও ক্ষত জন্মে

হে-ফিভার (ওষধি-গন্ধজ জ্বর) —প্রতি বৎসর আগষ্ট মাসে উপস্থিত শয্যা হইতে উত্থান করিলে প্রবল হাঁচি, পিচকল নাড়াচাড়া করাতে উৎপত্তি

নাসিকার বহুপাদ (পলিপাস) (মেরম, ক্যাল্ক, ক্যাল্ক নাইট, সোরি)

শর্দ্দিজনিত স্বরযন্ত্র-প্রদাহ; কাসবশতঃ রোগীকে হাত দিয়া স্বরযন্ত্র ধরিতে হয়; বোধ হয় যেন কাসিতে কাসিতে উহা ছিঁড়িয়া যাইবে।

উদর-বেদনা —পা ভিজিয়া শর্দ্দি লাগিয়া, অতিরিক্ত আহার করিয়া, শসা ব শাকের কাঁচা চাটনি খাইয়া, ও অর্শ জন্য উহার উৎপত্তি; বালকদিগের উদর-বেদনা, বসিয়া থাকিলে বেদনার বৃদ্ধি, নড়িয়া চড়িয়া বেড়াইলে হ্রাস

বদনে, মস্তকে ঘাড়ে ও বুকে একগাছি দীর্ঘ সূতার ন্যায় স্নায়বিক বেদনা

আভিঘাতিক পুরাতন স্নায়ু-প্রদাহ; অঙ্গচ্ছেদের পর অবশিষ্টাংশের স্নায়ুশূল; জ্বালাকর ও হুলবেধবৎ বেদনা

আঙ্গুল-হাড়া —বাহুর ঊর্দ্ধ পর্য্যন্ত লাল লাল দাগ, বেদনায় ক্ষিপ্তবৎ করিয়া তোলে, সূতিকাবস্থায় উহার উৎপত্তি।

পায়, বিশেষতঃ গুড়গুড়ায় ঘর্ষণ বশতঃ ক্ষত ও কাঁচা স্থান "ঘর্ষণে পায় ক্ষত হইলে এই ঔষধ উপকারী"।

সাঁড়াসী দ্বারা প্রসবের পর (afte forceps delivery) সূতিকাবস্থায় শিরা-প্রদাহ।

উপচয়।—সায়াহ্নে ও উষ্ণগৃহে প্রাতঃ বৃদ্ধি (পলস , অনাবৃত বায়ুতে বৃদ্ধি, ইউফ্রে)।

উপশম।—শীতল গৃহে ও অনাবৃত বায়ুতে উপশম (পলস)

সম্বন্ধ।—(১) ক্যাম, পলস, থুজার সহিত অনুপূরক সম্বন্ধ (২) নাসা-অর্বুদে (polypus) ক্যালকে কার্ব ও ফস্ফরাসের পরে উপযোগী, (৩) ইউফ্রেসিয়ার সহিত সমগুণ সম্বন্ধ, কিন্তু নাসা-স্রাব ও অশ্রুস্রাবে বিপরীত সম্পর্ক, (৪) পা ভিজাইবার মন্দফলে র‍্যাসটক্সের সহিত সম্বন্ধ

এলুমিনা।

(Alumina)

যাহারা পুরাতন রোগে ভুগিয়া থাকে তাহাদের পক্ষেই এলুমিনা বিশেষ উপযোগী ; "পুরাতন রোগে এলুমিনা একোনাইট স্বরূপ "

শারীরিক উত্তাপের অসদ্ভাব বিশিষ্ট ধাতু (ক্যাল্ক সিলি)।

ক্ষীণ, শুষ্ক, কৃশ রোগী ; মলিন বর্ণ মুখাকৃতি ; মৃদু, প্রফুল্ল প্রকৃতি ; অবসাদ বায়ুগ্রস্ত ব্যক্তি (hypochondriacs) ; শুষ্ক, চিড়বৎ, কণ্ডুয়নজনক উদ্ভেদ, শীতকালে উহার আধিক্য (পেট্রো) ; শয্যায় শরীর উষ্ণ হইতে থাকিলে সর্ব্ব শরীরের অসহ্য কণ্ডুয়ন (সলফ) ; যে পর্য্যন্ত রক্ত না পড়ে সে পর্য্যন্ত কণ্ডুয়ন, অনন্তর যাতনা।

সময় অতিরিক্ত ধীরে ধীরে গত হয় ; একঘণ্টা অর্দ্ধদিনের ন্যায় বোধ হয় (ক্যান-ইণ্ড)।

চক্ষু না মেলিয়া এবং দিবাভাগে ভিন্ন হাঁটিতে পারা যায় না , চক্ষু বুজিয়া হাঁটিলে ঝুঁকিতে ও পড়িতে হয় (আর্জ্জ-না, জেল)।

অস্বাভাবিক ক্ষুধা ; শ্বেতসার, ফুলখড়ি, অঙ্গার, লবঙ্গ, চা বা কফির চূর্ণ, এবং অম্ল ও অপাচ্য দ্রব্য আহারের আকাঙ্ক্ষা (সিকু, সোরি) ; গোল আলু সহ্য হয় না।

বহুবৎসর ব্যাপী পুরাতন উদ্গার, সন্ধ্যাকালে উহার আতিশয্য।

লবণ, সুরা, সির্কা, গোলমরিচ প্রভৃতি সকল উত্তেজক দ্রব্যে তৎক্ষণাৎ কাসের উৎপত্তি

কোষ্ঠ-রোধ।—অধিক মল সঞ্চিত না হইলে মল-প্রবৃত্তি বা মল ত্যাগের সামর্থ্য জন্মেনা (মেডিলো) অতিশয় কুন্থন, শক্ত করিয়া কিছু ধরিয়া কুঁথিতে হয়; শক্ত, গ্রন্থিল, করেল ফলের মত, শ্লেষ্মাবৃত, মল; অথব নরম কাদার মত মল, উহা মলদ্বারে লাগিয়া থাকে (প্লাট)।

সরলান্ত্রের নিশ্চেষ্টতা, কোমল মলও নিঃসারণ করিতে অতিশয় কুন্থনের আবশ্যকতা (এনাক, প্লাট সিপি ভিরে)।

স্তন্যপ য়ী শিশুদিগের কৃত্রিম আহার জনিত, বোতলে দুগ্ধপায়ী শিশুদিগের বৃদ্ধদিগের (লাই, ওপি); এবং গর্ভাবস্থায় সরলান্ত্রের নিশ্চেষ্টতা বশতঃ (সিপি); কোষ্ঠবদ্ধতা

মূত্র-ত্যাগ কালে রোগিণীর অতিসার।

মল ত্যাগ-কালে প্রস্রাব করিতে কুন্থন করিতে হয়।

শ্বেতপ্রদর। বিদাহী ও প্রভূত, গোড়মুড়ি (heels) পর্য্যন্ত প্রবাহিত স্রাব (সিফ), দিবাভাগে উহার আধিক্য; শীতলজলে স্নানে লাঘব ঋতুর পরে, শারীরিক ও মানসিক অবসন্নতা, প্রায় কথা বলিতে পারা যায় না (কার্ব্বো-এন, কফু)।

কথা বলিলে শ্রান্তি জন্মে; শ্রান্তি ও ক্লান্তি, অবশ্য বসিয়া থাকিতে হয়

উপচয়।—শীতল বায়ুতে; শীতকালে; উপবেশন কালে; গোল আলু খাইলে; সূপ (মাংসের ঝোল) আহারে; একদিনপর একদিন, অমাবস্যা ও পূর্ণিমার সময়; বৃদ্ধি

উপশম —মৃদু গ্রীষ্মকালে; উষ্ণপানীয় জব্যপানে; আহার করিবার সময় (সোরি), ও বর্ষাকালে (কষ্ট); হ্রাস।

সম্বন্ধ।—(১) ব্রাইওনিয়ার সহিত অনুপূরক সম্বন্ধ (২) ব্রাই ল্যাক সলফের পরে এলুমিনা ভাল খাটে। (৩) রোগের তরুণ অবস্থায় ব্রাই ও পুরাতন অবস্থায় এলু উপযোগী। (৪) বৃদ্ধদিগের রোগে ব্যার-কার্ব্ব ও কোনায়ম এলুমিনার সমগুণ।

গাঁথাবাত বিস্তৃত হইলে পাশ-শূলে, ও নানা অন্তের রোগে ব্রায়োনিয়া একটী প্রধান ঔষধ

এলো সকোট্রিনা ।।

(Aloe Socotrina)

যাহারা অলস ও ক্লান্ত মানসিক ও শারীরিক পরিশ্রমে বিরক্ত ; মানসিক পরিশ্রমে যাহাদের শ্রান্তি জন্মে তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী।

বৃদ্ধ ব্যক্তি; বিশেষতঃ শ্লেষ্মা-প্রধান-ধাতু, শিথিল-শরীর স্ত্রীলোকদিগের পক্ষে এই ঔষধ উপযোগী ঘর্ম সহকারে অতিশয় অবসাদ ইহার লক্ষণ।

শীতকালের সমাগমে প্রতিবৎসরই পীড়ার উপস্থিতি। (সোরি)

আপনার প্রতি অথবা আপনার অসুখের প্রতি অসন্তুষ্ট ও ক্রোধান্বিত, বিশেষতঃ যখন কোষ্ঠ বদ্ধ থাকে

শ্লৈষ্মিক ঝিল্লীর রোগ ; গলা অথবা সরলান্ত্র (rectum) হইতে জেলীর মত দলা দলা শ্লেষ্মার উৎপত্তি জন্মে ; সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হয়।

কপালের আড়াআড়ি শিরঃপীড়া, প্রতি পদ-বিক্ষেপে উহার বৃদ্ধি (বেল, ব্রাই) তৎসহকারে চক্ষুর গুরুত্ব, ও বিবমিষা (nausea)।

শিরঃপীড়া।—উত্তাপে উহার বৃদ্ধি ও শীতল প্রয়োগে হ্রাস (আর্স); কটিবেদনার সহিত পর্য্যায়ক্রমে শিরোবেদনা ; অপ্রচুর মল-নিঃসরণের পর শিরঃপীড়া

অতিসার।—আহার ও পানের অব্যবহিত পরে তাড়াতাড়ি করিয়া বহির্দেশে (পায়খানায়) যাইতে হয় (ক্রোট-টি , সরলান্ত্রের আবরক-পেশীর উপর নির্ভর করিতে পারা যায় না (অর্থাৎ মল বেগ ধারণ করা যায় না) ; প্রত্যুষে তাড়াতাড়ি শয্যাত্যাগ করিয়া বহির্দেশে (পায়খানায়) যাইতে হয় (সোর, রুম, সলফ)

অপান (বায়ু flatus) নিঃসরণ কালে যেন উহার সহিত মল নির্গত হইবে এইরূপ অনুভব (ওলিন, মিউর-এসি, ন্যাট-মিউ)

উদর বেদনা —উদরের দক্ষিণ ভাগের নিম্নাংশে কর্ত্তন ও মোচড়ানবৎ বেদন ; মলত্যাগের পূর্ব্বে ও মলত্যাগ-কালে বেদনার অত্যন্ত তীব্রতা, মলত্যাগের পর সমস্ত বেদনার বিরতি জন্মে, কিন্তু প্রভূত ঘর্ম্ম ও অত্যন্ত দুর্ব্বলতা অবশিষ্ট থাকে ; বেদনার আক্রমণের পূর্ব্বে দুর্দ্দম্য কোষ্ঠ-রোধ থাকে।

দুর্গন্ধ, জ্বালাকর, অধিক অপান (বায়ু-flatus) নিঃসরণ ; অল্প মলের সহিত অধিক অপান নির্গমন (এগের), অপান নিঃসরণের পর মলদ্বারে জ্বালা।

অনিচ্ছায় নিরেট মল ও অম রাশি নিঃসরণ, অতিসার কালে ক্ষুধা

মল-ত্যাগের পূর্ব্বে পেট ডাকা, সহসা প্রবল মল-বেগ, সরলান্ত্রে গুরুত্ব ; মল ত্যাগ কালে কুন্থন ও অধিক অপান নিঃসরণ ; মল ত্যাগের পরে শ্রান্তি

অর্শ —নীলবর্ণ, আঙ্গুর ফলের থোপার ন্যায় বলি (মিউর-এসি) ; সরলান্ত্রে অবিরত আবেগ ; রক্তস্রাবী, স্পর্শ-দ্বেষ বিশিষ্ট, উত্তপ্ত ও শীতল জল প্রয়োগে উপশমিত-অর্শ, তীব্র কণ্ডূয়ন

মলদ্বারে কণ্ডূয়ন ও জ্বালা, উহাতে নিদ্রার ব্যাঘাত (ইণ্ডি)

উপচয়।—প্রত্যূষে; শারীরিক পরিশ্রমের অভাবে, উত্তপ্ত শুষ্ককালে; আহার বা পানান্তে ; দাঁড়াইলে বা হাঁটিলে বৃদ্ধি

উপশম।—শীতল জলে ; শীতল কালে ; অপান ও মল নিঃসরণে উপশম

সম্বন্ধ।—(১) উদরের রক্তাধিক্য এবং যকৃৎ-শিরার রক্তসঞ্চয় সংযুক্ত অনেক পুরাতন রোগে সলফারের ন্যায় এই ঔষধও ব্যবহৃত হয়, অপর এতদ্দ্বারা লুপ্ত উদ্ভেদ প্রকাশিত হয় (২) এগ-মিউ, গ্যাম্ব, নাক্স ও পডোফের সহিত এলোর সমগুণ সম্বন্ধ

এষ্টিরিয়াস রুবেন্স

(Asterias Rubens)

মায়ক-ধাতু দোষ (সাইকোটিক ডায়াথিসিস), শিথিল, লসিকা প্রধান (lymphatic) শারীরিক প্রকৃতি ; কোমল স্বভাব

কোনপ্রকার চিত্ত-বিকারে, বিশেষতঃ প্রতিবাদে সহজে উত্তেজনার উৎপত্তি (এনাকা, কোনা)।

উত্তপ্ত বায়ু দ্বারা পরিবেষ্টিত থাকার ন্যায় মস্তকের উত্তাপ।

মস্তকে রক্ত-সঞ্চয়।

সংন্যাসরোগে ; বদনের আরক্ততা, নাড়ীর দৃঢ়তা, পূর্ণতা, ও দ্রুততা

স্তনের ক্যান্সার, তরুণ ; ছুরিকা দিয়া কর্ত্তনের ন্যায় বেদনা ; স্তনে আকর্ষণী বেদনা, ঋতুর পূর্ব্বে যেরূপ হয় স্তনের সেইরূপ স্ফীততা ও প্রসারিততা ; স্তনদ্বয় ভিতরেরদিকে আকৃষ্ট অনুভূত হয়

স্তনে একটী সীসবর্ণ মিশ্রিত আরক্ত চিহ্নের প্রকাশ, উহা ভাঙ্গিয়া গিয়া স্রাব নিঃসরণ ; ক্রমে ক্রমে সমগ্র স্তন আক্রমণ, উহাতে অতিশয় দুর্গন্ধ, উহার প্রান্তভাগ পাণ্ডুর, সমুন্নত, শক্ত ও বিপর্য্যস্ত ; তলদেশে ঈষৎ লোহিত সূত্রাঙ্কুরে (granulation) আবৃত

চলনের অদৃঢ়তা, পেশীর ইচ্ছার অনায়ত্ততা (এগার, জেল)।

অপস্মার (epilepsy) ; রোগের আবেশ উপস্থিত হইবার চারি পাঁচ দিবস পূর্ব্বে সর্ব্ব শরীরে স্পন্দন।

কোষ্ঠ-রোধ।—দুর্দ্দম্য কোষ্ঠ-রোধ, নিষ্ফল মল-প্রবৃত্তি ; জলপাইয়ের আকৃতি শক্ত শক্ত গোলার ন্যায় মল

অতিসার।—জলবৎ কফিবর্ণ, প্রবল বেগে নির্গত মল (ক্রোট, গ্রাট, গম, জ্যাট্রো, থুজা)

নারীদিগের সম্ভোগ-লিপ্সার বৃদ্ধি (প্লাটি)

সম্বন্ধ —(১) সিউরেক্স ও সিপিয়ার সহিত সমগুণ সম্বন্ধ। (২) স্তনের ক্যান্সারে কার্ব্বো-এন, কোনা, সিলিক সহিত, এবং অপস্মারে, বেল, ক্যাল্ক, ও সলফের সহিত ; তুলনা হয়

এসেটিক এসিড।

(Acetic Acid)

পাণ্ডুর, ক্ষীণকায়া, শিথিল লোহিত পেশী ; পাণ্ডুবর্ণ, মোমবৎ বদন (ফির) বিশিষ্ট, ব্যক্তিদিগের পক্ষে উপযোগী

রক্তস্রাব —প্রত্যেক শ্লৈষ্মিক ঝিল্লীময় দ্বার, নাসিকা, গলা, ফুসফুস, আমাশয়, অন্ত্র, গর্ভাশয় হইতে রক্তপাত (ফির, মিলি) ; জরায়ুর রক্তস্রাব ; অনুকল্প (vicarious) রক্তস্রাব ; নাসিকার আভিঘাতিক রক্তস্রাব (আর্ণ)

বালকদিগের ক্ষয়রোগ (marasmus) ও অন্যান্য শরীরক্ষয়কর রোগ (এব্রে, আইও, সানি, টিউব)

অভিঘাতের (injuries) পর (সল-এসি) ; শস্ত্রোপচারের পর ; স্পর্শজ্ঞানবিলোপকর ঔষধ ব্যবহারের পর ; অতিশয় অবসন্নতা।

শোথ, বহুমূত্র, পুরাতন অতিসার প্রভৃতি রোগে তীব্র, জ্বালাকর, অধিক জলপানেও অতৃপ্ত, পিপাসা ; <u>কিন্তু জ্বরে পিপাসাশূন্যতা।</u>

গর্ভাবস্থায় অম্ল উদ্গার ও বমন, দিবারাত্রি মুখ দিয়া জল উঠা ও প্রভূত লালা স্রাব (ল্যাক এসি,—রাত্রিতে লালাস্রাবের বৃদ্ধি, মার্ক-সল

অতিসার —অবসাদজনক, অতিশয় পিপাসাসংযুক্ত, অধিক মলস্রাব বিশিষ্ট অতিসার, শোথ, টাইফয়েড জ্বর, ও যক্ষ্মার অতিসার, নৈশঘর্ম্মসহকারে অতিসার

প্রকৃত ক্রুপ, হিস্‌হিস্‌শব্দবিশিষ্ট শ্বাস, নিশ্বাস সহকারে কাস (স্পঞ্জ) ; শেষাবস্থা

ক্রুপ রোগে ও সাংঘাতিক ডিপথিরিয়ায় সাইডার ভিনিগারের বাষ্প নিশ্বসন ফলপ্রদ

চিৎ হইয়া শয়ন করিতে পারা যায় না (চিৎ হইয়া ভাল শয়ন করা যায় আর্স) ; উদরে শূন্যতানুভব ও তজ্জন্য শ্বাস-কৃচ্ছ্র ; উপুর হইয়া উদরের উপর ভরদিয়া শয়নে ভালরূপে বিশ্রাম লাভ হয় (এম-কা)

প্রলেপক জ্বর (হেক্টিক ফিভার) সহ গণ্ডদেশের পাণ্ডুবর্ণতা ও উষ্ণতা বামগালে লাল চিহ্ন ও অতিশয় দৌর্ব্বল্য।

সম্বন্ধ।—(১) অ্যানেস্থেটিক বাষ্প (ঈথর); ক্লোরাল ও প্যারাল্ডিহাইড এবং ওপিয়ম ও ষ্ট্রামোনিয়মের দ্বারা বিষাক্ততা বিনষ্ট করে (২) সাইডর ভিনিগার (এপেল ফলের রসজাত সিরকা) কার্ব্বলিক এসিডের ক্রিয়া নষ্ট করে (৩) রক্তস্রাবে মিলেফোলিয়ামের পরে এবং শোথে ডিজিটেলিসের পরে; এসেটিক এসিড ভাল খাটে (৪) এই ঔষধে আর্ণ, বেল, ল্যাক, ও মার্কের লক্ষণ; বিশেষতঃ বেলেডোনাজনিত শিরঃপীড়া বৃদ্ধি পায়।

এসেরঃম ইউরোপিয়ঃম।

(Asarum Europeum)

স্নায়বীয় ব্যাকুল, বিষণ্ণ বা উত্তেজনা-প্রবণ; ব্যক্তিগণ

প্রেত দেহের ন্যায় যেন রোগী শূন্যে বিচরণ করিতেছে এরূপ অনুমান (ল্যাক-ক্যান); সমস্ত অঙ্গের লঘুতা

যে কোন প্রকার চিত্ত-বিকার বশতঃ শীতে কম্প

স্নায়ুর অতিরিক্ত অনুভবাধিক্য কার্পাস বা রেশমের বস্ত্রে নখের আঁচড়, অথবা কাগজের খড় খড় শব্দ সহ্য হয় না। (ফির, টার)।

কর্ণদ্বয় যেন কোন বাহ্যবস্তুর ছিপি দ্বারা রুদ্ধ হইয়াছে এরূপ অনুভব

পড়িবার সময় চক্ষু যেন প্রচালিত হইয়া বিভিন্ন অথবা বহির্গত হইবে এ প্রকার অনুভব, শীতল জলে চক্ষু ধুইলে উহার শান্তি।

চক্ষে শীতল বায়ু বা শীতল জল বড়ই ভাল লাগে; রৌদ্র, আলোক ও বাতাস সহ্য হয় না।

বিবমিষা—(nausea) থাকিয়া থাকিয়া ব সতত ইপ বিবমিষা, আহারান্তে উহার বৃদ্ধি, জিহ্বার পরিচ্ছন্নতা (সলফ) ; গর্ভাবস্থার বিবমিষা

মদিরাপানের দুর্জ্জয় আকাঙ্ক্ষ ; রুসিয়ায় মদিরাপায়ীদিগের পক্ষে প্রচলিত ঔষধ

প্রাতে নিদ্রা হইতে জাগিবার সময় আমাশয়ে (stomach) "ভয়ঙ্কর" প্রচাপন ও খননবৎ অনুভব (অমিতাচারের পর)।

অতিশয় শ্রান্তি ও সতত জৃম্ভণ (yawning)

উপচয় —শীতল ও শুষ্ক, অথবা পরিচ্ছন্ন ও সুন্দর আবহাওয়ায় বৃদ্ধি (কষ্ট)

উপশম —মুখমণ্ডল অথবা রোগাক্রান্ত স্থান শীতলজলে প্রক্ষালনে, ও আর্দ্র, ভিজাকালে (কষ্ট) উপশম।

সম্বন্ধ (১) হ্রাস-বৃদ্ধি সম্বন্ধে কষ্টিকমের সহিত ; এবং রজ্জুবৎ কুচিকুচি মল-লক্ষণে এলো, আর্জ্জ-না, মার্ক, পড, পল, সল্ফ প্রভৃতির সহিত সমগুণ সম্বন্ধ (২) এসেরমের পরে বিস, কষ্ট, পল, সল প্রভৃতি ব্যবহৃত হয়।

ওপিয়ম।

(Opium)

বালক ও বৃদ্ধের পক্ষে, অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বালকত্বের (বার্দ্ধক্যের) রোগে (ব্যারা-কা, মিলি), এবং লঘুকেশ, শিথিল পেশী, ও শারীরিক উপদাহিতার অভাব বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে ওপিয়ম বিশেষ উপযোগী

ঔষধে অনুভূতির অভাব, জীবনী শক্তির প্রতিক্রিয়ার অভাব সুনির্ব্বাচিত ঔষধেও কোন ফলপ্রকাশ পায়না (কার্ব্বো লরো, ভেলে)

অচৈতন্য এবং আংশিক বা সম্যক পক্ষাঘাত সংযুক্ত, ভয় হইতে উৎপন্ন, ভয়ের মন্দফল তখনও অবশিষ্ট (একন, হাইও) ; অঙ্গারের বাষ্পজনিত গ্যাস বা বাষ্প নিশ্বসনবশতঃ উদ্ভূত এবং মদ্যপায়ীদিগের রোগ

অতিশয় নিদ্রালুতা ; বেদনাশূন্যতা, আকাঙ্ক্ষাহীনতা ও অভিযোগ পরিশূন্যতা সংযুক্ত ; সকল রোগ।

আক্ষেপ (Spasms) —অপরিচিত বা লোকের আগমনে ; মাতার ভয়-প্রাপ্তির পর স্তন্যদানে (হাইওস —মাতার ক্রোধের পর স্তন্যদানে, ক্যাম, নক্স), এবং ক্রন্দন জন্য শিশুর আক্ষেপ। আক্ষেপ-কালে চক্ষু অর্দ্ধ নিমীলিত ও ঊর্দ্ধোত্থিত থাকে।

আক্ষেপের পূর্ব্বে ও আক্ষেপ-কালে চিৎকার (এপিস, হেলি)

নিশ্বাসে ও প্রশ্বাসে দুইয়েতেই শ্বাসের গভীর শব্দ।

প্রলাপ, অবিরত কথাবলা ; চক্ষু বিস্তৃতরূপে বিমুক্ত, মুখমণ্ডল আরক্ত ও স্ফীত (ফুলাফুলা) ; অথবা অচৈতন্য, কাচবৎ চক্‌চকে, অর্দ্ধমুদিত চক্ষু, পাণ্ডুর মুখমণ্ডল গভীর তন্দ্রা (কোমা) ; তৎপূর্ব্বে সুপ্তি (ষ্টুপার)

রোগিণী মনে করে যে সে বাড়ীতে নাই (ব্রাই) ; ক্রমাগতই তাহার মনে এই ভাব থাকে।

নিদ্রাবস্থায় শয্যাবস্ত্র খুঁটন (জাগ্রৎ অবস্থায়, বেল, হাইওস)।

মদাত্যয় (ডিলিরিয়ম ট্রিমেন্স) —বৃদ্ধ, শীর্ণ ব্যক্তিদিগের মদাত্যয় ; আরক্ত মুখমণ্ডল, স্ফীত, আলোকময়, উজ্জ্বল, শুষ্ক চক্ষু, উচ্চ নাসা-রব।

নিদ্রা —প্রগাঢ় নিদ্রা, সশব্দ শ্বাস, আরক্ত মুখমণ্ডল, অর্দ্ধ-মুদিত চক্ষু, রক্তবর্ণ চক্ষু, উত্তপ্ত ঘর্ম্মে আবৃত ত্বক্ ; চক্ষের পরে

নিদ্রালুতা, কিন্তু নিদ্রা যাইতে পারা যায় না (বেল, ক্যাম), শ্রবণ শক্তির তীব্রতা সহকারে নিদ্রাশূন্যতা, অধিক দূরের ঘড়ির শব্দ ও কুক্কুটের ডাক শুনিয়া রোগিণী জাগরিত থাকে

নিদ্রা ভঙ্গ হইবার সময় শ্বাস রুদ্ধতা (ডিও, ল্যাক)।

শয্যা এত উত্তপ্ত বোধ হয় যে রোগিণী উহাতে শয়ন করিতে পারে না (শয্যা শক্ত বোধ হয়, আর্ণ, ব্রাই, পাইরো) ; একটু শীতল স্থানের অন্বেষণে বারংবার নড়েচড়ে ; গাত্র অনাবৃত করিতে চায়।

পরিপাক-যন্ত্রের নিষ্ক্রিয়তা —ধমন ক্রিয়ার (পেরিষ্টালটিক অ্যাকশন) বিপর্য্যস্ততা বা পক্ষাঘাত ; অন্ত্র অবরুদ্ধ বোধ হয়

৮—

কোষ্ঠবদ্ধতা —শিশুদিগের ; স্থূলাঙ্গী সুপ্রকৃতি নারীদিগের (গ্রাফ) ; অন্ত্রের নিষ্ক্রিয়তা বা আংশিক পক্ষাঘাত বশতঃ ; মল-প্রবৃত্তি পরিশূন্য ; ও সীসের বিষাক্ততা জনিত , কোষ্ঠ-রোধ শক্ত, গোলাকার, কৃষ্ণবর্ণ বর্তুলবৎ মল (চেলি, প্লম, থুজা), মল বাহির হইয়া আবার ভিতরে প্রবেশ করে (সিলি, থুজ)

মল ।—অনিচ্ছায় নির্গত, বিশেষতঃ ভয় প্রাপ্তির পরে (জেল) ; কাল ও দুর্গন্ধি ; মলদ্বারের মুখাবরক পেশীর পক্ষাঘাত জনিত ; মল

মূত্র —মূত্রাশয়ের পূর্ণতাসহ মূত্র-রোধ , প্রসবের পরে অথবা অত্যন্ত তামাক খাওয়া বশতঃ , স্তন্যদায়িনী ধাত্রীর ক্রোধের পরে স্তন্যপায়ী শিশুর ; জ্বরে বা তরুণ রোগে ; ও মূত্রাশয় বা মূত্রাশয়ের মুখাবরক পেশীর পক্ষাঘাত বশতঃ ; মূত্র-রোধ ।

(ষ্ট্রামোনিয়মে মূত্রের অনুৎপত্তি থাকে ; কিন্তু ওপিয়মে মূত্র-নিঃস্রব হ্রাস প্রাপ্ত হয় না, মূত্রাশয় মূত্রপূর্ণ থাকে কিন্তু রোগী সে পূর্ণতা টের পায় না) ওপিয়মে অন্ত্রের ক্রিয়ার এমনই জড়তা জন্মে যে অতিশয় প্রবল বিরেচক ঔষধেরও ক্রিয়া দর্শেনা , (হেরিং) ।

অধিক মাত্রায় ওপিয়ম দ্বারা চিকিৎসিত রোগীদের দুর্নিবার অতিসার (ডাঃ লিপি)

তরুণ উদ্ভেদের আকস্মিক বিলোপ বশতঃ মস্তিষ্কের পক্ষাঘাত অথবা টঙ্কার (দড়কা) (জিঙ্ক)

ক্ষয়-রোগ (মারাসমাস) ; শিশুর ত্বক আকুঞ্চিত হয়, তাহাকে শুষ্কশীর্ণ ক্ষুদ্র বৃদ্ধের ন্যায় দেখায় (এব্রোট) ।

উপচয় ।—নিদ্রাকালে নিদ্রান্তে (এপিস, ল্যাক) ; ঘর্ম্ম-নিঃসরণ কালে ; উষ্ণতা হইতে , ও উত্তেজক দ্রব্যাদি সেবন বশতঃ ; বৃদ্ধি ।

উপশম —শীতলতায় ; ও অবিরত বিচরণে উপশম ।

সম্বন্ধ ।—(১) বিষ মাত্রায় ওপিয়ম সেবিত হইলে উগ্র কফি, নক্সভমিকা কালী-পার, এবং অবিরত হাঁটিয়া বেড়ান উহার প্রতিহারক । (২) লক্ষণের সহিত ঐক্য হইলে ওপিয়ম সেবনের মন্দফল ওপিয়মের হোমিওপ্যাথিক ক্রমদ্বারা নিবারিত হইতে পারে (৩) ওপিয়মের সহিত এপিস, বেল, হাইওস, ষ্ট্রাম, ও জিঙ্কের তুলনা হয় ।

ককিউলাস।

(Cocculus.)

পাতলা চুল ও পাতলা চক্ষু বিশিষ্ট যে সকল রমণী ঋতুকালে ও গর্ভাবস্থায় অতিশয় কষ্ট পায় তাহাদের পক্ষে; এবং অবিবাহিতা ও সন্তানহীনা নারীদিগের পক্ষে, এই ঔষধ উপযোগী

যাহারা সর্ব্বদা পড়ে; যে সকল কুমারীদিগের ঋতু বৈষম্য সহকারে অতিশয়, অনুভবাধিক্য ও কল্পনাময়তা (romantic) থাকে তাহাদের পক্ষে, এবং কৃত্রিম মৈথুনাসক্ত ও অতিরিক্ত ইন্দ্রিয়-সেবায় দুর্ব্বলীভূত ব্যক্তিদিগের পক্ষে, এই ঔষধ উপযোগী

<u>গাড়ী, নৌকা অথবা বাষ্পীয় শকটে আরোহণ বশতঃ</u> (আর্ণ, নক্স-ম), কিংবা সচল নৌকার প্রতি দৃষ্টিপাত জনিত, বিবমিষা ও বমন; সামুদ্রিক বিবমিষা (Sea-Sickness); বাষ্পীয় শকটারোহণ-জনিত বিবমিষা

শিরঃপীড়া।—গ্রীবার ও মস্তকের পশ্চাদ্ভাগে, মেরুদণ্ড পর্য্যন্ত সংপ্রসারিত; রজ্জুদ্বারা কষিয়া বাঁধার ন্যায়; সমুদ্রযানের বিবমিষার অনুরূপ বিবমিষা সহ; প্রতি ঋতুকালে; এবং মাথা চিৎ করিয়া শয়নে বিবর্দ্ধিত, শিরঃপীড়া

গাড়ীতে, নৌকায় অথবা রেলের গাড়ীতে আরোহণ বশতঃ বমন শিরঃপীড়া মদ্যপায়ীদিগের বিশেষ রোগ

মুখে ধাতব আস্বাদ সহকারে ক্ষুধাহীনতা (নক্স)

সময় অতি শীঘ্র শীঘ্র চলিয়া যায় (অতি ধীরে ধীরে যায় আর্জ্জ-না, ক্যান-ইণ্ড)

সমস্ত শরীরের অতিশয় আলস্য; চেষ্টা করিয়া দৃঢ় হইয়া দাঁড়াইতে হয়; উচ্চৈঃস্বরে কথা বলিতে অতিশয় দুর্ব্বলতা অনুভূত হয়।

<u>অনিদ্রার,</u> এবং মানসিক উত্তেজনা ও রাত্রিজাগরণের মন্দ ফল; এক ঘণ্টা কাল কম নিদ্রাগেলেও অতিশয় দুর্ব্বলতা অনুভব; নিদ্রাহীনতার পরে উষ্মার ক্রোধ ও শোকের মন্দফল।

উত্তেজনা, শ্রম অথবা বেদনা বশতঃ বাহু ও অঙ্গের কম্পন

শয্যায় উঠিয়া বসিলে মত্ততাবৎ শিরোঘূর্ণন ; অথবা গাড়ীর সঞ্চালনে শিরোঘূর্ণন (ব্রাই)

প্রত্যেকবার নড়িলে চড়িলে উদরে ধারাল ওস্তরের ন্যায় কর্ত্তন বা ঘর্ষণবৎ অনুভব , মস্তকে ও শরীরের অন্যান্য অংশে শূন্য-গর্ভতা অনুভব (ইগে)

রজঃ-নিঃসরণের চেষ্টায় এতই দুর্ব্বলতা যে নিম্নাঙ্গের দৌর্ব্বল্য বশতঃ (এলম, কার্ব্বো-এন) প্রায় দাঁড়াইতে পারা যায় না ; প্রত্যেকবার ঋতুর পরে অর্শ

ঋতুর অনুকল্পে, অথবা ঋতুদ্বয়ের মধ্যবর্ত্তী সময়ে (আইওড, অ্যাম্ব) প্রদর , মাংস-ধৌত জলের ন্যায় ; রক্তাম্বুর (Serum) ন্যায়, রসানি সদৃশ, রক্তাক্ত , স্রাব গর্ভাবস্থায় প্রদর।

প্রতিবাদ সহ্য করিতে পারা যায় না ; সহজে বিরক্তি জন্মে ; সামান্য সামান্য বিষয়ে ক্রোধের উদ্রেক হয় ; রোগী তাড়াতাড়ি কথা বলে (এনা)।

জন্মের ধীর, প্রচ্ছন্ন ও স্নায়বীয় প্রকৃতি ধারণ, তৎসহকারে শিরোঘূর্ণন , ও ক্রোধ-প্রবণতা

উপচয় ।—আহারে, পানে, নিদ্রায়, ধূমপানে, আপানে ; শকটারোহণে ; জাহাজের সঞ্চালনে বা সন্দোলনে , এবং গর্ভাবস্থায় উত্থানে ; বৃদ্ধি ।

সম্বন্ধ—(১) কোরিয়া ও পক্ষাঘাতের লক্ষণে ইগে ও নক্সের সহিত , এবং রোগাক্রান্তস্থানের ঘর্ম্মে এণ্ট-টার্টের সহিত ককিউলাসের তুলনা কর

(২) দুর্দ্দম্য কোষ্ঠবদ্ধ সংযুক্ত নাভীদেশীয় অন্ত্রবৃদ্ধিতে (umbilical hernia) নক্স বিফলান্তে এই ঔষধে আরোগ্য জন্মিয়াছে

কফিয়া ক্রুড ।

(Coffea Cruda.)

দীর্ঘ, ক্ষীণ, অবনতদেহ, মলিন মুখাকৃতি, রক্ত-প্রধান পিত্ত-প্রকৃতির রোগী।

অতিরিক্ত অনুভূতি ; দৃষ্টি, শ্রুতি, ঘ্রাণ, আস্বাদন, স্পর্শ, সকল ইন্দ্রিয়েরই অতিশয় তীক্ষ্ণতা (বেল, ক্যাম, ওপি)

মন ও শরীরের অসাধারণ কার্য্য-পরতন্ত্রতা (u nusual activit;)।

মনে নানাপ্রকার ভাবের উদয়; শীঘ্র শীঘ্র কার্য্য-সম্পাদন, তজ্জন্য নিদ্রার বিরতি

আকস্মিক মনোভাবের অথবা আনন্দজনক বিস্ময়ের মন্দফল (কষ্ট · উত্তেজনাজনক বা অমঙ্গলজনক সংবাদের মন্দফল, ওপিয়ম); আনন্দার্ত্ত গীত; পর্য্যায়ক্রমে হাস্য ও ক্রন্দন

বেদনায় অতিশয় তীব্রতা অনুভব, উহা অসহনীয় বোধ হয়, রোগীকে ক্ষিপ্তবৎ করিয়া তোলে (একো, ক্যামো); সে যাতনায় অবলুণ্ঠিত হয়।

নিদ্রাহীনতা, সম্পূর্ণ জাগ্রৎ অবস্থা; চক্ষু বুজিতে অসাধ্যতা; মানসিক উল্লাসে শারীরিক উত্তেজনা (রজোনিবৃত্তিকালে কম্প (prol ipsus uteri), জরায়ুর উপদাহ জনিত নিদ্রাহীনতায় সিমিসিফুগার সহিত তুলনা হয়)

শিরঃপীড়া —অতিরিক্ত মানসিক পরিশ্রম, চিন্তা, ও আলাপন জনিত শিরঃপীড়া, এক পার্শ্বের শিরঃপীড়া, বোধ হয় যেন মস্তিষ্কে প্রেক বিদ্ধ হইতেছে (ইগ্নে, নক্স), মস্তিষ্ক যেন ছিন্নভিন্ন অথবা আঘাতিত হইয়া খণ্ড খণ্ড হইতেছে; অনাবৃত বায়ুতে উহার বৃদ্ধি।

ব্যস্তসমস্ত হইয়া আহার ও পান করা (বেল, হিপ)।

দাঁতব্যথা, তৎকম্পনবৎ (jerking), এবং মুখে বরফের জল রাখিলে উপশমিত, কিন্তু সেই জল উষ্ণ হইবামাত্র পুনরাবৃত্ত দন্ত বেদনা (বিস, ব্রাই, পল, কষ্টি, সিপ, ন্যাট-সল)।

উপচয়।—আকস্মিক মনোভাবে; অত্যন্ত আনন্দে; শীতল, অনাবৃত বায়ুতে; মাদক ঔষধে; রাত্রি।

সম্বন্ধ।—(১) একো, ক্যামো, ইগ্নে, সালফের সহিত সমগুণ সম্বন্ধ। (২) ক্যাম্ফ, কষ্টি, কক, ইগ্নের সহিত বিষঘ্নগুণ সম্বন্ধ

কলচিকম অটমনেল।

(Colchicum Autumnale.)

আমবাতিক ও গ্রন্থি-বাতিক (rheumatic) ধাতুতে ; হৃষ্ট পুষ্ট সবল ব্যক্তিদিগের পক্ষে ; এবং বৃদ্ধদিগের রোগে ; কলচিকম উপযোগী।

আলোক, শব্দ, উগ্রগন্ধ, স্পর্শ, ও অপরের মন্দাচরণে রোগীকে ক্ষিপ্তপ্রায় করিয়া তোলে (নক্স), তাহার যাতনা অসহ্য বোধ হয়।

শোক বা অন্যের দুষ্কার্য্য জনিত পীড়া (ষ্ট্যাফ)।

আকর্ষণ, ছেদন, ও প্রচাপনবৎ (pressing) বেদনা, উষ্ণকালে উহার অগ্রগাঢ়তা, বায়ু শীতল হইলে অস্থি ও গভীর বিধান-তন্তুর (deeper tissue) আক্রান্ত, বাম হইতে দক্ষিণদিকে বেদনার গতি (ল্যাক)

ঘ্রাণ-শক্তির অতিশয় তীব্রতা ; খাদ্যদ্রব্য পাকের গন্ধে বিশেষতঃ মৎস্য, অণ্ড অথবা বসাক্তমাংসপাকের গন্ধে (আর্স সিপ) বিবমিষা ও দুর্ব্বলতা ; রাত্রি জাগরণের মন্দফল (ককু)

খাদ্যদ্রব্যে অপ্রবৃত্তি ; উহা দেখিলে, অধিকন্তু উহার গন্ধে বিরক্তি। বায়ুজনিত (gas) উদরের অতিশয় স্ফীততা, বোধহয় যেন উদর ফাটিয়া যাইবে

আমাশয় ও উদরে জ্বালা বা বরফের ন্যায় শীতলতা।

শরৎকালের রক্তাতিসার, অন্ত্র হইতে অধিক পরিমাণে শাদা শাদা কুচিকুচি ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ নিঃসরণ ; শাদা আম ; ও অন্ত্রের চাঁচার ন্যায় পদার্থ (ক্যান্থ, কার্ব্ব-এসি) নির্গমন

মূত্র —মলিন স্বল্প, বা বিলুপ্ত মূত্র ; শাদা অধঃপতিত পদার্থ সংযুক্ত বিন্দু বিন্দু মূত্রপাত ; রক্তাক্ত, কপিশ, কালীর মত, মূত্র ; বিগলিত (putrid) ও বিসমাসিত (decomposed) রক্তের খণ্ড, এলবুমেন, ও চিনি।

স্পর্শ করিলে ও নাড়িলে চাড়িলে রুগ্ন স্থানে অতিশয় অনুভূতি।

সন্ধিস্থানে সন্ধি-বাতজনিত বেদনা ; সন্ধি-স্থান স্পর্শ করিলে বেদনায় রোগীর চিৎকার।

উপচয়।—মনোভাবে বা অবসন্নতায়; অতিশয় অধ্যয়নে; ও খাদ্য দ্রব্য পাকের গন্ধে বৃদ্ধি

উপশম।—রোগী সম্পূর্ণ সুস্থির হইয়া থাকিলে বমন-প্রবৃত্তির লাঘব, নড়িলে চড়িলে উহার পুনরুপস্থিতি (ব্রাই)।

সম্বন্ধ। (১) আমবাতিক গ্রন্থি-বাতে (গাউট) রস-ক্ষরণ (Serous effusion) হওয়ায়, ও উষ্ণকালের আমবাতে; ব্রাইওনিয়ার সহিত তুলনা হয়। (২) এপিস ও আর্সেনিক বিফল হইলে এই ঔষধে অনেক সময় রোগ আরোগ্য প্রাপ্ত হয়

কলোফাইলম

(Caulophyllum)

গর্ভাবস্থায়, প্রসবাবস্থায়, স্তন্যদানাবস্থায়, স্ত্রীলোকদিগের পক্ষে কলোফাইলম বিশেষ উপযোগী।

স্ত্রীলোকদিগের বাত, বিশেষতঃ ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধির বাত (রেড-লিপ), কয়েক মিনিট পর পর বেদনার স্থান-পরিবর্তন (পলস); আক্রান্ত সন্ধির বেদনাযুক্ত শক্ততা (Stiffness), আবেশিক (Paroxysmal), আক্ষেপিক, ও সবিরাম বেদনা

যৌবনাগমে, ঋতু-প্রকাশ-কালে কোরিয়া, হিষ্টিরিয়া, অথবা, অপস্মার (epilepsy) (এক্টিয়া)।

প্রদর —বিদাহী, অবসাদজনক স্রাব; উপরের অক্ষিপুটের গুরুত্ব, আঙ্গুল দিয়া উহা তুলিয়া রাখিতে হয় (সেপ); কপালে মাস্তিয়া (মেছেতা) (সিপি)। ছোট ছোট বালিকাদিগের প্রদর (ক্যাল্ক)। গর্ভ-ধারণের প্রতিবন্ধকতা জনক প্রদর।

জরায়ুর দৌর্বল্য বশতঃ অভ্যস্ত গর্ভস্রাব (এলিট্রি।—গভীর বিষাদ সংযুক্ত নীরক্ততা জনিত গর্ভস্রাব, হেলন)।

আক্ষেপসংযুক্ত সুদৃঢ় জরায়ু-মুখ, তজ্জন্য প্রসবের বিলম্ব ; জরায়ু-গ্রীবার (cervix) সূচী বেধবৎ বেদনা।

অল্পক্ষণস্থায়ী, অনিয়মিত আক্ষেপিক প্রসব-বেদনা, প্রসবের প্রারম্ভে কষ্টপ্রদ, নিষ্ফল বেদনা (এক্টি) ; বেদনায় প্রসব ক্রিয়া প্রবর্দ্ধিত হয় না। লক্ষণের সহিত ঐক্য হইলে এই ঔষধে জীবনীশক্তির অসদ্ভাব পরিবেশিত হয় ও ফলপ্রদ প্রসব-বেদনা জন্মে।

দ্রুত প্রসবের পর রক্তস্রাব, পেশী-তন্তুর স্থিতিস্থাপকতার অসদ্ভাব, গর্ভস্রাবের পর অপ্রবল রক্ত স্রাব (সিকেলি, [illegible])

প্রসবান্তিক বেদনা —অধিক সময় স্থায়ী অবসাদকর প্রসবের পরবর্তী আক্ষেপিক, উদরের নিম্নভাগের আড়াআড়ি ; কুচকী পর্য্যন্ত প্রসারিত ; বেদনা (পায়ের নলা পর্য্যন্ত প্রসারিত, কার্ব্বো-ভেজি, কক) ।

প্রসবান্তিক স্রাবের দীর্ঘকাল পর্য্যন্ত অবস্থিতি পেশীর অতিশয় দুর্ব্বলতা, শিথিলিত নাড়ী হইতে অনেক দিন পর্য্যন্ত বিন্দু বিন্দু করিয়া ক্ষরণ (সিকে)।

সম্বন্ধ।—(১) এক্টিয়া, বেল, লিল, পলস, সিকেলি, ও ভাইবারের সহিত সমগুণ সম্বন্ধ (২) পলসেটিলার প্রসব-বেদনার সহিত সমগুণ, কিন্তু মানসিক অবস্থা বিপরীত (৩) "মাস্তিয়া" ও জরায়ুর [illegible] জনিত প্রতিক্ষিপ্ত (reflex) লক্ষণে, সিপিয়ার সমকক্ষ

কলোসিন্থিস

(Colocynthis.)

উদরে যন্ত্রণাপ্রদ বেদনা, তজ্জন্য রোগীর অবশীর্ষ হইয়া দ্বিভাঁজ হইয়া থাকা, তৎসহকারে অস্থিরতা, এবং শান্তি পাইবার নিমিত্ত আবর্ত্তন ; শক্ত প্রচাপনে উপশম (উত্তাপপ্রয়োগে উপশম, ম্যাগ-ফস)

বেদনা —আহার বা পানান্তে বেদনার বৃদ্ধি ; বেদনা বশতঃ অবনত হইয়া দ্বিভাঁজ হইতে হয় (ম্যাগ-ফস।—অবনত হইয়া দ্বিভাঁজ হইলে বৃদ্ধি, ডাইওস) ;

বৈরক্তি (chagrin, ill humour, অসন্তোষ) বশতঃ রোগোৎপত্তি, উদর বেদনা

অত্যন্ত কোপনতা ও অধীরতা, কিছু জিজ্ঞাসা করিলে রাগ বা বিরক্তির উদ্রেক।

কোপনতা, হাত হইতে দ্রব্যাদি ছুড়িয়া ফেলিয়া দেওয়া।

ক্রোধজনিত রোগ,—যথা, উদর বেদনা, বমন, অতিসার ও রজোরোধ (ক্যাম, ষ্ট্যাফ)

শিরোঘূর্ণন।— দ্রুতবেগে মস্তক ঘুরাইবার সময় বিশেষতঃ বামদিকে, পতনোপক্রম ; উত্তেজক দ্রব্য সেবনজনিত শিরোঘূর্ণন।

সায়েটিকা। যেন পেঁচখানা আঁটা হইতেছে কুচকীতে এরূপ খালধরা বেদনা ; রুগ্নপার্শ্বে শয়ন।

সমগ্র অঙ্গের নিম্নভাগ পর্য্যন্ত, বাম কুচকীতে, বাম উরুতে, বাম জানুতে, ও জানুর পশ্চাদ্ভাগের গহ্বরে জাড়্য ও তৎসহ কম্পমান বেদনা

উপচয়।—ক্রোধে ও কোপে, অনুচিত অনিষ্ট বিরক্তিতে (ষ্ট্যাফ, কাই) ; এবং (উদর বেদনার) পরিমিত ভোজনে, বৃদ্ধি

উপশম।—অবনত হইয়া দ্বিগুণিত হইলে, ও সজোর চাপনে ; উপশম।

সম্বন্ধ।—(১) দক্ষিণ সায়েটিক স্নায়ুর অনুসরণে (along right sciatic-nerve) দক্ষিণ বস্তি-সন্ধি (hip joint) হইতে পা পর্য্যন্ত দারুণ বেদনা, শয়নে, সঞ্চালনে, ও পদ বিক্ষেপে উহার আতিশয্য ; এবং উপবেশনে উপশম ; এই সকল লক্ষণে, নেফের সহিত কলোসিন্থের তুলনা হয় (২) ক্রোধের, ও লুক্কায়িত রোষের অথবা নীরব শোকের মন্দফল জনিত ডিম্বাশয়ের (ovary) রোগে অথবা অন্যান্য রোগে ষ্ট্যাফের সহিত কলোসের তুলনা হয়

কষ্টিকম।

(Causticum)

কৃষ্ণ-কেশ, দৃঢ়-দেহ-তন্তু ; দুর্ব্বল, রোগ-দোষগ্রস্ত, অতিশয় পীতবর্ণ ও মলিন মুখাকৃতি সংযুক্ত ; এবং শ্বাস-পথ ও মূত্র-পথের পীড়াগ্রস্ত ব্যক্তি-দিগের পক্ষে কষ্টিকম উপযোগী

কৃষ্ণবর্ণ-চুল ও চক্ষু, এবং সুকুমার, ও অতিশয় অনুভূতি বিশিষ্ট বালকবালিকা, দন্তোদ্গমকালে ত্বকে ইন্টারট্রাইগো (অহিপুষ্টন) (লাইকো), অথবা টক্কারের (দড়কা) উৎপত্তি (ষ্টান)

অবসাদজনক রোগ অথবা দারুণ চিত্ত-বিকার বশতঃ মস্তিষ্ক ও পৃষ্ঠবংশীয় স্নায়ুগুচ্ছের ক্রিয়া বিকার ও তজ্জনিত পক্ষাঘাত

মস্তক-তল, গল মধ্য, শ্বাস-পথ, সরলান্ত্র, মলদ্বার, মূত্র-মার্গ, প্রসব দ্বার, ও জরায়ুর অবদরণ অথবা স্পর্শ-দ্বেষ (soreness) (মৃষ্টবৎ অনুভব, আর্ণ ; মচকানবৎ অনুভব রসটক্স)

বিষন্নভাব —বিমর্ষতা, নিরাশতা ; দুশ্চিন্তা, শোক, ও দুঃখ হইতে উহার উৎপত্তি, তৎসহ অশ্রুপাত, যৎসামান্য কারণে বালক কাঁদিয়া উঠে।

অন্যের যন্ত্রণায় তীব্র সহানুভূতি।

দীর্ঘকালস্থায়ী শোক ও দুঃখ (ফস-এসি), নিদ্রাহীনতা ও রাত্রিজাগরণ (কক্কু, ইগে); ভয় ও আনন্দাদি আকস্মিক চিত্ত-বিকার (কফি, জেল); ক্রোধ বা বিরক্তি ; এবং বিলুপ্ত উদ্ভেদ ; হইতে উৎপন্ন পীড়া।

শিশুদিগের হাঁটিতে শিখিতে বিলম্ব (ক্যাল্ক-ফস)

শিশুদিগের অদৃঢ় বিচরণ ও সহজে পতন

অনৈচ্ছিক মূত্র —কাশিতে, হাঁচিতে, ও নাকে ফোৎকরিতে অনিচ্ছায় মূত্র-পাত (পল, স্কুইলা, ভিরে)

কোষ্ঠ-রোধ —বারংবার নিষ্ফল মল-প্রবৃত্তি (নক্স); দণ্ডায়মান অবস্থায় মল-ত্যাগে সুবিধা, অর্শ-বলিদ্বারা মল-নিঃসরণের প্রতিবন্ধকতা শক্ত ও চিক্কণ (shining), চর্ব্বির ন্যায় মল ; রাত্রিতে শয্যায় মূত্রত্যাগ সহ শিশু-দিগের কোষ্ঠবদ্ধতা

কাস —বক্ষঃস্থলে অবদরণ ও স্পর্শ-দ্বেষ সংযুক্ত, শ্লেষ্মা ফেলিতে অসমর্থতা সুতরাং নিষ্ঠীবন-নিরোধ (swallow it; must swallow) (আর্ণ, কালী ক); শীতলজল কিঞ্চিৎ উপশমপ্রাপ্ত, প্রশ্বাসে উদ্রিক্ত (একন) কুঁচকীতে বেদনা সংযুক্ত; হাঁচিবার কালে মূত্র অসাড়ে এবং প্রধানতঃ রাত্রিতে শ্লেষ্মানিষ্ঠীবনবিশিষ্ট কাস

অবদরণ (rawness), ও স্বর-নাশ সহ স্বরভঙ্গ, প্রাতে উহার বৃদ্ধি (স্বাঃকালে বৃদ্ধি, কার্বো-ভেজি, ফস)

রাত্রিতে কোন প্রকার অবস্থানেই স্বচ্ছন্দতা বোধ হয়না অথবা এক মুহূর্ত্তও স্থির হইয়া থাকিতে পারা যায় না (ইউপ, রস)

সর্ব্বদা নাড়তে চড়িতে হয়, কিন্তু সঞ্চালনে শান্তি জন্মে না।

অতিরিক্ত উষ্ণভাবে আবৃত হইতে পারা যায় না, উষ্ণতায় শান্তি জন্মে না।

মূর্চ্ছাবেশের ন্যায় শক্তির বিলোপ; দুর্ব্বলতা ও কম্পন।

অগ্নি দাহের ক্ষত-চিহ্নের পুনরায় নূতনভাব প্রাপ্তি, পুনরায় টাটানি, পুরাতন উপঘাতের আবার উত্থিতি: রোগীরা বলে যে এই অগ্নি-দাহ অবধি তাহারা কখনও স্বাস্থ্য-সুখ সম্ভোগ করে নাই।

ঋতু —নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে উপস্থিত; অতিরিক্ত স্রাব; কেবল দিবাভাগে প্রবাহিত; ও শয়নে স্থগিত; ঋতু

পক্ষাঘাত – একাঙ্গের; স্বরযন্ত্র, জিহ্বা, অক্ষিপুট, বদন, শরীরমধ্য, বা মূত্রাশয়ের; সাধারণতঃ দক্ষিণ পার্শ্বে; শীতল বাতাস কিংবা বায়ু-প্রবাহ জনিত; টাইফয়েড বা টাইফস জ্বর অথবা ডিফ্‌থিরিয়ার পরবর্ত্তী; ও ক্রমে ক্রমে প্রকাশিত; পক্ষাঘাত।

উপরের অক্ষি-পল্লবের পতন, উহা উন্মীলিত রাখিতে পারা যায়না (কষ্টে ক্যা, জেল, গ্রাফ —ঊর্দ্ধ ও নিম্ন উভয় অক্ষি-পল্লবের-পতন সিপ)।

অবনমনকর পেশীর (flexor muscles) আকুঞ্চন ও সন্ধিস্থানের স্তব্ধতা সংযুক্ত আমবাতিক রোগ; পেশীর অশিথিলতা ও স্তব্ধতা (এম-মি, সাইমেক্স, গোয়াক, স্থাট)।

আঁচিল।—বৃহৎ, অসমান, বৃন্তসংযুক্ত; সহজে রক্তস্রাবী, রস-ক্ষরণশীল, ক্ষুদ্র

ক্ষুদ্র, সর্ব্বশরীরে ব্যাপ্ত ; চক্ষুর পাতা ও মুখমণ্ডলের উপর অবস্থিত, এবং নাসিকায় স্থিত ; আঁচিল

রোগীর কিছুকাল উপশম জন্মিয়া তৎপরে উপকারের বিরতি (সোরি নজ)

উপচয় ।—<u>পরিচ্ছন্ন, উত্তম কালে</u> (in clear fine weather), বায়ু হইতে উষ্ণগৃহে প্রবেশে (ব্রাই), শীতল বায়ুতে, বিশেষতঃ শীতল বায়ুর প্রবাহে ; শীতল হইলে ; এবং আর্দ্র হইতে অথবা স্নান করিলে বৃদ্ধি

উপশম ।—<u>আর্দ্র, সিক্ত কালে</u> (in damp weather) ; ও উষ্ণবায়ুতে ; হ্রাস

সম্বন্ধ ।—(১) কার্ব্বো-ভেজি ও পেট্রোলের সহিত অনুপূরক (complementary) সম্বন্ধ (২) ফসফরাসের সহিত প্রতিকূল সম্বন্ধ ফসের পূর্ব্বে বা পরে কষ্টিকম ব্যবহৃত হয় না, এসিড্স ও কফির সহিতও প্রতিকূল সম্বন্ধ। (৩) শ্লেষ্মা গিলিয়া ফেলার আবশ্যকতায়, আর্ণিকার সহিত, অক্ষিপুটের পক্ষাঘাতে জেল, গ্রাফ, সিপিয়ার সহিত ; স্বরভঙ্গে, সন্ধ্যাকালে বৃদ্ধিতে পরিবর্ত্তিত হইলে, রুমেক্স ও কার্ব্বো-ভেজির সহিত ; পুরাতন স্বরনাশে, সলফারের সহিত ; সমগুণ সম্বন্ধ (৪) সীসজনিত বিষাক্ততায় (কম্পোজিটারদিগের মুখে টাইপ অর্থাৎ সীসের অক্ষরধারণের মন্দফল), এবং পাঁচড়ায়, সলফ বা পার্ক অপব্যবহারের মন্দফলে ; কষ্টিকম বিষ-দোষ নষ্ট করে। (৫) দক্ষিণ পার্শ্বেই কষ্টিকমের ক্রিয়ার প্রাধান্য প্রকাশ পায়।

কার্ব্বলিক এসিড।

(Carbolic Acid.)

ভয়ানক বেদনা ; সহসা আবির্ভাব, অল্পকাল অবস্থিতি, এবং সহসা তিরোভাব (বেল, ম্যাগ-ফস)

* সুরাসার দ্বারা ইহার ক্রম প্রস্তুত হইয়া থাকে। অন্যান্য এসিডের প্রস্তুতির নিয়মের সহিত এই স্থানে ইহার অনৈক্য দৃষ্ট হয়।

গভীর অবসন্নতা, পতনাবস্থা, গাত্রের শীতলতা ও শীতল ঘর্ম নিঃসরণ (ক্যাম্ফ, কার্বো ভেজি, ভিরে)।

শারীরিক পরিশ্রমে, অনেক অধিক হাঁটিলে ও শরীরের কোন স্থানে, কিন্তু সাধারণতঃ দক্ষিণ কর্ণে ফোটকের উৎপত্তি

মস্তকের সম্মুখভাগের অর্দ্ধ, স্নায়ুশূলযুক্ত শিরঃপীড়া, বোধ হয় যেন এক শঙ্খস্থান (temple) হইতে অন্য শঙ্খস্থান পর্য্যন্ত কপালের উপর দিয়া একগাছি রবারের ফিতা দৃঢ়রূপে প্রসারিত রহিয়াছে ([illegible], গ্রাফ, মস)

অগ্নিদাহের ফলে পরিণতি ও কুফল নিবারণ

মুখ-বিবর, নাসিকা, গলমধ্য, নাসা-রন্ধ্র, মলদ্বার ও যোনিদেশ (vagina) হইতে দুর্গন্ধ (putrid-pus) স্রাব নিঃসরণ (ব্যাপ্টি, সোরি, পাইরো)।

দূষিত স্কার্লেটিনা ও বসন্ত (এম কা)

অধরোষ্ঠ (ঠোঁট) অস্বাভাবিকভাবে বিদারিত অংশ; অস্থি অনাবৃত, ও সংপিষ্ট (crushed), কোমলাংশে অধিক পচন ধরা (ক্যালেণ্ড)

হুইস্কি মদিরা ও তামাক সেবনের স্পৃহা (ক্যাল, কার্বো-ভেজি)।

মদ্যপায়ী, গর্ভিণীর, এবং সামুদ্রিক পীড়ায় যে সকল ব্যক্তির বমন, মলিন, জলপাইয়ের ন্যায় সবুজ বর্ণ তরল পদার্থ বমন (পাইরো)।

শ্লৈষ্মিক ঝিল্লীর চাঁচনির ন্যায় অংশ আমসহ কুন্থনে নিঃসারণ লক্ষণাপন্ন রক্তাতিসার (dysentery) (ক্যান্থ); পাতলা, অনিচ্ছায়-নির্গত কৃষ্ণবর্ণ, অসহ্য দুর্গন্ধি অতিসার।

ভয়ঙ্কর দুর্গন্ধ শ্বাস সহকারে কোষ্ঠবদ্ধ (ওপি, সোরি)। বিদাহী, অদ্ভুত দুর্গন্ধ সবুজবর্ণ প্রদর

সম্বন্ধ।—ক্যাল-ফস, আর্স ও লিকোপোডিয়ামের সহিত, এবং দুর্গন্ধ ও অম্লযুক্ত স্রাববিশিষ্ট ঘর্মে, যেমন, মার্ক সলের সহিত; কার্ব্বোলিক এসিডের তুলনা হয়

ঘটনাক্রমে অথবা আত্মহত্যা করিবার উদ্দেশ্যে কার্ব্বলিক এসিড সেবন করিলে অথবা কোন প্রকারে শরীরের বাহ্যাংশে প্রয়োগে অপরিমিত মাত্রায় ভিনিগার প্রয়োগে উহার আভ্যন্তরিক ও বাহ্যিক বিষ-দোষ বিনষ্ট হয়।

কার্ব্বো এনিম্যালিস।

(Carbo Animalis)

শিরঃপীড়া —মাথায় যেন বাতাবর্ত্ত (ঘূর্ণীবায়ু) প্রবিষ্ট হইয়াছে এরূপ অনুভব; মাথা যেন খণ্ড খণ্ড করিয়া উড়াইয়া লইয়া গেল এরূপ অনুভব, রাত্রিতে উঠিয়া বসিয়া মাথা ধরিয়া রাখিতে হয়

শৈরিক রক্তাধিক্য, নীলগণ্ড, ও নীলওষ্ঠ, ও অতিশয় দৌর্ব্বল্যবিশিষ্ট পরিণত-বয়স্কদিগের রোগ

রক্ত-সঞ্চালনের ক্ষীণতা ও স্থিতিশীলতা (stagnated), এবং শারীরিক উত্তাপের অত্যন্ত অল্পতা, নীল-রোগ (Cyanosis) (এণ্ট-টার্ট, কার্ব্বো-ভেজি)

গ্রন্থি —ঘাড়, কক্ষ-তল, কুচকী, স্তন প্রভৃতি গ্রন্থির দৃঢ়তা, স্ফীতভা, ও ব্যথিততা; ধারাল শস্ত্র-বিদ্ধবৎ, কর্ত্তনবৎ ও জ্বালাবৎ বেদনা (কোনা)।

সুস্থ পূযের দূষিত পূযে বা রসানীতে পরিণতি।

উত্তোলনে, এমন কি ক্ষুদ্র ক্ষুদ্র ভার উঠাইতে সহজে শরীর চমকিয়া যাওয়া; কিছু উঠাইতে সহজে অতিশয় দুর্ব্বলতার উৎপত্তি, হাঁটিবার সময় পায়ের গোড়ালি ঘুরিয়া যায়

সন্ধির দুর্ব্বলতা; সামান্য পরিশ্রমে উহা সহজে মচকিয়া যায়।

বিমুক্ত শুষ্ক, শীতল বায়ুতে অপ্রবৃত্তি।

ঋতু-প্রকাশের পর ঋতুমতীর এত দুর্ব্বলতা যে কথা বলিতে পারা যায় না (এলম, কক); কেবল প্রাতঃকালেই ঋতু-রক্ত প্রবাহিত হয়।

শ্রুতিশক্তির বৈলক্ষণ্য, কোন্ দিক্ হইতে শব্দ আইসে বলিতে পারা যায় না

ফুসফুস বেষ্ট প্রদাহ (pleurisy) হইতে আরোগ্য লাভের পর বক্ষঃস্থলে একপ্রকার সূচী-বেধবৎ বেদনার অবশিষ্টতা (রাণ-বাল্ব)।

রজঃ, প্রদর, অতিসার সকলই অবসাদকর (আর্স।—সকলই দুর্গন্ধময়, সোরি)।

উপচয়।—ক্ষৌরি হইবার পরে বৃদ্ধি (ক্ষৌরি হইবার পরে উপশম, বেলা); মৎস্যাসাক্ত স্পর্শে; ও মদ্যাসক্তির পরে; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) কাষ্ঠ-ফলের সহিত অনুপূরক সম্বন্ধ (২) ল্যাকে, ব্রোম, কার্বো-ভেজি, ফস, সিপি সদৃশের সহিত সমগুণ সম্বন্ধ (৩) চা খাও ও পচা উদ্ভিদ আহারের মন্দফলে কার্বো এনিম্যালিস সদৃশ (কার্বো-ভেজি, সেপা)।

কার্ব্বো ভেজিটেবিলিস।

(Carbo Vegetabilis)

যুবক বা বৃদ্ধদিগের অবসাদজনক রোগের মন্দফলে (সিঙ্ক, ফস, সোরি); এবং দুর্ব্বলীভূত অথবা অবসন্ন জীবনীশক্তি বিশিষ্ট ধাতু-বিকৃত ব্যক্তিদিগের পক্ষে; এই ঔষধ উপযোগী

পূর্ব্ববর্ত্তী রোগের দৌর্ব্বল্যকর ফলের অবশেষের বিদ্যমানতায়; বাল্যকালের হাম বা কাসের অবশেষ স্বরূপ শ্বাস-রোগে; অপরিমিত মদিরা পানজনিত অগ্নিমান্দ্য; দীর্ঘকাল পূর্ব্বের উপঘাতের ফলে; এবং টাইফয়েড জ্বরের ফল হইতে অনারোগ্য; কার্ব্বো-ভেজি উপযোগী।

কুইনাইনের কুফলে, বিশেষতঃ সবিরাম জ্বরের অবরোধে; পারদ, লবণ, ও লবণাক্ত মাংসের অপব্যবহারে; নষ্ট মৎস্য, মাংস বা বসা সেবনে; এবং অতিরিক্ত উত্তপ্ত হওয়াতে; অসুখ।

রক্তাদি তরল বিধানের অপচয়ের মন্দফল (কষ্ট)। শ্লৈষ্মিক ঝিল্লীর ক্ষতাবস্থা হইতে রক্তপাত (সিঙ্ক, ফস)

স্মৃতিশক্তির দুর্ব্বলতা ও চিন্তাশক্তির ধীরতা।

সপ্তাহ পর্য্যন্ত প্রতিদিন নাসিকা হইতে রক্তপাত, পরিশ্রমে উহার বৃদ্ধি; রক্ত পাতের পূর্ব্বে ও পরে মুখমণ্ডলের পাণ্ডুরতা।

শ্লৈষ্মিক ঝিল্লীময় যে কোন দ্বার হইতে রক্তপাত, শুষ্কদেহ, দুর্ব্বলীভূত

ব্যক্তিদিগের রক্তস্রাব, দুর্বলীভূত বিধান-তন্তু হইতে রক্ত স্রাবিত হয়, জীবনী শক্তির অবসন্নতা

পাণ্ডুর, নিমগ্ন, আকুঞ্চিত মুখমণ্ডল; ও ত্বক পাংশুবর্ণ (হেকোসে) ধূসরাভ পীতবর্ণ ঈষৎ নীলবর্ণ শীতল ঘর্ম্মে শীতল, মুখমণ্ডল, রক্তস্রাবের পর

দন্তের শিথিলতা, মাড়ী হইতে সহজে রক্তস্রাব

যাহাতে রোগীর অসুখ করে রোগী সেই সকল দ্রব্যের আকাঙ্ক্ষা করে পুরাতন মদ্যপায়ীরা হুইস্কি বা ব্রান্ডি চায় রোগী উদরের চারিদিকের কাপড় ঢিলা করিয়া দিতে চায়

পরিপাক শক্তির দুর্বলতা – অত্যন্ত সামান্য আহারও সহ্য হয় না; আমাশয়ে ও অন্ত্রে অতিশয় বাষ্প সঞ্চয়, শয়নে উহার আতিশয্য; আহার বা পানান্তে আমাশয় যেন ফাটিয়া পড়িবে এপ্রকার অনুভব; অতিরিক্ত মদিরাপান, অধিক রাত্রিতে আহার, ও অধিক মসলা যুক্ত আহারের মন্দফল

উদ্গারে অল্পকালস্থায়ী উপশম

শিরামণ্ডলীর রোগের প্রাধান্য (সলফ), রক্তে অসম্যক অক্সিজেন সংযোগের লক্ষণ (আর্জ্জ-নাই)

কৈশিকানাড়ীর (capillary) রক্ত-সঞ্চালনের অসম্ভাব বশতঃ ত্বকের নীলাক্ততা ও হস্তপদের শীতলতা, জীবনীশক্তির প্রায় অবসন্নতা, অবিরত পাখার বাতাস পাইবার ইচ্ছা।

স্বরভঙ্গ সন্ধ্যা কালে; আর্দ্র সন্ধ্যাবায়ুতে; ও উষ্ণ সিক্তকালে স্বরভঙ্গের বৃদ্ধি, এবং স্বর-চেষ্টায় উহার বিফলতা (প্রাতঃকালে বৃদ্ধি, কষ্ট)

অঙ্গ-প্রত্যঙ্গের শীতলতা বশতঃ নিদ্রা হইতে জাগরণ এবং রাত্রিতে জানুর শীতলতা বশতঃ কষ্ট (এপিস)

বারংবার, অনিচ্ছায় নিঃসৃত অতিদুর্গন্ধ মল, মলত্যাগের পর জ্বালা; কোমল মলও অনায়াসে পরিত্যক্ত হয় না (এলম)

রোগের চরম অবস্থায় (last stage) প্রভূত শীতল ঘর্ম্ম, শীতল শ্বাস, শীতল জিহ্বা, ও স্বর লোপ লক্ষণে, এই ঔষধে জীবন রক্ষা পাইতে পারে

উপচয়।—মাখন শূকরের মাংস, [illegible] গমনে কুইনাইন, সিঙ্কোনা ও পারদ অপব্যবহারে, উত্তেজনায় সন্ধ্যা বা রাত্রে এবং গ্রীষ্ম, আর্দ্রকালে।

উপশম উদ্গারে, ও পাখার বাতাসে, হ্রাস

সম্বন্ধ।—(১) কালি-কার্বের সহিত অনুপূরক সম্বন্ধ (২) সুনির্বাচিত ঔষধেও অনুভূতির অভাব (ওপি) (৩) উপেক্ষিত নিউমোনিয়ায় শিশু ও বৃদ্ধের সহিত বিশেষতঃ পুরাতন মদ্যপায়ীদিগের রোগ আলগা শ্লেষ্মা তুলিয়া ফেলিতে অসমর্থতা বশতঃ ফুসফুসের পক্ষাঘাতাশঙ্কায় এণ্ট-টার্টের সহিত তুলনা হয় (৪) সুব্যবস্থেয় ঔষধ ব্যবহারেও প্রতিক্রিয়া না আসিলে ও স্থায়ী উপকার না দর্শিলে ওপিয়ম ও সোরিণের সহিত, (৫) সহজে রক্তস্রাবী ক্ষতে ফসের সহিত; (৬) লবণময় খাদ্য দ্রব্য ও পিষ্টকাদির কুফলে পলসের সহিত; এবং (৭) উগ্র-গন্ধ ঋতু-রক্ত ও স্তনের বিসর্পে (erysipelas) সলফের সহিত; কার্ব্বোভেজির তুলনা হয়

কালী কার্ব্বনিকম।

(Kali Carbonicum)

কৃষ্ণ-কেশ, শিথিল দেহ-তন্তু, মেদ-প্রবণ বৃদ্ধদিগের রোগ, বিশেষতঃ শোথ ও পক্ষাঘাত (এম-কার্ব, ওপি)

শরীরের তরল পদার্থ অথবা জীবনীশক্তির অপচয়ের পরে, বিশেষতঃ নীরক্ত ব্যক্তিদিগের পক্ষে (সিঙ্ক, ফস-এসি, ফস, সোরি) এই ঔষধ উপযোগী।

সূচী বেধন, ও চিড়িকমারা বেদনা সমস্ত বিশ্রামকালে ও আক্রান্ত পার্শ্বে শয়নে, উহার আতিশয্য (বিশ্রামকালে ও ব্যথিত পার্শ্বে শয়নে হ্রাস, ব্রাই)

<u>অন্যের স্পর্শ সহ্য করিতে পারা যায় না;</u> ঈষৎ স্পর্শেও, বিশেষতঃ পদ-স্পর্শে, রোগী চমকিত হইয়া উঠে।

একাকী থাকিতে অতিশয় অপ্রবৃত্তি (আর্স, বিস, লাই—একাকী থাকিতে ইচ্ছা, ইগে, নক্স)

উপরের অক্ষি-পল্লব (eyelids) ও ভ্রূর মধ্যবর্ত্তী স্থানে থলীর ন্যায় স্ফীততা।

রমণান্তে, এবং স্বপ্নে রেতঃপাত, গর্ভপাত,ও হাসের পর চক্ষুর দুর্ব্বলতা

আমাশয়ের স্ফীতত ও অতিশয় অনুভূতি ; যেন ফাটিয়া পড়িবে এরূপ অনুভব, অতিশয় আধ্মান, রোগিণী যাহা কিছু পানাহার করে তাহাই যেন বাষ্পে পরিণত হইবে বলিয়া বোধ হয় (আইওড)

প্রাতে মুখ ধুইবার সময়, নাসিকা হইতে রক্ত-পাত

কেবল আহার করিবার সময় দাঁত-বেদনা ; দপদপকর বেদনা, উষ্ণ বা শীতল কিছু দাঁতে লাগিলে বেদনার আধিক্য

গর্ভ-পাত প্রসব বা জরায়ু হইতে রক্তস্রাবের পর ; ও আহারকালে, পৃষ্ঠ বেদনা, ঘর্ম ও দুর্ব্বলতা ; হাঁটিবার সময় বোধ হয় যেন হাঁটা ছাড়িয়া শয়ন করা আবশ্যক

কাস।——শুষ্ক, আবেশিক কাস, কাসিতে কাসিতে আঠা আঠা শ্লেষ্মা ব পূয আলগা হয়,উহা গিলিয়া ফেলিতে হয় গল-রোধ বা ভুক্তদ্রব্য বমন বিশিষ্ট আক্ষেপিক কাস, কাসিবার সময় গলা হইতে শক্ত শুভ্র, অথবা ধূসল খণ্ড সমূহের বিক্ষেপ (ব্যাড, চেলি)

ঋতু হইবার সপ্তাহ পূর্ব্বে অসুখ অনুভব, ঋতুকালে ও ঋতুর পূর্ব্বে পৃষ্ঠ-বেদনা

অপ্রচুর প্রসব-বেদনা ; প্রবল পৃষ্ঠ-বেদনা ; পৃষ্ঠ প্রচাপিত হইবার ইচ্ছ (কষ্ট)।

উঠিয়া বসিলে অথবা সম্মুখদিকে অবনত হইলে কিংবা আন্দোলিত হইলে উপশম-প্রাপ্ত শ্বাস-রোগ (asthma) ; রাত্রি ২টা হইতে ৪টা পর্য্যন্ত আধিক্য

ফুসফুসের ক্ষত রোগগ্রস্ত ব্যক্তির এই সোর-দোষঘ্ন ঔষধ ব্যতীত কদাচিৎ আরোগ্য প্রাপ্ত হয়।—হানিম্যান।

গিলিতে আয়াস, গলকোষে (Pharynx) মৎস্য-কণ্টকবিদ্ধের ন্যায় বেধনবৎ (Sticking) বেদনা (হিপ, নাই-এসি); বায়ুনলীতে সহজে আহারের প্রবেশ, গিলিবার সময় পিঠে বেদনা।

কোষ্ঠবদ্ধতা — বৃহৎ, আয়াসে (difficult) নিঃসারিত, ও দুই এক ঘণ্টা পূর্ব্বে উদরে সূচীবেধনবৎ বেদনা সংযুক্ত, মল

হৃৎপিণ্ড।—মেদাপকৃষ্টতার (fatty degeneration) দুর্ব্বলতা (ফস); বোধ হয় যেন হৃৎপিণ্ড সূতাধারা ঝুলায়মান রহিয়াছে (ল্যাক)।

ঘন ঘন হৃদি-কাঁপা।

সম্বন্ধ। (১) কার্ব্বো-ভেজির সহিত অনুপূরক সম্বন্ধ (২) আর্স, আইও, ক্যাট-সি, নাই-এসি, ইহাদের সহিত সমগুণ সম্বন্ধ। (৩) তরল, ঘড়ঘড় শব্দ বিশিষ্ট কাসে, কালী-সল, ফস, ইহাদের পরে ইহা ভাল খাটে (৪) ক্যাট-মিউ ব্যবহারে ক্ষত না হইলে এই ঔষধে ক্ষত প্রকাশিত হয় -হানিম্যান

কালী বাইক্রমিকম

(Kali Bichromicum.)

প্রতিশ্যায়জনিত, উপদংশ জনিত ও গোরা-দোষজনিত রোগ-রোগী স্থূলকায়, লঘু-কেশ ব্যক্তি

ক্রুপ ও ক্রুপজনিত রোগ প্রবণ স্থূল, সুন্দর, হ্রস্ব-গ্রীব (short necked) বালক বালিকা।

চক্ষু, নাসিকা, মুখ-বিবর, গল-বিবর, বায়ু-নলী-গুচ্ছ, আমাশয়ান্ত্রপথ (gastro-intestinal tract) এবং জনন ও মূত্র-যন্ত্র পথের শৈ্লষ্মিক ঝিল্লীর পীড়া—চুশ্ছেদ্য রজ্জুবৎ শ্লেষ্মাস্রাব, উহার এক অংশের সহিত অন্য অংশ লাগিয়া থাকে, টানিলে দীর্ঘ দড়ির মত লম্বা করিতে পারা যায় (হাইড্রা, ক্যাইসি)।

গ্রীষ্মকালে সমুৎপন্ন রোগ

বিমুক্ত বায়ুতে শর্দ্দি লাগা।

পর্য্যায়ক্রমে আমবাত ও আমাশয়ের উপদ্রব, শরৎকালে এক রোগের ও বসন্তকালে অপর রোগের আবির্ভাব, আমবাত ও আম-রক্তের পর্য্যায়ক্রমে উপস্থিতি (এব্রো)

বেদনা ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে বেদনা, অঙ্গুলীর অগ্রভাগদ্বারা সেই সেই স্থান আবৃত করিতে পারা যায় (ইগ্নে), একস্থান হইতে অন্য স্থানে দ্রুতবেগে বেদনার অবস্থিতির পরিবর্ত্তন (কালী-সল, ল্যাক-ক্যান, পলস); সহসা আবির্ভাব ও তিরোভাব (বেল, ইগ্নে, ম্যাগ-ফস)।

প্রতিদিন একই ঘটিকায় স্নায়ু-শূলের উপস্থিতি (চিনি-সল)।

আমাশয়ের রোগ —বিয়ার নামক মদিরা পানের মন্দফল; বুভুক্ষার (ক্ষুধার) বিলুপ্তি; আমাশয়-গহ্বরে গুরুত্ব; আধ্মান; আহারের অব্যবহিত পরে বমি; রজ্জুবৎ শ্লেষ্মা ও রক্ত বমন; আমাশয়ের গোলাকার ক্ষত (জিম)।

নাসিকা —নাসা-মূলে ও চাপনা বেদনা (কপালে ও নাস-মূলে ঐ প্রকার বেদনা, ষ্টিক্ট); গোঁজেরমত শ্লেষ্মাস্রাব, চটচটে, রজ্জুবৎ সবুজ বর্ণ তরল শ্লেষ্ম নিঃসরণ; পরিষ্কার রাশি রাশি শ্লেষ্মা-নিঃসরণ, শ্লেষ্মাস্রাব রহিত হইলে মস্তকের পশ্চাদ্ভাগ হইতে কপাল পর্য্যন্ত প্রবল বেদনা

নাসারন্ধ্রদ্বয়-প্রভেদক অস্থি খণ্ডের (Septum) ক্ষত, ও রক্তাক্ত স্রাব অথবা শক্ত শক্ত শ্লেষ্মার বড় বড় খণ্ড নিঃসরণ (এলম, সিপি, টিউক)

ডিপথিরিয়া—সুদৃঢ়, মুক্ত-সদৃশ, তন্তুময় (fibrinous), নিম্নাভিমুখে স্বরযন্ত্র ও কণ্ঠনালীতে প্রসারণ-প্রবণ কৃত্রিম ঝিল্লী

অলিজিহ্বা জলপূর্ণ কোষের ন্যায় দৃষ্ট হয়; উহার অধিক স্ফীততা, কিন্তু অল্প আরক্ততা (রসটক্স)

কাস —প্রবল ঘড় ঘড় শব্দ সংযুক্ত, গলায় আঠা আঠা শ্লেষ্মার সঞ্চয় বশতঃ গল-রোধজনক, কাস; কাপড় ছাড়িবারসময় উহার আধিক্য (হিপ)

ক্রুপ—ভগ্ন ধাতব স্বর (কর্কশ ঠন্ ঠনে গলা) প্রাতে জাগরণান্তে চটচটে শ্লেষ্ম অথবা স্থিতিস্থাপক তন্তুময় পদার্থ নিষ্ঠীবন, শ্বাস-কৃচ্ছ্র, শয়নে উহার উপশম (শয়নে আতিশয্য, এরেল, ল্যাক)।

গল-কোষে উপদংশজ গভীর-পাদক (deep eating) ক্ষত

শিরঃপীড়া —আক্রমণের পূর্ব্বে অপরিচ্ছন্ন দৃষ্টি অথবা দৃষ্টি-হীনতা (জেল, ল্যাক-ডি)। তজ্জন্য শয়ন করিয়া থাকিবার আবশ্যকতা ; আলোক ও শব্দে বিরক্তি শিরঃপীড়া বর্দ্ধিত হইলে পুনরায় দৃষ্টির পরিষ্কার (আইরিস, ন্যাট, ল্যাক-ডি

কম্প, গ্রীষ্মকালে উহার পরিদৃশ্যমানতা।

মাংসল ব্যক্তিদিগের সম্ভোগ-লিপ্সার অসম্ভাব

উপচয়।—গ্রীষ্ম ঋতুতে ; ও উত্তপ্তকালে ; বৃদ্ধি।

উপশম।—শীতকালে চর্ম্ম লক্ষণের উপশম (এলম ও পেট্রোল বিপরীত)।

সম্বন্ধ।—(১) ক্রুপরোগে ব্রোম, হিপার, ও আইওডের সহিত ইহার তুলনা হয়। (২) ক্যাম্ফ অথবা কার্ব্বল-এসি ব্যবহারে অস্ত্রের টিচার ন্যায় পদার্থের নিঃসরণ দূরীকৃত হইলে আম-রক্ত রোগে ইহার ব্যবহার হয় (৩) ক্রুপ রোগে, আইওডিনের পরে, স্বরভঙ্গসংযুক্ত কাস. দৃশ্যেচ্ছ ক্লাজিম ঝিল্লী, সর্ব্বাঙ্গীন দুর্ব্বলতা ও শীতলতা লক্ষণে ; কালী-বাইক্রোম প্রযোজিত হয় (৪) নাসিকার তরুণ বা পুরাতন প্রতিশ্যায়ে ক্যালকেরিয়ার পরে এই ঔষধ উপযোগী হইয়া থাকে। (৫) প্রতিশ্যায় জনিত রোগে ও চর্ম্ম-রোগে কালীবাইক্রমের পরে এন্ট-টার্ট ভাল খাটে

কালী-ব্রোমেটম

(Kali Bromatum.)

স্থূলকায় মেদ-রোগ-প্রবণ ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উপযোগী ; যুবক অপেক্ষা বালকদিগের প্রতিই ইহার উৎকৃষ্টতর ক্রিয়া দর্শে

গল-গহ্বর, স্বরযন্ত্র, মূত্র-মার্গ, প্রভৃতি সমগ্র শরীরের অনুভব-রাহিত্য, আন্দোলিত অনিশ্চিত গতি বোধ হয় যেন অজ্ঞাতয় পার্শ্বেরদিকেই চলিতেছে

স্নায়বীয়তা, অস্থিরতা, স্থির হইয়া বসিয়া থাকিতে পারা যায় না, নড়িয়া চড়িয়া বেড়াইতে অথবা কার্য্যে নিবিষ্ট থাকিতে হয়; হস্ত ও হস্তাঙ্গুলী সর্ব্বদাই সঞ্চালিত হয়; হস্তদ্বয়ের অস্থিরতা (পদদ্বয়ের অস্থিরতা, জিঙ্ক) হস্তাঙ্গুলীর স্পন্দন

অদম্য ক্রন্দন ও গভীর বিষাদপূর্ণ ভ্রান্তি অর্থাৎ অবাস্তবিক বিষয়কে বাস্তবিক বোধ করিয়া বিষণ্ণতা

স্মৃতি-শক্তির ক্ষীণতা; কথা বলিতে ভুল হয়; বিমনস্কতা, কোন কথা বলাইবার পূর্ব্বে সেই কথাটী বলিয়া দিতে হয় (এনাক)

বিষণ্ণতা, হতোৎসাহিতা, উৎকণ্ঠা, বোধ হয় যেন চিত্ত-ভ্রংশ হইবে।

পেশীর অসামঞ্জস্য (জেল) স্নায়বীয় দৌর্ব্বল্য অথবা গতির স্তব্ধতাও অবশতা

বিরক্তি ও শোক, সম্পত্তি বা সম্ভ্রমের অপচয় এবং বিষয়-কার্য্য-সংক্রান্ত উপদ্রব বশতঃ অস্থিরতা ও নিদ্রাহীনতা

বালকদিগের রাত্রিকালে ভয় (কালী-ফস), নিদ্রায় দাঁত কড়মড়, চিৎকার, কোঁকো, ও ক্রন্দন করে; ভয়ঙ্কর স্বপ্ন, আত্মীয় স্বজনের কথায় শান্তি জন্মে না। স্বপ্ন সঞ্চরণ (সিলি)।

আক্ষেপ। ভয়, ক্রোধ বা মনোভাবজনিত কারণে স্নায়বীয়-ধাতু-প্রধান ব্যক্তিদিগের আক্ষেপ; প্রসব-কালে, দন্তোদগমকালে, হুপ শব্দ-কাসে, ও ব্রাইট্‌স ডিজিজ নামক রোগে, আক্ষেপ।

অপস্মার।—আঘাত, উপদংশজ বা টিউবারকেল জনিত অপস্মার; সাধারণতঃ ঋতুর দুই এক দিবস পূর্ব্বে; ও অমাবস্যার সময় রোগের আবেশ; আক্রমণের পরে শিরঃপীড়া।

মস্তিষ্কের প্রতিশিপ্ত উপদাহ সংযুক্ত শিশু বিসূচিকা, মস্তিষ্কে রসস্রাবের পূর্ব্বে; হাইড্রোকেফেলয়েডের প্রথমাবস্থায়; প্রযুজ্য

পূর্ব্বাহ্ন ৫ টার সময় প্রত্যহ শিশুদিগের উদর-বেদনা (অপরাহ্ন ৪ টার সময় কলো, লাই)।

গর্ভাবস্থায় শ্বাসনালীর কাশি, শুষ্ক, কঠিন, রাত্রি কালে, গর্ভপাতের আশঙ্কা জনক, কাশি (কোনা)

গদগদ-ভাব (তোতলা কথা) ধীরে ধীরে আরাম ... (বোভিষ্টা)

মুখ-দূষিকা (ব্রণ ফোড়া) যুবক যুবতীদের ... মুখে ..., পাটলবর্ণ পীড়কা ; মুখমণ্ডলে, বক্ষঃস্থলে, স্কন্ধদেশে নীল লোহিত, পচ্যমান (যাহা পাকে) পীড়কা ; উহার কুৎসিৎ চিহ্ন থাকিয়া থাকে (কার্বো-এনি)

সম্বন্ধ। —(১) ... ঔষধ (২) মুখ-দূষিকায় ইউফিনিয় অ্যাসিডের পরে এই ঔষধ প্রায়ই আরোগ্যকর

কুপ্রম মেটেলিকম।

(Cuprum metallicum)

আক্ষেপ ও খল্লী ; পুনঃ পুনঃ ও নির্দ্ধারিত সময়ে রোগ-লক্ষণের আবির্ভাব।

অতিরিক্ত মানসিক পরিশ্রম এবং নিদ্রাহীনতা (কক, নক্স) বশতঃ মানসিক ও শারীরিক অবসাদ, অত্যন্ত উৎকণ্ঠার আক্রমণ।

লালাস্রাব সহকারে মুখে তীব্র, ঈষৎ মিষ্ট ধাতব তাঁবাটে (তাম্রবৎ) আস্বাদ (রসটক্স)

সর্পের ন্যায় অবিরত জিহ্বা বাহির করা ও ভিতরে লওয়া (ল্যাক),

পান করিবার সময় তরল পদার্থ গড় গড় শব্দে নামা (আর্স, থুজা)

উদরে ও অন্ত্রের শূলবেদনায় (পেটের ভিতর) খালীসহ বমি উঠা

উদ্ভেদ-বিলোপের অর্থাৎ বসিয়া যাওয়ার মন্দফল (বাহির না হওয়ার মন্দ ফল, জিঙ্ক), ও তজ্জন্য মস্তিষ্কের পীড়া, আক্ষেপ উদ্গার, বমন, পায়ের ঘর্ম্মের বিলোপের মন্দফল (সাইলি, জিঙ্ক)।

নীলবর্ণ মুখমণ্ডল ও আকুঞ্চিত অঙ্গুষ্ঠ সহ উদ্গার (মস্ক)

শরীর-শাখায় খল্লী (cramps), করতলে, পদতলে, জঙ্ঘা-পশ্চাতে খল্লী তৎসহ অঙ্গ-প্রত্যঙ্গের অতিশয় শ্রান্তি

ঘনঘন পেশীর সঙ্কোচন ও প্রসারণ বিশিষ্ট আক্ষেপ, হস্তাঙ্গুলী ও পদাঙ্গুলীতে উহার আরম্ভ, সমগ্র শরীরোপরি সংপ্রসারণ ; গর্ভাবস্থায় আক্ষেপ ; প্রসবান্তে আক্ষেপ (দড়কা), ভয় ব বিরক্তির পরবর্ত্তী আক্ষেপ ; অন্ত্র যন্ত্রের রোগের মস্তিষ্কের স্থান-বিকল্প বশতঃ আক্ষেপ (জিঙ্ক)।

জিহ্বার পক্ষাঘাত ; অসম্পূর্ণ, তোতলা কথা

অপস্মার —জানু হইতে "অরা" অর্থাৎ এক প্রকার "সর্ সরের" আরম্ভ ও উপরে উত্থিতি ; রাত্রিতে নিদ্রাকালে বৃদ্ধি (বিউফো) ; অমাবস্যার সময় ; নির্দ্ধারিত ব্যবধান-সময়ের পরে অর্থাৎ ঋতুকালে ; পতন বা মস্তকে আঘাত প্রাপ্তি হইতে ; ও জলে ভিজাতে ; রোগের আবেশের উপস্থিতি

বোতল হইতে জল ঢালিবার শব্দের ন্যায় কাসের গল্গলশব্দ ।

শীতল জল পানে কাসের উপশম (কষ্ট শীতল জল পানে বৃদ্ধি, স্পঞ্জ)

হুপশব্দ-কাস —অনেকক্ষণস্থায়ী, শ্বাস-রোধকর, আক্ষেপিক, কাস ; কথা বলিতে অশক্তি ; শ্বাস-শূন্যতা (বেদম হইয়া পড়া), নীলবর্ণ মুখমণ্ডল, শরীরের-দৃঢ়তা ও স্তব্ধতা ; ক্রমান্বয়ে তিন আবেশ (ষ্টান) ; চৈতন্য লাভের পর অতরল ভুক্তদ্রব্য বমন (ক্যান) ; প্রত্যেক আবেশের সহিত ক্যাটালেপ্সি সদৃশ আক্ষেপ

জঙ্ঘার পশ্চাদ্ভাগে ও পদতলে উগ্র, যাতনাপ্রদ প্রসবান্তিক বেদনার গতি

উপচয় —শীতল বায়ু ; শীতল বাতাস (wind) ; রাত্রিকাল, পদের ঘর্ম্ম বা উদ্ভেদের বিলোপ ; বশতঃ বৃদ্ধি ।

উপশম ।—একঢোক ঠাণ্ডা জলগিলিলে বিবমিষা, বমন, ও কাসের হ্রাস

সম্বন্ধ ।—(১) ক্যালকেরিয়ার সহিত অনুপূরক সম্বন্ধ (২) ওলাউঠায়, আর্সেনিক ও ভিরেট্রমের সহিত তুলনা হয় ; ইপিকাক কুপ্রমের উদ্ভিদ সমগুণ। (৩) হুপশব্দ-কাসে ও ওলাউঠায় কুপ্রমের পরে ভিরেট্রম ; এবং উদ্ভেদ-বিলোপজনিত আক্ষেপে এপিস ও জিঙ্ক ; ভালখাটে ।

কোকা।

(Coca)

কার্য্যশীল জীবনে অতিশয় শারীরিক ও মানসিক পরিশ্রম বশতঃ শরীরের ক্ষয়প্রাপ্তি; এবং স্নায়ু ও মাংসপেশীর অবসন্নতা নিবন্ধন পীড়া (ব্রেন-ফ্যাগ)

স্নায়বীয় অবসন্নতা জনিত বিষাদ, লজ্জাশীলতা, ভীরুতা, লোক সংসর্গে অস্বচ্ছন্দতা।

বিষণ্ণতা, কোপনতা, নির্জ্জনতায় ও গুপ্ততায় আনন্দ

মদিরা ও তাম্রকূট সেবনের স্পৃহা, অন্যান্য উত্তেজক পদার্থ সেবনের আকাঙ্ক্ষা

ব্যায়াম-ক্রীড়ায় নিযুক্ত ব্যক্তিদিগের; বৃদ্ধদিগের, এবং অধিক পরিমাণে হুইস্কি মদিরা ও তাম্রকূট সেবীদিগের, শ্বাস-হ্রস্বতা।

বক্ষঃস্থলের গৌরব (oppression, heaviness) ও শ্বাস-কৃচ্ছ্র সহকারে ফুসফুস হইতে রক্তপাত

নিদ্রাতুরতা, অথচ কোথাও আরাম পাওয়া যায় না

বাতাধ্মান জন্য (আর্জ্জ-না, নবা); অতিরিক্ত পরিশ্রম বশতঃ; এবং হৃৎপিণ্ডের অতিক্রিয়া হইতে আর্ণ, বোরা, কষ্ট); প্রবল হৃৎকম্প।

পর্ব্বত বা ব্যোমযান আরোহণের অসুস্থতা (আর্স); উত্তেজক দ্রব্য, মদিরা, ও তামাক সেবনের কুফল।

এই ঔষধে দাঁতের কেরিজ নিবারিত হয়।

সম্বন্ধ।—(১) রোগীর আলোক ও লোক-সংসর্গের ইচ্ছায়, ষ্ট্রামো; এবং অন্ধকার ও নির্জ্জনতার আকাঙ্ক্ষায়, কোকা; ব্যবহৃত হয় (২) তামাকের বিষঘ্ন স্বরূপ প্রথমে কোকার ব্যবহার হইয়াছিল

কোনায়ম ম্যাকিউলেটম।

(Conium maculatum)

রজোনিবৃত্তি-কালে ও রজোনিবৃত্তির পর বৃদ্ধা কুমারী ও স্ত্রীদিগের রোগে এই ঔষধ পরমোপকারী

বৃদ্ধ পুরুষ, বৃদ্ধা কুমারী, বৃদ্ধ কুমার, দৃঢ় পেশী-তন্তুবিশিষ্ট, সহজে উত্তেজনাশীল মধু-কেশ ব্যক্তি, শারীরিক পরিশ্রম পরিশূন্য বলবান ব্যক্তি, এই সকল রোগীদিগের রোগে কোনায়ম বিশেষ উপযোগী

বৃদ্ধদিগের দুর্ব্বলতা, আঘাত ব পতনজনিত রোগ, বিবর্দ্ধিত গ্রন্থিবিশিষ্ট, ক্যান্সার ও স্ক্রফুলাগ্রস্ত, দৃঢ় তন্তু, ব্যক্তিদিগের রোগ

কার্য্য বা অধ্যয়নে প্রবৃত্তিপরিশূন্য; অলস, উদাসীন সকল বিষয়েই অমনোযোগী ব্যক্তি

স্মৃতি-শক্তির দুর্ব্বলতা, মানসিক চেষ্টা সহ্য করিতে অসামর্থ্য

উগ্রস্বভাব; সহজে বিরক্ত, প্রভুত্ব-প্রিয়, বিবাদী, তর্জ্জনকারী, প্রতিবাদে অসহিষ্ণু (অর) ব্যক্তি; যে কোন প্রকার উত্তেজনায় মানসিক অবসাদের উৎপত্তি।

একাকী থাকিতে ভয়, অথচ লোক সংসর্গ পরিত্যাগ (কালী কা লাই)

গ্রন্থির প্রস্তরবৎ দৃঢ়তা; দুষ্টব্রণ ও উপঘাতের পর, কর্কট রোগ-প্রবণব্যক্তিদিগের স্তনের বা অণ্ডের দৃঢ়তা

ঋতুকালে ও ঋতুকালের পূর্ব্বে স্তনের স্পর্শ-দ্বেষ, কঠিনতা ও ব্যথিততা, (ল্যাক-ক্যান, কালী-কা)

শিরোঘূর্ণন।--বিশেষতঃ, শয়ন সময়ে ও শয্যায় পাশ ফিরিবার সময়ে; যৎসামান্যরূপে মস্তক-সঞ্চালনে, অথবা চক্ষু সঞ্চালনে; মাথা ঘোরে মস্তক সম্পূর্ণ সুস্থির রাখা আবশ্যক হয়; বামদিকে মাথা ফিরাইলে (কলো); বৃদ্ধদিগের, এবং ডিম্বাশয়ের ও গর্ভাশয়ের পীড়ার সহিত সংসৃষ্ট, শিরোঘূর্ণন।

কাস; স্বরযন্ত্রে শুষ্ক স্থান জন্য উৎপন্ন, থাকিয়া থাকিয়া কাসের আক্ষেপিক আবেশ (spasmodic paroxysm); বক্ষঃস্থলে ও গলার অভ্যন্তরে কণ্ডয়ন

(আইওড), রাত্রিতে, শয়ন-সময়ে ও গর্ভাবস্থায়, অথবা (কষ্টি কালী-বাই)

মূত্র-ত্যাগে অতিশয় কষ্ট ; মূত্রে—ও বাহের সহিত মত্তা ; মূত্র একবার থামে আবার পড়ে ; মূত্রাশয়ের মুখদ্বারে আছে অথবা গর্ভাশয়ের পীড়া

ঋতু —ক্ষীণ, বিলুপ্ত, নির্দিষ্ট সময়ের অনেক পরে, অত্যল্প পরিমাণে নিঃসৃত, অল্পকাল স্থায়ী, গাত্রে ক্ষুদ্র ক্ষুদ্র লোহিত বর্ণ উদ্ভেদ ও ঋতুস্রাব বাহির হইলে উহার বিলোপ (ডল) লক্ষণাপন্ন, যদি না গর্ভে স্থগিত ; শীতল জলে হাত রাখিলে অবরুদ্ধ (ল্যাক-ডি), সলঃ।

প্রদর।— ঋতুর দশদিন পরে প্রদর-স্রাব (সেপিয়া, বোভি) ; বিদাহী রক্তাক্ত ; দুগ্ধাকার, প্রচুর, গাঢ়, সবিরাম, স্রাব।

মন্দফল —সংযত সঙ্গম-প্রবৃত্তির, অথবা বিলুপ্ত ঋতুর মন্দফল ; কাম প্রবৃত্তির অপরিতৃপ্তি, অথবা অতি পরিতৃপ্তির মন্দফল।

চক্ষুর প্রদাহ ব্যতীতও আলোকে বিতৃষ্ণা ; কৃত্রিম আলোকে চক্ষুর ব্যবহারে উহার আতিশয্য, রাত্রিতে পড়িবার জন্য ছাত্রদিগের এইরূপ, তীব্র আলোকাতঙ্ক (সোরি)।

দিবারাত্রি ঘর্ম, নিদ্রা আসিবামাত্র, অথবা চক্ষুরুদ্ধ করিবামাত্র ঘর্ম (সিঙ্ক)।

উপচয়।—রাত্রিতে, শয়নে ; শয্যায় পাশ ফিরিলে বা উঠিয়া বসিলে ; ও কৌমার্য্যে ; বৃদ্ধি

উপশম —(১) যে সকল রোগীদিগের পক্ষে কোনায়ম উপযোগী সুরা বা উত্তেজক পদার্থ সেবনে রোগকালে তাহাদের উপকার দর্শে, কিন্তু সুস্থাবস্থায় কোনায়মের রোগীদিগের মদিরা সহ্য হয়না। (২) হাইড্রাস্, আর্নিকা, ও রসটক্সের সহিত, ক্যান্সার রোগে, আর্স, ও এষ্টারেস সহিত, গ্রন্থির কাঠিন্যতায়, ক্যাল্ক, ও সোরিন সহিত ; কোনায়মের তুলনা হয় (৩) স্তনের অর্ব্বুদে (tumour) দূষিততার আশঙ্কায় কোনায়মের পরে সোরিণম ভাল খাটে

কোলিনসোনিয়া।

(Collinsonia)

বস্তি-গহ্বরে (pelvis) ও যকৃতের শিরায় রক্ত সঞ্চয় জনিত রজঃকৃচ্ছ্র ও অর্শ।

অর্শসহ বস্তি-গহ্বরের যন্ত্রে রক্ত সঞ্চয়, বিশেষতঃ গর্ভের শেষ কয়েক মাসে।

হৃদ্রোগজনিত শোথ।

অর্শ ও অগ্নিমান্দ্যগ্রস্ত ব্যক্তিদিগের হৃৎকম্প হৃৎপিণ্ডের ক্রিয়ার প্রতি-নিয়ত দ্রুততা অথচ দুর্ব্বলত

পুরাতন যাতনাসংযুক্ত, রক্তস্রাবী অর্শ ; সরলান্ত্রে যেন কাষ্ঠ-খণ্ড, বালুকা অথবা ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তর রহিয়াছে এরূপ অনুভব (ইস্কিউ)

অর্শজনিত সকুন্থন রক্তাতিসার

পর্য্যায়ক্রমে কোষ্ঠ-রোধ ও অতিসার ; রক্তসঞ্চয় জনিত নিম্নান্ত্রের নিষ্ক্রিয়তা ; ধীরে ধীরে নির্গত কঠিন মল তৎসহ বেদনা ও অতিশয় আধ্মান (flatulence)

গর্ভাবস্থায় অর্শসহকারে জননেন্দ্রিয়েরকণ্ডুয়ন ; শয়ন করিতে অসামর্থ্য

উপচয় —যৎসামান্য মনোভাবে বা মানসিক উত্তেজনায় রোগ-লক্ষণের বৃদ্ধি (আর্জ্জেন্ট)

সম্বন্ধ।—(১) অর্শসংসৃষ্ট হৃদ্রোগে ক্যাক্ট, ডিজি, ও অন্যান্য ঔষধ বিফল হইলে কোলিনসোনিয়া ব্যবস্থেয় হয় কিনা দেখা উচিত (২) কলো ও নক্স বিফল হইলে কোলিন উদর-বেদনা (colic) আরোগ্য করিয়াছে। (৩) কোলিনের সহিত, ইস্কিউ, কলো, ক্যাম, নক্স, ও সলফের তুলনা হয়

ক্যাক্টস গ্রাণ্ডিফ্লোরাস।

(Cactus Grandiflorus)

রক্ত প্রধান ব্যক্তিদিগের রক্ত সঞ্চয় (একন) অনেক সময় সেই রক্ত-সঞ্চয় হইতে রক্তস্রাব ; রক্ত-জনিত সন্ন্যাস

মৃত্যু-ভয়, রোগ দুরারোগ্য এরূপ রোগীর বিশ্বাস (অ্যাকো)

নাসিকা, ফুস্ফুস আমাশয়, মলদ্বার ও মূত্রাশয় হইতে রক্তস্রাব (লেকে, মিলি, ক্রস)।

মস্তকের মধ্যস্থলে গুরুভার চাপনের ন্যায় শিরঃপীড়া (এ চাপনে উপশম, মেনি); রজোনিবৃত্তি-কালের শিরোবেদনা (গ্লো, ল্যাক)

রক্ত-সঞ্চয় জনিত ও নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত দক্ষিণ পার্শ্বের শিরঃপীড়া ও স্নায়ু-শূল; তীব্র দপদপকর, ও স্পন্দনবৎ বেদনা

<u>সমগ্র দেহ পিঞ্জর-বদ্ধবৎ বোধ হয়,</u> পিঞ্জরের প্রত্যেকটী তার যেন কষিয়া মোচড়ান হয়

গল-নলী, বক্ষঃস্থল, হৃৎপিণ্ড, মূত্রাশয়, মলদ্বার, গর্ভাশয়, ও যোনির <u>আকুঞ্চন;</u> সাধারণতঃ যৎসামান্য সংস্পর্শে উহার উৎপত্তি বা উদ্রেক।

গুরুভারজনিত চাপের ন্যায় বক্ষঃস্থলে চাপানুভব; বোধ হয় যেন লোহার ফিতার বন্ধনে উহার স্বাভাবিক সঞ্চালনের ব্যাঘাত জন্মিতেছে।

বক্ষঃস্থলের নিম্নাংশের চারিদিকে যেন দৃঢ়রূপে এক গাছি রজ্জু বদ্ধ রহিয়াছে এরূপ অনুভব, ডায়াফ্রামের সুস্পষ্ট আবদ্ধতা।

<u>লৌহ নির্ম্মিত হস্তে</u> যেন হৃৎপিণ্ড শীঘ্র শীঘ্র একবার ধৃত একবার বিমুক্ত হইতেছে এপ্রকার অনুভব; স্পন্দনের স্থানাভাব এরূপ আবদ্ধতা অনুভব

সকল স্থানেই বেদনা; তাড়িত শৃগালের ন্যায় উৎক্ষেপণ ও উল্লম্ফন এবং সুতীব্র আকুঞ্চনে পরিসমাপ্তি, তৎপরে পুনরায় উপস্থিতি।

শয়ন-কালে রক্ত-প্রবাহের বিরতি (বোভি, কষ্টি)

হৃৎকম্প — দিবারাত্রি, হাঁটিবার সময় ও বামপার্শ্বে শয়নে (ল্যাক); এবং ঋতু-কালের নৈকট্যে, বৃদ্ধি

পূর্ব্বাহ্ন ১১টা ও অপরাহ্ণ ১১টার সময় জ্বরের আবেশের প্রত্যাবৃত্তি।

সম্বন্ধ — একন, ডিজি, জেল, ক্যালমিয়া, ল্যাক, ট্যাবের সহিত সমগুণ সম্বন্ধ

ক্যানেবিস ইণ্ডিকা।

(Cannabis Indica)

অতিশয় বিস্মৃতি ; শেষ কথা ও ভাব স্মরণ থাকেনা ; কোন বাক্য আরম্ভ করিয়া যাহা বলিতে হইবে তাহা মনে থাকেনা ; মস্তিষ্কে অন্যান্য চিন্তা সমবেত হওয়াতে কোন চিন্তা বা ঘটনা পুনঃস্মরণ করিতে পারা যায় না (এনাক্, ল্যাক-কা)।

অবিরত অনুমিতি (constantly theorizing)

প্রতি সামান্য কথায় অপরিমিত হাস্য

কৌতুক ও অপকার করা, অনন্তর বিলাপ ও ক্রন্দন করা

মৃত্যু সমীপবর্ত্তী হইতেছে বলিয়া অতিশয় আশঙ্কা

মদাত্যয় (delirium tremens) ; অত্যন্ত বাচালতা ; সময় ও স্থান অত্যন্ত বাড়াইয়া বলা

সময় অতিশয় দীর্ঘ বোধ হয় (আর্জ্জ-না), এক বিপল একযুগের ন্যায় অনুভূত হয়

স্থান অতিশয় দীর্ঘ বোধ হয়, কতিপয় হস্ত কতিপয় ক্রোশের ন্যায় বোধ হয়

করোটী যেন উন্মুক্ত ও অবরুদ্ধ হইতেছে এপ্রকার অনুভব (এক্টীয়া)

মূলাধারে (perineum) অথবা মলদ্বারের নিকট কোন গোলার উপরে উপবেশনের ন্যায় স্ফীততা অনুভব (তৎসহকারে মূত্রে অধিক পরিমাণে রজ্জুবৎ শ্লেষ্মার অবস্থিতি, সিঙ্ক)

সম্বন্ধ।—বেল, হাইও ষ্ট্রামোর সহিত তুলনা কর যায়।

ক্যানেবিস স্যাটাইভা।

(Cannabis Sativa.)

শরীরের কোন কোন স্থানের উপর অথবা কোন কোন স্থান হইতে, যথা মস্তকের উপর এবং মলদ্বার, আমাশয় ও হৃৎপিণ্ড হইতে যেন বিন্দু বিন্দু জল পড়িতেছে, এরূপ অনুভব।

দুর্দ্দম্য কোষ্ঠ-রোধ, তজ্জন্য মূত্র রোধ মলদ্বারের আকুঞ্চন

মচকিয়া যাওয়ার পর হাতের আঙ্গুলের সঙ্কোচন

সিঁড়ির উপরে উঠিতে ফলকাস্থির (patella) বিচ্যুতি

শ্বাস কৃচ্ছ্র, শ্বাস-কাস রোগে রোগীর কেবল দাঁড়াইয়া দাঁড়াইয়া, শ্বাস-ক্রিয়ায় সামর্থ্য

গিলিতে গলায় বাধা, খাদ্য দ্রব্যের বিপথে গতি (ক্যানাক)

প্রমেহ রোগের তরুণ, পর্য্যাহিত অবস্থা (দ্বিতীয় অবস্থায়, মূত্রত্যাগান্তে জ্বালা, গাঢ়, পীতবর্ণ পূঁযবৎ স্রাব লক্ষণে, সিডেন)।

স্পর্শে বা প্রচাপনে মূত্র-মার্গের অতিশয় অনুভবাধিক্য, অণ্ডদ্বয় না ছড়াইয়া হাঁটিতে পারা যায় না, উহাতে মূত্র-মার্গে আঘাত লাগে

মূত্র ত্যাগ-কালে জ্বালাকর ও দংশনকর, এবং পশ্চাদ্ভাগে অধিকতর ছেদনবৎ বেদনার মূত্রমার্গের মুখ হইতে পশ্চাদ্দিকে প্রসারণ।

মূত্রমার্গে বরাবর কুটিল গতিতে ছেদনবৎ বেদনা

সম্বন্ধ। মূত্রমার্গের বিশেষ প্রদাহের অপরিবর্ত্তিত অবস্থায় ক্যান্থ, ক্যাপ্স, মেল, পেট্রোসের সহিত সমগুণ সম্বন্ধ

ক্যান্থেরাইডস

(Cantharides)

সকল অঙ্গের অভ্যন্তরের ও বাহিরের অতিরিক্ত অনুভূতি

বেদনা, শরীরের সর্ব্বাংশেই জ্বালা, অবদহন ও টাটানি; তৎসহ অত্যন্ত দুর্ব্বলতা

নাসিকা, মুখ বিবর, অন্ত্র, জনন-যন্ত্র ও মূত্র যন্ত্র হইতে রক্ত-স্রাব।

প্রত্যেক বস্তুতেই বিরক্তি পান, আহার, ও তামাকে অরুচি।

অল্পমাত্র জলপান করিলেও মূত্রাশয়ের বেদনার বৃদ্ধি।

অবিরত মূত্র-বেগ, এক এক বার কয়েক বিন্দু মাত্র রক্তমিশ্রিত মূত্র নিঃসরণ (*সহসা* মূত্র-প্রবৃত্তি ও মূত্র মার্গে তীব্র কণ্ডূয়ন, পেট্রোস)।

মূত্র-ত্যাগের পূর্ব্বে ও পরে এবং মূত্র ত্যাগ-কালে অসহ্য মূত্র-বেগ ; মূত্রাশয়ের প্রবল বেদনা।

মূত্র-ত্যাগ কালে মূত্র-মার্গে জ্বালা ও কর্ত্তনবৎ বেদনা, প্রবল কুন্থন ও মূত্র-কৃচ্ছ্র

মল -শুভ্র বা পাণ্ডুবর্ণ, আরক্ত, ছুস্ছেন্ত শ্লেষ্ম, রক্তের রেখাঙ্কিত, অন্ত্রের চাঁচার ন্যায় পদার্থ বিশিষ্ট মল

স্বপ্নে রক্তাক্ত শুক্রপাত (লেড, মার্ক, পেট্রো)

সম্ভোগ লিপ্সা —স্ত্রী-পুরুষ উভয়েরই সঙ্গম-প্রবৃত্তির আতিশয্য উহাতে নিদ্রার ব্যাঘাত ; অত্যন্ত বেদনাসহকারে উপস্থের প্রচণ্ড উত্থিতি (পিক-এসি)

বায়ু-পথে (air passages) ছুস্ছেন্ত শ্লেষ্ম (বোভি, কালী-বাই)

ত্বক। -ফোস্কাসংযুক্ত বিসর্প (erysipelas), সকল শরীরে ফোস্কা এবং উহাতে যাতনা ও পূযোৎপত্তি

রৌদ্র লাগাতে এরিথিম (অরুণিমা)

সকল প্রকার প্রাদাহিক রোগে জ্বালাকর বেদনা ও অসহ্য মূত্র-বেগ, ক্যান্থেরিসের বিশেষ প্রয়োগ-লক্ষণ।

সম্বন্ধ।—এপিস, ক্যাম্ফ, ইকুই, মার্কের সহিত সমগুণ সম্বন্ধ

অগ্নি-দাহে ফোস্কা উৎপন্ন হইবার পূর্ব্বে ও ফোস্কা উৎপন্ন হইলে ক্যান্থেরিস ব্যবহার্য্য। যদি চর্ম্ম ছিন্ন না হইয়া থাকে তবে যে কোন ক্রমের ঔষধ এলকোহলে মিশ্রিত করিয়া দ্রব প্রস্তুত করিয়া লাগাইয়াদিবে। তুলাদিয়া ঢাকিয়া রাখিলে সত্বর বেদনার শান্তি জন্মে এবং অনেক সময় ফোস্কা পড়েনা চর্ম্ম ছিন্ন হইয়া থাকিলে সুসিদ্ধ বা চোয়ানজলে দ্রব প্রস্তুত করিয়া লাগান উচিত উভয় স্থলেই সঙ্গে সঙ্গে শক্তীকৃত ঔষধ (ক্রম) আভ্যন্তরিক সেবন করা বিহিত

ক্যাপ্সিকম।

(Capsicum)

পাতলা চুল, নীলবর্ণ চক্ষু, হৃষ্টপুষ্ট রক্ত-প্রধান অথচ শ্লথবায় ব্যক্তি

শ্লেষ্মা-প্রধান ধাতু; প্রতিক্রিয়োৎপাদন শক্তির অভাব (Lack of reactive force) বিশেষতঃ স্থূলকায়, সহজে শ্রান্ত ব্যক্তিদিগের; অলস প্রকৃতি, কোনপ্রকার পরিশ্রমেই প্রবৃত্তি জন্মে না; পরিহাসপ্রিয়তা, অথচ সামান্য বিষয়েই ক্রোধের উদ্রেক।

শিশুরা, অনাবৃত বায়ুতে যাইতে চায়না; সর্ব্বদাই শীত শীত অনুভব করে; অবিমৃষ্যকারিতা দেখায়, আনাড়ি, মোটা, ময়লা, শিশু, কাজ বা চিন্তা করিতে অপ্রবৃত্তি

একাকী থাকিতে ইচ্ছা · শুইয়া নিদ্রা যাইবার ইচ্ছা। আরক্ত গণ্ড, ও নিদ্রাহীনতাসহ অলস ও বিষণ্ণস্বভাব ব্যক্তিদিগের গৃহ-রোগ (home-sickness)।

গল-কোষ (fauces) গল-মধ্য; নাসা-রন্ধ্র; বক্ষঃস্থল; মূত্রাশয়; মূত্রমার্গ; ও সরলান্ত্রের আকুঞ্চন।

গলার মধ্যে ও শরীরের অন্যান্য অংশে, উত্তাপে অপ্রশমিত, লঙ্কামরীচের ঝালের ন্যায় জ্বালা ও যাতনা অনুভব।

জ্বালা, যাতনা; আত্যন্ত স্পর্শদ্বেষ; জ্বালা সংযুক্ত গলার আকুঞ্চন; রসাধিক্য, মলিন-আরক্ত ও স্ফীত তালুমূল বিশিষ্ট তালুমূল-প্রদাহ (tonsillitis)।

গলাধঃকরণ-ক্রিয়ার অন্তর্ব্বর্ত্তী সময়ে (ইহে) আলাক্ষয় আক্ষেপিক আকুঞ্চন ও অন্যান্য বেদনার আধিক্য।

কর্ণের পশ্চাদ্ভাগে বেদনাবিশিষ্ট স্ফীততা, উহাতে অত্যন্ত স্পর্শ-দ্বেষ।

প্রত্যেকবার মল-ত্যাগের পর পিপাসা ও প্রতিবার জল-পানের পর কম্পন।

জ্বরে, প্রত্যেকবার শীতে পিপাসা, এবং প্রত্যেকবার জলপানে কম্পন।

যতই শরীরের শীতলতা বৃদ্ধি পায় ততই মেজাজ খারাপ হয়।

স্নায়বীয় আক্ষেপিক কাস সহসা কাসের আবেগের উপস্থিতি; কাসিবার সময় মাথা যেন খণ্ড খণ্ড হইয়া ছুটিয়া যাইবে এরূপ অনুভব।

অন্য সময়ে নয়, কিন্তু সশব্দে কাশ বাহির হইবার সময় মুখ হইতে কটু দুর্গন্ধ, একেবারে কতকটা বায়ু নিঃসরণ।

কাসিলে (মূত্রাশয়, জানু, অণ্ড, কর্ণ প্রভৃতি) দূরবর্ত্তী স্থানে বেদনা

সম্বন্ধ।—(১) এপিস, বেল, ব্রাই, ক্যালাড, পলসের সহিত ক্যাপ্সের তুলনা হয় (২) সবিরাম জ্বরে ক্যাপ্সের পরে সিনা ভাল খাটে (৩) আকুঞ্চনকর, জ্বালাকর, ও টাটানে বেদনা দ্বারা এপিস ও বেলেডোনা হইতে ক্যাপ্‌সিকমের প্রভেদ হয়।

ক্যামোমিলা।

(Chamomilla)

পাতলা-কপিশ কেশ স্নায়বীয়, ও উত্তেজনশীল প্রকৃতির ব্যক্তি, বিশেষতঃ বালক-বালিকা; এবং কাফি বা মাদক সেবন বা উহার অপব্যবহার বশতঃ অতিরিক্ত অনুভূতিবিশিষ্ট ব্যক্তি।

নবজাত, ও <u>দন্তোদ্গমকালীয়</u> শিশু

ক্ষণরাগী, কোপন, যাতনায় অসহিষ্ণু (কফি); অশিষ্ট, শিষ্ট উত্তর দানে অসমর্থ, ব্যক্তি

শিশুর অতিশয় কোপনতা, ও বিরক্তিপূর্ণতা; <u>কেবল কোলে করিয়া বেড়াইলে প্রশান্ততা;</u> অধীরতা, এদ্রব্য সেদ্রব্য চাওয়া, না দিলে রাগকরা, অথবা দিলে বিরক্তচিত্তে গ্রহণ না করা (ব্রাই, সিনা, ক্রিয়ো), ক্ষণরাগিতা, পরদ্রোহিতা (spiteful)

শিশু যাহা চায় তাহা না পাইলে সকরুণ বিলাপ; ঘ্যাণ্ ঘ্যাণ্ করিয়া ক্রন্দন ও অস্থিরতা।

রোগী কাহাকেও কাছে থাকা সহ্য করিতে পারে না, বিরক্ত-চিত্ততা বশতঃ কাহারও কথা তাহার সহ্য হয় না (সিলি); সে কথা বলিতে ভালবাসে না, অভদ্রভাবে উত্তর দেয়।

ক্রোধজনিত অসুখ, বিশেষতঃ শীত ও জ্বর।

বেদনা।—বেদনা অসহ্য বোধ হয়, ক্ষিপ্ত করিয়া তোলে; উত্তাপে বৃদ্ধি পায়; দুইপ্রহর রাত্রির পূর্ব্বে সায়ংকালে বাড়ে; বেদনার সহিত উত্তাপ, পিপাসা, ও মূর্চ্ছা থাকে; আক্রান্ত স্থানে অবশতা অনুভূত হয়; উদ্গারে উপচয় জন্মে

এক গালের আরক্ততা ও উত্তপ্ততা, অন্য গালের পাণ্ডুরতা ও শীতলতা।

বিমুক্ত বায়ুতে অতিরিক্ত অনুভূতি, বাতাসে, বিশেষতঃ কাণে বাতাস লাগিলে, অতিশয় অপ্রবৃত্তি

উষ্ণ কিছু মুখে লইলে (বিস, ব্রাই, কফি), উষ্ণগৃহে প্রবেশ করিলে, শয্যায় শয়ন করিলে; কফি সেবনে এবং ঋতু অথবা গর্ভকালে; দন্ত-বেদনা।

প্রসব-বেদনা।—আক্ষেপিক, যন্ত্রণাপ্রদ বেদনা, উহা হইতে মুক্তি লাভের ইচ্ছা, জঙ্ঘার নিম্ন পর্য্যন্ত ছেদনকর বেদনা; বেদনার উপরের দিকে প্রচাপন।

অতিসার।—শীতলতা, ক্রোধ ব বিরক্তিজনিত; দন্তোদ্ভেদ কালে; তাম্রকূট সেবনের পর; প্রসূতাবস্থায়; নিম্নাভিমুখে গতি-জন্য; অতিসার

সবুজবর্ণ, জলবৎ, বিদাহী, খণ্ডিত অণ্ড বা শাকের ন্যায়; উত্তপ্ত, অতি দুর্গন্ধ, পচা ডিমের ন্যায়; মল।

স্তন-বৃন্তের প্রদাহ, স্পর্শে উহাতে বেদনা (হেলোস, ফাইটো); শিশুর স্তনে স্পর্শ-দ্বেষ।

স্তন্যদায়িনী স্ত্রীদিগের আপনা আপনি স্তন-দুগ্ধ নিঃসরণ (সন্তানকে দুধ ছাড়াইবার পরে নিঃসরণ, (কোনা)।

মাতার ক্রোধাবেশের পর স্তনপান করিয়া শিশুর উদ্গার (দড়কা) (নক্স।—মাতার ভয়প্রাপ্তির পর, ওপি)।

প্রবল বাতের বেদনা বশতঃ রাত্রিতে শয্যা পরিত্যাগ করিয়া ইতস্ততঃ বিচরণের আবশ্যকতা (রসটক্স)।

নিদ্রালুতা, কিন্তু নিদ্রা যাইতে পারা যায় না (বেল, কষ্ট, ওপি)।

রাত্রিতে পদ-তল-দাহ, শয্যার বাহিরে পা বাহির করিয়া রাখিতে হয় (পল, মেড, সলফ)।

উপচয়।—উত্তাপে, ক্রোধে; সায়াহ্নে, মধ্যরাত্রির পূর্ব্বে; অনাবৃত বায়ুতে, বাতাসে ও উদ্গারে, বৃদ্ধি

উপশম।—কোলে চড়িয়া বেড়াইলে; উপবাসে; ও উষ্ণ আর্দ্র কালে, হ্রাস

সম্বন্ধ।—(১) বেলেডোনার সহিত অনুপূরক সম্বন্ধ। শিশুদিগের রোগে, মস্তিষ্কের স্নায়ুর আক্রান্তিতে বেলেডোনা, ও উদরের স্নায়ুর আক্রমণে ক্যামোমিলা উপযোগী (২) শিশুদিগের রোগে ওপিয়ম অথবা মর্ফাইন ব্যবহারে অপকৃত রোগীদিগের পক্ষে, ক্যামো ব্যবস্থেয়। (৩) বেল, বোর, ব্রাই, কফ, পল, সল, ক্যামোমিলার সমগুণ (৪) মানসিক স্থিরতা থাকিলে ক্যামোমিলা অব্যবস্থেয়।

ক্যাম্ফোরা।

(Camphora.)

বেদনার বিষয় ভাবিলে উহার উপশম (হেলি —বৃদ্ধি, ক্যাল্ক-ফস, হেলোন, অক্স-এসি)

শারীরিক ও মানসিক দুর্ব্বলতা ও উপদাহিতা

শীতল বায়ুতে অতিশয় অনুভূতি (হিপ, ক্যাল্কা-মি, সোরা)

উপঘাতপ্রাপ্তির মন্দফল; শরীরের উপরিভাগের শীতলতা, বদনের পাণ্ডুরতা ও নীলাভতা, ওষ্ঠের সীস-বর্ণ; <u>গভীর অবসাদ</u> (prostration) শরীরের উপরিভাগ, <u>স্পর্শে শীতল, অথচ গাত্র বস্ত্রাবৃত রাখা সহ্য করিতে পারা যায় না।</u> রোগী সমস্ত গাত্রাবরণ ফেলিয়া দেয় (মেডো, সিকেল)।

যৎসামান্য স্পর্শে সমগ্র শরীরের বেদনাবিশিষ্ট অনুভূতি

জিহ্বার শীতলতা, লোলিতভা ও কম্পন

সহসা বমন-বিরেচনের আক্রমণ; নাসিকার শীতলতা ও সূক্ষ্মতা; উৎকণ্ঠা ও অস্থিরতা; ত্বক্ ও শ্বাসের শীতলতা (ভিরে, অ্যান্টো)

ওলাউঠার প্রথমাবস্থায় দীর্ঘকালস্থায়ী শীতল ঘর্ম্ম (রুবি)

জীবনীশক্তির আকস্মিক ও সম্যক্ অবসাদনসহ শরীরের অতিশয় শীতলতা ; সর্ব্ব শরীর শীতল হইলেও দূরে নিক্ষেপ করে (রুবি) অনেক সময় মূত্রশূন্য ওষ্ঠ, নাড়ীর দুর্ব্বলতা, অত্যন্ত দুর্ব্বলতা, ও প্রায় অসাড়তা

হাতে ও পায়ে টিনায় উদ্বেগের অবস্থা ; মুখমণ্ডলের পাণ্ডুরতা বা শীতলতা, আকুঞ্চিততা, নীলবর্ণতা ও নিমগ্নতা (hippocratic) বালক আবৃত থাকিতে চায় না (সিকে)

হাতের সকল প্রকার পরিণাম

উপশম।—বর্ত্তমান রোগের বিষয় চিন্তাকালে ; উষ্ণ বায়ুতে ও শীতল জলপানে ; উপশম।

সম্বন্ধ।—(১) ক্যাম্ফর দ্বারা প্রায় সকল প্রকার উদ্ভিজ্জ ঔষধের ক্রিয়া বিনষ্ট হয়, তামাক, ও যে সকল ফলে প্রাসিক এসিড আছে তাহার এবং বিষাক্ত ছত্রকের (mushrooms) ক্রিয়াও বিনষ্ট হয় (২) রোগীর গৃহে অনাবৃত ক্যাম্ফর রাখা উচিত নহে কার্ব্বো-ভেজ, ওপিয়ম, ভিরেট্রাম, ও সিকেলির সহিত ক্যাম্ফরের তুলনা হয়।

(ডাঃ হেরিং বলেন ওপিয়ম ও ক্যাম্ফরের পরীক্ষায় প্রাপ্ত লক্ষণগুলির যথাযথ জ্ঞানের উপরে মূলতঃ হোমিওপ্যাথির ক্রমোন্নতি নির্ভর করে। কারণটী ভাবিয়া দেখিবার বিষয়)।

ক্যাল্‌মিয়া ল্যাটিফোলিয়া।

(Kalmia Latifolia.)

তরুণ স্নায়ুশূল, বাত ও গাউট জনিত রোগ, বিশেষতঃ বাত ও গাউটের পরিণাম স্বরূপ হৃৎপিণ্ডের আক্রান্ততা।

বাত হইতে উৎপন্ন অথবা উহার সহিত পর্য্যায়ে উপস্থিত হৃদ্রোগ।

ভেদন, চাপন, ও চিড়িক মারণের ন্যায় বেদনায় নিম্নাভিমুখে সঞ্চরণ (ক্যাল্ক —ঊর্দ্ধদিকে, লিড); তৎসকালে বা তৎপরে আক্রান্ত-স্থানের অবশতা (একন, ক্যাম, প্লাট)।

দক্ষিণ অক্ষিতে ও অক্ষি-গহ্বরে সুতীব্র সূচী-বেধনবৎ বেদনা (বাম চক্ষে, স্পিজি); পেশীতে শুষ্কতা, ও বেদনা, চক্ষু ঘুরাইলে উহার আধিক্য, স্পিজি); সূর্য্যোদয়ে বেদনার উপস্থিতি, মধ্যাহ্নে বৃদ্ধি ও সূর্য্যাস্তে বিরতি (ন্যাট মিউ)

বাত।—তীব্র বেদনা, সহসা উহার স্থান-পরিবর্ত্তন, সন্ধিতে সন্ধিতে গতি, সন্ধির উত্তপ্ততা, আরক্ততা, ও স্ফীততা, অল্পমাত্র সঞ্চালনে আতিশয্য।

মস্তক অবনত করিলে অথবা নীচের দিকে দৃষ্টি করিলে শিরোঘূর্ণন।

নাড়ীর ধীরগতি, প্রায় অপ্রাপ্যতা (প্রতি মিনিটে ৩৫ বা ৪০ বার স্পন্দন); পাণ্ডুবর্ণ মুখমণ্ডল ও শীতল হস্ত-পদ

সম্বন্ধ—(১) বাত ও গাউট রোগে, লিড, স্পিজি, রোডের সমগুণ (২) হৃদ্রোগে স্পিজিলিয়ার পরে ভাল খাটে

ক্যালেডিয়ম।

(Caladium)

শব্দে অতিশয় অনুভূতি; যৎসামান্য শব্দে নিদ্রা হইতে চমকিত হইয়া উঠা (এসার, নক্স, টারেণ্ট)।

অত্যল্প বায়ু-নিঃসরণ সহকারে পুনঃপুনঃ উদ্গার, বোধহয় যেন আমাশয় শুষ্ক ভুক্তদ্রব্যে পূর্ণ রহিয়াছে।

ধ্বজভঙ্গ —মানসিক অবসাদ, সম্ভোগ-লিপ্সা ও উত্তেজনা সহকারে শিথিলিত শিশ্ন (লাই, সেলে)

আলিঙ্গনেও উপস্থের অনুদ্রেক, সংসর্গকালে কামোদ্দীপনা ও শুক্রপাতের অভাব (ক্যাল, সেলে)

যোনি-কণ্ডুয়ন। তজ্জন্য কৃত্রিম রমণ-ক্রিয়ার প্রবৃত্তি (অরিগে; জিঙ্ক); গর্ভাবস্থায়; শ্লেষ্মাস্রাব সহ কণ্ডুয়ন।

সায়াহ্নের জ্বরে নিদ্রা এবং জ্বর ত্যেক্তে জাগরণ।

মিষ্ট ঘর্ম্মে মক্ষিকাকর্ষণ। (অর্থাৎ ঘাম মিষ্টি লাগে বলিয়া মাছি আসে)

মশক ও কীটের দংশনে অতিশয় জ্বালা ও কণ্ডুয়ন।

নড়িতে চড়িতে অপ্রবৃত্তি; নড়িতে ভয় হয় (ব্রাই)

ক্যালেডিয়মে তামাক খাওয়ার স্পৃহা বিনষ্ট হয়

ক্যালেণ্ডুলা।

(Calendula)

আভিঘাতিক (Traumatic) রোগে পূয়োৎপত্তি ব্যতীত ক্ষত-সংযোজনার্থে ব্যবস্থেয়।

কোমলাংশের বিনাশে এড্‌হিসিভ প্লাষ্টার দ্বারা সংযোগ সাধনে অসমর্থতায় প্রযুজ্য।

ছিন্ন-ভিন্ন অসমান বাহ্যিক সত্তব্রণে (Wounds) এবং শস্ত্রোপচারের পরে, সুস্থ ক্ষতাঙ্কুর উৎপাদন ও অধিক পূয়োৎপত্তি-নিবারণ এবং ক্ষত চিহ্নের প্রতিষেধার্থে ব্যবহার্য্য।

আভিঘাতিক ও স্বয়ম্ভূত স্নায়ুর অর্ব্বুদ (Neuroma) (সেপা); বিদারিত ক্ষত হইতে স্নায়ুর প্রদাহ (হাইপার); রক্ত-নাশ ও অতিশয় বেদনা বশতঃ অবসন্নতা।

পেশী বা কণ্ডরার (Tendons) ভগ্নাবস্থা; প্রসবকালে বিদারণ; অস্থির সংযোগস্থল পর্য্যন্ত সত্তব্রণের সম্প্রবেশ ও স্নেহময় তরল পদার্থের (Synovial fluids) অপচয়।

সত্ত-ব্রণ (Wounds) অঙ্গের উত্তাপবস্থায় আকস্মিক বেদনা সংযুক্ত সত্তব্রণ; বিসর্পোৎপত্তির শারীরিক প্রকৃতি (সোরি); পুরাতন, উপেক্ষিত, দুর্গন্ধি, ক্ষত, গ্যাংগ্রীণ জন্মিবার আশঙ্কা (অ্যাল-সেপি)।

ক্ষত (Ulcers), উপদাহহীন, প্রদাহিত পচাংশযুক্ত (Sloughing) বিশিষ্ট শিরা-স্ফীতি (Varicose) সংযুক্ত আঘাতিতবৎ বেদনা বিশিষ্ট; ক্ষত (অর্শ) অতিশয় পূয-নিঃসরণ

শস্ত্র ক্রিয়ার পরিষ্কার কর্ত্তনে, ও বিদারণ আঘাতে, অধিক পূয নিঃসরণ নিবারণে ক্যালেণ্ডুলা প্রায় অমোঘ

সম্বন্ধ।—(১) হিপার, ও আর্সেনিকের সহিত অনুপূরক সম্বন্ধ (২) কোমল বিধান-তন্তুর বিদারণ ব্যতীত, প্রবল আঘাতাদি জনিত শারীরিক অবস্থায় আর্ণিকার সহিত সমগুণ সম্বন্ধ (৩) স্নায়ুপ্রধান স্থানের উপঘাতে উপঘাতের পরিমাণাপেক্ষা বেদনার আধিক্যে হাইপারের সহিত সমগুণ সম্বন্ধ (৪) অস্থির অসংযোজনে সিম্ফা ও ক্যাল্ক-ফসের সহিত, (৫) স্বতন্ত্র স্বতন্ত্র পেশীর বাত-কণ্টকে (Strains) বা উপঘাতে রস ও রুটার সহিত, সমগুণ সম্বন্ধ। (৬) হ্যাপ-সলি অত্যধিক পূয়োৎপত্তি, ও গ্যাংগ্রীণ নিবারণ করে, (৭) সল-এসি, বেদনা বিশিষ্ট গ্যাংগ্রীণসংযুক্ত গণ্ডব্রণে, রক্তের বিষ-দোষের বীজ (Septic-germs) নষ্ট করে বলিয়া উল্লেখ দেখাযায়। (৮) বাহ্য প্রয়োগে ক্যালেণ্ডুলা 'ক্রম'ও মূল অরিষ্টের ন্যায় ক্রিয়া করে, এবং বাহ্য প্রয়োগ-কালে উহার আভ্যন্তরিক প্রয়োগও করা যাইতে পারে।

ক্যাল্কেরিয়া কার্ব্বণিকা (ক্যাল্কেরিয়া অষ্ট্রীরাম)

(Calcarea Carbonica)

শ্লেষ্ম-প্রধান ধাতু, সুন্দর কেশ, শুভ্র মুখাকৃতি, নীলনয়ন, সুন্দর ত্বক; যৌবনকালে স্থূলত্ব-প্রবণতা।

সোরা ধাতুর; পাণ্ডুরতা, দুর্ব্বলতা, ভীরুতা, বিচরণে সহজে শ্রান্তি

স্থূলত্ব-প্রবণতা, স্থূল দেহ।

আরক্ত মুখমণ্ডল ও লোহিত পেশীবিশিষ্ট বালক-বালিকা, যাহাদের সহজে ঘর্ম্ম নিঃসৃত হয় এবং ঘর্ম্মে সহজে সর্দ্দি লাগে।

বৃহৎ মস্তক ও বৃহৎ উদর; বিমুক্ত ব্রহ্মরন্ধ্র ও সেবনীসন্ধি, (Sutures) কোমল অস্থি, অস্থি অতি ধীরে ধীরে বিকাশ প্রাপ্ত হয়

অস্থির বিশেষতঃ মেরুদণ্ড ও দীর্ঘাস্থির বক্রতা প্রান্ত ভাগের কুটিলতা ও বিকলতা, অনিয়মিতরূপে অস্থির বিকাশ

নিদ্রাকালে মস্তকে প্রভূত ঘর্ম্ম, উহাতে মাথার চারিদিকে অনেক দূর পর্য্যন্ত বালিশ ভিজিয়া যায় (সিলি, স্যানি)।

প্রধানতঃ মস্তকের পশ্চাদ্ভাগে ও ঘাড়ে, অথবা বক্ষঃস্থলে ও শরীরের ঊর্দ্ধাংশে প্রভূত ঘর্ম্ম (সাল)।

ক্যালকেরিয়া অপেক্ষা বিশেষ শিরোঘর্ম্ম, ও বিমুক্ত ব্রহ্মরন্ধ্রসহ আয়াসে ও বিলম্বে দন্তোদ্গম

রোগ বা আরোগ্যোন্মুখ কালে, অত্যাহারের অতিশয় স্পৃহা, অপাচ্য দ্রব্য ভোজনের আকাঙ্ক্ষা (এলম), মাংসে অপ্রবৃত্তি

পরিপাক-পথের অম্লত্ব —অম্ল উদ্গার, অম্ল বমন, অম্ল মল ; সমস্ত শরীরের অম্ল গন্ধ (হিপ, রিউম)

মাংসলা, রক্ত-প্রধানা, এবং শীঘ্র শীঘ্র বর্দ্ধনশীলা, বালিকা।

অতিশয় শীঘ্র শীঘ্র, অধিক পরিমাণ, ও অধিককাল স্থায়ী, ঋতু ; তৎপরে শ্বেতপ্রদর বা রজোনিলোপ সহকারে ক্লোরোসিস ও এমেনোরিয়া।

নাড়ী —অতি শীঘ্র শীঘ্র, অত্যন্ত অধিক পরিমাণ রক্ত-স্রাব ; শীতল আর্দ্র মোজায়, পা থাকার ন্যায় পায়ের শীতলতা ও আর্দ্রতা ; এবং শয্যায় ক্রমাগত শীতলতা

অত্যল্প মানসিক উত্তেজনায়, প্রভূত রক্ত-প্রবাহের প্রত্যাবৃত্তি (সল টিউব)।

রোগিণী আশঙ্কা করে যে তাহার বুদ্ধিভ্রংশ জন্মিবে অথবা লোকে তাহার মানসিক বিশৃঙ্খলা দেখিতে পাইবে (এক্টিয়া)

দীর্ঘ, ক্ষীণ, দ্রুত বর্দ্ধনশীল যুবকদিগের ফুসফুসের রোগ ; দক্ষিণ ফুসফুসের উপরের তৃতীয়াংশের আক্রান্ততা (আর্স।—বাম ফুসফুসের উপরের তৃতীয়াংশ, মাইরি, সলফ) ; ধাতুগত রোগে অনেক সময় ফসফরাস অপেক্ষা ক্যালকেরিয়া অধিকতর উপযোগী (টিউবের সহিত তুলনা করুন)

অসম্যক পরিপোষণ ; ও অসম্পূর্ণ অস্থি নির্ম্মাণ জনিত রোগ ;

হাঁটিতে বা দাঁড়াইতে শিখিতে কষ্ট, শিশুদিগের হাঁটিতে প্রবৃত্তি হয় না এবং চেষ্টাও করিতে চায় না ; ঘর্ম্ম বিলোপ

ঘর্ম্মবশতঃ পদতলের অবদরণ (গ্রাফ, সেনি) ; ফোস্কা ও দুর্গন্ধি পাদ-ঘর্ম্ম

(গৃহে থাকিলে) বিমুক্ত বায়ু সেবনের আকাঙ্ক্ষা, উহাতে উৎসাহ, উপকার ও বল জন্মায় (পাল, সাল)।

শীতলতা।—সর্ব্বাঙ্গীন শীতলতা ; একাঙ্গীন শীতলতা (কালী বাই) ; মস্তক, আমাশয়, উদর, পদদ্বয় ও জঙ্ঘাদ্বয়ের শীতলতা, বিমুক্ত বায়ুতে অপ্রবৃত্তি, উহা যেন গায় বিঁধে ; শীতল আর্দ্র বায়ুতে অনুভবাধিক্য , প্রায়ই শর্দ্দি লাগে (সলফারের বিপরীত)

ঘর্ম্ম —একাঙ্গীন ঘর্ম্ম ; মস্তক, ও মস্তকের কেশাবৃত ভাগ আর্দ্র ও শীতল , গ্রীবা-পৃষ্ঠ ; বক্ষঃস্থল ; কক্ষতল (armpit) ; জননাঙ্গ , এবং হস্ত ও পদদ্বয়ের ঘর্ম্ম (সিপি)

আমাশয়-গহ্বর বিপর্য্যস্ত রেকাবের ন্যায় স্ফীত, চাপ দিলে উহাতে বেদনা।

শীতল ভিজা স্থানে দাঁড়াইয়া থাকাতে, অথবা জলে দাঁড়াইয়া কাজ করাতে ; ও শীতল কাদা লইয়া কার্য্যকারীদিগের ইউরিথিয়া জনিত কিংবা অন্যান্য রোগ

কোষ্ঠবদ্ধ থাকিলে সকল প্রকারেই ভাল বোধ।

কৃত্রিম উপায়ে মল নিঃসারণের আবশ্যকতা (এলো, সেলে, সিপি, সিলি)

বেদনাশূন্য স্বরভঙ্গ, প্রাতে উহার আধিক্য

আয়স্কান্ত-শক্তি (magnetism) গ্রহণের ইচ্ছা (ফস্)।

উপচয়।—শীতল বায়ুতে ; আর্দ্রকালে ; শীতল জলে ; প্রক্ষালনে (এন্ট-ক্রুড) ; প্রাতে ; ও পূর্ণিমার সময়ে ; বৃদ্ধি

উপশম।—শুষ্ককালে ; ও ব্যথিত পার্শ্বে শয়নে ; (ব্রাই সদৃশ)

সম্বন্ধ।—(১) বেলেডোনার সহিত অনুপূরক সম্বন্ধ ; বেলেডোনা ক্যালকেরিয়া প্রযুক্ত তরুণ অবস্থায় উপযোগী। (২) লাইকো, নক্স ভম, সিলির পূর্ব্বে ক্যালকেরিয়ার ভাল ক্রিয়া দর্শে। (৩) নাই-এসি, পলস, সলফের পরে (বিশেষতঃ কনীনিক প্রসারিত থাকিলে) ক্যালকেরিয়া ; এবং নাসিকার শর্দ্দিতে ক্যালকেরিয়ার পরে কালী-বাই ; ভাল খাটে। (৪) হানিম্যানের মতে নাইট-

এসি ও সলফের পূর্ব্বে ক্যালকেরিয়া ব্যবহৃত হওয়া বিধেয় নহে ; উহাতে অনাবশ্যক উপসর্গের উৎপত্তি হয় (৫) শিশুদিগের পক্ষে ক্যালকেরিয়া বারংবার প্রয়োজিত হইতে পারে বয়স্ক ব্যক্তিদিগের পক্ষে ইহার পুনঃপুনঃ প্রয়োগ নিষিদ্ধ বিশেষতঃ ইহার প্রথম মাত্রায় উপকার দর্শিলে পুনঃ প্রয়োগে অপকার হয়

ক্যালকেরিয়া আর্সেনিকা।

(Calcarea Arsenica)

অতিশয় মানসিক অবসাদ।

<u>যৎসামান্য মনোভাবে হৃৎকম্পের উৎপত্তি</u> (লিথি-কা)

মস্তকে ও বাম বক্ষে রক্তের প্রধাবন (এমিল, গ্লন)

হৃদ্‌কপাটের পীড়া বিশেষতঃ অপস্মার রোগ

মদ্যপায়ীদিগের মদ্যপান পরিত্যাগে অসুখ ; মদিরাপানের আকাঙ্ক্ষা (এসার, সল-এসি)।

রজোনিবৃত্তিকাল সমীপবর্ত্তী হইবার সময় স্থূলাঙ্গীদিগের অসুখ।

সম্বন্ধ।—(১) কোনা, গ্লন, লিথ-কার্ব, পলস, নক্সের সহিত সমগুণ সম্বন্ধ (২) লসিকা-প্রধান (lymphatic) ধাতু, গোরা-ধাতু, ও গুটিকা-ধাতুতে (tuberculosis) কোনায়মের পর ভাল খাটে

ক্যালকেরিয়া ফস্‌ফরিকা।

(Calcarea Phosphorica)

নীরক্ত ও ময়লা মুখাকৃতি, কাল চুল ও চক্ষু ; স্থূল নহে কিন্তু কৃশ দেহ বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে ; এই ঔষধ উপযোগী

গণ্ডমালা ধাতু-দুষ্ট বালক-বালিকাদিগের প্রথম ও দ্বিতীয়বার দন্তোদ্ভেদকালে ; অতিসার ও অতিশয় আধ্মান

শিশুর শীর্ণতা, দাঁড়াইতে অসমর্থতা ; হাঁটিতে শিখিতে বিলম্ব (ক্যাল, সিলি) ; নিমগ্ন, দোলিত উদর

শিশুর নাভী হইতে রক্তাক্ত তরল পদার্থ স্রাব (মূত্র ক্ষরণ, হাইও)

রেকাইটিস —করোটীর অস্থি, সূক্ষ্মতা ও ভঙ্গপ্রবণতা ; ব্রহ্মরন্ধ্র ও সেবনী-সন্ধির অনেকদিন পর্য্যন্ত অসংযোজন, অথবা রুদ্ধতা ও পুনরায় বিমুক্ততা ; বিলম্বিত কিংবা উপসর্গ-সমন্বিত দন্তোদ্ভেদ।

পৃষ্ঠবংশের দুর্ব্বলতা, বিশেষতঃ বামদিকে বক্রতার প্রবণতা ; শরীর ধারণে অসমর্থতা ; ঘাড়ের দুর্ব্বলতা, মস্তক ধারণে অক্ষমতা (এব্রো)।

যৌবনাগমে কুমারীদিগের দীর্ঘতা, ও সত্বর পুষ্টতা প্রাপ্তি ; অস্থির কোমলত্ব বা মেরুদণ্ডের বক্রত্ব-প্রবণতা

যৌবনাগমে নীরক্তা কুমারীদিগের বয়ঃব্রণ, তৎসহ মুর্দ্ধাদেশে শিরঃপীড়া ও আধ্মান সংযুক্ত অগ্নিমান্দ্য, আহারে উহার উপশম

শোক বা হতাশ-প্রেমজনিত অসুখ (অরু, ইগে, ফস-এসি)।

রোগের কথা ভাবিলে উহার আধিক্য অনুভব (হেলোন, অক্স-এসি)।

অনৈচ্ছিক দীর্ঘনিশ্বাস ত্যাগ (ইগে)

অস্থির অসংযোজন ; এতদ্দ্বারা নূতন অস্থিনির্ম্মাণকর পদার্থের বিবর্দ্ধন উৎপন্ন হয়।

শীতকালের বাত ; বসন্তকালে উহা ভাল হয় এবং শরৎকালে পুনরায় উপস্থিত হইয়া থাকে।

বিদ্যালয়ের বালিকাদিগের শিরঃপীড়া (ক্যাট-ফি, সোরি), অতিসার

প্রত্যেকবার আহারের চেষ্টায়, উদরে বেদনা।

ভগন্দরের (fistula in ano) সহিত পর্য্যায়ক্রমে বক্ষোলক্ষণ (বার্ব) ; শারীরিক উত্তাপের অভাব ; শীতল ঘর্ম্ম ও সর্ব্বশরীরের শীতলতা।

উপচয়।—আর্দ্র, শীতল, পরিবর্তনশীল কালে ; পূর্ব্বদিকের বাতাসে, দ্রবীভূত বরফে ; ও মানসিক পরিশ্রমে ; বৃদ্ধি।

উপশম।—গ্রীষ্মকালে ; ও উষ্ণ, শুষ্ক বায়ুতে ; হ্রাস।

সম্বন্ধ ।—(১) কার্বো-এন, ক্যাল্ক ফোস, ক্যাব্ধ, ফ্লোর-এসি, ও কালী কসের সহিত এই ঔষধের সমগুণ সম্বন্ধ ; তরুণ রোগের পরবর্তী দুর্ব্বলতায় সোরিণমের সহিত সমগুণত্ব সিলিসিয়ারও সমগুণ বটে, কিন্তু ইহাতে মস্তকের ঘর্ম-লক্ষণ নাই (২) রুটার সহিত অনুপূরক সম্বন্ধ (৩) আইওড, সোরি, হেপি, সলফের পূর্ব্বে, এবং আর্স, আইওড, টিউবের পরে ; এই ঔষধের সর্ব্বোৎকৃষ্ট ক্রিয়া দর্শে।

ক্রিয়োজোটম্।

(Kreosotum)

মলিনবর্ণ মুখাকৃতি, অসম্যক বিকসিত, ক্ষীণ কুপোষিত, অতিরিক্ত বর্দ্ধিত; বয়ঃক্রম অপেক্ষা অধিকতর দীর্ঘ রোগিণী (ফস)

বৃদ্ধবৎ দৃষ্ট, কুঞ্চিত মুখাকৃতি (এব্রো) ; গণ্ডমালাগ্রস্ত বা 'সোরা-দোষ'-দুষ্ট ; দ্রুত শীর্ণতা প্রাপ্ত (আইওড) বালকবালিকা ; ও নিবৃত্তরজস্কা নারীদিগের রোগ (ল্যাক)।

রক্তস্রাব-প্রবণ শারীরিক প্রকৃতি ; ক্ষুদ্র ক্ষুদ্র অভিঘাত হইতে বিমুক্তভাবে রক্তপাত (ক্রোট, ল্যাক, ফস) ; নাসিকার-রক্ত-পাতে, ফুসফুসের রক্তস্রাবে, ও রক্তমূত্রে অপ্রবল প্রবাহ ; টাইফয়েড্ জ্বরে রক্তস্রাবের পর অতিশয় অবসন্নতা ; দন্ত উন্মূলনের পর মলিন রক্তক্ষরণ (হেমে)

ঋতুর পূর্ব্বে ও ঋতু-কালে কর্ণে গর্জ্জন ও গুণ্ গুণ্ ধ্বনি।

শ্লৈষ্মিক ঝিল্লী হইতে বিদাহী, দুর্গন্ধ, রসানী স্রাব ; জীবনীশক্তির অতিশয় অবসাদ।

সন্ধ্যার প্রাক্কালে এপ্রকার প্রবল কণ্ডূয়ন যে উহাতে রোগীকে ক্ষিপ্তবৎ করিয়া তোলে (উদ্ভেদ-পরিশূন্য কণ্ডূয়ন, ডলিকোস)

দন্তোদ্গমে যাতনা ; দাঁত উঠিয়াই ক্ষয়প্রাপ্ত হইতে থাকে ; নীলাভ আরক্ত, কোমল, সচ্ছিদ্র (Spongy), রক্তস্রাবী, প্রদাহিত, ক্ষতসংযুক্ত দন্ত-মূল

বমন—গর্ভাবস্থায় লালাস্রাব সহকারে ঈষৎ মিষ্ট জল বমন, গলাউঠার বমন, দন্তোদ্গম-কালে বমন, অতিদুর্গন্ধ মলস্রাব সহকারে প্রাতিনিয়ত বমন, আমাশয়ের দূষিত রোগে বমন

ঋতুর পূর্ব্বে ও ঋতুকালে উগ্র শিরোবেদনা (সিপি)

ঋতু।—নিয়মিত সময়ের অতিবিক্ত পূর্ব্বে প্রভূত পরিমাণে দীর্ঘকালস্থায়ী ঋতু, ঋতুকালে বেদনা, ঋতুর পরে উহার আতিশয্য শয়ন করিলে ঋতু প্রবাহিত হয়, বসিলে বা হাঁটিলে উহার বিরতি জন্মে, শীতল পানীয় দ্রব্য পান করিলে ঋতুর বেদনার শান্তি জন্মে; ঋতুর রক্তের সবিরাম-প্রবাহ, কখন কখন উহা প্রায় স্থগিত থাকে, অনন্তর আবার পতিত হয় (সলফ)

অনিচ্ছায় মূত্র-পাত, কেবল শয়ন করিয়া মূত্রত্যাগ করিতে পারা যায়; পাণ্ডুবর্ণ (pale) প্রভৃত মূত্র, মূত্র বেগ, শয্যা পরিত্যাগ করিয়া না যাইতে না যাইতেই কাপড় নষ্ট হয় (এপিস, পেট্রোল); প্রথম নিদ্রাকালে মূত্র স্রাব (সিপি), শিশুকে উহা হইতে সহজে জাগরিত করিতে পারা যায় না।

মূত্র কালে ও তৎপরে জ্বালা ও টাটানি (সল্ফ)।

শ্বেতপ্রদর —বিদাহী (acrid, corrosive), দুর্গন্ধি স্রাব, ঋতুদ্বয়ের মধ্যবর্ত্তী সময়ে, উহার আতিশয্য (বোভ, বোর), স্রাবে কাঁচা শস্যের ন্যায় গন্ধ; উহাতে বস্ত্র শ্বেতসারের ন্যায় শক্ত হয়, ও বস্ত্রে হরিদ্রাবর্ণ দাগ লাগে।

প্রসবান্তিক স্রাব —মলিনবর্ণ, কপিশ দল দলা, দুর্গন্ধ, বিদাহী স্রাব, এক এক বার প্রায় থামিয়া যায়, আবার নূতন হইয়া উঠে (কোন, সল)

ভগ (Vulva) ও যোনির প্রবল বিদাহী কণ্ডুয়ন।

উপচয়।- বিমুক্ত বায়ুতে; শীত ঋতুতে; শীতল হইবার সময়; শীতল জলে গা ধুইলে বা স্নান করিলে; বিশ্রামে বিশেষতঃ শয়নকালে; বৃদ্ধি

উপশম।—সাধারণতঃ উষ্ণতায় উপশম

সম্বন্ধ।—(১) ক্যান্সার ও অন্যান্য দূষিত রোগে ক্রিয়োজোটের পরে, আর্স, ফস, সলফ, ভাল খাটে; (২) কার্ব্বোভেজি ও ক্রিয়োজোটে প্রতিকূল সম্বন্ধ

ক্রোকাস সেটাইভাস।

(Crocus Sativus).

পুনঃ পুনঃ অনুভূতির পরিবর্ত্তন ; যথা অত্যন্ত প্রফুল্লতা হইতে গভীর নৈরাশ্যে পরিণতি (হেপ, নাক্স ম)

অত্যন্ত আহ্লাদ ও প্রীতিপূর্ণতা সকলকেই চুম্বন করিতে প্রবৃত্তি ; পরক্ষণেই আবার ক্রোধের আবেশ।

শরীরের যে কোন স্থান হইতে কাল, আঠা আঠা, সংযত, রক্তপাত-স্থান হইতে লম্বা লম্বা কাল দড়ির ন্যায় ঝুলায়মান (ইলাপ্স) রক্তস্রাব

রজোনিবৃত্তি-কালে, দপদপকর, স্পন্দনকর, নিয়মিত ঋতু-কালের দুই তিন দিন বিবর্দ্ধিত ; শিরঃপীড়া ; স্নায়বীয় অথবা ঋতু সংসৃষ্ট, ও রজস্রাবের পূর্ব্বে, তৎকালে, বা তৎপরে উপস্থিত (ল্যাক, জিঙ্ক, সিপি) শিরঃপীড়া

চক্ষু—গৃহ যেন ধূমপূর্ণ ; যেন অশ্রুপাত করা হইয়াছে, ও চক্ষুর অন্তর্দেশে (across the eyes) যেন শীতল বাতাস বহিতেছে, এরূপ অনুভব, চক্ষুর পাতা দৃঢ়রূপে বন্ধ করিলে উপশম প্রাপ্তি

নাসিকার রক্তপাত ; কাল, চটচটে, রজ্জুবৎ রক্ত, প্রত্যেক বিন্দু টানিয়া সূত্রে পরিণত করিতে পারা যায় ; তৎসহ কপালে বড় বড় শীতল ঘর্ম্মবিন্দু (শীতল ঘর্ম্ম, কিন্তু পাখার বাতাস প্রাপ্তির ইচ্ছা, উজ্জ্বল লোহিত রক্তপাত, কার্ব্বো-ভেজ), দ্রুতবিকাশশীল শিশুদিগের নাসিকার রক্তপাত (ক্যাল্ক, ফস)

কাল রজ্জুবৎ, সংযত রক্তবিশিষ্ট রজঃস্রাব (অষ্ট)

আমাশয় উদর, গর্ভাশয় এবং অপর শরীরের অন্যান্য স্থানে যেন সজীব কিছু নড়িতেছে এরূপ অনুভব (থেরি, থুজা, সলফ) ; তৎসহ বিবমিষা ও শ্রান্তি

অতিশয় হর্ষ সংযুক্ত কোরিয়া ও হিষ্টিরিয়া একবার গান ও নৃত্যকরা (টারা) আবার বিষাদ ও রোষ।

স্বতন্ত্র স্বতন্ত্র পেশিশ্রেণীর আক্ষেপিক আকুঞ্চন ও স্পন্দন (এগার, ইগ্নে, জিঙ্ক)

সম্বন্ধ।—(১) কোকসের পর প্রায় সকল রোগেই নক্স, পল, বা সল ভাল খাটে (২) রজ-সংক্রান্ত রোগে অষ্টিংগোর সহিত কোকসের তুলনা হয়

ক্রোটন টিগ্লিয়ম।

(Croton Tiglium)

এতদ্বারা অন্ত্র-পথের (intestinal tract) শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হইয়া রক্তের জলীয়াংশ নিঃসৃত হয় ও প্রভূত, জলবৎ অতিসার জন্মে (ভিরে), এবং সর্ব্বশরীরে একপ্রকার তরুণ পামার উৎপত্তি হয় (রুস)

যেন আক্ষেপিক উৎক্ষেপে (Spasmodic jerks) বন্দুকের গোলার ন্যায় সবেগে (গ্যাম্ব), মল নিঃসৃত হয়; রোগী পান বা আহার করিবামাত্র অথবা আহার করিবার সময়েও মলস্রাব; হরিদ্রাবর্ণ জলবৎ মল

সতত মল-প্রবৃত্তি অনন্তর সহসা মল নিঃসরণ, মল সরলান্ত্র হইতে তীরের ন্যায় ছোটে (গ্যাম্ব, এ্যাট, পড, থুজা)

মল-ত্যাগের পূর্ব্বে অন্ত্রে জলের আন্দোলনের ন্যায় গতি (মলত্যাগের পূর্ব্বে কূজন, এলো)

বক্ষঃস্থলের অভ্যন্তর দিয়া স্তন হইতে স্কন্ধাস্থি (Scapula) পর্য্যন্ত আকর্ষণবৎ বেদনা, যতবার সন্তান স্তন পান করে ততবার একই পার্শ্বে বেদনা উপস্থিত হয়; স্তন-বৃন্তে অতিশয় স্পর্শ-বোধ অনুভূত হয়।

সর্ব্বশরীরের দারুণ কণ্ডূয়ন, কিন্তু চুলকাইতে পারা যায় না, বেদনা লাগে, কিন্তু আস্তে আস্তে ঘর্ষণ করিলে উপশম জন্মে; সর্ব্বশরীরে পামা (eczema)

স্ত্রী পুরুষ উভয়েরই জননাঙ্গের নিদারুণ কণ্ডূয়ন (রুস); পুরুষের জননাঙ্গে ফুস্কুড়ির ন্যায় উদ্ভেদ; এতই অনুভূতি ও স্পর্শ-বোধ যে চুলকাইতে পারা যায় না

কাস, মাথা বালিশ স্পর্শ করিবামাত্র একপ্রকার আক্ষেপিক কাসের উপস্থিতি, উহাতে শ্বাসরুদ্ধ হয়, গৃহে হাটিয়া বেড়াইতে অথবা জোরে বসিয়া ঘুমাইতে হয়।

উপচয় —প্রতি সঞ্চালনে; পানাস্তে; আহার বা স্তন-পান কালে (আর্জ্জেন্টা, আস´); গ্রীষ্মকালে; ফল ও মিষ্টান্ন আহারে (গ্যাম্ব); এবং অত্যল্প আহার বা পান গ্রহণে; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) শিশুদিগের পুরাতন অতিসারে, কালী-ব্রোম ও ফসের সহিত; স্তন-পান কালে স্তন-বৃন্ত হইতে পৃষ্ঠ পর্য্যন্ত বেদনায় সিলিশিয়ার সহিত; ক্রোটনের তুলনা হয়।

ক্রোটেলাস্ হরিডস্।

(Crotalus Horridus)

গণ্ডমালা ধাতু-দুষ্ট, দুর্ব্বলীভূত, রক্তস্রাব-প্রবণ ভগ্নদেহে; জাইমোটিক রোগকালে (বিষ বিশেষ দ্বারা অন্তরুৎসেচিত (fermented) হইয়া যে ব্যাপক, অব্যাপক বা সংক্রামক রোগ উৎপন্ন হয় তাহাকে জাইমোটিক রোগ বলে); মদিরাপায়ীদিগের পক্ষে; এবং কার্ব্বঙ্কল অথবা রক্ত স্ফোটকের অভিমুখতায় এন্থ্রা) এই ঔষধ উপযোগী হয়

শরীরের পূর্ব্ববর্ত্তী নিস্তেজ অবস্থাজনিত রোগ; সেপ্টিক, টাইফয়েড অথব ম্যালেরিয়া জ্বর; মদিরাপায়ীদের পুরাতন ফল; প্রকৃত পতনাবস্থা (Collapse)

সন্ন্যাস; অপরিমিত মদিরাপায়ী, এবং রক্তস্রাবী ও ভগ্ন-দেহ ব্যক্তিদিগের সন্ন্যাসজনিত টঙ্কার।

রক্ত-স্রাবপ্রবণ শারীরিক প্রকৃতি; চক্ষু, কর্ণ, নাসিকা ও শরীরের প্রত্যেক দ্বার হইতে রক্ত-পাত; রক্ত-ঘর্ম্ম।

চক্ষুর শুক্লমণ্ডলের, পীতবর্ণ; কনীনিকায় প্রদাহ (Keratitis), কিংবা কনীনিকা ও উপতারার (iris) প্রদাহের পর এই ঔষধে দৃষ্টির পরিষ্কারতা জন্মে

হলিমক বা উৎকট পাণ্ডু; যকৃৎ অপেক্ষা রক্ত অধিকতর আক্রান্ত।

রক্তস্রাবী পার্পুরা, সহসা সকল দ্বার হইতে, এবং ত্বক, নখ, ও মাড়ী হইতে রক্তস্রাব হয়।

জিহ্বার অগ্নিবৎ আরক্ততা, মসৃণতা ও সমতলতা (পাইরো); দারুণ স্ফীততা

সাংঘাতিক ডিপথিরিয়া বা স্কার্লেটিনা; গলকোষ বা তালুমূলের স্ফীততা বা গ্যাংগ্রীণ; শুষ্ক ঢোকগিলিলে বেদনার আধিক্য; বমন বা অতিসারের আক্রমণ

জীবনী-শক্তির অবসন্নতা; নাড়ী প্রায় পাওয়া যায় না; রক্তের বিষাক্ততা (পাইরো)

বমন।—উৎকণ্ঠা ও দুর্ব্বল নাড়ী সহকারে পৈত্তিক বমন, প্রতিমাসে ঋতুর পরে বমন, দক্ষিণ পার্শ্বে ব চিৎ হইয়া শয়ন করিলে তখনই মলিন, সবুজবর্ণ পদার্থ বমন; পীত-জ্বরের কৃষ্ণবর্ণ বা কফি-চূর্ণের ন্যায় বমন

অতিসার; কাল, পাতলা, কফি-চূর্ণের মত মল, দুর্গন্ধ মল; আহার্য্য ব' পেয়দ্রব্যে দূষিত ব'ম্প বা প চনজনক দ্রব্যের সংস্রবে উৎপন্ন অতিস'র; পীত-জ্বর, ওলাউঠা, টাইফয়েড, ও টাইফাস জ্বরের অতিসার।

সেপ্টিক, বা জাইমোটিক রোগাদিতে উৎপন্ন অন্ত্রের রক্তস্রাব; মলিন, তরল, অসংযত রক্ত

শবচ্ছেদ জনিত অভিঘাত; কীটের হুল-বেধ; গো-বীজে টীকা-গ্রহণের কুফল।

দুর্ব্বলী-ভূত দেহে অনুকল্প (vicarious) রজঃ (ডিজ্, ফস)।

নিবৃত্ত-রজস্কাদিগের তীব্র তাপাবেশ (flushes of heat) ও সিক্ততাজনক ঘর্ম্ম; শ্রান্তি ও আমাশয়ে শূন্যতানুভব; মলিন, তরল, দুর্গন্ধ রক্ত বিশিষ্ট, অনেকদিন স্থায়ী জরায়ুর রক্তস্রাব।

জরায়ুর দূষিত রোগ, রক্তস্রাবের সমধিক প্রবণতা, মলিন, তরল, দুর্গন্ধ রক্ত।

সম্বন্ধ।—(১) ইলাপ্স ল্যাক, নাজা, ও পাইরোর সহিত ক্রোটেলাসের তুলনা হয়। (২) ল্যাকেসিসে ত্বক্ শীতল ও আঠা আঠা ঘর্ম্মাক্ত থাকে; ক্রোটেলাসের ত্বক্ শীতল ও শুষ্ক থাকে; ইলাপ্স দক্ষিণ ফুসফুসের রোগে, কাল রক্ত নিষ্ঠীবনে ব্যবহৃত হয়।

———

গ্রাফাইটিস।

(Graphites)

যে সকল নারীদিগের স্থূলত্ব-প্রবণতা, অভ্যাস্ত কোষ্ঠবদ্ধতা ; এবং বিলম্বিত ঋতু থাকে তাহাদের পক্ষে গ্রাফাইটিস উপযোগী।

প্রাপ্ত-যৌবনাদিগের পক্ষে পলসেটিলার যেরূপ অধিকার নিবৃত্ত-রজস্কাদিগের পক্ষে গ্রাফাইটিসের সেইরূপ অধিকার

অতিশয় সতর্কতা, ভীরুতা, ইতস্ততঃতা ; কোন বিষয় স্থির-নিশ্চয় করিতে অসমর্থতা।

কার্য্য করিতে বসিয়া অস্থিরতা (জিঙ্ক)

বিমর্ষতা, হতাশতা ; গীত-বাদ্যে অশ্রুস্রাব ; মৃত্যু-চিন্তা ব্যতীত অন্য কোন চিন্তা না করা (গীত-বাদ্যে অসহ্যতা, ন্যাট-কা, স্যাব)

অক্ষি-পুটের পামা ; আর্দ্র ও বিদারিত উদ্ভেদ, অক্ষি-পুটের আরক্ততা ও উহার প্রান্তদেশে শল্ক বা চিপিটিকা (crusts)।

সঙ্গমেন্দ্রিয়ের অপব্যবহার বশতঃ উহার দৌর্ব্বল্য।

অতিরিক্ত স্বল্প, পাণ্ডুবর্ণ, প্রবল উদর-বেদনা সংযুক্ত বিলম্বিত ; ও পদদ্বয় আর্দ্র করাতে বিলম্বিত (পলস) ; ঋতু

ঋতু-কালে প্রাতঃকালীন বিবমিষা, অতিশয় দুর্ব্বলতা ও অবসন্নত (এলম, কার্ব্বো-এন, কক)।

বিদাহী, অঙ্গের অবদারণকর ; দিবসে ও রাত্রিতে দমকে দমকে নির্গত ; এবং ঋতুর পূর্ব্বে ও পরে উপস্থিত (পূর্ব্বে সিপি, পরে ক্রিয়ো); শ্বেতপ্রদর।

স্তন-ব্রণের পর অবশিষ্ট শক্ত ক্ষত-চিহ্ন, তজ্জন্য স্তন-দুগ্ধের প্রবাহের প্রতিবন্ধকতা ; পুরাতন ক্ষত-চিহ্ন ও পুনঃ পুনঃ ব্রণের উৎপত্তি হইতে স্তনের কর্কটিকা (ca ncer)।

ত্বকের অসুস্থতা ; প্রতি উপঘাতেই পূয়োৎপন্ন হয় (হিপার) ; পুরাতন ক্ষত-চিহ্ন পুনরায় কাঁচা হইয়া উঠে। কাণের উপরে উদ্ভেদ ; হাতের আঙ্গুল ও পায়ের আঙ্গুলের ব্যবধান স্থানে এবং শরীরের নানাস্থানে উদ্ভেদ,

এবং এই সকল উদ্ভেদ হইতে একপ্রকার জলবৎ, স্বচ্ছ, আঠা আঠা রস ক্ষরণ।

নখের ভঙ্গুরতা ও বিকৃতিপ্রাপ্তি (এণ্ট-ক্রুড) ; যেন ক্ষত হইয়াছে এরূপ বেদনা , স্থূলতা ও খঞ্জতা।

মস্তকের শিখর-দেশের উপরিভাগে জ্বালাকর গোলাকার ক্ষুদ্রস্থান (ক্যাল্ক, সলফ —শীতল স্থান, সিপি, ভিরে)

নিস্পন্দ-বায়ু রোগের (catalepsy) স্যায় অবস্থা ; চৈতন্যের বিদ্যমানতা, অথচ নড়িতে চড়িতে বা কথাবলিতে অক্ষমতা।

সহজে শর্দ্দি লাগে ; বায়ু-প্রবাহে অনুভবাধিক্য (বোর, ক্যাল, হিপ, নক্স) রুগ্নাঙ্গের শীর্ণতাপ্রাপ্তি

গোলমালে ভাল শুনিতে পাওয়া যায় ; ঘোড়ার গাড়ীতে বা রেলের গাড়ীতে, এবং গুড় গুড় শব্দ কালেও ভাল শুনা যায় (নাই-এসি)।

অতিসার —কপিশ, তরল, অজীর্ণ পদার্থ বিমিশ্রিত, ও অসহ্য দুর্গন্ধ মল ; প্রায়শঃ উদ্ভেদ-বিলোপ বশতঃ উহার উৎপত্তি (সোরি)।

পুরাতন কোষ্ঠবদ্ধতা ; আয়াসে নিঃসারিত বৃহৎ শক্ত, গ্রন্থিল,শ্লেষ্মার সূত্রদ্বারা সংযোজিত দলাদলা ; অতিরিক্ত বৃহৎ (সলফ) মল ; মলত্যাগান্তে মলদ্বারের টাটানি ও বেদনা।

নির্লজ্জ, বিরক্তিকর, কিংবা হাস্যকর বালক।

কপালে মাকড়সার জালের সূতা থাকার স্যায় অনুভব, উহা দূর করিয়া ফেলিবার অতিশয় চেষ্টা (বোরা, ব্যারা, ব্রোম, র‍্যাণ-ব্ধ)

ফ্লেগমোনস এরিসিপেলাস। জ্বালা ও হুল-বেধনবৎ বেদনা সংযুক্ত, মুখ-মণ্ডলের বিসর্প ; দক্ষিণ পার্শ্বে আরম্ভ হইয়া বাম দিকে গতি ; আইওডিন প্রয়োগের পর

স্ত্রী-পুরুষ উভয়জাতিরই রতি-ক্রিয়ায় নিশ্চিত অপ্রবৃত্তি।

উপচয়।—রাত্রিতে, ঋতু-কালে ও ঋতুর পরে বৃদ্ধি

সম্বন্ধ।—(১) কষ্ট, হিপ, ও লাইকোর সহিত অনুপূরক সম্বন্ধ। (২) লাই, ও পলের পরে গ্রাফ ভাল খাটে ; যুবতীদিগের মেদ-রোগে (obesity) ক্যালকেরিয়ার পরে ইহা উপযোগী হয় ; চর্ম্ম-রোগে, সলফারের পরে ; এবং দমকে

দমকে প্রায় স্রাবে পিপাসার যে স্বপ্ন স্রাব করে (৩) ঋতু রোগে গ্রাফ, লাই ও পলের সমতুল্য

গ্লনয়েন।

(Glonoine)

স্নায়বীয় ধাতু; রক্ত-প্রধান, অতিশয় অনুভূতিবিশিষ্ট স্ত্রী-লোক; সহজে আক্রান্ত হয় এরূপ ব্যক্তি

মানসিক উত্তেজনা ভয়োৎপত্তি ভীতি, উৎঘাত প্রাপ্তি ও উহার দোষ ফল জনিত অপকার; চুল-ছাঁটার মন্দ ফল (একন, বেল)

গ্যাসের আলোতে কার্য্য করাতে, ও মস্তকে উত্তাপ পতিত হওয়াতে মস্তকের উপদ্রব; মস্তকে উত্তাপ-লাগা সহ্য হয় না, চুল্লীর উত্তাপে অথবা রৌদ্রে হাঁটিলে অসুখ করে (ল্যাক, ন্যাট-কা)

মস্তিষ্কের রক্ত-সঞ্চয়, অথবা পর্য্যায়ক্রমে মস্তক ও হৃৎপিণ্ডের রক্ত-সঞ্চয় মস্তক অত্যন্ত বড় বোধ হয়; যেন মস্তিষ্ক অপেক্ষা করোটী (skull) ছোট এরূপ অনুভূত হয়; অর্কাঘাত ও সূর্য্যাবর্ত্ত শিরঃপীড়া (Sun stroke and Sun-headache); সূর্য্যের হ্রাস-বৃদ্ধির সহিত উহার হ্রাস-বৃদ্ধি (ক্যাল, ন্যাট-কা)।

নাড়ীর স্পন্দনের সঙ্গে সঙ্গে মস্তকে ভয়ঙ্কর ধাক্কা লাগে। দপদপকর ও স্পন্দনকর শিরঃপীড়া; দুই হাত দিয়া মাথা ধরিয়া রাখিতে হয়, শয়ন করিতে পারা যায় না, মাথায় বালিশের যেন আঘাত লাগে

মস্তিষ্ক অতিরিক্ত বৃহৎ, পূর্ণ ও ফাটিয়া পড়ার ন্যায় অনুভূত হয়; রক্ত উপরের দিকে উদ্বেলিত হয়, প্রতি পদ-বিক্ষেপে, নাড়ীর স্পন্দনে ও সংঘর্ষণে মস্তিষ্ক দপদপ করে।

বিলম্বিত বা বিলুপ্ত ঋতু বশতঃ মস্তিষ্কের তীব্র রক্ত-সঞ্চয়; ঋতুর পরিবর্ত্তে শিরঃ-পীড়া।

জরায়ুর প্রভূত রক্ত-স্রাবের পর শিরঃপীড়া; গর্ভবতী স্ত্রীদিগের মস্তকে রক্তের প্রধাবন।

ক্যারটিড ধমনীর দপ্ দপ্ সহকারে প্রবল ধড়্ফড়ানি ; হৃৎপিণ্ডের ক্রিয়া আয়াসিত ও গৌরবান্বিত (laboured & oppressed) রক্ত হৃৎপিণ্ডে, এবং তথা হইতে দ্রুতবেগে মস্তকে প্রধাবিত হয় বলিয়া বোধ হয়

মস্তিষ্কের রক্ত-সঞ্চয় বশতঃ শিশুদিগের টঙ্কার-রোগ (ধড়্কা), দন্তোদ্ভেদকালে মস্তিষ্ক-ঝিল্লীর প্রদাহ (meningitis), কিন্তু রোগী দেখিয়া বেলেডোনা উপযোগী বলিয়া বোধ হয়

সন্ধ্যাকালে কয়লার আগুনের নিকট বসিলে অথবা সেখানে ঘুমাইয়া পড়িলে বালক-বালিকাদিগের পীড়া জন্মে।

নিবৃত্ত রজস্কাদিগের তাপাবেশ (flushes of heat) (এমিল, বেল, ল্যাক); রজস্কাদিগের তাপাবেশ (ফির, স্যাঙ্গ)

উপচয়—সূর্য্যোত্তাপে, রৌদ্র-ভোগে ; গ্যাসের আলোতে; অতিরিক্ত উত্তাপ গ্রহণে ; সংঘর্ষণে, অবনমিত হইলে, ঊর্দ্ধে আরোহণে ; টুপির স্পর্শে, ও কেশচ্ছেদনে ; বৃদ্ধি।

সম্বন্ধ—(১) এমিল, বেল, ফির, জেল, মেলিল, ইহাদের সহিত গ্লনের সমগুণ সম্বন্ধ।

চায়না বা সিঙ্কোনা।

(China—Cinchona)

বলবান, শ্যামবর্ণ ব্যক্তিদিগের পক্ষে ; ও পূর্ব্বে সবল, পরে দৌর্ব্বল্যকর স্রাবাদি নিঃসরণ বশতঃ দুর্ব্বলীভূত ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উপযোগী।

ঔদাস্য, বৈরাগ্য, নীরবতা (ফস-এসি), নিরাশতা, বিমর্ষতা, বাঁচিয়া থাকিতে অনিচ্ছা, কিন্তু আত্মহত্যা করিবার সাহসের অভাব।

শরীরের তরল বিধানের অপচয় (loss of vital fluids), বিশেষতঃ রক্তস্রাব, এবং অতিরিক্ত স্তন্য-দান, অতিসার, পূয স্রাব (চিনি-সল) হইতে উৎপন্ন ; অপর, ম্যালেরিয়া-সম্ভূত নির্দ্ধারিত সময়ে প্রত্যাগত, একদিন পর এক দিন উপনীত ; রোগ।

প্রভৃতি রক্তস্রাব-বিশিষ্ট নিম্ন-বঙ্গবাসিদিগের রোগ ; তরুণ রোগের শেষ পরিণতি।

বেদনা — চিড়িকমারা অথবা টানিয়া-ছিঁড়িয়া ফেলার মত বেদনা, প্রতি সন্ধিস্থানে, সকল অস্থিতে ; ও অস্থি-বেষ্টে (periosteum) বেদনা, তজ্জন্য ঘন ঘন অঙ্গ-প্রত্যঙ্গ সঞ্চালন করিতে হয়, কেনন সঞ্চালনে উপশম জন্মে (ইউপ, রস), স্পর্শে বেদনা প্রত্যাবৃত্ত হয় এবং অনন্তর ক্রমে ক্রমে অত্যন্ত বৃদ্ধি পায় ; যৎসামান্য স্পর্শে বাড়ে, শক্ত চাপ দিলে কম পড়ে

অতিশয় দুর্ব্বলতা, শারীরিক শ্রমে অপ্রবৃত্তি, স্নায়বীয়তা ; স্পর্শে অনুভূতি, বেদনায়, ও বায়ু-প্রবাহে অতিরিক্ত অনুভূতি ; সমগ্র স্নায়ু-মণ্ডলের অত্যন্ত অনুভূতি অতৃপ্তিকর নিদ্রা, অথবা অবিরত নিদ্রা, রাত্রি তিনটার পরে উহার বৃদ্ধি ; প্রত্যুষে জাগরণ

এক হাতের বরফের ন্যায় শীতলতা, অন্য হাতের উষ্ণতা (ডিজি, ইপি, পলস)

শিরঃপীড়া—বোধ হয় যেন মাথা ফাটিয়া যাইবে ; মস্তকের ও গ্রীবার বৃহৎ ধমনীদ্বয়ের তীব্র দপ দপ ; বদনের প্রদীপ্ততা ; মস্তকের পৃষ্ঠভাগ হইতে সমগ্র মস্তকের উপর বেদনা ; বসিয়া অথবা শুইয়া থাকিলে বাড়ে, তখন দাঁড়াইতে বা হাঁটিতে হয় ; রক্তস্রাবের পরে বা অতিরিক্ত ইন্দ্রিয়-সেবার পরে উহার উৎপত্তি।

মুখ-মণ্ডলের পাণ্ডুরতা, নিমগ্নতা ও আকুঞ্চিততা, চক্ষু নিমগ্ন ও নীলবর্ণ প্রান্ত দ্বারা পরিবেষ্টিত ; অমিতাচারের পরবর্ত্তী মুখাকৃতির ন্যায় পাণ্ডুর ও রুগ্ন মুখাকৃতি ; সন্তানকে স্তন্যদান কালে দন্ত-বেদনা

আমাশয় ও অন্ত্রের অতিশয় আধ্মান, উদ্গারে উপশম জন্মে না (লাই, পডো।—উদ্গারে উপশম, কার্ব্ব-ভেজি) ; ফল আহারের পরে বৃদ্ধি পায় (পলস)

প্রত্যহ কোন এক নির্দ্দিষ্ট ঘণ্টায় উদর-বেদনা ; পিত্ত-শিলা (gallstones) বশতঃ নির্দ্ধারিত সময়ে প্রত্যাবৃত্ত উদর-বেদনা (কার্ড-মে) ; রাত্রিতে ও আহারান্তে বৃদ্ধি ; এবং অবনত হইয়া দ্বিভাঁজ হইলে (bending double) উপশম (কলো)।

রক্ত-স্রাব বশতঃ প্রসব-বেদনার বিরতি ; রোগিণীর কাহারও স্পর্শ সহ্য হয় না, তাহার হাত দুখানি পর্য্যন্ত ছুঁইতে পারা যায় না

মুখ, নাসিকা, জরায়ু বা অন্ত্র হইতে রক্তস্রাব ; ক্রমাগত অনেকক্ষণ রক্তপাত, অম্ল দ্রব্যের স্পৃহা ; মলিন রক্ত অথবা কর্ণনাদ সহকারে মলিন সংযত রক্তপাত, মূর্চ্ছা, দৃষ্টিহীনতা, সর্ব্বাঙ্গীন শীতলতা এবং কখন কখন তড়কা (ফিস-ফস)

সবিরাম জ্বর — প্রতি আক্রমণে জ্বরের আবেশ দুই তিন ঘণ্টা অগ্রবর্ত্তী হইয়া আইসে (চিনি-সল), সাত দিন বা চৌদ্দ দিন পর পর জ্বর প্রত্যাবৃত্ত হয়, কখনও রাত্রিতে জ্বর আইসে না ; আবৃত হইলে বা নিদ্রাকালে প্রভূত ঘর্ম্ম নিঃসৃত হয় (কোনা)।

উপচয়।—অত্যল্পমাত্র স্পর্শে ; একদিন পর একদিন ; বায়ু-প্রবাহে ; চিত্ত-বিকারে, ও রস রক্তাদির অপক্ষয়ে ; বৃদ্ধি।

উপশম।—প্রচাপনে ও অবনত হইয়া দ্বিভাঁজ হইলে হ্রাস।

সম্বন্ধ।—(১) ফিরমের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) অগ্রবর্ত্তী প্রকারের সবিরাম জ্বরে চিনি-সলফের সহিত তুলনীয় (ডিজি, ও সেলেনের পরে চায়না প্রতিকূল। (৪) অতিরিক্ত চা পানের মন্দফলে, রক্তস্রাব হইতে থাকিলে চায়না ফলপ্রদ

চেলিডোনিয়ম্ মেজস্।

(Chelidonium Majus)

সুন্দর, পাতলা মুখাকৃতি, ক্ষীণ-দেহ, উত্তেজনশীল ; যকৃৎ, আমাশয় ও উদরের রোগ-প্রবণ (পড) ; সকল বয়স, সকল ধাতু ও সকল লিঙ্গের রোগীদিগের পক্ষেই এই ঔষধ উপযোগী

দক্ষিণ স্কন্ধাস্থির (Scapula) নীচের ও অভ্যন্তরের কোণের নিম্নে অবিরত বেদনা (কালী-কা, মার্ক —বাম স্কন্ধাস্থির, চিনোপ, সাঙ্গ)

ঋতু-পরিবর্ত্তনে উপস্থিত বা প্রত্যাবৃত্ত অসুস্থতা (মার্ক) ; আহারান্তে সমস্ত অসুখের হ্রাসপ্রাপ্তি

জিহ্বায় গাঢ় পীতবর্ণ লেপ, প্রান্তভাগের আরক্ততা, দন্তের চিহ্ন (পড — বৃহৎ লোহিত জিহ্বায় দন্তাঙ্ক, মার্ক)

যে পর্য্যন্ত না দগ্ধপ্রায় আমাশয় উহা উদ্গীরণ করে, সে পর্য্যন্ত অতিশয় উত্তপ্ত পানীয় দ্রব্যের আকাঙ্ক্ষা (অাস, ক্যান্স)

নির্দ্ধারিত সময়ে সমাগত অক্ষি-কোটরের স্নায়ুশূল (দক্ষিণ পার্শ্বের), ও অতিশয় অশ্রুপাত ; অশ্রুজল প্রবল বেগে নির্গত হয় (রস)।

কোষ্ঠ-রোধ ; মেষের বিষ্ঠার ন্যায় গোল গোল শক্ত শক্ত গোলার আকার মল (ওপি, প্লম্ব) ; পর্য্যায়ক্রমে কোষ্ঠ-কাঠিন্য ও অতিসার।

অতিসার।—রাত্রিতে ; শেওলা শেওলা, পাতলা-ধূসর, উজ্জ্বল পীতাভ ; কপিশ বা শুভ্র, জলবৎ, লেহাকার ; অনিচ্ছায় নিঃসৃত ; মল।

বদন, কপাল, নাসিকা ও গণ্ডদ্বয়ের সবিশেষ পীতবর্ণ।

ত্বকের পীতমিশ্রিত ধূসর বর্ণ ; পরিশুষ্ক কুঞ্চিত ত্বক্। হস্তের তালুকায় এই প্রকার বর্ণ ও আকৃতি (সিপি)

যকৃদ্রোগ ; পাণ্ডু (jaundice), দক্ষিণ স্কন্ধে বেদনা।

দক্ষিণ ফুসফুসের প্রদাহ, যকৃতের উপসর্গ (মার্ক)

আক্ষেপিক কাস ; কাসিবার সময় মুখ হইতে ক্ষুদ্র ক্ষুদ্র শ্লেষ্মাখণ্ড বিক্ষিপ্ত হইয়া থাকে (ব্যাডে, ক্যালী-কা)

দক্ষিণ পার্শ্বের সমধিক আক্রান্তি ; দক্ষিণ চক্ষু, দক্ষিণ ফুসফুস, দক্ষিণ কুক্ষি ও উদর, দক্ষিণ বঙ্ক্ষণ (hip) ও জঙ্ঘার আক্রান্ততা ; দক্ষিণ পদ বরফের ন্যায় শীতল ; বাম পদ স্বাভাবিক (লাই)

আহারান্তে দুর্ব্বলতা ও আলস্য, শয়ন করিয়া থাকিতে ইচ্ছা যকৃদ্রোগের পূর্ব্ব ইতিবৃত্ত সংযুক্ত অথবা যক্ষ্মা-প্রবণ-ধাতুবিশিষ্ট ব্যক্তিদিগের পুরাতন, পচা প্রসারণশীল ক্ষত।

পিত্ত-শিলা, দক্ষিণ স্কন্ধাস্থির নীচে বেদনা (পিত্ত-শিলাজনিত উদর-বেদনার ভয়ানক আক্রমণ, কার্ড্)।

সম্বন্ধ।—(১) যকৃতের পীড়ায় ব্রাইওনিয়ার অপব্যবহারের মন্দফল চেলিডোনিয়ম দ্বারা নিবারিত হয় (২) চেলিডোনিয়মের সহিত একন, ব্রাই, লাই, মার্ক, নক্স, স্যাঙ্গ, সিপি, ও সলফের তুলনা হয় (৩) চেলিডোনিয়মের পরে আর্স, লাই ও সলফ ভাল খাটে, এবং আরোগ্য সম্পুরণার্থে প্রায়ই আবশ্যক হয়।

জিঙ্কংম মেট্যালিকংম।

(Zincum Metallicum)

মস্তিষ্কের ও স্নায়ুর অবসন্নতা; জীবনীশক্তির প্রচুরতা, মস্তিষ্ক ও স্নায়ুর শক্তির অসদ্ভাব; এত দুর্ব্বলতা যে হামাদি উদ্ভেদ অথবা ঋতু প্রকাশিত হইতে পারে না, নিষ্ঠীবন, ও মূত্র ত্যাগ করিতে, এবং বুঝিতে বা মনে রাখিতে পারা যায় না।

পদদ্বয়ে ও নিম্নাঙ্গের অবিরত ও উৎকট অস্থিরতা অনুভব; সর্ব্বদা উহা সঞ্চালন করিতে হয়।

যেই ঋতু-রক্ত প্রবাহিত হইতে থাকে সেই সকল প্রকার অসুখের নিবৃত্তি জন্মে, সকল প্রকারেই ভাল বোধ হয়, কিন্তু ঋতু বন্ধ হইলেই তখন আবার সকল অসুখ প্রত্যাবৃত্ত হয়।

মস্তিষ্কের রোগে, মস্তিষ্কের পক্ষাঘাত-সম্ভাবনায়; স্বাভাবিক আরোগ্য-শক্তির অতিরিক্ত দুর্ব্বলতা বশতঃ উদ্ভেদের অবিকাশ (স্কুপ, সল, টিউব); মস্তিষ্ক-গহ্বরে রস-ক্ষরণের লক্ষণ

শিশুকে যাহা বলা যায় সে তাহারই পুনরুক্তি করে

শিশু নিদ্রায় কাঁদিয়া উঠে; নিদ্রাকালে সর্ব্বশরীরে উৎক্ষেপণ জন্মে; ভীত হইয়া জাগরিত হয়, এক-দৃষ্টে চাহিয়া থাকে, মস্তক অবলুণ্ঠন করে; তাহার মুখমণ্ডল একবার পাণ্ডুর একবার আরক্ত হয়।

দন্তোদ্গম কালে, পাণ্ডুবর্ণবদন ও অনুতাপ সহকারে,

টঙ্কার (দড়কা), কেবল মস্তকের পশ্চাদ্ভাগে উত্তাপ থাকিলেও থাকিতে পারে, কিন্তু গাত্র-তাপের বৃদ্ধি দৃষ্ট হয় না (বেলেডোনার বিপরীত); চক্ষু ঘূর্ণন; দন্তেদন্তে সংঘর্ষণ

হস্ত-দ্বয় ও মস্তকের, অথবা এক হস্ত ও মস্তকের অনৈচ্ছিক গতি (এপোসা, ব্রাই, হেলি)।

উদ্ভেদ-বিলোপ; বা ভয়প্রাপ্তি বশতঃ কোরিয়া (তাণ্ডব রোগ)।

পূর্ব্বাহ্ন ১১ টা বা ১২ টার সময় ভয়ানক ক্ষুধা (সল); আহারকালে অতিশয় পেটুকতা; শীঘ্র শীঘ্র খাইতে পারা যায় না (শিশুদিগের প্রচ্ছন্ন মস্তিষ্ক-রোগ)।

শয্যায় শয়ন করিবার পরে কয়েক ঘণ্টা পর্য্যন্ত, এমন কি নিদ্রাকালেও পদদ্বয়ের অতিশয় স্নায়বীয় সঞ্চালন

পদদ্বয়ের ঘর্ম্মাক্ততা, ও অঙ্গুলির নিকটে ক্ষত; দুর্গন্ধ পাদ-ঘর্ম্মের বিলুপ্তি; অতিশয় স্নায়বীয়তা।

বেদনাপূর্ণ নিহার-স্ফোট (Chilblains), ঘর্ষণে উহার বৃদ্ধি

পৃষ্ঠ-বংশের পীড়া; সমগ্র পৃষ্ঠবংশের দীঘাদীঘি জ্বালা; পৃষ্ঠবেদনা, উপবেশনে উহার অতিশয় আধিক্য, বিচরণে হ্রাস (কোবাল্ট, পলস, রসটক্স)।

পৃষ্ঠ-বংশের উপদাহ; শক্তির অতিশয় অবসন্নতা।

পৃষ্ঠে স্পর্শ সহ্য হয়না (চিন-সল, টারাণ, থেরে)।

কেবল পশ্চাদ্দিকে বক্র হইয়া বসিয়া মূত্রত্যাগ করিতে পারা যায়।

এক একটী পেশীর স্পন্দন ও উৎক্ষেপণ (এগার, ইগ্নে)।

শরীর-শাখায় দুর্ব্বলতা ও কম্পন; লিখিবার সময় হস্ত কম্পন; ঋতু-কালে হস্ত-পদের কম্প।

ঘর্ম্ম-কালে কোন প্রকার গাত্রাবরণ সহ্য করিতে পারা যায় না

উপচয়—সুরা-পানে, অল্পমাত্র পানেও অনেকগুলি লক্ষণের বৃদ্ধিপ্রাপ্তি (এলম, কোন)।

উপশম—নিষ্ঠীবন ত্যাগে বক্ষোলক্ষণের; মূত্র-ত্যাগে মূত্রাশয়ের লক্ষ-

গের ; শুক্রস্রাবে পৃষ্ঠ-লক্ষণের (বৃদ্ধি,-কোবাল্ট) এবং ঋতু স্রাবে সর্ব্বাঙ্গীন লক্ষণের ; উপশম

সম্বন্ধ—(১) উদ্ভেদ বিলোপ জনিত প্রচ্ছন্ন মস্তিষ্ক-রোগে, হেলি ও টিউব, জিঙ্কের সমগুণ (২) জিঙ্কের পরে ইগ্নে ভাল খাটে, কিন্তু নক্স ভাল খাটে না। (৩) জিঙ্কের সহিত ক্যাম ও নক্সের প্রতিকুল সম্বন্ধ ; জিঙ্কের পরে বা পূর্ব্বে এই দুই ঔষধ ব্যবহৃত হয় না।

জেলসিমিয়ংম।

(Gelsemium.)

বালক-বালিকা, ও যুবক-যুবতীদিগের পক্ষে, বিশেষতঃ স্নায়বীয় ও গুল্মবায়ু-প্রকৃতির নারীদিগের পক্ষে এই ঔষধ উপযোগী

গতিজনন-স্নায়ুর (Motor nerves) সম্পূর্ণ পক্ষাঘাত সহকারে সমগ্র পেশী-মণ্ডলীর সম্যক্ শিথিলতা ও অবসন্নতা

উত্তেজনা, উপদাহ, ও অনুভূতি-শীলতা ; স্ত্রী-পুরুষ উভয় জাতিরই কৃত্রিম মৈথুন জনিত স্নায়বীয় রোগ

ভয়, উত্তেজক সংবাদ ও আকস্মিক মনোভাবের মন্দফল (ইগ্নে। আকস্মিক, আনন্দ জন্য, কফি)।

মৃত্যু-ভয় (আর্স) ; সম্পূর্ণ সাহসহীনতা।

ভজনালয়ে, নাট্যালয়ে, অথবা কাহারও সহিত সাক্ষাৎ করিতে যাইতে হইলে অতিসার উপস্থিত হয় ; সাধারণের নিকট উপস্থিত হইতে বা রঙ্গমঞ্চ দর্শনে ভয় জন্মে (আর্জ্জ-না)।

সূর্য্যের উত্তাপ বা গ্রীষ্মকালের উত্তাপজনিত সর্ব্বাঙ্গীন অবসাদ

জিহ্বা, হাত, জঙ্ঘা ; ও সমস্ত শরীরের দুর্ব্বলতা ও কম্পন।

নীরবে, ও একাকী থাকিতে ইচ্ছা ; কাহারও সহিত কথা বলিতে অথবা কাহাকে নিকটে আসিতে দিতে (সে চুপ করিয়া থাকিলেও) অনিচ্ছা (ইগ্নে)।

শিরোঘূর্ণন, মস্তকের পশ্চাদ্ভাগ হইতে উহার প্রসারণ (সিপি) ; শিরোঘূর্ণন সহকারে দ্বিত্ব-দৃষ্টি (একটী বস্তু দুইটী দেখা), ঝাপসা দৃষ্টি ; দৃষ্টি-বিলোপ ; ও নড়িতে চড়িতে চেষ্টা করিলে মত্তবৎ অনুভব

শিশুদিগের পতনের ভয়, ভয় বশতঃ শিশু ধাত্রীকে বা অন্য কিছু ধরিয়া থাকে (বোরা, স্যানি)

দৃষ্টি-হীনতা-পূর্ব্বক শিরঃপীড়া (কালী-বাই) প্রভূত মূত্রস্রাবে উহার শান্তি

পেশীর সামঞ্জস্যের বা সম-নিয়োগতার (co-ordination) অসদ্ভাব ; পেশীগুলি ইচ্ছানুরূপ কার্য্য করে না।

শিরঃপীড়া —মেরুদণ্ডের গ্রীবাদেশীয় অংশে উহার আরম্ভ ; মস্তকের উপর দিয়া বেদনার প্রসারণ, কপালে ও অক্ষি-গোলকে বিদারণবৎ অনুভব (স্যাঙ্গ, সিলি, এইরূপে আরম্ভ, কিন্তু এক পার্শ্বে) ; মানসিক পরিশ্রমে ; ধূম-পানে, সূর্য্যোত্তাপে , ও মস্তক নিম্ন করিয়া শয়নে ; বেদনার বৃদ্ধি।

চক্ষুর উর্দ্ধে মস্তকের চারিদিকে বন্ধনের ন্যায় অনুভব (কার্ব্বল-এসি, সলফ); মস্তকের উপরিভাগে স্পর্শ-দ্বেষ

না নড়িলে চড়িলে হৃৎপিণ্ডের স্পন্দন স্থগিত হইবে এরূপ আশঙ্কা , (নড়িলে চড়িলে রোগিণীর হৃৎপিণ্ডের স্পন্দন স্থগিত হইবে এরূপ আশঙ্কা, ডিজি)

বৃদ্ধ বয়সের ধীর (মন্দগতি) নাড়ী

চক্ষুর পাতার অতিশয় গুরুত্ব ; উহা উন্মীলিত রাখিতে পারা যায় না। (কষ্টি, গ্রাফ, সিপি)

জ্বরে পিপাসা-পরিশূন্য শীত, বিশেষতঃ মেরুদণ্ডের উপর দিয়া শীত, ত্রিকাস্থি হইতে মস্তকের পশ্চাদ্ভাগ পর্য্যন্ত দ্রুত-গতি তরঙ্গের ন্যায় পরম্পর পৃষ্ঠের উপরে ও নীচে শীতের প্রধাবন।

উপচয় —আর্দ্রকালে ঝড়-বজ্রের পূর্ব্বে ; মনোভাব বা মানসিক উত্তেজনায় , কুসংবাদে ; তামাকের ধূমপানে ; রোগের বিষয় ভাবিলে ; এবং কাহারও মুখে নিজের ক্ষতির কথা শুনিলে , বৃদ্ধি।

সম্বন্ধ।—আশঙ্কিত টাইফয়েড্ জ্বরে ব্যাপ্টিসিয়ার সহিত , এবং কুইনাইন দ্বারা প্রতিরুদ্ধ সবিরাম জ্বরে ইপিকাকের সহিত জেলসের তুলন হয়।

টিউবারকিউলাইনঃম—ব্যাসিলাইনঃম।*

(Tuberoulinum—Baoillinum)

যে সকল ব্যক্তির মুখাকৃতি পাতলা, নয়ন নীলবর্ণ গৌর ; যাহাদের বক্ষঃস্থল দীর্ঘ, ক্ষীণ, চেপ্টা ও অপ্রসারিত ; মানসিক শক্তি অকাল পক্ক, শরীর দুর্ব্বল, এবং যাহাদের গুটিকা-ধাতু (tube culn-d'ath sis) ; তাহাদের পক্ষেই এই ঔষধ বিশেষ উপযোগী।

যখন কোন রোগীর কুল-দোষে গুটিকা-রোগের (টিউবারকিউলার ডিজিজ) বিবরণ জানা যায়, এবং অত্যন্ত সুনির্ব্বাচিত ঔষধেও উপশম বা স্থায়ী উপকার না দর্শে, তখন রোগের নাম যাহা কেন না হউক, এই ঔষধ ব্যবহৃত হইয়া থাকে

রোগের লক্ষণের অবিরত পরিবর্ত্তন ; ফুসফুস, মস্তিষ্ক, বৃক্ক (kidneys), যকৃৎ, আমাশয় স্নায়ুমণ্ডল প্রভৃতি যন্ত্রের একটীর পর আর একটীর আক্রান্ততা,—সহস উহার আরম্ভ এবং সহসা নিবৃত্তি

সহজে শর্দ্দি লাগে, কি প্রকারে কোথায় শর্দ্দি লাগে তাহা জানা যায় না ; "বিমল বায়ুর প্রতি নিশ্বাস গ্রহণেই" যেন শর্দ্দি লাগে এরূপ বোধ হয় (হিগ)।

দ্রুত ও সুস্পষ্ট শীর্ণতা ; ভালরূপে আহার করিলেও মাংসের ক্ষয়প্রাপ্তি (এব্রোট, ক্যাল্ক, কোনা, আইও, স্যাট)।

বিষণ্ণতা, আশাশূন্যতা, বিমর্ষতা, কোপনতা, বিরক্ত-চিত্ততা, ক্ষণরাগিতা, নীরবতা, নিরানন্দতা ; স্বভাবতঃ মধুর প্রকৃতি কিন্তু এক্ষণ প্রায় উন্মত্ততা।

গৃহের সমস্ত বস্তুই অপরিচিত বোধ হয়, যেন কোন অপরিচিত স্থানে অবস্থিতি করা যাইতেছে।

শিরঃপীড়া।—পুরাতন, ও গুটিকাজনিত শিরঃপীড়া ; দারুণ তীব্র, কর্ত্তনবৎ দক্ষিণ চক্ষু হইতে মস্তকের পশ্চাদ্ভাগ পর্য্যন্ত প্রসারিত বেদনা ; বোধ হয়

* ডাঃ ফিঙ্ক ও সোয়ান ফুসফুসের পূযময় নিষ্ঠীবন হইতে এবং ডাঃ হিথ অণু-বিক্ষণদৃষ্ট, ব্যাসিলঃস টিউবারকিউলোসিস বিশিষ্ট, টিউবারকিউলাস ফুসফুস হইতে

যেন মাথার চারিদিকে একটা লোহার পাত (i on hoop—লৌহবলয়, লোহার আংটা) রহিয়াছে (এনাক, গন্ধক) ; অতিশয় সুনির্বাচিত ঔষধেও বেদনা কেবল থামা থাকে মাত্র

বিদ্যালয়ের বালিকা গণের শিরোবেদনা — অধ্যয়নে বা সামান্য মানসিক শ্রমে বেদনার আতিশয্য ; নিকটে চক্ষু রাখিয়া কার্য্য করাতে বৃদ্ধি, চসমা চোখে থাকিলেও অমুপশম ; গুটিকা দোষের পূর্ব্ববৃত্তান্ত।

মস্তিষ্ক ঝিল্লীর বা উহার ভূমিদেশের প্রদাহ, তৎসহ রস-নিঃস্রবণের আশঙ্কা ; রাত্রিতে ভ্রান্ত-দৃষ্টি (ধাঁধা দেখা) ; নিদ্রা হইতে ভীত হইয়া চিৎকার পূর্ব্বক জাগরণ ; যখন এপিস, হেলি বা সলফ সুনির্ব্বাচিত হইলেও ফলপ্রদ হয় না।

নাসিকায় ক্রমাগত দারুণ বেদনা বিশিষ্ট স্ফোটক সমূহের উৎপত্তি ,হরিদ্বর্ণ দুর্গন্ধি পূয (সিকে)

প্লাইকাপলোনিকা (কেশরোগ বিশেষ) ; বোরা ও সোরি বিফলান্তে এতদ্দ্বারা কয়েকজন রোগীর চির আরোগ্য লাভ হইয়াছিল

অতিসার —আকস্মিক, অনিবার্য্য, প্রত্যুষ কালীয় অতিসার (সলফ) ভালরূপে আহার গ্রহণেও শরীরের শীর্ণতা প্রাপ্তি (আইও, ন্যাট) ; ময়লা, কটা, জলবৎ, দুর্গন্ধ, মল ; অতিবেগে নিঃসরণ ; অতিশয় দুর্ব্বলতা ও প্রভৃত ; নৈশ ঘর্ম্ম।

ঋতু নির্দ্ধারিত সময়ের অধিক পূর্ব্বে ; অতি প্রভূত ; অতিরিক্ত দীর্ঘকাল স্থায়ী ; প্রারম্ভে ধীর-গতি ; ভয়ঙ্কর রজঃকৃচ্ছ্র সংযুক্ত ; গুটিকা-দোষের ইতিবৃত্ত বিশিষ্ট ; ঋতু

ফুসফুসের, বিশেষতঃ বাম ফুসফুসের শিখর-দেশে গুটিকা সঞ্চয় (ফস, সলফ, থেরে)।

পামা (eczema) ।—সমস্ত শরীরের উপর গুটিকাজনিত পামা ; দারুণ কণ্ডূয়ন, রাত্রিতে গাত্র-বস্ত্র উন্মোচনে, ও স্নানে উহার আধিক্য ; অধিক পরিমাণে শাদা শাদ ভুষির ন্যায় শল্ক পাত , কর্ণের পশ্চাতে, চুলে, চর্ম্মের বলিতে অবদরণ ও স্পর্শদ্বেষ সহ রস ক্ষরণ ; চর্ম্মের অগ্নিবৎ আরক্ততা । দদ্রু।

এই ঔষধ প্রস্তুত করিয়াছিলেন ; এক্ষণে ফিঙ্ক ও সোয়ানের ঔষধ টিউবারকিউলাইনাম এবং হিথের ঔষধ ব্যাসিলাইনাম নামে অভিহিত হইয়া থাকে কিন্তু উভয় প্রস্তুতিই নির্ভরযোগ্য ও ফলপ্রদ।

সম্বন্ধ।—(১) সলফার ও সোরিণমের সহিত অনুপূরক সম্বন্ধ (২) যখন সোরি বা সলফ, অথবা অন্য কোন সুনির্ব্বাচিত ঔষধে উপশম বা স্থায়ী উপকার দর্শেনা তখন টিউবার ব্যবহৃত হয়; হে-ফিভার ও হ্যাজ্মা রোগে ধাতু-দোষ সংশোধনার্থে সোরিণমের পরে টিউবার প্রয়োজিত হয় (৩) গুটিকা-জনিত রোগে, রক্ত সঞ্চয় বা প্রদাহের তরুণ আক্রমণে বেলেডোনা ব্যবহৃত হয় (৪) টিউবার-প্রয়োগে আরোগ্য প্রাপ্ত রোগীর স্থূলত্ব জন্মাইবার জন্য হাই-ড্রাষ্টিস প্রয়োজিত হয়

টেরেবিন্থ।

(Terebinth)

মূত্রে ভায়োলেট ফুলের গন্ধ।

জিহ্বার মসৃণতা, চিক্কণতা (glossy) ও আরক্ততা, যেন জিহ্বা-কণ্টক (papillæ) বিনষ্ট হইয়াছে; উন্নত জিহ্বা কণ্টক; জিহ্বার লেপ খণ্ডে খণ্ডে উঠিয়া পড়ে; উহার নীচে উজ্জ্বল লোহিত বর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র স্থান দৃষ্ট হয়, অথবা সমগ্র লেপ সহসা পরিষ্কার হইয়া পড়ে (সম্ফোট জ্বরে), জিহ্বার শুষ্কতা ও আরক্ততা, অগ্রভাগ জ্বালা (মিউর-এসিড় সহিত তুলনা করুন)।

উদর।—স্পর্শে অত্যন্ত অনুভূতি; স্ফীতত্তা, আধ্মান, অতিশয় আধ্মান, কূজন (কলচি)।

অতিসার। জলবৎ, ঈষৎ হরিদ্বর্ণ, আমসংযুক্ত; প্রভূত, দুর্গন্ধি, রক্তাক্ত পুনঃ পুনঃ নিঃসৃত মল; মলদ্বারে ও সরলান্ত্রে জ্বালা; মল ত্যাগান্তে মূর্চ্ছা ও অবসন্নতা (আর্স)।

কৃমি শ্বাসে দুর্গন্ধ গল-রোধ (সিনা, স্পিজি); শুষ্ক, খক্ খক্ কাস; মলদ্বারে তুড়তুড়ি, সূত্র-কৃমি, মহীলতার ন্যায় কৃমি, পট্ট-কৃমির (tape worms) অংশ নিঃসরণ।

রক্তমূত্র।—মূত্রের সহিত সম্যকরূপে মিশ্রিত রক্ত, কফি-চূর্ণের

ন্যায় অধঃস্থিত পদার্থ; সরাবৃত (curdly), ধূমল, সাওলাল (albuminous) মূত্র ; প্রভৃত, মলিন অথবা কাল, বেদনাশূন্য, মূত্র।

বৃক্কক, মূত্রাশয় (bladder), ফুসফুস, অন্ত্র (intestines), জরায়ু প্রভৃতি আভ্যন্তরিক যন্ত্রের রক্ত-সঞ্চয় ও প্রদাহ, তৎসহ রক্তস্রাব এবং সাংঘাতিকতার প্রবণতা।

পার্পুরা হিমোরেজিকা, দিন দিন নূতন নূতন বহুসংখ্যক কালশিরা (ecchymoses) (সলফ-এসি)।

বৃক্ককের বিধান বিকারে সর্ব্বাঙ্গীন শোথ সহ উদরী, স্কার্লেটিনার পরে শোথ (এপিস, হেলি, ল্যাক)

ক্ষতসহ অন্ত্র হইতে রক্তস্রাব ; গুহ্য অথবা উপত্বকের অপকৃষ্টতা সহকারে মলিন অবল রক্তপাত।

বৃক্কক, মূত্রাশয় ও মূত্রমার্গে প্রবল জ্বালাকর ও আকর্ষণবৎ বেদনা (বার্ব, ক্যান, ক্যান্থ)

মূত্রাশয়ে প্রবল জ্বালা ও কর্ত্তনবৎ যাতনা, কুন্থন ; উদরের নিম্নভাগে অনুভবাধিক্য ; মূত্রাশয়ের মূলদেশের দুর্ব্বলতা বশতঃ মূত্রাশয়-প্রদাহ ও মূত্ররোধ

সাওলাল মূত্র ; উহার তরুণ ও প্রথমাবস্থা, ছাঁচ ও উপত্বক (casts and epithelium) অপেক্ষা রক্ত ও অণ্ডলালের আধিক্য ; ডিফথিরিয়া, স্কার্লেটিনা ও টাইফয়েড জ্বরের পরবর্ত্তী এলবুমিনুরিয়া (সাওলাল-মূত্র)।

মূত্রে অণ্ডলাল ও রক্তের আধিক্য কিন্তু ছাঁচের অতিশয় অল্পতা ; আর্দ্র গৃহে বাসে বৃদ্ধি

মূত্রকৃচ্ছ্র ; আক্ষেপিক মূত্র-রোধ।

সম্বন্ধ।—এলুমেন, আর্স, আর্ন, ক্যান্থ, ল্যাক, নাই-এসিড সহিত সমগুণ সম্বন্ধ।

ম্যালেরিয়া ও আফ্রিকার জ্বরে প্রতিষেধক ঔষধ স্বরূপ ব্যবহারেরও বিধি আছে।

ট্যাবেকমে।

(Tabacum)

মস্তিষ্কের উপদাহ (cerebral irritation) হইতে উৎপন্ন রোগ, ও তৎপরে ফুসফুস পাকাশয়িক স্নায়ুর (vagi) ক্রিয়ার সুস্পষ্ট উপদাহ

গালের ও পৃষ্ঠের শীর্ণতা।

সমগ্র পেশীমণ্ডলের সম্পূর্ণ অবসন্নতা।

গাত্রের বরফের ন্যায় শীতলতা ; শীতল ঘর্ম্মে আচ্ছন্নতা।

শ্বাস-কাস, সবমন শিরঃপীড়া, শিরোঘূর্ণন, হাঁচি প্রভৃতি লক্ষণের আবেশে আবেশে অর্থাৎ থাকিয়া থাকিয়া উপস্থিতি।

অজীর্ণ, হৃৎকম্প, ও সবিরাম নাড়ী সহকারে অতিশয় নিরাশতা।

শিরোঘূর্ণন।—মৃত্যুবৎ পাণ্ডুবর্ণ, উহা বর্দ্ধিত হইয়া সংজ্ঞাশূন্যতা, বিমুক্ত বায়ুতে ও বমনে ; উত্থানে অথবা উর্দ্ধদিকে দৃষ্টিপাতে ; এবং চক্ষুর উন্মীলনে, উপশম প্রাপ্তি।

প্রত্যূষে সবমন শিরঃপীড়ার উপস্থিতি, মধ্যাহ্নে উহার অসহ্যতা, নিদারুণ বিবমিষা, প্রবল বমন , শব্দ ও আলোকে বৃদ্ধি ; নির্দ্ধারিত সময়ে প্রত্যাবৃত্তি, এক বা দুই দিন স্থায়িত্ব

মস্তকের দক্ষিণ পার্শ্বের উপর হাতুড়ি বা গদার আঘাতের ন্যায় আকস্মিক বেদনা।

ঝাপসা দৃষ্টি, যেন অবগুণ্ঠনের ভিতর দিয়া দেখা যাইতেছে ; মস্তিষ্কের উপদ্রব জনিত তির্য্যগ্দৃষ্টি (strabismus)

রেটিনা অথবা দর্শন-স্নায়ুর শীর্ণতা জনিত দৃষ্টিহীনতা।

পাণ্ডুবর্ণ, নীলবর্ণ, কুঞ্চিত, নিমগ্ন, পতনাবস্থাপন্ন, শীতল ঘর্ম্মাচ্ছন্ন ; মুখমণ্ডল কপালে শীতল ঘর্ম্ম, ভিরে)।

বিবমিষা ; সামুদ্রিক বিবমিষার ন্যায় অবিরত বিবমিষা ; অল্পমাত্র নড়িলে চড়িলেই বমন ; তৎসহ শ্রান্তি ; বিমুক্ত বায়ুতে উপশম।

বমন।—শীতল ঘর্ম্মসহ, প্রবল বমন ; নড়িতে চড়িতে আরম্ভ

করিলেই বমন ; গর্ভাবস্থায় বমন ; ল্যাক্টিক এসিড বিফল হইলে ব্যবহৃেয় (সোরি)

সামুদ্রিক বিবমিষা, নিদারুণ বিবমিষা ; পাণ্ডুবর্ণ ও শীতলতা ; যৎসামান্য সঞ্চালনে বৃদ্ধি এবং জাহাজের ডেকের উপরে বিমল শীতল বায়ু সেবনে উপশম

আমাশয়-গহ্বরে ভয়ঙ্কর শ্রান্তি ও নিমগ্নতা (sinking) অনুভব।

বিবমিষা সহকারে আমাশয়ের শিথিলতা অনুভব (ইপি, ষ্টাফ)

শিশু উদর অনাবৃত রাখিতে চায় ; উহাতে বিবমিষা ও বমনের শান্তি জন্মে ; উদরে শীতলতা (কলচি, ইলাপ্স, ল্যাক)।

কোষ্ঠকাঠিন্য —অন্ত্রের নিষ্ক্রিয়তা অথবা সরলান্ত্রের পক্ষাঘাত ; মলদ্বারের মুখাবরক পেশীর আক্ষেপ ; অনেক বৎসর স্থায়ী গুহ্য-ভ্রংশ (Prolapsus ani) মলদ্বারের দদ্রু (herpes)।

অতিসার —সহসা, ঈষৎ পীতবর্ণ, ঈষৎ হরিদ্বর্ণ, আঠা আঠা, সবেগ জলবৎ মলস্রাব ; তৎসহকারে বিবমিষা, বমন, অবসন্নতা ও শীতল ঘর্ম্ম (ভিরে) অত্যন্ত শ্রান্তি ; অতিশয় ধূমপান বশতঃ রোগের উৎপত্তি।

বৃক্ক-শূল —বামদিকের মূত্র-নালীর দীর্ঘাদীর্ঘি প্রবল আক্ষেপিক বেদনা (বার্ব্বা) ; নিদারুণ বিবমিষা ও শীতল ঘর্ম্ম

হৃৎকম্প —বাম পার্শ্বে শয়নে প্রাবল্য, ও দক্ষিণ পার্শ্বে শয়নে বিরতি।

নাড়ী।—দ্রুত, পূর্ণ, বৃহৎ ; ক্ষুদ্র, সবিরাম, অতিশয় মন্দ ; ক্ষীণ, অনিয়মিত, প্রায় অপ্রাপ্য ; নাড়ী।

হস্তদ্বয় বরফের ন্যায় শীতল, শরীর উষ্ণ।

জানু হইতে নিম্ন পর্য্যন্ত জঙ্ঘাদ্বয় বরফের ন্যায় শীতল ; অঙ্গের কম্পন

উপশম।—বিমুক্ত, বিমল, শীতল বায়ু সেবনে ; ও গাত্রাবরণ উন্মোচনে উপশম

সম্বন্ধ —তামাকের অপব্যবহারের মন্দ ফলের প্রতিহারার্থে নিম্নোক্ত ঔষধ সকল ব্যবহৃত হয় (১) ইপি,—অত্যন্ত বিবমিষা ও বমন।

(২) আর্স,—তামাক চর্ব্বণের কুফল। (৩) নক্স—ধূমপানান্তে পরদিন প্রাতে আমাশয়িক লক্ষণ। (৪) ফস,—হৃৎকম্প, তাম্রকূট সূচক হৃৎপিণ্ড, সঙ্গমেন্দ্রিয়ের দৌর্ব্বল্য। (৫) ইগে,—তাম্রকূট চর্ব্বণজনিত বিরক্তিকর হিক্কা। (৬) ক্লিম, অর, প্ল্যান্ট,—তাম্রকূট জনিত দন্ত বেদনা। (৭) সিপি,—বদনের দক্ষিণ পার্শ্বে স্নায়ু-শূল জনিত পীড়া, অগ্নিমান্দ্য পুরাতন স্নায়বীয়তা বিশেষতঃ অভ্যাসশীদিগের। (৮) ট্যাবেকো,—অতিশয় ধূমপানজনিত ধ্বজভঙ্গ, আক্ষেপ, শীতল ঘর্ম্ম। (৯) জেলস,—অতিরিক্ত তামাকের ব্যবহার, বিশেষতঃ ধূমপান জন্য মস্তকের পশ্চাদ্ভাগে শিরঃপীড়া ও শিরোঘূর্ণন। (১০) তামাক খাওয়া ছাড়িয়া দিলে যে উহা সেবনের জন্য দুর্দ্দম্য আকাঙ্ক্ষা জন্মে ট্যাবেকমের ২০০ শত বা সহস্র ক্রম সেবনে উহার শান্তি হয়।

ট্যারাক্সিকম্‌।

(Taraxaoum)

আমাশয়িক ও পৈত্তিক আক্রমণ, বিশেষতঃ আমাশয়িক শিরঃপীড়া।

<u>মানচিত্রের ন্যায় চিত্রিত জিহ্বা</u> (ল্যাক, নার্ক, ন্যাট-মিউ); জিহ্বার উপরে শাদা শাদা স্থূল স্থূল পর্দ্দা, তৎসহ অবদরং অনুভব এই পর্দ্দা খণ্ডে খণ্ডে উঠিয়া আইসে, তৎপরে মলিন লোহিত, অতিশয় স্পর্শদ্বেষ বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র স্থান (Spots) (রাণল) অবশিষ্ট থাকে।

যকৃতের বিবৃদ্ধি ও কাঠিন্য সংযুক্ত পাণ্ডু, (মানচিত্রের ন্যায় চিত্রিত জিহ্বা)।

দুর্ব্বলতা, ক্ষুধাহীনতা, প্রভৃত নৈশ ঘর্ম্ম, বিশেষতঃ পৈত্তিক জ্বর অথবা টাইফয়েড জ্বর হইতে আরোগ্যোন্মুখ অবস্থায়।

টাইফয়েড জ্বরে অঙ্গ-প্রত্যঙ্গের অস্থিরত (রস, জিঙ্ক)।

উপচয়— উপবেশন ; শয়ন ; ও বিশ্রামকালে প্রায় সমস্ত লক্ষণের প্রকাশ।

সম্বন্ধ—আমাশয়িক ও পৈত্তিক রোগে ব্রাই, চেলি, হাইড্রাষ্ট, ও নক্সের সহিত এই ঔষধের তুলনা হয়।

ট্যারাণ্টিউলা।

(Tarantula)

অত্যন্ত স্নায়ুপ্রধান ব্যক্তিদিগের পক্ষে, বিশেষতঃ কোরিয়া রোগে সমগ্র শরীর, অথবা দক্ষিণ বাহু ও বাম জঙ্ঘা আক্রান্ত হইলে, এই ঔষধ উপযোগী (বামবাহু ও দক্ষিণ জঙ্ঘা আক্রান্ত হইলে, এগার)।

জঙ্ঘা, বাহু এবং দেহ-কাণ্ডের অবিরত সঞ্চালন, ও কোন কার্য্য করিতে অসমর্থতা , পেশীর স্পন্দন ও উৎক্ষেপণ।

অস্থিরতা, কোন প্রকার অবস্থানেই স্থির থাকিতে পারা যায় না ; অবশ্য নড়িতে চড়িতে হয় যদিও হাঁটা যায় তথাপি সমস্ত লক্ষণের বৃদ্ধি হয় (রস ও রুটার বিপরীত)

স্পর্শাধিক্য।—অল্পমাত্র উত্তেজনায় উপদাহ জন্মে, তৎপরে বিমর্দ্দিত উপস্থিত হয় ; হাতের আঙ্গুলের অগ্রভাগে উহার অত্যন্ত আধিক্য থাকে

মেরুদণ্ডের দীর্ঘাদীর্ঘি যৎসামান্য স্পর্শে বক্ষঃস্থলে ও হৃৎপিণ্ড প্রদেশে আক্ষেপিক বেদনা উত্তিক্ত হয়

দারুণ শিরঃপীড়া; মস্তিষ্কে যেন সহস্র সহস্র সূচী বিদ্ধ হইতেছে এরূপবোধ অনুভব।

ব্রণশোথ (abscess), স্ফোটক (boils) ও আঙ্গুলহাড়া (felons), আক্রান্ত স্থানের একপ্রকার ঈষৎ নীলবর্ণ (ল্যাক), এবং নিদারুণ জ্বালাকর বেদনা (এন্থ, আর্স), আঙ্গুল-হাড়ার যাতনায় রোগীকে রাত্রে উঠিয়া হাঁটিতে হয়

দূষিত ক্ষত ; কার্ব্বঙ্কল ; গ্যাংগ্রিণ।

নির্দ্ধারিত সময়ে লক্ষণের প্রকাশ

স্নায়বীয় শিরঃপীড়া; গোলমাল, স্পর্শ ও উগ্র আলোকে উহার বৃদ্ধি, বালিশে মাথা ঘষিলে উপশম।

প্রতি ঋতুকালে গল মধ্য, মুখ-মধ্য ও জিহ্বায় অসহ্য পরিশুষ্কতা, বিশেষতঃ নিদ্রাবস্থায় (নক্স-ম)।

উন্মাদবৎ কামোত্তেজনা ; জরায়ুর আক্ষেপ ; ভগকণ্ডূয়নে অসহ্যতা প্রাপ্তি

উপচয়।—নড়িলে চড়িলে, ধরিলে, আক্রান্ত স্থান স্পর্শ করিলে; গোলমালে, ও ঋতু-পরিবর্তনে বৃদ্ধি।

উপশম।— অনাবৃত বায়ুতে; শীতবাতে ও আক্রান্ত স্থান ঘর্ষণে হ্রাস।

সম্বন্ধ।—এপিস, ক্রোট, ল্যাক, হ্যাট, যাইগেল, স্যাঙ্গা, থেরের সহিত সমগুণ সম্বন্ধ।

স্নায়ুর শেষ প্রান্ত এতই উপদাহিত এবং অনুভূতিবিশিষ্ট হইয়া উঠে যে শান্তি প্রাপ্তির নিমিত্ত কোন প্রকার ঘর্ষণের আবশ্যকতা জন্মে

ট্রিলিয়ম্ পেণ্ডিউলম্।

(Trillium Pendulum.)

রক্তস্রাব।—প্রভূত ধামনিক ও শৈরিক রক্তস্রাব; সাধারণতঃ উজ্জ্বল, লোহিত রক্ত; নাসিকা, ফুসফুস, বৃক্ক, ও জরায়ু হইতে রক্তপাত (ইপি, সিলি)।

শরীরের তরল পদার্থের পচনোপক্রম

নাসিকা হইতে রক্তস্রাব; প্রভূত, অপ্রবল, উজ্জ্বল লোহিত রক্ত

দন্তোৎপাটনের পর দন্ত-গহ্বর হইতে রক্তস্রাব (হেমে, ক্রিয়ো)।

ঋতু।—প্রভূত, প্রতিপক্ষে একবার, এক সপ্তাহ অথবা ততোধিক কাল অবস্থিত, ঋতু (ক্যাল্ক-ফস); অতিরিক্ত পরিশ্রম, অথবা অনেক দূর পর্য্যন্ত অশ্বারোহণের পর উৎপত্তি.

মূর্চ্ছাসহ প্রসবান্তিক রক্তস্রাব।

অতি-রজোরোগ।—প্রভূত, সবেগে নিঃসৃত উজ্জ্বল-লোহিত, রক্তপ্রবাহ; একটু মাত্রে নড়িলে চড়িলেই রক্তঃ নিঃসরণ (স্যাবি); জরায়ুর স্থান-চ্যুতি হইতে; বিরজ কালে (Climacteric); ও প্রতিপক্ষে, মলিন সংযত রক্ত (থ্ল্যাস, অষ্ট); স্রাব।

রক্তকাস —প্রচ্ছন্ন যন্ত্রা ও রক্তাক্ত নিষ্ঠীবন ; প্রবর্দ্ধিত অবস্থায় প্রভূত, পূযময় নিষ্ঠীবন ও বিরক্তিকর কাস।

কুচকি ও কটি যেন খণ্ড খণ্ড হইয়া পড়িতেছে এরূপ অনুভব ; ত্রিকাস্থি (Sacrum) ও অনামাস্থি সংযোজক কণ্ডরাগুলি (Sacro-iliac Synchondroses) বিচ্ছিন্ন হইয়া পড়নের ন্যায় অনুভব, উহা শক্ত করিয়া বাঁধিয়া রাখিবার ইচ্ছা ; বস্তি-কোটরের (pelvis) অস্থিগুলি যেন ভাঙ্গিয়া গিয়াছে এরূপ অনুভব (ইস্কিউ) ; তৎসহ রক্তস্রাব

বিরজাদিগের জরায়ু হইতে প্রভূত রক্তস্রাব ; প্রতিপক্ষে রক্তপাত, পাণ্ডুবর্ণ; ক্ষীণ ঝাপসা দৃষ্টি ; হৃৎকম্প ; কর্ণে অবরোধ ও শব্দ (ফির) ; আমাশয়-গহ্বরে যন্ত্রণাজনক নিমগ্নতা (Sinking) ।

সম্বন্ধ।—(১) ঋতু ও রক্তস্রাব সংক্রান্ত পীড়ায় ক্যাল্ক-ফসের সহিত অনুপূরক সম্বন্ধ (২) সিঙ্ক, বেল, ক্যালি-কা, সিপি, ল্যাক, সিপি, সল্ফ, থ্ল্যাস ও অন্থের সহিত সমগুণ সম্বন্ধ ।

ডল্কেমেরা।

(Dulcamara)

শ্লেষ্ম-প্রধান, গণ্ডমালা-ধাতু, অস্থির, কোপন-স্বভাব ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উপযোগী

প্রতিশ্যায় জনিত আমবাত অথব চর্ম্ম-রোগ, শীতলতা, আর্দ্রতা, বর্ষাকাল, অথবা গ্রীষ্মকালে বাতাতপের আকস্মিক পরিবর্ত্তন বশতঃ উহার উপস্থিতি বা বৃদ্ধি (ব্রাই)

শীতলতা বশতঃ ঘর্ম্মের বিলোপ হইয়া শ্লৈষ্মিকঝিল্লী হইতে বিবর্দ্ধিত শ্লেষ্ম-নিঃসরণ।

আর্দ্র, শীতল, নিম্নগৃহে বাসকরা বা কাজকরা বশতঃ রোগ (এরাণ, আর্স, ন্যাট্র-স) ।

মানসিক বিশৃঙ্খলা, কোন বস্তুর প্রকৃত নাম মনে করিতে পারা যায় না

চর্ম্মের কোমলতা, শীতলতায় অতিশয় অনুভূতি, উদ্ভেদ, বিশেষতঃ শীতপিত্তের (urticaria) প্রবণতা রোগীর সর্দ্দি লাগিলে অথবা অনেকক্ষণ শীতলতা ভোগ করিলে শীতপিত্তাদি উৎপন্ন হয়।

কম্পজ্বর (ague), আমবাত, ও আরক্তজ্বরের (scarlet fever) পর শোথ

শোথ।—ঘর্ম্ম-লোপ, উদ্ভেদ-বিলোপ ও শীত-ভোগের পর শোথ

অতিসার —আর্দ্রস্থানে সর্দ্দিলাগা বশতঃ অথবা আর্দ্র কুজ্ঝটিকা-কালে, ও উষ্ণকালের শীতলকালে পরিবর্ত্তনে (ব্রাই) ; অতিসার

বয়স্ক বালকদিগের সর্দ্দিজনিত মূত্রাভাব ; তৎসহ দুগ্ধবৎ মূত্র ; খালি পায় ঠাণ্ডাজলে হাঁটায় উহার উৎপত্তি ; অনিচ্ছায় মূত্রে নিঃসরণ।

ঋতুর পূর্ব্বে গাত্রে উদ্ভেদের উৎপত্তি (কোনা —অধিক ঋতুস্রাব কালে বেল, গ্রাফ)

সকল শরীরে শীতপিত্ত ; জ্বরহীনতা ; কণ্ডূয়ন, চুলকাইলে পরে জ্বালা উষ্ণতায় বৃদ্ধি ; শীতলতায় হ্রাস

মস্তকের কেশাবৃত অংশে, মুখমণ্ডলে, কপালে, শঙ্খদেশে (temple), চিবুকে (chin) স্থূল, কপিশ মিশ্রিত পীতবর্ণ টিপিটিকা (crusts), উহার ঈষৎ লোহিত বর্ণ প্রান্তভাগ, কণ্ডূয়ন করিলে রক্তপাত।

মুখ-মণ্ডলে অথবা হাতের পিঠে ও আঙ্গুলে, মাংসল, বৃহৎ, মসৃণ আঁচিল

উপচয়।—সাধারণতঃ শীতলতায় ; শীতল বায়ুতে ; শীতল আর্দ্রকালে, এবং ঋতু, উদ্ভেদ, ও ঘর্ম্ম-বিলোপে ; বৃদ্ধি।

উপশম।– নড়িয়া চড়িয়া বেড়াইলে উপশম (ফির, রস)।

সম্বন্ধ —(১) ব্যারা-কার্ব্ব, ও ক্যাল্কী-সলের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) এসিটিক-এসি, বেল, ল্যাকের সহিত প্রতিকূল সম্বন্ধ। (৩) ক্যাম্ফ, ব্রাই, লাই, রস, সিপির পরে ভাল খাটে। (৮) লালা-স্রাব, ও স্থির স্ফীততা, বায়ুনলীভুজপ্রদাহ, অতিসার ; ঋতু-পরিবর্ত্তনে অনুভূতি, ও রাত্রিকালীন বেদনা লক্ষণে মার্কের সহিত সমগুণ সম্বন্ধ ; ক্যাল্কী-সল রাসায়নিক সমগুণ। (৫) পারদের কুফলে, অথবা অপব্যবহারে ডলকেমেরা ব্যবহৃত হয়।

ডাইওস্‌কোরিয়া ভিলোসা।

(Dioscorea Villosa)

বৃদ্ধ বা যুবকদিগের প্রাণশক্তির ক্ষীণতা।

আহারান্তে আধ্মান, বিশেষতঃ চা পায়ীদিগের, মধ্যে মধ্যে প্রবল উদরবেদনার আক্রমণ।

নাভীর নিকটে উদরে কামড়ানির ন্যায় বেদনা।

প্রবল মোচড়ান উদর-বেদনা, নিয়মিত আবেশে উপস্থিতি, যেন অন্ত্রগুলি সবল হস্তে ধৃত ও মোচড়ান হইতেছে

শূল-বেদনা।—সম্মুখদিকে অবনত হইলে ও শয়ন করিলে বৃদ্ধি; সোজা হইয়া দাঁড়াইলে অথবা পশ্চাদ্দিকে বক্র হইলে উপশম (কলো-সিন্থের বিপরীত)।

নিদ্রাবস্থায় শুক্রস্রাব; সমস্ত রাত্রি কামিনী বিষয়ক সুস্পষ্ট স্বপ্ন (ষ্টাফে); জানুর দুর্ব্বলতা, জননাঙ্গের শীতলতা; অতিশয় নিরাশা (ষ্টাফে)।

আঙ্গুল-হাড়া; প্রথমাবস্থায় যখন তীব্র ও দারুণ বেদনা থাকে, যখন কণ্টক-ভেদবৎ বেদনা প্রথম অনুভূত হয়; নখের ভঙ্গুরতা।

প্রথম অঙ্গুলি সন্ধির প্রদাহ-প্রবণতা (হিপ)।

উপচয়।—শয়নে; উপবেশনে; দ্বিভাঁজ হইয়া অবনত হইলে; বৃদ্ধি।

উপশম।—নড়িলে চড়িলে; হাঁটা কষ্টজনক হইলেও হাঁটিলে; উপশম।

সম্বন্ধ।—কলোস, কস, পড, রস, ও সিলির সহিত তুলনা হয়।

ডিজিটেলিস পার্পিউরিয়া।

(Digitalis Purpurea.)

নিবৃত্ত-রজস্কাদিগের আকস্মিক উত্তাপাবেশ, তৎপরে অতিশয় দুর্ব্বলতা ও অনিয়মিত সবিরাম নাড়ী; অল্পমাত্র সঞ্চালনে বৃদ্ধি।

হৃদ্‌কপাটের উপসর্গপরিশূন্য দুর্ব্বল হৃৎপিণ্ড

নড়িলে চড়িলে হৃৎপিণ্ডের স্পন্দন স্থগিত হইবে রোগিণীর এপ্রকার অনুভব (কোকেন—সর্ব্বদা না নড়িলে চড়িলে হৃৎপিণ্ডের স্পন্দন স্থগিত হইবে এপ্রকার অনুভব, জেলস)।

আমাশয়ে শ্রান্তি অথবা নিমগ্নতা (Sinking) অনুভব ; দুর্ব্বলতা ; অত্যন্ত অবসন্নতা ; রোগীর বোধ হয় যেন সে মরিতেছে।

সংসর্গের পর সঙ্গমেন্দ্রিয়ের অতিশয় দুর্ব্বলতা সংযুক্ত, রাত্রিকালীন শুক্রস্রাব।

বক্ষঃস্থলের অতিশয় দুর্ব্বলতা, কথাবলিতে কষ্ট হয় (ষ্টান)।

মল —অতি লঘু ভস্মবর্ণ ; বিলম্বে নিঃসৃত, খটিকাকার (চেলি, পড); প্রায় শুভ্র (ক্যাল্ক, সিক্ষ,) অনিচ্ছায় নিঃসৃত ; মল

পূর্ণ, অনিয়মিত নাড়ী, অতি ধীর ও দুর্ব্বল নাড়ী; প্রতি তৃতীয়, পঞ্চম বা সপ্তম স্পন্দনের বিরাম।

মুখমণ্ডলের পাণ্ডুরতা, মৃতকল্প আকৃতি ও নীলাভ-লোহিত বর্ণ।

ত্বকের নীলাভতা, অক্ষি-পল্লব, ওষ্ঠাধর ও জিহ্বার নীলবর্ণ; নীলরোগ (Cyanosis)

চক্ষুর পাতায়, কানে, ওষ্ঠে ও জিহ্বায় শিরার স্ফীততা।

বিষম, আয়াস-সাধ্য, গভীর দীর্ঘ নিশ্বাসের ন্যায় শ্বাস।

হস্তাঙ্গুলিতে সহজে ও বারবার ঝাঁজি-লাগা।

শোথ —স্কার্লেটিনার পরবর্ত্তী ; ও ব্রাইট্‌স্ ডিজিজ নামক রোগের শোথ ; তৎসহ মূত্র-নাশ ; আভ্যন্তরিক ও বাহ্যিক শরীরাংশের শোথ ; হৃৎপিণ্ডের বিধান-বিকার জনিত রোগ থাকিলে শোথ সহ মূর্চ্ছা (স্নায়ুর স্পর্শ-দ্বেষ সংযুক্ত শোথে, কলচেলে)

রোগীকে সোজাকরিয়া বসাইলে বা দাঁড় করাইলে মূর্চ্ছার সম্ভাবনা।

উপচয়।—বসিলে, বিশেষতঃ সোজা হইয়া বসিলে, এবং নড়িলে চড়িলে ; বৃদ্ধি

সম্বন্ধ।—সিঙ্কোনা ডিজিটেলিসের মুখ্য ক্রিয়া নষ্ট ও উৎকণ্ঠা বিবর্দ্ধিত করে।

ডিপথিরিনঃম।

(Diphtherinum)

গণ্ডমালা-ধাতু-দুষ্ট এবং সোরা বা টিউবারকিউল অর্থাৎ কচ্ছু বা গুটিকা দোষগ্রস্ত ব্যক্তিদিগের পক্ষে গল-মধ্য ও শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রতিক্রিয়া জনিত রোগের প্রবণতায় এই ঔষধ বিশেষ উপযোগী।

দুর্ব্বল বা অবসন্ন জীবনীশক্তিসম্পন্ন সুতরাং ডিপথিয়ার বিষে অত্যন্ত অনুভূতিবিশিষ্ট রোগী; প্রারম্ভ হইতেই রোগের আক্রমণের সাংঘাতিকতা (ল্যাক-ক্যান, মার্ক-সায়ে)।

যাতনাহীন ডিপথিরিয়া; প্রায় বা সম্যকরূপে কেবল বিষয়-নিষ্ঠ (Objective) লক্ষণের প্রকাশ; রোগী এতই দুর্ব্বল, উদাসীন ও অবসন্ন যে সে কোন বিষয়ের অভিযোগ করেনা; নিদ্রা বা সুপ্তি, কিন্তু ডাকিলে সহজেই জাগরিত হয় (বাপ্ট, সলফ) তালুমূল ও তালু-তোরণের (palatine arches) মলিন লোহিত স্ফীততা; কর্ণ মূল ও গ্রীবার গ্রন্থির অতিশয় স্ফীততা; শ্বাসের এবং গলা, নাসিকা ও মুখ হইতে নিঃসৃত স্রাবের অতি দুর্গন্ধ; জিহ্বার অতিশয় আরক্ততা ও স্বল্প লেপাচ্ছন্নতা

ডিপথিয়ার ঝিল্লী পুরু, মলিন-ধূসর বা ঈষৎ কপিশমিশ্রিত কাল; গাত্রতাপ ন্যূন বা স্বাভাবিক অপেক্ষা নিম্ন, নাড়ী দুর্ব্বল ও দ্রুত, হস্ত-পদ শীতল; এবং রোগীর সুস্পষ্ট দুর্ব্বলতা; রোগীর অর্দ্ধ-বুদ্ধিশূন্য (Semi Stupid) অবস্থায় পড়িয়া থাকা, চক্ষুর নিষ্প্রভতা ও বিমূঢ়তা (এপিস, ব্যাপ্ট)

আক্রমণের প্রারম্ভ হইতে নাসিকা হইতে রক্তপাত অথবা গভীর অবসন্নতা (এইল, এপিস, কার্ব্ব-এসি), রোগের প্রায় সূচনা হইতেই হিমাঙ্গ (ক্রোটে, মার্ক-সায়ে); নাড়ীর দুর্ব্বলতা, দ্রুততা এবং জীবনী-শক্তির প্রতিক্রিয়ার অতিশয় নিমগ্নতা।

বেদনা ব্যতীত গলাধঃকরণ করা যায় বটে, কিন্তু তরল পদার্থ বমন বা নাক দিয়া নিঃসরণ হইয়া পড়ে; শ্বাসের ভয়ঙ্কর দুর্গন্ধ।

স্বরযন্ত্রের ডিপথিরিয়ায় ক্লোর, বাজী-বাহি, বা ল্যাক-ক্যান বিফল হইলে; এবং ডিপথিরিয়ার পরবর্ত্তী পক্ষাঘাতে, কষ্ট, জেল, বিফল হইলে; ডিপথিরিণ ফলপ্রদ।

যখন প্রথম হইতেই রোগীর বিপত্তির সম্ভাবনা দৃষ্ট হয়, এবং অত্যন্ত সুনির্ব্বাচিত ঔষধেও উপশম বা স্থায়ী উপকার না দর্শে, তখন এই ঔষধের প্রয়োগ হয়।

ডাঃ এলেন পঁচিশ বৎসর পর্য্যন্ত উপরোক্ত লক্ষণ গুলি এই ঔষধের নির্ভর যোগ্য পরিচালক লক্ষণস্বরূপ অবলম্বন করিয়া উহাদেরআরোগ্যসাধন করিয়াছেন

সকল রোগজ-ঔষধের ন্যায় ইহাও ত্রিংশ শক্তির নীচে চিকিৎসায় কার্য্যকর নহে শক্তির আধিক্যে ইহার আরোগ্য-কারিতা বিবর্দ্ধিত হয়। দুই শত শক্তি হইতে সহস্র ও লক্ষ শক্তিতে ইহার ব্যবহার হয়। এই ঔষধের পুনঃ পুনঃ ব্যবহার নিষ্প্রয়োজন ও অবিধেয়। আদত এন্টিটক্সিনের ন্যায় হোমিওপ্যাথিক ক্রমে ইহা হইতে কোন প্রকার বিপজ্জনক পরিণাম জন্মে না।

পঁচিশবৎসরের অভিজ্ঞতা হইতে ডাঃ এলেন বলেন যে প্রতিষেধক ঔষধস্বরূপও ডিপথিরিণ সুন্দর কাজ করে। এক পরিবারের একজনের ডিপ্থিরিয়া হইলে অন্যেরা এই ঔষধ ব্যবহারে রোগ-মুক্ত থাকে

ড্রোসেরা রোটণ্ডিফোলিয়া।

(Drosera Rotandifolia)

হুপশব্দক-কাস; প্রবল আবেশ, একটির পর অপরটির শীঘ্র শীঘ্র উপস্থিতি, প্রায় শ্বাস ছাড়িতে পারা যায় না (পূর্ব্বাহ্ন ৬—৭ টার সময় আগমন, যে পর্য্যন্ত না খানিকটা দুশ্ছেদ্য শ্লেষ্ম উত্থিত হয় সে পর্য্যন্ত কাসের অবিরতি,—কক-ক্যাক্ট; প্রতি কাসের আবেশকালে নাকদিয়া অধিক রক্তপাত, ইণ্ড; দিবাভাগে রুক্ষ, দ্রুত ও অনুমনে কাস, রাত্রিতে সুনিশ্চিত হুপ-শব্দক কাসের আবেশ, কোরে রূব)।

গাম্ভীর-শব্দ, স্বরভঙ্গ সংযুক্ত কুক্কুর-রববৎ কাস (বাধ্য), দুইপ্রহর রাত্রির পর হাসের আক্রমণ-কালে বা তৎপরে বৃদ্ধি; আক্ষেপিক, গলরোধকর, এবং বমনোদ্যম ও বমন বিশিষ্ট কাস (ব্রাই, কালী-কা)

বালক-বালিকাদিগের অবিরত গল-কণ্ডূয়নকর কাস; রাত্রিতে বালিশে মাথা রাখিবামাত্র উহার আরম্ভ (বেল, হাইওস, রূমে)।

যক্ষ্মা রোগে যুবক-যুবতীদিগের রাত্রিকালীন কাস ; এবং গয়ার অথবা পুযময় নিষ্ঠীবন।

কাস ; উষ্ণতায়, পানে, গানে, হাস্যে, ক্রন্দনে, শয়নে, ও মধ্যরাত্রির পরে কাসের বৃদ্ধি।

কাসিতে কাসিতে জল ও শ্লেষ্মা বমন এবং অনেক সময় নাক-মুখদিয়া রক্ত পতন (কুপ)

স্বরযন্ত্রে পালক থাকার ন্যায় অনুভব, উহাতে কাসের উদ্রেক।

বহুব্যাপক হুপ-শব্দ-কাসের সময়ে অন্যান্য রোগের প্রাদুর্ভাব

ধর্ম্মাচার্য্যদিগের গলাবেদনা ; গল-গহ্বরের গভীর স্থানে খর-স্পর্শতা (rough) অবদরণ ও শুষ্কতা অনুভব ; ভগ্ন, গম্ভীর, শক্তিশূন্য স্বর, কথা বলিতে পরিশ্রমের আবশ্যকতা (এরম)।

স্বরযন্ত্রে আকুঞ্চন ও তুড়তুড়ি অনুভব ; স্বরভঙ্গ, পীতবর্ণ, অথবা হরিদ্বর্ণ নিষ্ঠীবন।

হুপশব্দ-কাসের পরে স্বরযান্ত্রিক যক্ষ্মা (Laryngeal phthisis) (বায়ুনলী-মুখের প্রতিশ্যায়, কক-ক্যাষ্ট)।

সম্বন্ধ।—(১) নক্সভমিকার সহিত অনুপূরক সম্বন্ধ (২) স্যাম্বু, সল, ভিরের পরে ড্রোসেরা ভাল খাটে। (৩) ড্রোসেরার পরে ক্যাল্ক, পল্স, সল ব্যবহৃত হয় (৪) আক্ষেপিক কাসে সিনা, কোরাল, কুপ, ইপি, ন্যাপুর সহিত ড্রোসেরার তুলনা হয়। যক্ষ্মা রোগের অবিরাম, যন্ত্রণাপ্রদ, নৈশকাস অনেক সময়ে এই ঔষধে উপশমিত হয়।

হানিম্যান তাঁহার মেটিরিয়া মেডিকা পিউরা নামক গ্রন্থে উল্লেখ করিয়াছেন যে ৩০ শক্তির একমাত্রা মাত্র ড্রোসেরা সেবনে বহুব্যাপী হুপ শব্দ-কাস সম্পূর্ণরূপে আরোগ্য প্রাপ্ত হয় সাত আটদিনের মধ্যে নিশ্চিতরূপে আরোগ্য জন্মে। প্রথম মাত্রার অব্যবহিত পরে দ্বিতীয়মাত্রা কখনও দিতে নাই ; উহাতে যে কেবল প্রথম মাত্রার সুফল রহিত হয় এমন নহে, অধিকন্তু রোগীর অপকার হইয়া থাকে।

থুজা অক্সিডেণ্ট্যালিস।

(Thuja Occidentalis)

রস-প্রধান-ধাতুতে অর্থাৎ যাহাদের শরীরে সাইকোসিস বিষ (মাষক দোষ) আছে তাহাদের পক্ষেই থুজা বিশেষ উপযোগী।

সলফারের সহিত "সোরা-দোষের" অথবা মারকিউরির সহিত উপদংশবিষের যে সম্বন্ধ সাইকোসিস-দোষের সহিত থুজারও সেই সম্বন্ধ।

ত্বকে বা শ্লৈষ্মিক ঝিল্লীতে আঁচিল, উপমাংস প্রভৃতি উৎপন্ন হইলেই শরীরে সাইকোসিস-দোষ আছে বলিয়া প্রতিপন্ন হয়

লসিকা-প্রধান (Lymphatic) ধাতুতে, অতিশয় মাংসল দেহে, ও মলিনবর্ণ মুখাকৃতি, কৃষ্ণবর্ণ কেশ, এবং অসুস্থ ত্বক বিশিষ্ট ব্যক্তিদিগের শরীরে থুজার ভাল ক্রিয়া দর্শে।

গো-বীজে টিকা গ্রহণের কুফল (এণ্ট-টার্ট, সিলি); এবং বিলুপ্ত কিংবা কুচিকিৎসিত প্রমেহের মন্দ ফল (মেড)।

যেন কোন অপরিচিত ব্যক্তি পার্শ্বে রহিয়াছে; আত্মা ও দেহ যেন পৃথক্ হইয়াছে; উদরে যেন কোন জীবন্ত প্রাণী রহিয়াছে; যেন কোন দৈবীশক্তির প্রভাব জন্মিয়াছে; এই প্রকার স্থায়ী মনোভাব।

উন্মাদিনী নারীরা স্পর্শ করিতে বা নিকটে যাইতে দেয়না

চক্ষু নিমীলন করিবার সময় শিরোঘূর্ণন।

শিরঃপীড়া —মস্তক-প্রাচীরের অস্থিতে (parietal bone) যেন প্রেক বিদ্ধ হইতেছে (কফি, ইগ্নে); অথবা যেন ব্যথিত স্থানে একটা ন্যুব্জ (convex) বুতাম প্রচাপিত হইতেছে; এরূপ শিরঃপীড়া; অধিক ইন্দ্রিয়-সুখ-সম্ভোগে; অতিরিক্ত উত্তাপ লাগাতে; ও চা-পানে (সেলে); উহার বৃদ্ধি; মাষক-দোষ বা উপদংশ-দোষ হইতে উৎপন্ন পুরাতন শিরঃপীড়া।

শাদা সশল্ক খুস্কি (dandruff); কেশের শুষ্কতা ও পতন।

চক্ষু।—নবজাত শিশুদিগের মাষক-দোষ বা উপদংশ-দোষ জনিত চক্ষু-প্রদাহ; আঁচিল বা ফোস্কার ন্যায় বড় বড় উৎসাদন (granulations) উষ্ণতায় ও আচ্ছাদনে মন্দাবস্থাপ্রাপ্তি; অনাবৃত রাখিলে বোধ হয় যেন শীতল বায়ুর স্রোত উহার অভ্যন্তর দিয়া প্রবাহিত হইতেছে।

অক্ষি-পুট।—রাত্রিতে চক্ষুর পাতার সংযোজন, উহার প্রান্তদেশের শুষ্কতা ও সপক্কতা; অঞ্জনি ও পক্ষ্মার্ব্বুদ (tarsal tumours); স্থূল, শক্ত, ক্ষুদ্র ক্ষুদ্র উপমাংসের ন্যায় গ্রন্থি, কঠিন আঁচিল; ষ্টাফিসেগ্রিয়া প্রয়োগে আংশিক উপশম, কিন্তু অনারোগ্য

কর্ণ।—পুরাতন কর্ণ প্রদাহ, পচা মাংসের ন্যায় পূয়স্রাব; উৎসাদন, অমুজ্জ্বল দাগ, কোমল, সহজে রক্তস্রাবী বহুপাদ (polypus)

পুরাতন প্রতিশ্যায় (catarrh)—সস্ফোট জ্বরের পরবর্ত্তী; গাঢ় সবুজবর্ণ শ্লেষ্মা, পুয ও রক্তস্রাবী (পলস); প্রতিশ্যায়।

দন্তের মূলদেশের ক্ষয়প্রাপ্তি কিন্তু শিখর-দেশের সুস্থতা (মেজ।—প্রান্ত-ভাগের ক্ষয়প্রাপ্তি, ষ্টাফ) ; দন্ত খণ্ড খণ্ড হইয়া ভাঙ্গিয়া পড়ে, পীতবর্ণ ধারণ করে (সিফি)

রাণুলা —জিহ্বার নিম্নস্থ আর্ব্বুদের ঈষৎ নীলবর্ণ অথবা জিহ্বার উপরের ও মুখ-বিবরের শিরার স্ফীততা (এম্ব)।

চা-পান জনিত দন্ত-বেদনা

"নাকে ফোৎ করিলে ক্ষয়-প্রাপ্ত দন্তের গহ্বরে বা উহার পার্শ্বে (কিউলেক্স) প্রচাপনবৎ বেদনা"।—বিনিনঘোষেণ

উদর।—উদরে যেন কোন জন্তু ডাকিতেছে; সজীব কিছু যেন নড়িতেছে; বাম ডিম্বাশয় প্রদেশে (left ovarian region), হাঁটিবার বা ঘোড়ায় চড়িয়া বেড়াইবার সময় যন্ত্রনাপ্রদ, জ্বালাকর বেদনা, তজ্জন্য অবশ্য বসিয়া বা শুইয়া পড়িতে হয় (ক্রোক, অষ্ট); প্রতি ঋতু-কালে আধিক্য

কোষ্ঠবদ্ধতা,—সরলান্ত্রে প্রবল বেদনা বশতঃ মল-ত্যাগ-চেষ্টায় স্থগিত হইতে হয়; মল খানিকটা বাহির হইয়া পুনরায় ভিতরে প্রবেশ করে (স্থানি, সিলি)।

অর্শ-বলির স্ফীততা, বসিবার সময় বেদনার অত্যন্ত তীব্রতা।

অতিসার প্রত্যূষে উপস্থিত; অধিক বায়ুসহকারে সবেগে নিঃসৃত (এলো); ও পিপা হইতে জলপতনের ন্যায় গলগল শব্দবিশিষ্ট অতিসার; প্রাতরাশ, কফিপান, বসাক্ত দ্রব্য আহার, গো-বীজে টীকা-গ্রহণ, ও পলাণ্ডু ভোজনে উহার বৃদ্ধিপ্রাপ্তি।

মল-দ্বারের বিদারণ (fissure), স্পর্শে ব্যথিততা, চারিদিকে চেপ্টা আঁচিল, বা আর্দ্র শ্লৈষ্মিক উপমাংস (condylomata)।

অপত্য-পথের (vagina) অত্যন্ত অনুভূতি বশতঃ সংসর্গের প্রতিবন্ধকতা (প্লাট ;—পরিশুষ্কতা বশতঃ প্রতিবন্ধকতা লাই, লাইসি, ন্যাট্রম)।

চর্ম্ম।—চর্ম্মের মলিন দৃশ্য ; স্থানে স্থানে কপিশ বা কপিশমিশ্রিত শুভ্র চিহ্ন ; বৃহৎ, সবৃন্ত, বীজাল (seedy) আঁচিল (ষ্ট্যাফ) ; কেবল আবৃত স্থানে উদ্ভেদ, চুলকাইলে জ্বালা

মাংস, অস্থি হইতে আঘাতিতবৎ অনুভূত হয় (ফাইটো টাচিয়া তোলাবৎ অনুভূত হয়-রুঃস,)

মূত্র-ত্যাগান্তে মূত্র মার্গে যেন মূত্র তুড় তুড় করিয়া ক্ষরিতেছে এপ্রকার অনুভব ; মূত্রত্যাগের শেষ ভাগে তীব্র কর্ত্তনবৎ যাতনা (সার্সা)।

উরুদ্বয়ে জ্বরের শীতের আরম্ভ।

ঘর্ম্ম —কেবল অনাবৃতস্থানে, অথবা মস্তকব্যতীত সর্ব্বশরীরে (সিলিশিয়ার বিপরীত) ঘর্ম্ম ; নিদ্রাকালে ঘর্ম্ম, জাগ্রৎ হইলে উহার বিরতি (স্যাম্বুর বিপরীত) ; রাত্রিতে প্রভূত অম্ল গন্ধ, ও দুর্গন্ধ ঘর্ম্ম।

জননাঙ্গে মধুর ন্যায় গন্ধবিশিষ্ট ঘর্ম্ম। হাঁটিবার সময় অঙ্গগুলি কাষ্ঠ নির্ম্মিতবৎ বোধ হয়। শরীর, বিশেষতঃ অঙ্গগুলি যেন কাচনির্ম্মিত এবং সহজেই ভাঙ্গিয়া যাইবে, এপ্রকার অনুভব।

বিলুপ্ত প্রমেহ।—প্রমেহের স্রাব অবরুদ্ধ হইয়া সন্ধি-বাত, প্রষ্টেটের প্রদাহ ; মাযক দোষ, ধ্বজভঙ্গ ; উপমাংস, ও অন্যবিধ বহুল সর্ব্বাঙ্গীন উপদ্রবের উৎপত্তি। নখের বিকৃতি ও ভঙ্গুরতা (এন্ট-ক্রুড)।

উপচয়।—রাত্রিতে, শয্যার উত্তাপে ; পূর্ব্বাহ্ন ৩ টা ও অপরাহ্ন ৩ টার সময় ; শীতলতায়, আর্দ্রবায়ুতে ও মাদকদ্রব্যে ; বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) মেড, স্যাব, ও সিলিস সহিত অনুপূরক সম্বন্ধ (২) ক্যান-স্যাট, ক্যান্থ, কোপে, ষ্টেফের সহিত সমগুণ সম্বন্ধ। (৩) উপস্থের মুণ্ডাবরক ত্বকের ((prepuce) আঁচিলে সিনাব, থুজা অপেক্ষা শ্রেষ্ঠ (৪) মেড, মার্ক, ও নাই-এসিড পরে থুজা ভাল খাটে।

থেরিডিয়ন।

(Theridion Curassavioum)

সময় অতিশয় শীঘ্র শীঘ্র অতীত হয় এরূপ অনুভব (অতি ধীরে ধীরে, আর্জ্জ-নাই, ক্যান-ইণ্ড নক্স ম)

শিরোঘূর্ণন —চক্ষু বুজিলে (ল্যাক, থুজ, চক্ষু মেলিলে, ট্যাব ; উপরের দিকে চাহিলে, পল, সিলি ;) যে কোন যৎসামান্য শব্দ হইতে ; শিরোঘূর্ণন কর্ণ-রোগ সংক্রান্ত শিরোঘূর্ণন।

বিবমিষা।—অত্যল্প মাত্র সঞ্চলনে বিশেষতঃ চক্ষু বুজিলে ; ও দ্রুতবেগে গাড়ীতে চড়িলে ; বিবমিষা।

শিরঃপীড়া —নড়িতে আরম্ভ করিলে চক্ষুর পশ্চাতে গুরুভার সদৃশ ; মস্তিষ্কের গভীর স্থানে প্রবল, শয়নে বর্দ্ধিত (ল্যাক) ; এবং অন্যেরা গৃহে হাঁটিলে অথবা অল্পমাত্র মস্তক নাড়িলে অতিশয় বর্দ্ধিত ; শিরঃপীড়া

প্রত্যেক শব্দ যেন সমগ্র শরীরের অভ্যন্তর দিয়া প্রবিষ্ট হয় এপ্রকার অনুভব এবং উহাতে বিবমিষা ও শিরোঘূর্ণনের উৎপত্তি

নাসিকার পুরাতন প্রতিশ্যায়, গাঢ়, পীতবর্ণ, হরিতাভ, দুর্গন্ধ স্রাব (পল্স, থুজা)

দন্ত-বেদনা ; প্রত্যেক তীব্র শব্দ দন্তে প্রবিষ্ট হয়

স্নায়বীয়া রমণীদিগের সামুদ্রিক বিবমিষা ; জাহাজের গতি হইতে নিষ্কৃতি লাভ করিবার নিমিত্ত উহারা চক্ষু রুদ্ধ করিয়া রাখে, এবং নিদারুণ বিবমিষায় আক্রান্ত হয়।

স্কন্ধাস্থির নীচে, ঘাড় পর্য্যন্ত প্রসারিত বাম বক্ষের ঊর্দ্ধভাগে প্রবল সূচীবেধন (এনিস, মাইরি, পিক্স, সলফ)।

সমুদয় অস্থির উপর ভগ্নবৎ বেদনা।

কশেরুকার (verte bræ) ব্যবধান স্থানে অতিশয় অনুভূতি, মেরুদণ্ডে চাপ না লাগে এজন্য হেলান না দিয়া এক পার্শ্বে বসা (চিন-সল) ; অল্পমাত্র শব্দে ও ঘরের মেজেতে পায়ের সংঘর্ষণে উহার বৃদ্ধি।

ঋতুস্থাবস্থায়, গর্ভাবস্থায় এবং বিরজাবস্থায় (climacteric years) অত্যন্ত স্নায়বীয় অনুভূতি।

রেকাইটিস, কেরিজ, ও নিক্রোসিস রোগে থেরিডিয়ন রোগের মূলদেশে প্রবিষ্ট হইয়া উহার কারণ বিনষ্ট করে।

থাইসিস ফ্লোরিডা রোগে প্রারম্ভাবস্থায় এই ঔষধ প্রয়োগ করিতে পারিলে অনেক সময় এতদ্দ্বারা আরোগ্য লাভ হয়।

গণ্ডমালা রোগে, সুনির্বাচিত ঔষধেও উপকার না দর্শিলে এই ঔষধ ব্যবহৃত হয়।

সম্বন্ধ।—ক্যাল্ক এবং লাইকোর পরে এই ঔষধ ভাল খাটে।

থ্লাস্পি বার্সা পেষ্টোরিস।

(Thlaspi Bursa Pastoris)

শরীরের প্রত্যেক দ্বার হইতে প্রভূত শৈরিক রক্তস্রাব; রক্ত মলিন ও সংযত।

জরায়ুর রক্তস্রাব।—প্রবল থল্লী ও জরায়ুর উদর-বেদনা সহ, হরিৎপাণ্ডু (chlorosis) রোগে; গর্ভপাত, গর্ভস্রাব বা প্রসবের পরে; বিরজকালে জরায়ুর ক্যানসার সহকারে; রক্তস্রাব (ফস, অষ্ট)।

ঋতু।—নিয়মিত কালের অনেক পূর্ব্বে; অতিশয় অধিক পরিমাণে, অধিক দিন পর্য্যন্ত (আট, দশ, পনর দিন); আস্তে আস্তে আরম্ভ, প্রথম দিন কেবল চিহ্ন মাত্র; দ্বিতীয় দিন উদর-বেদনা, বমন ও বড় বড় খণ্ড সংযুক্ত, রক্তস্রাব; এক পর্য্যায়ের পর অপর পর্য্যায়ের অধিকতর রক্তপাত

জরায়ুর নিষ্ক্রিয়তা বশতঃ রক্তস্রাব অথবা ঋতুর বিলম্ব; উহাতে অবসন্নতা জন্মায়, ঋতুর এক পর্য্যায় না যাইতে যাইতেই অপর পর্য্যায় উপস্থিত হয়।

প্রদর।—রক্তাক্ত, মলিন বর্ণ, দুর্গন্ধ স্রাব; ঋতুর কয়েক দিন পূর্ব্বে ও পরে উহার উপস্থিতি

সম্বন্ধ ।—সিনাপিস, ট্রিলিয়ম, ভাইবারণম ও অহিফেণের সহিত এই ঔষধের তুলনা হয় ।

নক্সভমিকা ।

(Nux Vomica)

কৃশদেহ, কোপনস্বভাব, কৃষ্ণকেশ, পিত্ত-প্রধান, বা রক্ত-প্রধান ধাতু, বিবাদ-প্রিয়, হিংসা-দ্বেষ-প্রবণ, বিষণ্ণ ব্যক্তিদিগের পক্ষে নক্সভমিকা বিশেষ উপযোগী ।

সূক্ষ্মকায়, কোপন-স্বভাব, স্নায়বীয় প্রকৃতির মদ্যপায়ীদিগের অগ্নিমান্দ্য ও অর্শ-প্রবণতা থাকিলে (লঘু-কেশ, নীল-নয়ন ব্যক্তিদিগের পক্ষে, লোবে)

হানিম্যান বলেন যে অধীরতা, কোপনতা, হিংসা-দ্বেষ, অথবা প্রতারণতা-প্রবণতা ও ব্যগ্রতা বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে নক্সভমিকা ভাল খাটে

কোপনতা সংযুক্ত উৎকণ্ঠা ও আত্মহত্যা করিবার প্রবৃত্তি, কিন্তু মরিতে ভয়

বিষাদবায়ু :—অধ্যয়নশীল, সাহিত্যিক, যাঁহারা অধিক সময় বাড়ীতে থাকেন, অব্যায়াম বশতঃ পীড়িত হন, যাঁহাদের আমাশয়িক ও উদরের উপসর্গ এবং কোষ্ঠ-বদ্ধ থাকে ; বিশেষতঃ মদ্যপায়ীদিগের পীড়ায় এই ঔষধ কার্য্যকরী

বাহ্য সংস্কারে ; গোলমালে ; গন্ধে ; আলোকে বা গীতবাদ্যে (নক্স-ম) ; <u>অতিরিক্ত অনুভূতি</u> ; সামান্য অসুখেরও অসহ্যতা (ক্যাম) ; প্রত্যেকটি নির্দোষ কথায় বিরক্তি (ইগে)

বিশিষ্ট ও সাবধান ব্যক্তি, যাহারা অতি সহজেই উত্তেজিত ও ক্রুদ্ধ হইয়া উঠে ; খিটখিটে ও নাছোড়বন্দা লোকদিগের পক্ষে বিশেষ উপযোগী ।

কফি, তামাক, উত্তেজক পানীয় দ্রব্য, অধিক মসলাযুক্ত খাদ্য দ্রব্য গ্রহণ ; অপরিমিত আহার (এন্ট-ক্রু) ; অধিক দিন ব্যাপী অতিরিক্ত মানসিক-

শ্রম ; বসিয়া বসিয়া থাকিবার অভ্যাস , নিদ্রাহীনতা (কক, কলচি, নাই-এসি) , সুগন্ধি দ্রব্য বা পেটেন্ট ঔষধ ব্যবহার ; বিশেষতঃ উষ্ণকালে শীতল প্রস্তরের উপরে উপবেশনের মন্দফল

এলোপ্যাথি বা কবিরাজী চিকিৎসায় উষ্ণবীর্য্য ঔষধাদি সেবনের পরে কোন রোগীর হোমিওপ্যাথিক চিকিৎসায় প্রবৃত্ত হইতে হইলে অনেক সময় প্রথমেই নক্স-ভমিকা ব্যবস্থেয় হইয়া থাকে কিন্তু লক্ষণের সাদৃশ্য না থাকিলে ব্যবহার করা বিধেয় নহে

চৈতন্য সংযুক্ত টঙ্কার (খ্রীক) , ক্রোধ, চিত্ত-বিকার, স্পর্শ ও সঞ্চালনে উহার বৃদ্ধি

ঝাঁঝি লাগার মত, ও পাড় মারার মত অবিরাম বেদনা, নড়িলে চড়িলে ও স্পর্শ করিলে উহার আধিক্য ।

গন্ধে, প্রাতঃকালে, আহারান্তে ; প্রত্যেক প্রসব-বেদনার পরে ; মূর্চ্ছার প্রবণতা (নক্স-ম, সলফ)

সায়াহ্নে, শয়নের কয়েক ঘণ্টা পূর্ব্বে, যখন বসিয়া থাকা যায় তখন না ঘুমাইয়া পারা যায় না, এবং রাত্রি ৩টা বা ৪টার সময় জাগিতে হয় ; রাত্রি প্রভাত হইবার কালে আবার এক প্রকার স্বপ্নপূর্ণ নিদ্রা জন্মে, উহ হইতে রোগীকে সহজে জাগরিত করিতে পারা যায় না, তৎপরে তাহার শ্রান্তি ও দুর্ব্বলতা জন্মে (পলসেটিলার বিপরীত)

প্রতিশ্যায় :—শিশুদিগের নাসারব (এম-কা, স্যাম্বু) ; রাত্রিতে শুষ্ক, দিবাভাগে তরল প্রতিশ্যায় (coryza) ; উষ্ণ কক্ষে বিবর্দ্ধিত, শীতল বায়ুতে উপশমিত ; শীতল স্থানে ও প্রস্তর নির্ম্মিত সিঁড়িতে বসিয়া উৎপন্ন ; প্রতিশ্যায়

উদ্গার ।—অম্ল, তিক্ত উদ্গার ; অওফুল্লভাসহ ২তিদিন প্রাতে বিবমিষা ও বমন ; আহারান্তে উদ্গার ।

বিবমিষা ।—আহারান্তে ; প্রাতে ; ও ধূম-পানান্তে ; অবিরাম বিবমিষা । রোগী বলে যে বমন করিতে পারিলেই সে ভাল থাকিতে পারে ।

আমাশয় —আহারের এক বা দুই ঘণ্টা পরে আমাশয়ে প্রস্তর-চাপার ন্যায় চাপানুভব (আহারের অব্যবহিত পরে, কালী-বাই নক্স-ম) ; মুখে জল-উঠা, আমাশয়ের অশিথিলতা, কাপড় ঢিল করিয়া দিতে হয় ; আহারের

পরে দুই তিন ঘণ্টা পর্য্যন্ত মানসিক পরিশ্রম করিতে পারা যায় না ; আহারান্তে নিদ্রা লুপ্ত , উৎকণ্ঠা বিরক্তি, ভ্রান্তি সেবন, কফি পান, উগ্র ঔষধ সেবন, রাত্রি জাগরণ, ভোজন-বিলাস প্রভৃতি কারণে এই সকল লক্ষণের উৎপত্তি

কোষ্ঠবদ্ধতা ; বারবার নিষ্ফল মল-প্রবৃত্তি, অল্প অল্প মল-নিঃসরণ, (উদরোর্দ্ধে—ইগ্নে, ভিরে) ; যেন মলত্যাগ শেষ হইল না এরূপ অনুভব।

বারবার মল-প্রবৃত্তি ; উৎকণ্ঠা ও নিষ্ফলত্ব, মল-ক্রিয়ার কিছুকাল পর পর্য্যন্ত উহার আতিশয্য ; প্রাতে উত্থানান্তে , ও মানসিক পরিশ্রমের পর উহার উপস্থিতি (নিশ্চেষ্টতা, ও অপ্রবৃত্তি, ব্রাই, ওপি, সলফ)।

যাঁহারা চির জীবন বিরেচক ঔষধ সেবন করিয়া থাকেন তাঁহাদের পর্য্যায়-ক্রমে কোষ্ঠ-কাঠিন্য ও অতিসার (সল, ভিরে)

ঋতু —নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে, অতিরিক্ত দীর্ঘকাল স্থায়ী প্রভূত ঋতু ; অথবা প্রারম্ভে ও পরে অসুখ সহ কতিপয় অধিক দিন স্থায়ী ঋতু ; প্রতি পক্ষে পক্ষে ঋতু ; ঠিক নির্দ্ধারিত সময়ে কখনও ঋতু উপস্থিত হয় না ; ঋতু একবার থামে আবার উপস্থিত হয় (সল) ; ঋতুকালে ও তৎপরে পুরাতন লক্ষণের বৃদ্ধি।

প্রসব-বেদনা।—প্রবল, আক্ষেপিক প্রসব-বেদন ; উহাতে মল-বেগ বা মূত্র-বেগের উৎপত্তি ; পৃষ্ঠে বেদনার আধিক্য ; উষ্ণ গৃহে থাকার ইচ্ছা।

আবদ্ধ অন্ত্রবৃদ্ধি (hernia), বিশেষতঃ নাভী দেশীয় অন্ত্র-বৃদ্ধি।

পৃষ্ঠ বেদনা।—ইন্দ্রিয়-দৌর্ব্বল্য বা কৃত্রিম-মৈথুন হইতে উৎপন্ন কটিবেদনা ; ও পৃষ্ঠ-বেদনা, শয্যায় পাশ ফিরিতে হইলে উঠিয়া বসিয়া পাশ ফিরিতে হয়

শীতলতায় বা শীতল বায়ুতে অপ্রবৃত্তি ; অত্যল্পমাত্র নড়িলে চড়িলেই শীতানুভব, অনাবৃত হইলেই শীত ; জ্বরের শীতোত্তাপ ও ঘর্ম্ম প্রত্যেক অবস্থায়ই আবৃত থাকিবার আবশ্যকতা।

জ্বর।—অতিশয় উত্তাপ সর্ব্ব শরীরের আলাকর উত্তপ্ততা (একন), মুখমণ্ডলের আরক্ততা ও উত্তপ্ততা (বেল), কিন্তু তথাপি রোগী নড়িলে চড়িলে বা অনাবৃত হইলে শীত অনুভব করে।

উপচয়—প্রাতে ; রাত্রি ৪টার সময় নিদ্রা হইতে জাগিয়া, মানসিক পরিশ্রমে ; আহারান্তে বা অতিরিক্ত আহারে ; মসলা ভক্ষণে ; মাদক দ্রব্য সেবনে ; স্পর্শে, শব্দে ও ক্রোধে এবং শুষ্ককালে বৃদ্ধি

উপশম।—সায়াহ্নে ; বিশ্রামে, শয়নে ; এবং আর্দ্রকালে ; হ্রাস (কষ্ট)

সম্বন্ধ -(১) প্রায় সকল রোগেই সলফারের সহিত নক্সভমিকার অনুপূরক সম্বন্ধ। (২) জিঙ্কের সহিত নক্সের প্রতিকূল সম্বন্ধ ; জিঙ্কের পূর্ব্বে বা পরে নক্স ব্যবহৃত হয় না (৩) আস, ইপি, ফস, সিপি, সলফের পরে নক্স ভাল খাটে। (৪) নক্সের পরে ব্রাই, পলস, সলফ ভাল খাটে (৫) শরীর ও মনের বিশ্রাম-সময়েই নক্সভমিকার ভাল ক্রিয়া দর্শে, এজন্য শয়ন করিবার কয়েক ঘণ্টা পূর্ব্বে ইহা সেবন করা উচিত

নক্স-মশ্চেটা।

(Nux moschata)

স্নায়বীয়, গুল্মবায়ু প্রকৃতির (hysterical) নারী, ও বালক-বালিকাদিগের পক্ষে ; যাহাদের শুষ্ক ত্বক্ অর্থাৎ যাহাদের কদাচিৎ ঘর্ম্মস্রাব হয়, তাহাদের পক্ষে এবং গর্ভাবস্থার অসুখে ; নক্সমশ্চেটা বিশেষ উপযোগী।

বৃদ্ধ বয়সের দুর্ব্বলতা ; বৃদ্ধদিগের অগ্নিমান্দ্য

আলোক ; শ্রবণ ; গন্ধ ; ও স্পর্শে অতিশয় অনুভূতি

সকল রোগের সহিতই তন্দ্রালুতাওনিদ্রালুতা (এণ্ট-টার্ট, ওপি) অথবা সামান্য বেদনায়ও মূর্চ্ছার প্রবণতা (হিপ) ; রোগে নিদ্রালুতার উৎপত্তি করা।

স্বাপ্ত ও অচৈতন্য ; অদম্য নিদ্রা

বিমনস্কতা, চিন্তা করিতে পারা যায় না ; সকল বিষয়েই অতিশয় ঔদাস্য

স্মৃতি-শক্তির দুর্ব্বলতা বা বিলোপ (এনাক, ল্যাক-ক্যান, লাই)।

পঠন, লিখন, ও আলাপনে চিন্তার বিলোপ প্রাপ্তি, ভুল কথার ব্যবহার ; সুপরিচিত পথ চিনিতে না পারা (ক্যান-ইণ্ড, ল্যাক)।

পরিবর্ত্তনশীল প্রকৃতি ; একবার হাস্য, পরক্ষণেই ক্রন্দন (কোক, ইগ্নে) গাম্ভীর্য্য হইতে প্রফুল্লতা, প্রফুল্লতা হইতে গাম্ভীর্য্যে অকস্মাৎ পরিবর্ত্তন (প্লাট)

চক্ষুর শুষ্কতা ; এত শুষ্কতা যে অক্ষিপুট বন্ধ করা যায় না

মুখ-বিবরের অতিশয় পরিশুষ্কতা (এপিস ন্যাকে); জিহ্বার এত শুষ্কতা যে উহা তালুকায় সংলগ্ন হইয়া থাকে ; শাদা তুলার ন্যায় বোধ হয় ; গলার শুষ্কতা ; ও দৃঢ়তা, পিপাসাভাব (পলস)।

প্রকৃত পিপাসা ও জিহ্বার পরিশুষ্কতা ব্যতীতও জিহ্বার অতিশয় শুষ্কতা অনুভব।

যে সকল অঙ্গে ভর দিয়া শয়ন করা যায় তাহার অতিশয় স্পর্শ-দ্বেষ (ব্যাপ্ট, পাইরে) ; শয্যাক্ষত জন্মিবার সম্ভাবনা

অল্প কিছু অতিরিক্ত আহার করিলেই শিরঃপীড়া জন্মে, আহার-কালে অথবা আহারের অব্যবহিত পরে আমাশয়ে বেদনা, পূর্ণতা ও যাতনা (কালী-বাই)

প্রত্যেকবার আহারের পরে উদরের অতিশয় স্ফীততা

অতিসার।—গ্রীষ্মকালে শীতল পানীয় দ্রব্য সেবন করাতে, শরৎকালের এপিডেমিকে শাদা মলবিশিষ্ট (কলচি) ; আলদেওয়া দুগ্ধপান বশতঃ ; দন্তোদ্গম-কালে ; গর্ভ-কালে অতিসার ; তৎসহ নিদ্রালুতা ও মূর্চ্ছা শরৎকালে শুভ্রবর্ণ, দুর্গন্ধ ব্যাপক অতিসার (কলচি)।

প্রতি ঋতু-কালে, বিশেষতঃ নিদ্রার সময় মুখমধ্য, গল-মধ্য, ও জিহ্বার অসহ্য শুষ্কতা।

ঋতুর পরিবর্ত্তে প্রদর স্রাব (কক), শুষ্ক জিহ্বা সহকারে নিদ্রা হইতে জাগরণ (ল্যাক) ; বায়ু বা বাষ্প সঞ্চয় বশতঃ জরায়ুর স্ফীততা (ল্যাক-ক্যান, লাই)।

বায়ুর প্রতিকূল দিকে হাঁটাতে সহসা স্বর-ভঙ্গ (ইউফ, হিপ)।

কাস —শয্যায় উষ্ণ হইলে ; অতিরিক্ত উত্তপ্ততা জন্মিলে ; গর্ভ-কালে (কোন), স্নানে ; জলে দাঁড়াইলে ; ও শীতল অন্ধকার স্থানে বাসে (ষ্ট্যাট-সল) কাসের উৎপত্তি ; আহারান্তে উহার তরলতা, পানান্তে শুষ্কতা।

নিদ্রা। —দুর্নিবার তন্দ্রালুতা ; মত্ততার ন্যায় জড়তা, কোমা (তন্দ্রা-দোষ) ; নীরব ও অচল ভাবে পড়িয়া থাকা ; সতত বিমুদিত চক্ষু (সশব্দ শ্বাস সহ, ওপি, ।

পা ভিজাতে ; ও উত্তপ্ত অবস্থায় বায়ু-প্রবাহ লাগাতে (একন, ব্রাই) বাতের পীড়া , শীতল আর্দ্র ঋতুতে, অথবা শীতল আর্দ্র বস্ত্রে (রুস) উহার বৃদ্ধি ; বাম স্কন্ধের বাত (ফির —দক্ষিণ স্কন্ধের, স্যাঙ্গ, ষ্ট্রণ) ।

গাড়ীতে বিচরণ-কালে পৃষ্ঠ-বেদনা

শ্রান্তি, অতি অল্পমাত্র পরিশ্রম করিলেও শয়নের আবশ্যকতা ।

উপচয় । শীতল, আর্দ্র, ঝঞ্ঝাবাত বিশিষ্ট সময়ে (রোড) , ঋতুর পরিবর্ত্তনে শীতল আহার, জল, ও শীতল স্নানে, শকটারোহণে (কক্কু), সঞ্চালনে ; এবং ব্যথিত পার্শ্বে শয়নে ; বৃদ্ধি (অব্যথিত পার্শ্বে শয়নে বৃদ্ধি, পলস)

উপশম ।—শুষ্ক, উষ্ণকালে ; উষ্ণগৃহে ; ও উষ্ণবস্ত্রে আবৃত হইলে ; হ্রাস

সম্বন্ধ ।—পারদের ধূম নিশ্বসন সীস-শূল, তার্পিন তৈল, এবং মদিরা, বিশেষতঃ মন্দ বিয়ারমদিরার মন্দ ফল নক্সমশ্চেটা দ্বারা বিনষ্ট হয়

নাইট্রিক এসিড ।

(Nitric Acid)

দৃঢ় পেশীতন্তু, মলিনবর্ণ মুখাকৃতি, কৃষ্ণবর্ণ চুল ও চক্ষু, স্নায়বীয় প্রকৃতি এবং গৌরাঙ্গ অপেক্ষা শ্যামাঙ্গ কৃশ ব্যক্তিদিগের পক্ষেই নাইট্রিক এসিড বিশেষ উপযোগী ।

পুরাতন রোগগ্রস্ত যে সকল ব্যক্তিদিগের সহজে সর্দ্দি লাগে ; ও সহজে অতিসার জন্মে তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী ; যাহারা কোষ্ঠবদ্ধতায় কষ্ট পায় তাহাদের পক্ষে ইহা কদাচিৎ উপযোগী হয়

অতিশয় দুর্ব্বলতা ও অতিসার সংযুক্ত বৃদ্ধদিগের পক্ষেও নাইট্রিক এসিড উপযোগী

অত্যধিক শারীরিক উপদাহিতা

বেদনা।—চোঁচফুটার ন্যায় ভেদন ও বেধনবৎ বেদনা; সহসা আবির্ভূত ও সহসা তিরোভূত; বাতাতপ বা ঋতুর পরিবর্ত্তনে উপস্থিত; নিদ্রাকালে প্রকাশিত; এবং স্থানে স্থানে সদ্যোৎপন্ন দংশনবৎ যাতনাবিশিষ্ট; বেদনা।

অনুভূতি।—মাথার চারিদিকে, ও হাড়ের চারিদিকে দিতার বন্ধনের ন্যায় (কার্ব্ব-এসি, সল); ক্ষতস্থানে, ক্ষতস্থানে, অর্শে, গল-মধ্যে ও পাদ-নখের কুণীতে চোঁচফুটার ন্যায় অনুভব, যৎসামান্য স্পর্শে উহার বৃদ্ধি।

পুরাতন রোগ।—কোন তীব্র বিষজনিত; পারদ, উপদংশ ও গণ্ডমালা হইতে উৎপন্ন; এবং জীর্ণ শীর্ণ শরীরে প্রকাশিত; পুরাতন রোগ

ক্রমাগত নিদ্রাশূন্যতা, দীর্ঘকালস্থায়ী উৎকণ্ঠ; রোগীর শুশ্রূষায় মন ও শরীরের অতিরিক্ত শ্রম (কক); প্রিয়তম বন্ধুর বিয়োগে মানসিক যাতনা; ঔদাস্য; জীবনে বিতৃষ্ণা, ঋতুর পূর্ব্বে বিমর্ষতা।

স্বীয় রোগের বিষয়ে অতিশয় উৎকণ্ঠা; বিগত উপদ্রব সম্বন্ধে অবিরত ভাবনা; ওলাউঠার অতিরিক্ত ভয় (আস´), সায়াহ্নে অপ্রফুল্লতা ও আকুলতা।

কোপনতা; অবিমৃষ্যকারিতা; বৈরসাধনতৎপরতা; ঘৃণাপূর্ণতা; দুর্দ্দম্যতা, বিদ্বেষিতা; ক্ষমাপ্রার্থনা ও অবিচলিততা।

শ্রুতিশক্তির ক্ষীণতা, ঘোড়ার গাড়ীতে বা রেলের গাড়ীতে চড়িলে উহার আধিক্য (গ্রাফ)।

পাকা রাস্তায়; গাড়ীর ঘড় ঘড় শব্দে অতিশয় অনুভূতি; টুপীর চাপে মাথা-ধরা (ক্যাল্ক, ফস, কার্ব্বো, ছাট)।

ওজিনা।—প্রত্যহ প্রাতঃকালে সবুজবর্ণ ছাঁচ (green casts) নিঃসরণ

অতিসার।—অতিশয় প্রবল (কুন্থন) কিন্তু অল্প নিঃসরণ, বোধ হয় যেন মল সঞ্চিত রহিয়াছে, নিঃসারণ করিতে পারা যায় না (এলম); সরলান্ত্র অথবা মলদ্বার যেন ছিন্ন বা বিদীর্ণ হইয়াছে এরূপ বেদনা (ছাট-মি); মল ত্যাগান্তে প্রবল কর্ত্তনবৎ বেদনা কয়েক ঘণ্টা পর্য্যন্ত উহার অবস্থিতি (রাট, সলফ।—মলত্যাগ-কালে ও ত্যাগান্তে বেদনা, মার্ক)।

সরলান্ত্রের বিদারণ, মলত্যাগ-কালে ছেদনবৎ আক্ষেপিক বেদনা ; কোমল মলত্যাগের পরেও ছুরি দিয়া কাটার ন্যায় যাতনা (এলুমেন, ন্যাট, র‍্যাট)।

মূত্র —স্বল্প, মলিন-কপিশ, উগ্রগন্ধ "অশ্বমূত্র সদৃশ", ত্যাগকালে শীতল ; ঘোলা মূত্র।

ক্ষত —সহজে রক্তস্রাবী ক্ষত ; মুখের কোণে ক্ষত (ন্যাট) ; চোঁচফুটার ন্যায় যাতনা, বিশেষতঃ স্পর্শ করিলে (হিপ) ; প্রান্তদেশ কুটিল ও অসম, ভূমিদেশ দেখিতে কাঁচামাংসের অনুরূপ ; ক্ষতাঙ্কুর বহুল ; পারদ বা উপদংশ অথবা উভয়ের পরে গণ্ডমালাগ্রস্ত ভূমিতে উৎপন্ন ; ক্ষত

স্রাব —পাতলা ; দুর্গন্ধ, বিদাহী, কাপশ বা মলিন পীতাভ হরিদ্বর্ণ স্রাব ; কদাচিৎ ভাল পূয।

রক্তস্রাব -টাইফয়েড বা টাইফাস জ্বরে অন্ত্র হইতে (ক্রোট, মিউর-এসি) ; গর্ভস্রাব বা প্রসবান্তে ; অতিরিক্ত শরীর-চেষ্টায়, উজ্জ্বল, প্রভূত অথবা মলিনবর্ণ রক্তস্রাব।

চর্ব্বণ-কালে কর্ণে চড় চড় শব্দ, নড়িলে চড়িলে সন্ধিস্থলে চড় চড় শব্দ (কক, গ্রাফ)

আঁচিল।—মাযক-দোষ বা উপদংশজ ; বৃহৎ, অসম, সবৃন্ত, প্রক্ষালনে সহজে রক্তস্রাবী ; আর্দ্র, রসক্ষরণশীল ; ভেদনবৎ যাতনা বিশিষ্ট ; আঁচিল ও উপমাংস (ষ্টাফ, থুজা)।

যে যে স্থলে ত্বক ও শ্লৈষ্মিক ঝিল্লী সংযুক্ত সেই সেই স্থলে অর্থাৎ মুখ-বিবর, নাসিক, সরলান্ত্র, মলদ্বার, মূত্রমার্গ, অপত্য-পথ প্রভৃতি শরীরের শ্লেষ্ম-স্রাবী দ্বার এই ঔষধে সবিশেষরূপে আক্রান্ত হয় (মিউর-এসি)

উপচয়।—সায়াহ্নে ও রাত্রিতে, দুইপ্রহর রাত্রির পরে ; স্পর্শে ; বাতাতপ বা ঋতুর পরিবর্ত্তনে, ঘর্ম্মকালে, নিদ্রা হইতে জাগরণান্তে ও বিচরণ কালে, বৃদ্ধি

উপশম।-গাড়ীতে চড়িয়া বেড়াইবার সময় হ্রাস (কক্কুলাসের বিপরীত)

সম্বন্ধ।—(১) আর্স ও ক্যালাডের সহিত অনুপূরক সম্বন্ধ (২) ল্যাকেসিসের সহিত প্রতিকূল সম্বন্ধ (৩) এলাউঠার অতিরিক্ত ভয়ে

আর্সেনিকের সহিত সমগুণ সম্বন্ধ। (৪) নাইট্রিক এসিড ও মার্কিউরিয়াসে অনেক সময় প্রভেদকরা কঠিন; নাইট্রিক এসিড কৃষ্ণকেশ ব্যক্তিদিগের পক্ষে ও মারকিউরি লঘুকেশ ব্যক্তিদিগের পক্ষে উপযোগী। (৫) পারদ অপ-ব্যবহারের পরবর্ত্তী রোগে, বিশেষতঃ জীবনী-ক্রিয়ার বিবৃদ্ধি থাকিলে; এবং পুনঃ পুনঃ ডিজিটেলিস প্রয়োগের মন্দফলে নাইট্রিক এসিড উপশমপ্রদ। (৬) ক্যাল্ক, হিপ, মার্ক, থুজা-কা, পলস অথবা থুজার পরে নাইট্রিক এসিড ভাল খাটে, কিন্তু কালী-কার্ব্বের পরেই ইহা অত্যন্ত ফলপ্রদ।

ন্যাজ ট্রিপিউডিয়ান্স।

(Naja Tripudians)

আত্মহত্যার প্রবৃত্তি বিশিষ্ট উন্মাদ, কল্পিত উপদ্রব সম্বন্ধে অবিরত ভাবনা (অরম)

হৃৎপিণ্ডের উপসর্গশূন্য বিবৃদ্ধি।

তরুণ প্রদাহ দ্বারা অপকৃত হৃৎপিণ্ডের সুস্থতা পুনরায় স্থাপনার্থে, অথবা হৃৎ-পিণ্ডের পুরাতন বিবৃদ্ধি ও হৃৎকপাটের বিকৃতি জনিত যাতনার উপশমার্থে এই ঔষধ উপযোগী

আমবাতিক হৃৎপিণ্ড-প্রদাহের তরুণাবস্থা অথবা হৃৎপিণ্ডের পুরাতন বিধান-বিকৃতি-বশতঃ উৎপন্ন উপদাহকর, শুষ্ক দহানুভূতিক কাস (স্পঞ্জ)।

ডিপথিরিয়ার পরবর্ত্তী হৃৎপিণ্ডের পক্ষাঘাতের আশঙ্কা

বলে অনিয়মিত কিন্তু কালে (তালে) নিয়মিত নাড়ী।

শ্বাস-রোধকর, স্নায়বীয়, পুরাতন হৃৎকম্প সংযুক্ত, বিশেষতঃ বক্তৃতার পরে, কথা বলিতে অসমর্থতা; গাড়ীতে আরোহণে অথবা পার্শ্বে শয়নে যাতনার বৃদ্ধি।

হৃৎপিণ্ড প্রদেশে তীব্র সূচি-বেধনবৎ বেদনা।

সম্বন্ধ।—আর্স, ক্যাক্টি, ল্যাক, স্পাইগেল ও স্পিজির সহিত ইহার তুলনা হয়।

বাস্ত-সমস্ততা, স্নায়বীয় দুর্ব্বলতা বশতঃ হাত হইতে দ্রব্যাদির পতন (এপিস, বোভ)

বিলাপ-প্রবৃত্তি ; অকারণে অশ্রুস্রাব (পলস), কিন্তু সান্ত্বনা-প্রদানে রোগিণীর কষ্টের আধিক্য

শিরঃপীড়া —বিদ্যালয়ের বালিকাদিগের শিরোবেদনা (ক্যাল্ক-ফস) ; সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত উহার অবস্থিতি, দৃষ্টিহীনতা সহ উহার আরম্ভ (আইরিস, কালী-বাই) চক্ষুর অতিরিক্ত চেষ্টায় উহার উৎপত্তি, হিষ্টিরিয়া জনিত বামপার্শ্বের শিরঃপীড়া ; বোধ হয় যেন মাথা ফাটিয়া যাইতেছে ; তৎসহ ঋতু-কালে এবং ঋতুর পূর্ব্বে ও পরে আরক্ত বদন ; বিবমিষ ও বমন ; যেন ক্ষুদ্র ক্ষুদ্র হাতুড়ি দ্বারা মস্তিষ্ক আঘাতিত হইতেছে এপ্রকার অনুভব, জ্বরের উত্তাপাবস্থায় শিরোবেদনা, ঘর্ম্মারম্ভে উহার উপশম

অশ্রুপাত ; যখনই রোগী কাসে তখনই তাহার গাল বাহিয়া অশ্রুধারা পতিত হয় (ইউফ্রে)

উত্তপ্ত সূর্য্যের তাপ অথবা দারুণ গ্রীষ্মকালের উত্তাপ বশতঃ ওষধি-গন্ধজ জ্বর (হে-ফিভার), নাসা-রন্ধ্রে ক্ষুদ্র ক্রিমির ন্যায় অনুভব।

জিহ্বায় চুল থাকার ন্যায় অনুভব (সিলি)।

জিহ্বা।—জিহ্বায় রক্তবর্ণ দ্বীপাকার খণ্ড খণ্ড চিত্র ; পার্শ্বে দদ্রুর ন্যায় আকৃতি (আর্স, ল্যাক, মার্ক, নাই-এসি, ট্যারাক্স) ; ভারী কষ্টসাধ্য কথা, শিশুদিগের হাঁটিতে শিখিতে বিলম্ব।

কোষ্ঠবদ্ধতা।—মলদ্বারের আকুঞ্চন অনুভব, পরে উহার বিদারণ, রক্তপাত ও টাটানি ; কষ্টে নিঃসারিত, শক্ত, খণ্ড খণ্ড মল (এম-মিউ, ম্যাগ-মি), সরলান্ত্রে সূচী-বেধ (নাই-এসি দ্রষ্টব্য) ; অনিচ্ছায় নিঃসৃত মল, বায়ু কি মল বাহির হইবে জানা যায় না (এলো, মিউর-এসি, আইও, ওলিন, পড)।

মূত্র —হাঁটিবার, কাসিবার, ও হাসিবার সময় অনিচ্ছায় মূত্র-নিঃসরণ, (কষ্ট, পলস, সিপি), অন্যেরা উপস্থিত থাকিলে অনেকক্ষণ মূত্র-পাত হয় না (হিপার, মিউ-এসি), মূত্র ত্যাগান্তে কর্ত্তনবৎ যাতনা (সার্সা)।

শুক্রস্রাব —সংসর্গের অল্পক্ষণ পরে, বিবর্দ্ধিত লিঙ্গ সহকারে শুক্রপাত; সংসর্গ-কালে অতি বিলম্বে শুক্রস্রাব অথবা পুনঃ জননাঙ্গের দুর্ব্বলতা; অত্যধিক ইন্দ্রিয় সেবার পরবর্ত্তী ধ্বজভঙ্গ, পৃষ্ঠবংশের উপদাহ, ও পক্ষাঘাত

প্রত্যহ প্রাতে বাহ্য জননেন্দ্রিয়ের অভিমুখে চাপ ও ধাক্কা লাগে, কষ্ট (pro-(lapsus uteri) নিবারণার্থে বসিয়া থাকা আবশ্যক হয় (লিলি, মিউর, সিপি)।

মৃদু মূর্চ্ছানুভব সহকারে হৃৎপিণ্ডের দ্রুতস্পন্দন, শুইয়া থাকিলে মূর্চ্ছানুভবের উপচয় (ল্যাকে)

হৃৎপিণ্ডের স্পন্দনে দেহ কম্পিত হয় (স্পাইজি)।

স্তন্যদাত্রীদিগের (সিপি —জরায়ুতে, লাই) কেশ স্পর্শ করিলে কেশ পতন; মুখমণ্ডলের তৈলাক্ততা ও চিক্কণতা (থুজা)

ক্রোধ, অম্ল খাদ্যদ্রব্য; রুটি; কুইনাইন; অতিরিক্ত লবণ ভক্ষণ; এবং নাইট্রেট-অব-সিলভার দ্বারা ক্ষার-কর্ম্মের (কটারেজেশন), শোক, ভয়, অসন্তোষ, মর্ম্মাহত ভাব, ও সংযত অসন্তুষ্টির মন্দফল (ষ্ট্যাফ)।

নখের চারিদিকের চর্ম্মের শুষ্কতা ও বিদারণ (পেট্রো); মলদ্বারের নিকটে, ও ঘাড়ের নিকটের চুলের প্রান্তভাগে দদ্রু (জাগ্লন্স রীজে, হিপার, গ্রাফ)।

হাতের তালুতে আঁচিল (স্পর্শে বেদনা, অ্যান্ট-ক্রুড)।

গৃহে দস্যু তস্করাদির প্রবেশের স্বপ্ন, জাগিয়াও গৃহ অন্বেষিত না হওয়া পর্য্যন্ত উহাতে বিশ্বাস (সোরি), আলাকর পিপাসার স্বপ্ন

ওষ্ঠের নিকটে মুক্তার ন্যায় জল-স্ফোট; ওষ্ঠের শুষ্কতা, বিদারণ ও ক্ষত (নাই-এসি)

জঙ্ঘার শিরার বেদনাযুক্ত আকুঞ্চন (এম-মি, কষ্ট, গুয়াক)।

লবণে স্পৃহা (ক্যাল্ক, কষ্ট); রুটিতে অতিশয় অরুচি

অতিরিক্ত লবণ ভক্ষণ, সমুদ্রকূলে অবস্থিতি অথবা সমুদ্রযাত্রা বশতঃ উৎপন্ন, কাঁচা আরক্ত প্রদাহিত, বিশেষতঃ কেশের প্রান্তে উদ্ভূত, পামা (একজিমা)।

তরুণ বা পুরাতন শীতপিত্ত; সর্ব্বশরীরে, বিশেষতঃ প্রবল শারীরিক পরিশ্রমের পর উহার প্রকাশ (এপিস, ক্যাল্ক, হিপ ক্যানি, আর্ট)।

সবিরাম জ্বর; পূর্ব্বাহ্ণ ১০ বা ১১ টার সময় জ্বরের আবেশের উপস্থিতি, পুরাতন কুচিকিৎসিত জ্বর, বিশেষতঃ কুইনাইন দ্বারা অবরুদ্ধ জ্বর,

শীত ও তাপাবস্থায় সংজ্ঞাশূন্যতা সহ শিরঃপীড়া ; ও ঘর্ম্মে বেদনার উপশম

উপচয়।—পূর্ব্বাহ্ণ ১০ টা বা ১১ টার সময়, সূর্য্যের বা চুল্লীর উত্তাপে ; সমুদ্র-কূলে বা সমুদ্র-বায়ুতে ; মানসিক পরিশ্রমে, আলাপনে, লিখনে ও পঠনে এবং শয়নে বৃদ্ধি

উপশম।—অনাবৃত বায়ুতে (এপিস, পল্স) ; শীতল জলে প্রক্ষালনে ; উঠিয়া বসিলে, ; ও উপবাসে ; দক্ষিণপার্শ্বে ভরদিয়া শয়নে (ব্যথিত পার্শ্বে ব্রাই, ইগ্নে, পল্স) ; শ্বাস

সম্বন্ধ।—(১) এপিসের সহিত অনুপূরক সম্বন্ধ ; এপিসের পূর্ব্বে ও পরে ন্যাট্রম মিউরের ভাল ক্রিয়া দর্শে (২) ইগ্নেশিয়া ন্যাট্রম-মিউরের উদ্ভিদ সমগুণ তরুণ রোগে-ইগ্নেশিয়া ও পুরাতন রোগে ন্যাট্রম-মিউর উপযোগী। (৩) ন্যট্রম মিউরের পর সিপিয়া ও থুজা ব্যবহৃত হয় (৪) পুরাতন রোগে লক্ষণের সাদৃশ্য অনুসারে অন্য অন্তর্বর্ত্তী ঔষধ ব্যবহার না করিয়া অনেক সময় ন্যাট্রম-মিউরের পুনঃ পুনঃ প্রয়োগ হয় না (৫) জ্বরের আবেশ কালে কখনও ন্যাট্রম-মিউর দেওয়া উচিত নহে (৬) ন্যাট্রম-মিউর ব্যবহারের পরে যদি শিরোঘূর্ণন ও শিরঃপীড়া অতিশয় প্রবর্দ্ধিত হয় ; অথবা অবসন্নতা দীর্ঘস্থায়ী হয়, তবে নক্স ব্যবহারে উহার শান্তি জন্মে

ন্যাট্রম সল্‌ফিউরিকম্।

(Natrum Sulphuricum)

আর্দ্র-কালে, আর্দ্রগৃহ-বাসে সমুৎপন্ন বা বিবর্দ্ধিত রোগে ; এবং শুষ্ক ঋতুর আর্দ্র ঋতুতে পরিবর্ত্তনে যে সকল রোগীর অসুখ করে ; যাহারা সমুদ্র-বায়ু সহ্য করিতে পারেনা, জলের নিকটে যে সকল উদ্ভিদ জন্মে তাহা আহার করিতে পারেনা ; যাহাদের শরীরে প্রমেহ-বিষে বিশেষ অনিষ্ট হয় ; ও যাহারা প্রত্যেক রোগ হইতেই ধীরে ধীরে আরোগ্য লাভ করে ; তাহাদের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

প্রতি বসন্তকালে চর্ম্ম-রোগের পুনঃ প্রকাশ (সোরি)।

চিন্তা করিতে অসামর্থ্য (স্ট্যাট-কা)

বিমর্ষতা, অপ্রফুল্লতা, কোপনতা ; প্রাতে উহার আধিক্য, কথা বলিতে বা শুনিতে অপ্রবৃত্তি (আইও, সিপি)

অপ্রসন্নতা, গীত-বাদ্যে রোগিণীর বিষণ্ণতা ; জীবনে পরিতৃপ্ততা (Satiety), আত্মহত্যা নিবারণার্থে অতিশয় আত্মসংযমের আবশ্যকতা।

অভিঘাতের মানসিক মন্দফল ; মস্তকের উপঘাত জনিত মানসিক লক্ষণ ; আঘাত বা পতন জন্য মস্তিষ্কের পুরাতন উপদ্রব।

অক্ষিপুটের দানাময়তা—ক্ষুদ্র ক্ষুদ্র ফোস্কার ন্যায় দানা (গুটি), হরিদ্বর্ণ পূয ও ভয়ঙ্কর আলোকাতঙ্ক ; প্রমেহ বা মাযক-দোষ হইতে উহার উৎপত্তি।

ঋতু-কালে নাসিকা হইতে রক্তপাত (ঋতুর পরিবর্ত্তে রক্তপাত, ব্রাই, পলস)।

শীতল জলে ও শীতল বায়ুতে উপশমিত দন্ত-বেদনা (কফি, পলস)।

জিহ্বায় ময়লা, হরিতাভ ধূসর অথবা কপিশবর্ণ লেপ

অতিসার —সহসা বেগ, হুড় হুড় করিয়া মলস্রাব, অধিক বায়ু-নিঃসরণ ; নিদ্রা হইতে উঠিয়া প্রথম দাঁড়াইবামাত্র মলবেগ ; বৃষ্টি-কালের আবেশাবে ; ও নিম্নতল গৃহে বাস বা কাজ করাতে উহার উৎপত্তি

প্রমেহ হরিতাভপীতবর্ণ, বেদনাশূন্য, গাঢ়স্রাব (পলস) ; পুরাতন বা সংরুদ্ধ প্রমেহ (গাঢ়, হরিদ্বর্ণস্রাব, কালী-আইওড)

শ্বাস-কৃচ্ছ্র, সেঁতসেঁতে, মেঘাচ্ছন্নকালে দীর্ঘ শ্বাসগ্রহণের ইচ্ছা।

শিশুদিগের শ্লেষ্মাস্রাবী শ্বাস-কাস, প্রতি বর্ষা কালে ; ও প্রত্যেকবার নূতনসর্দ্দি লাগিলে উহার উপস্থিতি, আর্দ্র, ও বৃষ্টি-কালে সর্ব্বদা বৃদ্ধিপ্রাপ্তি, হরিদ্বর্ণ, হরিতাভ, প্রচুর নিষ্ঠীবন (হরিতাভ ধূসর নিষ্ঠীবন, কোপে)।

মাযক-দোষজনিত ফুসফুস-প্রদাহ (সাইকোটিক নিউমোনিয়া) ; বাম ফুসফুসের নিম্নতর খণ্ডের আক্রান্ততা ; বক্ষঃস্থলের অতিশয় স্পর্শ-বেদ, কাসিবার সময় শয্যায় উঠিয়া বসিয়া ও দুই হাতে বুক ধরিয়া কাসিতে হয় (নিক।—দক্ষিণ ফুসফুস, ব্রাই)।

স্পাইন্যাল মিনিঞ্জাইটিস।—মস্তিষ্কের ভূমিদেশে প্রবল চর্ব্বণবৎ বেদনা; মস্তকের পশ্চাৎদিকে আকৃষ্টতা; মানসিক উপদাহিতা ও প্রলাপ সহকারে আক্ষেপ; মস্তকে প্রবল রক্ত-সঞ্চয়; প্রলাপ, পশ্চাদ্বক্র টঙ্কার

উপচয়।—আর্দ্রগৃহে বাসে; আর্দ্রকালে (আরাণ, আস-আইও, ডলকা); বিশ্রামে; ও শয়নে; বৃদ্ধি।

উপশম।—শুষ্ককালে; প্রচাপনে; উঠিয়া বসিলে (কাস); অবস্থান-পরিবর্ত্তনে (আর্দ্রকালে কষ্ট); ও অনাবৃত বায়ুতে; হ্রাস।

রোগীর ঘন ঘন অবস্থানের পরিবর্ত্তন করিতে হয় বটে কিন্তু উহাতে কষ্ট হয় এবং শান্তি জন্মেনা (কষ্ট)

সম্বন্ধ।—ন্যাট-মিউ ও সলফের সহিত অধিক সমগুণ সম্বন্ধ; রস-প্রধান-ধাতুতে সিফিলিস ও সাইকোসিস জন্মিলে থুজা ও মার্কের সহিত তুলনা হয়

পডফিলম্।

(Podophyllum)

পিত্ত-প্রধান-ধাতুর যে সকল ব্যক্তি, বিশেষতঃ পারদ সেবনের পর, আমাশয়ের বিশৃঙ্খলায় আক্রান্ত হয়; এবং যাহারা পিত্ত-প্রকোপের আক্রমণ সহ্যকরে; তাহাদের পক্ষে পডফিলম বিশেষ উপযোগী

উৎক্ষেপণবৎ (jerking) বেদনার আকস্মিক আক্রমণ। অধিক পরিমাণে শীতলজল পানের পিপাসা (ব্রাই)।

বিমর্ষতা, রোগীর অনুমান হয় যেন সে মরিতে যাইতেছে অথবা অতিশয় পীড়িত হইয়াছে (আর্স); জীবনে বিরক্তি।

অতিসারের সহিত পর্য্যায়ে শিরঃপীড়া (এলো); শীতকালে শিরঃপীড়া, গ্রীষ্মকালে অতিসার।

বেদনাশূন্য মৃদু-বিসূচিকা; পদ, জঙ্ঘা-পৃষ্ঠ (Calves); ও উরুতে প্রবলখল্লী; বেদনা-শূন্য জলবৎ মল, শিশু-বিসূচিকা (ফাইটো)।

সহজে দন্তোদ্গম না হওয়া ; কেঁ কেঁ করা, ও রাত্রিতে দাঁত কড়মড় করা ; মস্তকের উত্তপ্ততা ও অবলুণ্ঠন (বেল, হেল) ; মাড়িতে মাড়িতে চাপ দেওয়ার অতিশয় ইচ্ছা (ফাইটো) ।

হস্তদ্বারা যকৃৎ-প্রদেশ অবিরত মর্দ্দন ।

অতিসার —শিশুদিগের অতিসার, দন্তোদ্ভেদ কালীন অতিসার ; আহারান্তে, প্রক্ষালনকালে ও শিশুর শয্যার বস্ত্র ভিজিয়া পতিত মলিন জলবৎ অতিসার (বেঞ্জ এসি) ; প্রত্যূষ-কালে অতিসার, পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত উহার অবস্থিতি, সন্ধ্যাকালে স্বাভাবিক মল নিঃসরণ (এলো), তৎসহ উদরে ও সরলান্ত্রে দুর্ব্বলতা বা নিমগ্নতা অনুভব ; দীর্ঘকাল স্থায়ী অতিসার

মল —সবুজবর্ণ, জলবৎ, দুর্গন্ধি, প্রভূত (ক্যাল্ক) ; প্রবলবেগে বহির্গত (ক্রোট, ফস), খটিকাবৎ, লোহবৎ (এলো) ; অজীর্ণ দ্রব্য মিশ্রিত (সিঙ্ক, ফির), পীতবর্ণ ময়দার প্রায় তলানিবিশিষ্ট ; এবং মলত্যাগের পূর্ব্বে ব তৎকালে সরলান্ত্রের (rectum) বহির্গমন লক্ষণাপন্ন ; মল।

কুন্থন বা ভারোত্তোলন বশতঃ ; কোষ্ঠবদ্ধতা জনিত ; ও প্রসবের পরবর্ত্তী ; কন্দ

গর্ভের প্রথম ভাগে কেবল আমাশয়ের উপর ভর দিয়া শয়নে স্বচ্ছন্দতা (এসেট-এসি) ।

দক্ষিণ গল-মধ্য, দক্ষিণ ডিম্বাশয় ও দক্ষিণ কুক্ষির আক্রান্ততা, পূর্ব্বাহ্ণ ৭ টার সময় জ্বরের আবেশ, তৎসহকারে শীত ও উত্তাপের সময় অতিরিক্ত বাচালতা ; ঘর্ম্মস্রাবের সময় নিদ্রা (লাই)

দক্ষিণ ডিম্বাশয়ে বেদনা ও অবশতা, সেই দিকের উরু পর্য্যন্ত, উহার প্রধাবন (লিলি)

যুবতী কুমারীদিগের রজোবিলুপ্তি (পলস, টিউব)

উপচয় ।—প্রত্যূষে (এলো, নক্স, সল) ; উত্তপ্তকালে, ও দন্তোদ্গম সময় ; বৃদ্ধি ।

উপশম ।—সন্ধ্যাকালে ; বাহ্যিক উষ্ণতা প্রয়োগে ; ও চাপদানে হ্রাস

সম্বন্ধ —(১) এলো, চেলি, কোলিন, লিলি, মার্ক, নক্স ও সলফের সহিত পডর তুলনা হয়। (২) এতদ্দ্বারা পারদের কুফল নিবারিত হয়। (৩) আমাশয়ের রোগে ইপি ও নক্সের পরে; এবং যকৃদ্রোগে ক্যাল্ক ও সলফের পরে; পড উপযোগী হয়।

পল্‌সেটিলা।

(Pulsatilla)

পিঙ্গলকেশ, নীলচক্ষু, পাণ্ডুর মুখমণ্ডল, নীরব শোক-প্রবণ, বিনীত স্বভাব ব্যক্তিদিগের পক্ষে, বিশেষতঃ নারী ও বালকবালিকাদিগের রোগেই এই ঔষধ বিশেষরূপে ব্যবহৃত হয়। পলসেটিলার রোগীর মন্দ গতি, শ্লেষ্মা-প্রধান ধাতু, ও বিরক্তি-প্রবণতা থাকে, কিন্তু কোপনতা থাকেনা

সহজে অশ্রুপাত; অশ্রুপাত না করিয়া প্রায়ই রোগের কথা বলা অসম্ভব (ধন্যবাদ দিতে অশ্রুপাত, ল্যাই)।

স্ত্রীলোকদিগের মাংসলা হইবার প্রবণতা, তৎসহ স্বল্প ও অনেক দিন স্থায়ী ঋতু (গ্রাফ)

প্রথম রজ-প্রকাশের সময় হইতেই স্বাস্থ্যভঙ্গ, নীরক্ততা, হরিৎপাণ্ডু বায়ু নলীভুজ-প্রদাহ, যক্ষ্মা। সেই সময় হইতে কখনও শরীর সুস্থ নহে।

সমস্ত শ্লৈষ্মিক ঝিল্লীর স্রাবই গাঢ়, অবিদাহী ও পীতাভ-হরিদ্বর্ণ (কালী-সল, ন্যাট-সল)

বেদনা।- আকর্ষণবৎ, ছেদনবৎ, একস্থান হইতে অন্য স্থানে সত্বর স্থান-বিকল্পশীল সঞ্চরমান বেদনা (কালী-বাই, ল্যাক-ক্যান, ম্যাঙ্গ-এ), তৎসহ অবিরত শীত শীত অনুভব, যতই বেদনার উগ্রতা ততই শীতের তীব্রতা; সহসা বেদনার প্রকাশ, ক্রমে ক্রমে বিরাম, অথবা অশিথিলতা (টেন্‌শন্), যে পর্য্যন্ত না উহার তীব্রতা জন্মে সে পর্য্যন্ত বৃদ্ধি প্রাপ্তি, অনন্তর চট্ করিয়া উহার নিবৃত্তি (দন্ত-শূল, স্নায়ু-শূল); প্রথম সঞ্চলনে বেদনা (রাসটক্স)

লক্ষণের সতত পরিবর্ত্তন, দুই বারের শীত, দুই বারের মল, দুই বারের আক্রমণ একরূপ হয় না, এক ঘণ্টায় সুন্দর সুস্থতা, অন্য ঘণ্টায় অসুস্থ

প্রায় সকল রোগের সহিতই পিপাসাহীনতা।

গুরুপাক দ্রব্য, পিষ্টক ঘৃতপক্ক দ্রব্য, তৈলাক্ত দ্রব্য, ও শূকরের মাংস প্রভৃতি ভক্ষণ জন্য আমাশয়িক উপদ্রব ; প্রাতে মুখের বিরসতা

প্রাতে পিপাসা ব্যতীত অতিশয় মুখ-শোষ (নক্স-ম। - মুখ আর্দ্র, অথচ দারুণ পিপাসা, মার্ক)।

আমাশয়ে, বিশেষতঃ চা পায়ীদিগের আমাশয়ে শূন্যতা অনুভব

স্তনে বা মুষ্কে (testicle) মাংসপেশ (গুদাবিবি) রোগের স্থান-বিকল্প

অতিসার - নিরবচ্ছিন্ন অথবা সাধারণতঃ রাত্রিতে অতিসার, জলবৎ, পীতাভ হরিৎ, অতিশয় পরিবর্ত্তনশীল, আহারের অব্যবহিত পরে নিঃসৃত ; ফল, শীতল পানীয় দ্রব্য, ও বরফ সেবন হইতে উৎপন্ন ; অতিসার (আস, ব্রাই -পেয়ারা ফল (ন্যাসপাতি) আহার বশতঃ, ভিরে, চায়না ; পলাণ্ডু ভক্ষণ জনিত, থুজা ; গুগুলি ভক্ষণ জনিত, ব্রোম, লাই ; দুগ্ধপান বশতঃ, ক্যাল্ক, ন্যাট-কা, নিক, সল ; অপরিস্থত জলপান বশতঃ, ক্যাম্ফ, জিঞ্জ)।

প্রাপ্ত-যৌবনাদিগের অসুখ ; প ভিজাতে রজোবিলোপ ; সন্ধ্যাকালে শীতসহ নিয়মিত সময়ের অনেক পরে, স্বল্প আঠা আঠা, থাকিয়া থাকিয়া প্রবাহিত, ঋতু, তৎসহকারে দারুণ বেদনা, অতিশয় অস্থিরতা ও অবলুণ্ঠন (ম্যাগ ফস)। দিবাভাগে অধিকতর ঋতু-নিঃসরণ (লিলি —শয়ন করিবার অব্যবহিত পরে, ক্রিয়োজ ; কেবল রাত্রিতে অথবা শয়ন কালে, ম্যাগ-কা), প্রথম ঋতুপ্রকাশে বিলম্ব

নিদ্রা ।—সন্ধ্যাকালে সম্পূর্ণ নিদ্রাশূন্যতা, তখন শয়ন করিতে অনিচ্ছা, প্রথম অস্থির নিদ্রা, যখন নিদ্রা হইতে উঠিবার সময় তখন গাঢ় নিদ্রা ; দুর্ব্বলতা ও শ্রান্তি সহকারে জাগরণ (নক্সভমিকার বিপরীত)।

অঞ্জনী – ঘৃতাদি বসাময়, তৈলাক্ত, অধিক মসলাযুক্ত খাদ্য দ্রব্য অথবা শূকরের মাংস আহার বশতঃ অঞ্জনী, বিশেষতঃ উপরের অক্ষিপুটে (লাই ও ষ্ট্যাফ্ তুলনা করুন)।

গর্ভ স্রাবের আশঙ্কা; রক্ত-স্রাবের বিরতি ও অনন্তর বিবর্দ্ধিত বেগে প্রত্যাবৃত্তি; আক্ষেপিক বেদনা, তজ্জন্য শ্বাস-রোধ ও মূর্চ্ছার উৎপত্তি; বিমল বায়ু সেবনের প্রবৃত্তি

দন্ত-বেদনা —মুখে শীতল জল রাখিলে দন্ত-বেদনার শান্তি (ব্রাই, কফি); উষ্ণ দ্রব্য ও গৃহের উত্তাপে উহার আতিশয্য

শ্বাসক্রিয়া ভালরূপে নিষ্পন্ন করিতে অপারগতা, অথবা উষ্ণগৃহে শীতানুভব

স্নায়বীয়তা, গুল্‌ফদ্বয়ে উহার আধিক্য অনুভূত হয়।

উপচয়।—উষ্ণ, আবদ্ধগৃহে; সন্ধ্যাকালে গোধূলি সময়ে; বামপার্শ্বে বা বেদনাহীন পার্শ্বে শয়নে; দুষ্পাচ্য আহার, বসা দ্রব্য,শূকরের মাংস, ও বরফাদি সেবনে; নড়িতে চড়িতে আরম্ভ করিলে; উত্তাপে, ও উষ্ণ বাহ্য প্রয়োগে; বৃদ্ধি (কালী-মি)

উপশম।—অনাবৃত বায়ুতে; ব্যথিত পার্শ্বে শয়নে (ব্রাই); শীতল বায়ুতে বা শীতল গৃহে, শীতল দ্রব্য পানে বা আহারে; ও শীতল বাহ্য প্রয়োগে; হ্রাস (কালী-মি)

সম্বন্ধ।—(১) কালী-মি, লাই, সিলি, সল-এসিড সহিত পলসেটিলার অনুপূরক সম্বন্ধ (২) যে সকল তরুণ রোগে পলসেটিলা উপযোগী প্রায়ই সেই সকল রোগের পুরাতন অবস্থায় সিলিশিয়া সুপ্রযুজ্য। (৩) কালী-বাই, লাই, সিপি, সলের পরে পলসেটিলা ভাল খাটে (৪) ক্যাম, কুইনাইন, মার্ক ও সল সেবন, এবং চা পান জনিত রোগ। (৫). পুরাতন রোগের চিকিৎসা আরম্ভ করিতে যে সকল ঔষধ সর্ব্বোত্তম পলসেটিলা উহার অন্যতম। (৬) মৃৎপাণ্ডু, হরিৎপাণ্ডু বিশিষ্ট যে সকল রোগী অধিক বৎসর পূর্ব্বেও অধিক পরিমাণে কুইনাইন, আয়রণ (লৌহ), ও বলকর ঔষধ (টনিক) সেবন করিয়াছে তাহাদের পক্ষে পলসেটিলা উপযোগী (৭) পলসের পূর্ব্বে ও পরে কালী-মিউ ভাল খাটে।

পাইরোজেন।

(Pyrogen)

প্রসবান্তিক বা শস্ত্র-ক্রিয়ার পরবর্ত্তী; জল-প্রণালী প্রভৃতির দূষিত বাষ্পজনিত, ডিপথিরিয়া, টাইফয়েড বা টাইফাস জ্বরের ভোগ-কালে উৎপন্ন, সেপ্টিসিমি-

য়ায় অত্যুৎকৃষ্ট সুনির্ব্বাচিত ঔষধেও একেবারেই উপকার না জন্মিলে অথবা স্থায়ীফল না দর্শিলে এই ঔষধ উপযোগী।

শয্যা শক্ত অনুভূত হয় (আর্ণ); যে সকল অঙ্গে ভরদিয়া শয়ন করা যায় উহা ব্যথিত ও থেঁৎলানবৎ অনুভূত হয় (ব্যাপ্ট); ক্রতোৎপন্ন শয্যা-ক্ষত (কার্ব্ব এসি)

অতিশয় অস্থিরতা; অঙ্গের স্পর্শ-দ্বেষের উপশমার্থে অবিরত সঞ্চালনের আবশ্যকতা (আর্ণ, ইউপ)।

জিহ্বা।—বৃহৎ, লোলিত; পরিচ্ছন্ন, ভার্ণিসকরার মত মসৃণ; অগ্নির ন্যায় রক্তবর্ণ; শুষ্ক বিদারিত জিহ্বা; শব্দোচ্চারণে কষ্ট (ক্রোট, টেরে)

স্বাদ —ঈষৎ মিষ্ট; ভয়ঙ্কর দুর্গন্ধ; ক্ষত হইতে উৎপন্ন পুঁযবৎ মুখের স্বাদ।

বমন —প্রতিনিয়ত; কফি চূর্ণের ন্যায় ঈষৎ কপিশবর্ণ; পশ্বাদির বিষ্ঠার গন্ধ বিশিষ্ট; আবদ্ধ বা প্রতিরুদ্ধ অন্ত্র সংযুক্ত (ওপি, প্লাম); বমন।

অতিসার —ভয়ঙ্কর দুর্গন্ধ (সোরি); কপিশ বা কৃষ্ণবর্ণ (লেপ্ট) বেদনাশূন্য, অনিচ্ছায় নির্গত, অনিশ্চিত, বায়ু-নিঃসরণকালে বহির্গত (এলো, ওলিন), অতিসার।

কোষ্ঠ-রোধ।—সম্পূর্ণ নিশ্চেষ্টতা সংযুক্ত (with complete inertia) (ওপি, স্যানি); জ্বরে অন্ত্রাবরোধ বশতঃ দুর্দ্দম্য; বৃহৎ, কাল, পচা মাংসের গন্ধ; জলপাইয়ের মত ছোট ছোট, কাল গোলার ন্যায় মল বিশিষ্ট (ওপি, প্লম) কোষ্ঠ-রোধ।

ঋতু —ভয়ঙ্কর দুর্গন্ধ; পচা মাংসের গন্ধ; পচা গন্ধ; কেবল একদিন স্থায়ী, তৎপরে সেই প্রকার ভয়ঙ্কর গন্ধ রক্তাক্ত প্রদর বিশিষ্ট; ঋতু।

ভ্রূণ —(foetus) ভ্রূণ ও ফুলাদির অবশেষের জরায়ুতে অবস্থিতি, বিগলিত হওয়া, গর্ভে ভ্রূণের কতিপয় দিবস মরিয়া থাকা; কাল, ভয়ানক দুর্গন্ধ স্রাব নিঃসরণ; গর্ভস্রাব বা প্রসবের পর সেপ্টিক জ্বরের পরে স্বাস্থ্য-শূন্যত পাইরোজেন জরায়ুর স্বাভাবিক ক্রিয়ার উত্তেজনা জন্মায়।

পাতলা, বিদাহী, কটা, অতি দুর্গন্ধ প্রসবান্তিক স্রাব (lochia) (নাইএসি) ; প্রসবান্তিক স্রাবের বিলুপ্তি, তৎপরে শীত, উত্তাপ ও প্রভূত দুর্গন্ধ ঘর্ম বিশিষ্ট জ্বর

হৃৎপিণ্ডের বিদ্যমানতার সুস্পষ্ট জ্ঞান, উহা শ্রান্ত অনুভূত হয় ; যেন বড় হইয়াছে এরূপ বোধ হয় ; কানে অবিরত হৃৎপিণ্ডের দপ দপ ও স্পন্দনকর শব্দ শুনা যায়, তাহাতে নিদ্রার ব্যাঘাত জন্মে ; রক্তে পচনজনক পদার্থের অবস্থিতি বশতঃ হৃৎপিণ্ডের দুর্বলতা

নাড়ীর অস্বাভাবিক দ্রুততা, গাত্র-তাপের সহিত উহার অনুপাতের সম্পূর্ণ অসম্বন্ধ (লিলি)

ত্বকের পাণ্ডুরতা, শীতলতা, ও ভস্মেরন্যায় বর্ণ (সিকেলি) ; বৃদ্ধ ব্যক্তিদিগের দুর্দ্দম্য শিরা-স্ফীতিসংযুক্ত, দুর্গন্ধ ক্ষত (সোরি)

জ্বর —স্কন্ধাস্থিদ্বয়ের মধ্যভাগে, পৃষ্ঠে শীতের আরম্ভ ; তীব্র শীত ; সর্ব্বাঙ্গের, অস্থির ও হস্ত-পদের শীত ; সেপ্টিক জ্বরের আক্রমণের লক্ষণ ১০৩ হইতে ১০৬ ডিগ্রি গাত্রতাপ ; আকস্মিক উত্তাপ, ত্বকের শুষ্কতা ও জ্বালা ; দ্রুত, ক্ষুদ্র, তারবৎ নাড়ী, ১০৪ হইতে ১৭০ বার স্পন্দন ; অনন্তর শীতল আঠা আঠা ঘর্ম্ম ।

সেপ্টিক জ্বরে, বিশেষতঃ প্রসবান্তিক সেপ্টিক জ্বরে পাইরোজেন অতিশয় উপকারী পচন-নিবারক হোমিওপ্যাথিক ঔষধ

সম্বন্ধ ।—(১)আর্স, ব্যাপ্ট, কার্ব্ব-ভেজি, কার্ব্ব-এসি,ওপি, হ্রুস, সোরি, সিকে, ভিরেট্র সহিত সমগুণ সম্বন্ধ ; (২) প্রচ্ছন্নপূয়-জনন-প্রক্রিয়া (latent pyogenic process) বশতঃ দৃশ্যমান সদৃশ ঔষধ ব্যবহারেও রোগের পুনঃ পুনঃ প্রত্যাবৃত্তি

পিক্রিক এসিড ।

(Picric Acid)

জীর্ণশীর্ণ শরীর-যন্ত্র ; স্নায়বীয় অবসন্নতার সুন্দর প্রতিকৃতি এই ঔষধে পরিশোধিত হয় (ক্যালী-ফ) ।

ঔদাস্য ; কথা বলিতে অনিচ্ছা ; ধীরে ধীরে উত্তর দান ; আস্তে আস্তে সঞ্চলন। জীবনে শ্রান্তি ; বিষণ্ণতাপূর্ণ ভাবী ভাবনা

খুসকি বা বুসিকা ; বহুসংখ্যক একত্র পতন (লাই) ; থোপা থোপা কেশ-পতন, স্বতন্ত্র স্বতন্ত্র স্থানের টাক।

স্নায়বীয় দুর্ব্বলতা ; কম্পন ; ম্যাগ্নেটাইজ হইবার ইচ্ছা।

সমগ্র শরীরের দুর্ব্বলতা ও অবসন্নতা ; জীবনের তরল বিধানের অপচয় বশতঃ দৌর্ব্বল্য ও শ্রান্তি (সিক, ফস-এসি)।

শীতল খাদ্য ও পেয় দ্রব্যের আকাঙ্ক্ষা ; স্নিগ্ধ দ্রব্যের স্পৃহা ; বরফ ভক্ষণে আমাশয়ের যাতনার হ্রাস।

উষ্ণ জলে হাত রাখিলে ঝিঝিঝি জন্মে ; শীতলজলে হাত রাখিলে হাঁচি ও সর্দ্দি হয় (ল্যাক-ডি)।

জল আমাশয়ে উষ্ণ হইবামাত্র উঠিয়া পড়া।

গ্রাসে গ্রাসে ভুক্তদ্রব্য উদগীরণ (এলম)।

কোষ্ঠ-কাঠিন্য ; সরু, লম্বা, শুষ্ক, দুশ্ছেদ্য, ও শক্ত ; কষ্টে নিঃসারিত মল (কষ্ট, গ্রাণ, ষ্ট্যাফ্)।

অতিসার —সরলান্ত্রে কিছু প্রবেশ করিবামাত্র ; পিচকারীর জলের ন্যায় স্রোতোবেগে নিঃসৃত, সাগুর ন্যায় দানা দানা মিশ্রিত, জলবৎ ; মলদ্বার যেন বিমুক্ত রহিয়াছে এরূপ অনুভব বিশিষ্ট (এপিস, সিকে) ; অনিচ্ছায় বিনির্গত ; ওলাউঠার সময় প্রাদুর্ভূত (ওলাউঠার পূর্ব্ববর্ত্তী, ফস-এসি) ; এবং বৃদ্ধদিগের প্রাতঃকালীয়, অতিসার।

গর্ভাবস্থা।—গর্ভকালে জলপানে অসামর্থ্য ; জল দর্শনে বমনের উৎপত্তি ; স্নান করিবার সময় চক্ষু বুজিয়া থাকার আবশ্যকতা (লাইসি)

রক্তস্রাব।—পুনঃ পুনঃ প্রভূত পরিমাণে, বিমুক্ত ভাবে রক্তপাত, অনন্তর কিয়ৎকালের জন্য উহার বিরতি ; ফুসফুস হইতে রক্তপাত ; জরায়ু হইতে রক্তপাত ; ক্যানসার হইতে রক্তস্রাব ; রজোবিলোপে নাসিকা, আমাশয়, মল-দ্বার ও মূত্র-দ্বার হইতে অনুকল্প রক্ত-স্রাব।

বক্ষঃস্থলের উপর যেন কোন গুরুভার স্থাপিত রহিয়াছে এরূপ গুরুত্ব অনুভব।

ঘর্ম্মে গন্ধকের গন্ধ

বামদিকের নিম্ন হনুর অস্থি-পুতি (Necrosis)।

রক্তস্রাব-প্রবণ শারীরিক প্রকৃতি ; সামান্য অভিঘাত হইতে প্রভূত রক্তপাত (ক্রিয়ো, ল্যাক), প্রতি শ্লৈষ্মিকঝিল্লীময় দ্বার হইতে রক্তস্রাব

স্বরযন্ত্রে এতই বেদনা যে কথা বলিতে পার যায় না ; উষ্ণ হইতে শীতল বায়ুতে গেলে (ব্রাইওনিয়ার বিপরীত), হাসিলে, কথা বলিলে, পড়িলে, খাইলে ও বাম পাশে শুইলে, কাসের উদ্রেক হয় (ড্রস, ষ্ট্যান)

হানিম্যান বলেন যে পুরাতন অতিসার-গ্রস্ত রোগীদিগের প্রতি দুই ঔষধের সমধিক উপকারজনক ক্রিয়া দর্শে

উপচয় ।—দুই প্রহর রাত্রির পূর্ব্বে, সায়াহ্নে (পলস, হ্রঃস), একাকী থাকা কালে , বাম বা ব্যথিত পার্শ্বে শয়নে ; আলোকে , মেঘগর্জ্জন কালে ; উত্তপ্ত বা শীতল ঋতুর পরিবর্ত্তনে ; ও উষ্ণ বস্তু আহারে ; বৃদ্ধি।

উপশম ।—অন্ধকারে , দক্ষিণ পার্শ্বে শয়নে ; নিদ্রান্তে ; শীতল দ্রব্য আহারে, ঘর্ষণে বা মিসমেরাইজ করিলে , ঠাণ্ডা শীতল বায়ুতে মস্তক ও মুখমণ্ডলের লক্ষণের উপশম, কিন্তু বক্ষঃস্থল, গলা ও ঘাড়ের লক্ষণের বৃদ্ধি

সম্বন্ধ ।—(১) আর্সেনিকের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) কষ্টিকমের সহিত প্রতিকূল সম্বন্ধ। কষ্টিকমের পূর্ব্বে বা পরে ফসফরাস ব্যবহৃত হয় না। (৩) সিঙ্কোনা বা ক্যালকেরিয়ার পরে ফসফরাস ভাল খাটে (৪)আইওডিন সেবনের ও অতিরিক্ত লবণ আহারের মন্দফল ফসফরাস দ্বারা নিবারিত হয়।

ফসফরিক এসিড ।

(Phosphoric Acid)

পূর্ব্বে যাহাদের শরীর সবল ছিল, কিন্তু পরে শুক্রাদি জীবনের তরল বিধানেব অপচয় ; অপরিমিত ইন্দ্রিয়সেবা (সিঙ্ক) ; প্রবল তরুণ

রোগ এবং শোক-দুঃখ, দুশ্চিন্তা, ভগ্ন প্রেমাদি জনিত দীর্ঘকালস্থায়ী চিত্তবিকার বা বৈরক্তি বশতঃ যাহারা দুর্ব্বল হইয়া পড়িয়াছে ; তাহাদের পক্ষে এই ঔষধ সমধিক উপযোগী

পাণ্ডুবর্ণ, রুগ্ন মুখাকৃতি, নীলবর্ণপ্রান্ত-পরিবেষ্টিত স্তিমিত নয়ন উদ্বেগ, উৎকণ্ঠা, শোক, দুঃখ ও স্বগৃহে যাইবার জন্য কাতরতা জনিত রোগ (ইগ্নে), নিদ্রালুতা, বিলাপ-প্রবণতা ; প্রাতঃকালের প্রাকালে নৈশ ঘর্ম্ম

মৃদু ও বিনীত স্বভাব (পল)।

অনাবিষ্টতা ও উদাসীনতা ; জীবনের কার্য্যে বিরাগ ; যে সকল বিষয়ে অত্যন্ত অনুরাগ ছিল তাহাতে অনাসক্তি ; শোকে বিহ্বলতা।

অতি বর্দ্ধনশীল বালক-বালিকা ও যুবক-যুবতী (ক্যাল্ক, ক্যাল্ক-ফস) পৃষ্ঠে ও অঙ্গে আঘাতিতবৎ বেদনা

প্রলাপ —অবোধ্য মৃদু (বিড়বিড়ে) প্রলাপ ; সুপ্তি অথবা মোহবৎ নিদ্রায় পড়িয়া থাকা, চারিদিকে যাহা ঘটিতেছে তদ্বিষয়ে জ্ঞানশূন্যতা ; জাগরিত করিলে সম্পূর্ণ সংজ্ঞাপ্রাপ্তি, জিজ্ঞাসিত বিষয়ের ধীরে ধীরে ও পরিশুদ্ধরূপে উত্তর প্রদান, পুনরায় আবার সুপ্তি (stupor)

রোগীর কম্পন, জঙ্ঘার দুর্ব্বলতা, সহজে হোঁচট লাগা, বা পদ-স্খলন।

গণ্ডমালা, উপদংশ অথবা পারদ-দোষ বশতঃ অস্থির অন্তর্ব্বর্ত্তী বিধানের প্রদাহ, অস্থি-বেষ্টের প্রদাহ, জ্বালাকর বেদন, ছুরি দিয়া চাঁচার ন্যায় ছেদনবৎ বেদনা (স্ট্যাফিস) ; কেরিজ, রেকাইটিস, কিন্তু নিক্রোসিস নহে ; বিবর্দ্ধনশীল বেদনা।

শিরোঘূর্ণন।- সম্মুখ ও পশ্চাৎভাগে মস্তকের নিমগ্নতা ; চক্ষু বুজিলে শিরোঘূর্ণন ; টাইফয়েড জ্বরে উঠিয়া বসিলে পতন ; শয্যায় শয়ন করিয়া থাকার সময় মাথা স্থির রহিয়া পা যেন উপরে যাইতেছে এরূপ অনুভব।

শিরঃপীড়া—মস্তকের মধ্যস্থানে প্রচাপক ভার, অধিকদিন স্থায়ী শোক অথবা স্নায়ুর অবসন্নতা বশতঃ উহার উৎপত্তি ; মস্তকের ও গ্রীবার পশ্চাদ্ভাগে ; সাধারণতঃ পশ্চাৎ হইতে সম্মুখ দিকে বেদনা ; নড়িলে চড়িলে, গোলমালে, বিশেষতঃ গীত-বাদ্যে উহার বৃদ্ধি। শয়নে উপশম (ব্রাই, জেল,

সিপি), চক্ষুর অতি ব্যবহার বশতঃ বিদ্যালয়ের বালিকাদিগের শিরঃপীড়া (ক্যাল্ক-ফ, ন্যাট-মি) ; অতিরিক্ত বর্দ্ধনশীল ছাত্রদিগের শিরঃপীড়া

শরীর-শাখার অস্থ্যভাগের স্নায়ুতে ছিদ্রকরণ টানন ও খননবৎ বেদনা ; অঙ্গচ্ছেদের পর অবশিষ্টাংশে স্নায়বীয় রোগ (সেপা)

অতিসার —বেদনাশূন্য, অদৌর্ব্বল্যজনক ; পীত বা শ্বেতবর্ণ ; বায়ু সহকারে, অনিচ্ছায় নির্গত (এলো, ন্যাট) ; অম্লদ্রব্য, ওলাউঠা ও ভয়জনিত ; অতিসার

মূত্র ।—স্নেহবৎ, রক্তাক্ত খণ্ডমিশ্রিত দুগ্ধবৎ-দৃষ্ট মূত্র ; মূত্র সত্বর বিসমাসিত হয় ; রাত্রিতে পরিষ্কৃত জলবৎ প্রভূত মূত্রে, ত্যাগের পর তৎক্ষণাৎ উহার উপর শুভ্র সরের উৎপত্তি (ফসফেটের আধিক্য, স্নায়ুক্ষয়) ।

কৃত্রিম মৈথুন ; দূষিত ক্রিয়ার অপরাধিতায় রোগীর অতিশয় যাতনা (ভাইওস, ষ্ট্যাফ্) ।

অনৈচ্ছিক শুক্রস্রাব—বারংবার, দৌর্ব্বল্যকর, প্রভূত শুক্রপাত ; সংসর্গের পরেও শুক্রস্রাব ; শুক্রস্রাবের পর অতিশয় সম্ভোগলিপ্সা ; এক রাত্রিতে দুই বা ততোধিকবার শুক্রপাত, সলজ্জতা, দুঃখিততা, ও আরোগ্যাশাবিহীনতা (কৃত্রিম মৈথুনের দুর্নিবার প্রবৃত্তি সংকারে—ষ্টা)

বক্ষঃস্থল —কথা বলিলে ও কাসিলে বুকের দুর্ব্বলতা (ষ্টান) ; যক্ষ্মা ; তরল-বিধানের অপচয়, অতি শীঘ্র শীঘ্র বর্দ্ধন ও অবসাদজনক মনোভাব বশতঃ স্নায়বীয়তা

মাস্তিষ্ক (cerebral) টাইফয়েড বা টাইফস জ্বর ; সম্পূর্ণ ঔদাস্য ও সুপ্তি ; কাঠের গুঁড়ির ন্যায় পড়িয়া থাকা ; কোন বিষয়ে কোন খবর না লওয়া ; চারিদিকে যাহা ঘটিতেছে তৎপ্রতি সম্পূর্ণ অমনোযোগ ; অন্ত্র হইতে ময়লা রঙের রক্তস্রাব

উপচয় —মানসিক পীড়া জন্য ; শুক্রাদি তরল-বিধানের অপচয় বশতঃ ; কৃত্রিম মৈথুন ; অতিরিক্ত ইন্দ্রিয়-সেবা বশতঃ বৃদ্ধি কথা বলিলে বক্ষঃস্থলে দুর্ব্বলতার উৎপত্তি (ষ্ট্যান)

উপশম ।—সঞ্চলন ; উষ্ণতা ও আর্দ্রকালে ; হ্রাস (কষ্ট, নক্স) ।

সম্বন্ধ ।—(১) টাইফয়েড্ জ্বরে, কস, পলস, পিক-এসি, সিপি ও মিউ-

এসিড সহিত ; এবং ঔদাস্য, সুপ্তি ও প্রলাপে, নাইট-স্পিরি-ডলসিসের সহিত এসিড ফসের তুলনা হয়। (২) শরীর-ক্ষয়কর ঘর্ম্ম, অতিসার ও দুর্ব্বলতায় সিঙ্কোনার পূর্ব্বে ও পরে ; এবং আহারের পরে মূর্চ্ছায় নক্সের পরে ; ফস-এসি ভাল ক্রিয়া করে

ফাইটোল্যাক্কা।

(Phytolacca.)

আমবাতিক ধাতুর রোগী ; পেশী-তন্তু ও অস্থি-বেষ্টের বাত ; পারদ বা উপদংশ হইতে উহার উৎপত্তি।

শীর্ণতা, হরিৎপাণ্ডু, শরীরের বসার ক্ষয়প্রাপ্তি

অতিশয় ক্লান্তি ও প্রগাঢ় অবসন্নত।

ব্রাইওনিয়া ও রাসটক্স দেখিতে সুন্দর উপযোগী দেখাইলেও যখন এই ঔষধ দ্বয়ে সফলতা লাভ হয় না তখন ফাইটো ব্যবহারে আরোগ্য জন্মে

ডিপথিরিয়া, প্রমেহ, পারদ বা উপদংশের পরবর্ত্তী আমবাত ও স্নায়ু-শূল।

তাড়িতাঘাতের ন্যায় বেদনার সঞ্চার ; চিড়িক-মারা ও ছুরিদিয়া কাটার মত শীঘ্র শীঘ্র স্থান-পরিবর্ত্তনশীল বেদনা (ল্যাক-ক্যান, পল্স) ; নড়িলে চড়িলে ও রাত্রিতে উহার বৃদ্ধি।

জীবনে সম্পূর্ণ ঔদাস্য ; রোগিণী মনে করে যে সে নিশ্চয়ই মরিবে।

শিরোঘূর্ণন ; শয্যা হইতে উঠিবার সময় শক্তিহীনতা অনুভব (ব্রাই)।

তীব্র শিরোবেদনা ও পৃষ্ঠ-বেদন ; সর্ব্বশরীরে খঞ্জতা, ব্যথিততা ও স্থূলতা অনুভব, অবিরত নড়িতে চড়িতে ইচ্ছা, কিন্তু নড়িলে চড়িলে বেদনা বৃদ্ধি পায় ; (ল্যাক-ক্যান, মার্ক নড়িলে চড়িলে হ্রাস পড়ে, রাস)।

দন্তোদ্ভেদ-কালে দন্ত অথবা দন্ত-মূল একত্রে দংশন করিবার দুর্নিবার প্রবৃত্তি (পডো)

গল-ক্ষত (Sore throat) ; উহার মলিন লোহিতবর্ণ, আল-জিহ্বার বৃহত্ব, শোথ, প্রায় আংশিক স্বচ্ছতা (কালী-বাই, রাস)

ডিপথিরিয়া।—গলাধঃকরণে গলা হইতে কর্ণ পর্য্যন্ত বেদনার সঞ্চারণ ; গিলি-

বার সময় জিহ্বা-মূলে অতিশয় বেদনা; জ্বলন্ত অঙ্গার অথবা আরক্ত তপ্ত লৌহ সংলগ্নের ন্যায় জ্বালা; পরিশুষ্কতা; হস্ত-কম্প সহ গিলিতে কষ্ট; ক্রমাগত গলাধঃকরণের ইচ্ছাসহ গলায় যেন একটা পিণ্ড রহিয়াছে এপ্রকার অনুভব, তালু-মূল, অলি-জিহ্ব, ও গল-মধ্যের পশ্চাৎ ভাগের ভস্মবর্ণ ঝিল্লীদ্বারা (membrane) আচ্ছন্নতা; তপ্ত তরল দ্রব্য পান করিতে অসমর্থতা (ল্যাক)

ডিফথিরিয়া ও আরক্ত জ্বরের পরে ক্যারোটীড্ ধমনীর গ্রন্থির ও হনু-নিম্ন-গ্রন্থির দৃঢ়তা।

স্তনে অনেকগুলি শক্ত ও ব্যথিত অর্ব্বুদ

স্তনের সত্বর থুম্বকা জন্মিবার সম্ভাবনা; পূর্ণতা, প্রস্তরবৎ দৃঢ়তা ও ব্যাথিততা বিশেষতঃ যখন পূযোৎপত্তি অপরিহার্য্য, সন্তান স্তনপান কালে স্তন-বৃন্ত হইতে সর্ব্ব শরীরে বেদনার সঞ্চরণ (পৃষ্ঠে-গতি, ক্রোট-টিগ জরায়ুতে গতি, পলস, সিলি)

স্তন-ব্রণ; নালী, হাঁ করা প্রদাহিত ক্ষত; দূষিত, রসানীর মত, অসুস্থ পূয

স্তনের স্ফীততা সারেওনা পাকেওনা, উহার বেগুনী রং এবং "পুরাতন পনিরের ন্যায় কাঠিন্য" (ব্রাইং, ল্যাক-ক্যান, ফেল্)।

স্তন-বৃন্তের অতিরিক্ত অনুভূতি, স্পর্শ-দ্বেষ ও বিদারণ (গ্রাফ); সন্তানকে স্তনদানে উহার দারুণ বৃদ্ধি, সর্ব্ব শরীরে বেদনার বিকীরণ।

ফাইটো পূযোৎপত্তির সত্বরতা জন্মায় (হিপ, ল্যাক, মার্ক, সিলি).

উপচয়।—বৃষ্টির সময় ও আর্দ্র শীতল বায়ুভোগে বৃদ্ধি।

সম্বন্ধ।—কালী-আইওডের সহিত সমগুণ সম্বন্ধ।

ফাইসষ্টিগমা।

(Physostigma)

অসাধারণ মানসিক ক্রিয়াশীলতা; চিন্তাকরা হইতে নিবৃত্ত হইতে পারা যায় না।

দৃষ্টির অপরিচ্ছন্নতা ; কলঙ্ক (blur) বা পাতলা পরদা হইতে উহার উৎপত্তি ; দৃষ্টবস্তু বিমিশ্রিত দেখায়

ব্যবহারের পর চক্ষু-বেদনা, চক্ষুর সম্মুখে ভাসমান কৃষ্ণবর্ণ চিহ্ন ও আলোকের শিখা দর্শন, চক্ষুর পাতা ও পেশীর স্পন্দন (এগার); নিষ্ট্যাগমস্ (অক্ষি-গোলকের অনৈচ্ছিক পরিদোলন)।

পেশী-মণ্ডলের অতিশয় অবসন্নতা ; গতিশক্তির ক্ষীণতা (জেলস)।

মানসিক বা শারীরিক উপদ্রব বশতঃ যুবকযুবতীদিগের কম্প।

স্বয়ম্ভূত বা আভিঘাতিক ধনুষ্টঙ্কার ; কোন গতিশীল লোকের যৎসামান্য নিশ্বাস-বায়ুতে উহার উৎপত্তি বা উপচয় (হাইপার, নাইসি, নক্স, ষ্ট্রিক)

সম্বন্ধ।—বেল, কোন, কিউর, জেলস, হাইপার, ও ষ্ট্রিক্নিয়ার সহিত এই ঔষধের তুলনা হয়

ফিরম্।

(Ferrum met)

রক্ত-প্রধান-ধাতু ; বিবাদ ও বিতর্ক প্রিয়, সহজে উত্তেজিত ; যৎসামান্য প্রতিবাদে রাগান্বিত ব্যক্তি (এনাক, কক, ইগে) ; এবং দুর্বলা, সুকুমারী, হরিৎপাণ্ডুগ্রস্তা অথচ অতিশয় আরক্ত-বদনা নারীদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

রক্তস্রাব-প্রবণ শারীরিক প্রকৃতি ; উজ্জ্বল লোহিত রক্তপাত, সহজে উহা সংযত হয় (coagulates easily) (ফির-ফস, ইপি, ফস)।

মুখমণ্ডলের অত্যন্ত পাণ্ডুরতা এবং অত্যল্পমাত্র বেদনায় ; সঞ্চলনে বা শ্রমে উহার আরক্ততা ও উদ্দীপ্ততা, মুখ-রাগ (blushing) (এমিল, কোকা)।

উপদাহিতা ; যৎসামান্য গোলমালে, এমন কি কাগজের কড় কড় শব্দে পর্য্যন্ত রোগীর নৈরাশ্য জন্মে (এসার, টার)।

দুর্ব্বলতা বশতঃ যদিও রোগীকে শয়ন করিয়া থাকিতে হয়, তথাপি আস্তে আস্তে হাঁটিয়া বেড়াইলে রোগী সর্ব্বদাই ভাল বোধ করে

কোন জীবনী-ক্রিয়ার বিকৃত বিবৃদ্ধি বশতঃ হরিৎ-পাণ্ডু (Erethitic chlorosis), শীত ঋতুতে উহার বৃদ্ধি

ওষ্ঠ, মুখমণ্ডল, জিহ্বা ও মুখের শ্লৈষ্মিক বিল্লী প্রভৃতি আরক্ত স্থানের শুভ্রবর্ণ প্রাপ্তি।

ঋতু —নিয়মিত সময় অপেক্ষা শীঘ্র উপস্থিত, অধিক দিন অবস্থিত, প্রভূত ঋতু, তৎসহ অগ্নিবৎ আরক্ত মুখমণ্ডল ; কর্ণে ঝন্ ঝন্ শব্দ ; ঋতুস্রাবের একবারে দুই তিন দিন বিরতি, তৎপরে পুনরায় প্রত্যাবৃত্তি ; পাণ্ডুবর্ণ জলবৎ, দৌর্ব্বল্যকর রজ-স্রাব।

শিরোঘূর্ণন —জলের উপর থাকার ন্যায় তৌল করার (balancing) মত অনুভব সহকারে ; প্রবাহিত জল দর্শনে ; জলের উপর হাঁটিবার সময়, যথা সেতু পার হইবার কালে, নীচে নামিবার সময় (বোর, স্থান) ; শিরোঘূর্ণন

শিরঃপীড়া —দুই তিন সপ্তাহ পর পর, দুই তিন বা চারি দিনব্যাপী ; মুদ্গরাঘাত বা করাঘাতবৎ স্পন্দনজনক বেদনা ও শয়নের আবশ্যকতা বিশিষ্ট শিরঃপীড়া, তৎসহ আহার বা পানে অপ্রবৃত্তি

বিবমিষা ব্যতীত গ্রাসে গ্রাসে ভুক্ত-দ্রব্য উদ্গীরণ (ধলম)।

সর্ব্বপ্রকার খাদ্যদ্রব্যে অত্যন্ত অপ্রবৃত্তিসহ ক্ষুধাহীনতা, অথবা কুক্কুরবৎ ঘন ঘন ক্ষুধা।

বমন।—দুই প্রহর রাত্রির অব্যবহিত পরে বমন ; আহার করিবা-মাত্র ভুক্তদ্রব্য বমন ; খাইতে খাইতে সহসা উঠিয়া যাইয়া যাহা কিছু আহার করা গিয়াছে সমস্ত এক উদ্যমে বমন করিয়া ফেলা, পুনরায় বসিয়া খাইতে পারা ; অম্ল বমন (লাই, সল-এসি)।

অতিসার।—রাত্রিতে অপরিপাচিত মল, অথবা আহার বা পান করিবার সময় মলস্রাব (ফ্রোট-টি) ; উত্তম ক্ষুধা সহকারে বেদনাশূন্য অতিসার ; ক্ষয়রোগগ্রস্তদিগের অতিসার।

বিবর্দ্ধনশীল, অনিষ্টজনক নাসিকতা, স্নায়ুর দুর্ব্বলতা।

মস্তিষ্ক-দৌর্ব্বল্য (ব্রেণ-ফ্যাগ) —সাহিত্যিক বা কর্ম্মশীল লোকদিগের রোগ, যৎসামান্য উত্তেজনায়, মানসিক পরিশ্রমে বা অতিরিক্ত কার্য্য করিলে শিরঃপীড়ার উপস্থিতি ও পৃষ্ঠবংশের লম্বালম্বি জ্বালার উৎপত্তি (কালী-ফস)।

শিরঃপীড়া —ছাত্রদিগের, শিক্ষকদিগের, ও অতি-কার্য্যশীল লোকদিগের শিরঃপীড়া, শোক বা অবসাদজনক মনোভাব বশতঃ উহার উৎপত্তি; মস্তকের পশ্চাদ্ভাগে ও গ্রীবাদেশে বেদনা (ন্যাট-মি, সিপি); একটু মাত্র নড়িলে চড়িলে অথবা মানসিক পরিশ্রমে উহার বৃদ্ধি বা উদ্রেক

পৃষ্ঠবংশের রোগসহকারে কাম-প্রবৃত্তি পরিশূন্য লিঙ্গোদ্রেক; অনেকক্ষণস্থায়ী প্রবল উদ্গম; প্রভূত শুক্রপাত; পুরুষের কামোন্মাদ (ক্যান্থ, ফস)।

শরীরের যে কোন অংশে, কিন্তু বিশেষতঃ বাহ্যিক শ্রুতি-প্রণালীতে (external auditory canal) ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক

পৃষ্ঠবংশের (Spine) লম্বালম্বি জ্বালা এবং পৃষ্ঠবংশ ও পৃষ্ঠের অতিশয় দুর্ব্বলতা; পৃষ্ঠবংশের মজ্জার কোমলতা (ফস, জিঙ্ক)

শ্রান্তি, নড়িলে চড়িলে অল্প ক্লান্তি অনুভব হইতে সম্যক পক্ষাঘাত পর্য্যন্ত উহার পরিণতি সর্ব্বশরীরে বিশেষতঃ অঙ্গ প্রত্যঙ্গে শ্রান্তি ও গৌরব অনুভব (heavy feeling) পরিশ্রমে উহার আধিক্য।

উপচয়।—অত্যল্প মানসিক শ্রমে; সঞ্চলনে; অধ্যয়নে; ও বৃষ্টির দিনে; বৃদ্ধি।

উপশম।—শীতল বায়ুতে ও শীতল জলে; উপশম।

সম্বন্ধ।—আর্জ্জেন্টম-না, জেল, কালী-ফস, ফস-এসি, ফস, পেট্রো, সিপির সহিত পিক্রিক এসিডের তুলনা হয়।

পেট্রোলিয়ম্।

(Pétroleum)

যে সকল ব্যক্তিদিগের চুল ও ত্বক পাতলা, প্রকৃতি উগ্র ও বিবাদশীল (নক্স); যাহারা সামান্য বিষয়ে রুষ্ট (ইগ্নে, মেড) ও সকল বিষয়েই বিরক্ত হয়; তাহাদের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী

ঘোড়ার গাড়ী, রেলের গাড়ী অথবা জাহাজে আরোহণ জনিত পীড়া (কক, স্ত্যানি); ঝড়-বজ্রের পূর্ব্বে ও তৎকালে বিবর্দ্ধিত হয় এরূপ পীড়া (ন্যাট-কা, ফস, সোরি)

রোগের লক্ষণের শীঘ্র শীঘ্র আবির্ভাব ও তিরোভাব (বেল, ম্যাগ-ফস — প্লাট ও ষ্টাণের বিপরীত)।

নিদ্রা বা প্রলাপ কালে একটী জঙ্ঘা যেন দুইটী হইয়াছে এরূপ অনুমান; যেন একই শয্যায় রোগীর পার্শ্বে আর এক ব্যক্তি শযন করিয়া রহিয়াছে; এবং শয্যায় যেন দুইটী শিশু রহিয়াছে; এ প্রকার অনুভব (ভেলে)।

উঠিলেই শিরোঘূর্ণন (ব্রাই); মস্তকের পশ্চাদ্ভাগে; মত্ততাবৎ; সামুদ্রিক বিবমিষার অনুরূপ (কক); শিরোঘূর্ণন।

শিরঃপীড়া মস্তকের পশ্চাদ্ভাগে সীস সদৃশ গুরুত্ব; প্রচাপন ও দপদপকর বেদনা; মস্তকের প্রত্যেক বস্তুই যেন সজীব; মস্তক যেন কাষ্ঠ নির্ম্মিত, অবশ ও সুষুপ্ত; এরূপ অনুভব।

আমাশয়-বেদনা —গর্ভাবস্থায়; প্রচাপন ও আকর্ষণবৎ বেদনা সহকারে আমাশয় শূন্য থাকিলে; আমাশয়ের গ্যাষ্ট্রালজিয়া, সতত আহার করিলে উহার উপশম (এনাক, চেলি, সিপি)

অতিসার।—বান্ধাকপি, ও অম্ল ক্রাউট (কপি দ্বারা প্রস্তুত দ্রব্য বিশেষ আহারে; গর্ভাবস্থায়; ঝড়বৃষ্টি-কালে; সর্ব্বদা দিবাভাগে প্রবল বেগে নিঃসৃত; পীতবর্ণ জলবৎ; অতিসার।

সমস্ত শরীরের চর্ম্মের কষ্টপ্রদ অনুভূতি; সকল পরিচ্ছদেই কষ্ট জন্মে; যৎসামান্য উপঘাতে পূয উৎপন্ন হয় (হিপ)

হস্তের ত্বকের খরস্পর্শতা ও বিদারণ ; হস্তাঙ্গুলির অগ্রভাগ প্রতি শীতকালে কর্কশ, ফাঁটা, ও বিদীর্ণ, পদ-দ্বয়ে স্পর্শ-দ্বেষ, দুর্গন্ধ ঘর্ম্মে উহার সিক্ততা (গ্রাফ স্থানি, সিলি)।

হার্পিজ (দদ্রু বিশেষ) —মূলাধার ও উরুদ্বয় পর্য্যন্ত সংপ্রসারিত জননাঙ্গের দদ্রু ; কণ্ডুয়ন, আরক্তত, ত্বকের বিদারণ, কর্কশতা রক্তস্রাব, শুষ্কতা বা আর্দ্রতা।

পদতল ও করতলের উত্তাপ ও জ্বালা (স্যাঙ্গ, সল)

স্ত্রী পুরুষ উভয়েরই বাহ্য জননাঙ্গের ঘর্ম্ম ও আর্দ্রতা

বেদনা সংযুক্ত, কণ্ডুয়নজনক শীত-স্ফোট, ও হাত ফাটা, শীত ঋতুতে উহার বৃদ্ধি ; শয্যা-ক্ষত।

হৃৎপিণ্ডের সমীপে শীতলতা অনুভব (কার্ব্বো-এন, ন্যাট-মিউ, ক্যালি-মিউ)।

উপচয় ।—শকটারোহণে,বজ্র-বৃষ্টি কালে, ও শীতকালে (চর্ম্ম-লক্ষণের) বৃদ্ধি

উপশম ।—উষ্ণতায় ও উষ্ণ বায়ুতে হ্রাস।

সম্বন্ধ ।—(১) সীসজনিত বিষাক্ততায় পেট্রোলিয়ম অন্যতম উৎকৃষ্ট ঔষধ এই ঔষধের চর্ম্ম-লক্ষণ শীতকালে বর্দ্ধিত হয় গ্রীষ্মকালে উপশমিত থাকে (এলম) ; এবং বিলুপ্ত হইলে অতিসার জন্মে

পেট্রোসেলিনম্।

(Petroselinum)

সবিরাম জ্বর।—আভিঘাতিক বা পুরাতন মূত্র-মার্গের প্রদাহ কিংবা সংবৃতি (stricture) সংসৃষ্ট জ্বর ; তৎসহ উদরের রোগ এবং বিকৃত বা অসম্পূর্ণ সমীকরণ-ক্রিয়ার (assimilation) বিদ্যমানতা

তৃষ্ণার্ত্ততা ও ক্ষুধার্ত্ততা, কিন্তু আহার বা পান করিতে আরম্ভ করিবামাত্র ইচ্ছার সম্যক বিরতি (ক্যান্থের বিপরীত)।

সহসা মূত্র-বেগ (ক্যান্থ)

শিশুর সহসা মূত্র-বেগ, তৎক্ষণাৎ মূত্র-ত্যাগ করিতে না পারিলে যাতনায় উল্লম্ফন।

মূলাধার (perineum) হইতে সমগ্র মূত্রমার্গের অভ্যন্তর দিয়া জ্বালা ও সড়্‌সড় কর।

মূত্র-মার্গের নৌকাকার গহ্বরে বারবার সুরসুরি

প্রমেহ—সহসা দুর্নিবার মূত্র-প্রবৃত্তি; মূত্র মার্গের গভীর স্থানে তীব্র দংশন, ও কণ্ডূয়ন, উহার উপশমার্থে কর্কশভাবে মূত্র-মার্গ মর্দ্দনের আবশ্যকতা, লিঙ্গ মূলে বা মূত্রাশয়ের গ্রীবায় বেদনা লালা-মেহ (gleet)

সম্বন্ধ।—সহসা মূত্র-বেগে; ক্যান, ক্যান্থ, মার্কের সহিত এই ঔষধের তুলনা হয়।

প্লাম্বাম।

(Plumbum)

প্লাম্বাম মেরুদণ্ড মূলক রোগে উপযোগী (ফস, পিক-এসি, জিঙ্ক)।

শীঘ্র শীঘ্র সমধিক শীর্ণতা প্রাপ্তি; সর্ব্বাঙ্গীন বা আংশিক বিরক্ততা এবং অতিশয় দুর্ব্বলতা সহকারে পক্ষাঘাতের চরম সীম "

পৃষ্ঠবংশীয় স্নায়ু-মণ্ডলের দৃঢ়তা বশতঃ পেশীর শীর্ণতা।

অবসাদ; জনপূর্ণ গৃহে প্রবেশে মূর্চ্ছাপ্রাপ্তি।

ধীরে ধীরে উপলব্ধির উৎপত্তি; বুদ্ধি-বৃত্তির জড়তা, ক্রমশঃ বিবর্দ্ধিত ঔদাস্য (জ্বরে, ফস-এসি)

স্মৃতি-শক্তির দুর্ব্বলতা বা বিলুপ্তি; উপযুক্ত শব্দ প্রাপ্ত হইতে অসমর্থতা (এনাক, ল্যাক-কা)

উদর-বেদনার সহিত পর্য্যায়ক্রমে প্রলাপ

শয্যায় অদ্ভুত অঙ্গভঙ্গি ও অবস্থিতির অবলম্বন

পাণ্ডুর, ভস্মবর্ণ, পীতবর্ণ, মৃতদেহ সদৃশ, ও নিমগ্ন গণ্ড বিশিষ্ট; অতিশয় উৎকণ্ঠা এবং যাতনা জ্ঞাপক, মুখাকৃতি

মুখমণ্ডলের ত্বকের তৈলাক্ততা ও চিক্কণতা (হ্যাট মিউ, থ্যানি)

মাড়ীর প্রান্তভাগ দিয় সুস্পষ্ট নীলবর্ণ রেখা ; মাড়ীর স্ফীততা, পাণ্ডুরতা ও সীসবর্ণ রেখা প্রদর্শন

উদরে অত্যধিক বেদনা, শরীরের সকল অংশে উহার বিকীর্ণতা।

রাত্রিতে উদরে এক প্রকার অনুভূতি বশতঃ কতিপয় ঘটিকা পর্য্যন্ত রোগীর প্রচণ্ড ভাবে অঙ্গ-প্রসারণ ; সকল দিকেই প্রসারণের আবশ্যকতা (এমিল)

প্রবল শূল-বেদনা, উদর-প্রাচীর যেন রজ্জুবদ্ধ হইয়া পৃষ্ঠ-বংশের দিকে আকৃষ্ট হইতেছে এ প্রকার অনুভব।

উদর-বেদনা ও পুরীষ বমন সহ অন্ত্র-প্রবেশ রোগ (intussusception), উরু, বঙ্ক্ষণ অথবা নাভী দেশীয় আবদ্ধ অন্ত্র-বৃদ্ধি

কোষ্ঠ-রোধ —শক্ত, দলা দলা, মেষের বিষ্ঠার ন্যায় কাল মল (চেলি, ওপি) ; তৎসহ মল-দ্বারের আক্ষেপ বশতঃ আবেগ ও ভয়ঙ্কর বেদন ; মলের দৃঢ়তা, প্রস্রাবের শুষ্কতা, পক্ষাঘাত বা পেশীর শীর্ণতা ; গর্ভাবস্থা ; অধিক মল-সঞ্চয় বশতঃ মল নিঃসরণের প্রতিবন্ধকতা (প্লাটিনা বিফল হইলে পুনঃপুনঃ ফলপ্রদ)।

ব্রাইট-রোগ —উদর-বেদনা, উদরের আকুঞ্চিততা ; শীঘ্র শীঘ্র শীর্ণতা প্রাপ্তি ; অতিশয় দুর্ব্বলতা ; বৃক্কের সঙ্কুচিততা।

গর্ভাশয়ে ভ্রূণ-দেহের স্থানাভাব অনুভব ; জরায়ুর প্রসারণে অসামর্থ্য ; আশঙ্কিত গর্ভপাত।

আক্ষেপ —ঘন ঘন পেশীর আকুঞ্চন ও প্রসারণ, অথবা অধিকক্ষণ স্থায়ী আক্ষেপ ; মস্তিষ্কের দৃঢ়তা অথবা অর্ব্বুদ হইতে উহার উৎপত্তি ; অপস্মার বা অপস্মারের অনুরূপ আক্ষেপ।

পীতবর্ণ ত্বক ; নিবৃত্ত-রজস্কাদিগের এক প্রকার মলিন-কপিশ ছুলী ; পাণ্ডু ; চক্ষু, ত্বক ও মূত্রের পীতবর্ণ।

উপচয় —রাত্রিতে (অঙ্গ-বেদনার) বৃদ্ধি

উপশম।—ঘর্ষণে ; ও শক্ত প্রচাপনে ; ভ্রমণ

সম্বন্ধ (১) শূল-বেদনায় এলম, প্লাট ও ওপির সহিত ; নাভীর আকুঞ্চনে পড়োর সহিত এবং আবদ্ধ অন্ত্র-বৃদ্ধিতে নক্সের সহিত প্লঃম্বঃমের তুলনা হয় (২) পডো এই ঔষধের উদ্ভিজ্জ সমগুণ (২) প্লঃম্বঃমের কুফল, এলম, পেট্রো, প্লাট, সল-এসি ও জিঙ্ক দ্বারা বিনষ্ট হয়

প্লাটিনা।

(Platina)

যে সকল নারীর কেশ মলিনবর্ণ, দেহ-তন্তু দৃঢ় ; যাহাদের শরীর কৃশ, ধাতু রক্ত-প্রধান ; এবং ঋতু নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে ও অতিরিক্ত অধিক পরিমাণে হয় ; তাহাদের পক্ষে প্লাটিনা বিশেষ উপযোগী।

জননাঙ্গের অত্যন্ত অনুভূতি ; বস্ত্রের স্পর্শ সহ্য করিতে পারা যায়না ; জননেন্দ্রিয় পরীক্ষা করিলে আক্ষেপ উৎপন্ন হয় ; রমণ-কালে ভগে কষ্ট অনুভূত হয় ; সংসর্গকালে মূর্চ্ছা জন্মে অথবা উহা সহ্য করিতে পারা যায়না (মিউর, ও অরিগেনম তুলনা করুন)।

বেদনা ক্রমে ক্রমে বৃদ্ধি পায় এবং সেইরূপ ক্রমে ক্রমে হ্রাস প্রাপ্ত হয় (ষ্টান) ; তৎসহ বেদনাক্রান্ত স্থানের অবশতা থাকে (ক্যাম)।

গুল্ম-বায়ুগ্রস্ত (hysterical) রোগিণী, পর্য্যায়ক্রমে প্রফুল্লতা ও বিমর্ষত, সহজে ক্রন্দন (ক্রোক, ইগ্নে, পলস) ; পাণ্ডুরতা, সহজে শ্রান্তির উৎপত্তি।

উদ্ধত, গর্ব্বিত, প্রগল্ভ প্রকৃতি, সম্ভ্রান্ত ব্যক্তিদিগের প্রতি উপেক্ষা, অনিচ্ছায় একপ্রকার তাচ্ছিল্য করা

মানসিক ভ্রান্তি, রোগিণীর সমীপবর্ত্তী প্রত্যেক বস্তুই যেন ক্ষুদ্র, সকল ব্যক্তিই যেন শারীরিক ও মানসিক সম্বন্ধে নিকৃষ্ট, কিন্তু তাহার নিজের শরীর বৃহৎ ও শ্রেষ্ঠ ; এপ্রকার অনুভব।

সকল দিকেই যেন রোগিণী বৃহত্তর হইতেছে এরূপ অনুভব।

সামান্য বিষয়ে গভীর বিরক্তির উৎপত্তি (ইগ্নে, ষ্ট্যাফ) ; অনেকক্ষণ মনে মনে রাগ করিয়া থাকা

অল্পভাষিতা ও মৃত্যু ভয় সহকারে জীবনে পরিতৃপ্তি (একন, আর্স)

ভয়, শোক, বিরক্তি ; এবং কৃত্রিম মৈথুন, ও অহঙ্কারের পরে মানসিক উপদ্রব।

মানসিক লক্ষণের উপস্থিতিতে শারীরিক লক্ষণের বিরতি এবং শারীরিক লক্ষণের উপস্থিতিতে মানসিক লক্ষণের নিবৃত্তি

শিরঃপীড়া —মস্তিষ্কে বা মস্তকের শিখরদেশে অবশতা ও গুরুত্বজনক বেদনা ; ক্রোধ বা বিরক্তি হইতে ; ও জরায়ুর রোগজনিত হিষ্টিরিয় হইতে উহার উৎপত্তি ; বেদনার ক্রমে ক্রমে বৃদ্ধি ও হ্রাস প্রাপ্তি

কামোন্মাদ —সূতিকাবস্থায় উহার বৃদ্ধি ; ইন্দ্রিয়-লিপ্সার অত্যধিক বিকাশ, বিশেষতঃ কুমারীদিগের (কালী-ফস) ; যোনি-মুখের অনৈচ্ছিক আক্ষেপিক অবরোধ, আক্ষেপ ও আকুঞ্চন

নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে, অতিশয় অধিক পরিমাণে, অতিরিক্ত অধিক দিন স্থায়ী ঋতু ; মলিনবর্ণ, সংযত, দুর্গন্ধ, কুণ্ডলবৎ আক্ষেপ সংযুক্ত স্রাব ; হেঁচকা টান সংযুক্ত জরায়ুর বেদনা, জননাঙ্গের অতিরিক্ত অনুভূতি

জরায়ুতে অতিশয় কণ্ডুয়ন ; ভগ-কণ্ডুয়ন।

কোষ্ঠবদ্ধতা —পর্য্যটন কালে সমুদ্রে, ব্রাই) ; সীসদ্বারা বিষাক্ত হইবার পরে ; অন্ত্রের নিষ্ক্রিয়তা হইতে, কোষ্ঠ-কাঠিন্য ; পুনঃ পুনঃ নিষ্ফল মল-বেগ ; সরলান্ত্রে ও মলদ্বারে নরম কাদার ন্যায় মল লাগিয়া থাকে (এলম) ; ঔপনিবেশিকদিগের ; গর্ভাবস্থায় ; ও নক্স বিফল হইবার পরে দুর্দ্দমা অবস্থায় ; কোষ্ঠ-রোধ।

জরায়ুর রক্তস্রাব।—কাল কাল সংযত রক্তখণ্ড ও তরল রক্ত একত্র স্রাব ; গাঢ়, কাল, আলকাতরার মত অথবা জমাট-বাঁধা রক্ত-পিণ্ড স্রাব (ক্রোক)।

সম্বন্ধ।—অরম, ক্রোক, ইগ্নে, কালী-ফস, পলস, সিপি, ও ষ্ট্যানের সহিত প্লাটিনার সমগুণ সম্বন্ধ।

স্ট্যাপে প্লাটিনার উদ্ভিজ্জ সমগুণ

ফসফরাস।

(Phosphorus)

যে সকল রক্ত-প্রধান-ধাতুর ব্যক্তির দীর্ঘ ও ক্ষীণ দেহ, সুন্দর ত্বক সুকুমার চক্ষু-পক্ষ্ম, সুন্দর সূক্ষ্ম অথবা আরক্ত চুল; এবং যাহাদের দ্রুত তীক্ষ্ণ প্রতিবোধ (perceptions) ও তীব্র অনুভূতি, তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী যে সকল যুবক-যুবতী শীঘ্র শীঘ্র বর্দ্ধিত হয়, যাহাদের অবশীর্ষতার প্রবণত থাকে অবশীর্ষ হইয়া হাঁটে সল), এবং ক্লোরোসিস; ও এনিমিয়া রোগ থাকে তাহাদের পক্ষে; এবং প্রাতঃকালীন অতিসার বিশিষ্ট বৃদ্ধদিগের পক্ষে, ফসফরাস সুপ্রযুক্ত

আলোক, শব্দ, গন্ধ, স্পর্শ প্রভৃতি বাহ্য সংস্কারে পঞ্চেন্দ্রিয়ের অতিরিক্ত অনুভূতি (ইগ্নে, নক্স, টারাণ)

অস্থিরত, অবিরত সঞ্চালন, এক মুহূর্ত্তও স্থির হইয়া বসিতে বা দাঁড়াইতে পারা যায় না (পদদ্বয়ের অস্থিরতা, জিঙ্ক)

জ্বালা।—মেরুদণ্ডের স্থানে স্থানে; স্কন্ধাস্থিদ্বয়ের মধ্য ভাগে (বরফ খণ্ডের অনুরূপ, ল্যাক-না); অথবা পৃষ্ঠের উপর দিকে প্রখর উত্তাপের প্রধাবন; করতলের জ্বালা (ল্যাক); বক্ষঃস্থলে ও ফুসফুসের জ্বালা, শরীরের প্রত্যেক যন্ত্রের ও বিধান-তন্তুর জ্বাল (আর্স, সলফ), সাধারণতঃ স্নায়ু-মণ্ডলের রোগে

মস্তক, বক্ষঃস্থল, আমাশয় ও সমগ্র উদরে এক প্রকার দুর্ব্বলতা ও শূন্যতা অনুভব।

বেদনা —বিশেষতঃ বক্ষঃস্থলে বেদনা, সামান্য প্রচাপনেও উহার বৃদ্ধি, পর্শুকা-মধ্যবর্ত্তী স্থানে (intercostal space), ও বামপার্শ্বে শয়নে বেদনা, অত্যল্প মাত্র শীতে বেদনার উদ্রেক, অনাবৃত বায়ু সহ্য হয় না

চক্ষু —নিমগ্ন নীলবর্ণ মণ্ডল-পরিবেষ্টিত চক্ষু; চক্ষুর পাতার স্ফীততা, জলপূর্ণ স্ফীততা (উপরের পাতার স্ফীততা, কালী-কা; নীচের পাতার এপিস)

কেবল দিবাভাগে কাস (ইউফ্রে), শয়ন করিলে উহার উপশম; ও আহারান্তে উপশম (স্পঞ্জ)।

শরীরের তরল বিধানের অপচয়ের পরে; কুইনাইন অপব্যবহারে; ও সবিরাম জ্বরের অবরোধে; উৎপন্ন শোথ (কার্ব্বো, সিঙ্ক)।

কোষ্ঠকাঠিন্য অন্ত্রের দৌর্ব্বল্য জনিত, নিষ্ফল মল-প্রবৃত্তি বিশিষ্ট, শক্ত, আয়াসে বিনির্গত ও মলত্যাগের পর পৃষ্ঠে বেদনা অথবা সরলান্ত্রে খল্লীবৎ বেদনা সংযুক্ত, শিশুদিগের গুহ্যভ্রংশ সমন্বিত, এবং রাত্রিতে মলদ্বারের কণ্ডূয়ন লক্ষণাপন্ন মল কৃচ্ছ্র।

আস্তে আস্তে হাঁটিলে সর্ব্বদাই ভাল বোধ হয়, কিন্তু দুর্ব্বলতা বশতঃ রোগীকে বাধ্য হইয়া শয়ন করিতে হয়।

উপচয়।—বিশ্রাম কালে; স্থির হইয়া বসিয়া থাকিলে ও রাত্রিতে বৃদ্ধি।

উপশম।—ধীরে ধীরে হাঁটিলে; ও গ্রীষ্মকালে হ্রাস।

সম্বন্ধ।-(১) এলম ও সিঙ্কোনার সহিত অনুপূরক সম্বন্ধ। (২) কি তরুণ কি পুরাতন প্রায় সকল রোগেই ফিরমের পরে সিঙ্কোনা ভাল খাটে।

ফ্লোরিক এসিড।

(Fluoric Acid)

বার্দ্ধক্যের বা অকালবার্দ্ধক্যের রোগ; উপদংশ ও পারদজনিত ধাতু-দুষ্টতা এবং যুবক-যুবতীদিগের বৃদ্ধবৎ দর্শন।

শ্রান্তি ব্যতীত শারীরিক পরিশ্রমের বিবর্দ্ধিত সামর্থ্য (কোকা); গ্রীষ্মকালের, অতি গ্রীষ্মের ও শীতকালের শীতের অল্পতর প্রভাব অনুভব।

পুরাতন ক্ষত-চিহ্নের প্রান্তভাগের চারিদিক লাল হইয়া উঠা ও কাঁচা ক্ষত জন্মিবার সম্ভাবনা (কষ্ট, গ্রাফ)

বহু সন্তানের প্রসূতীদিগের শিরায় স্ফীততা ও ক্ষত, উহার দীর্ঘকালস্থায়িতা ও দুর্দ্দম্যতা।

অস্থির, বিশেষতঃ দার্ঘাস্থির কেরিজ ও নিক্রোসিস, সোরা-দোষ, উপদংশ-দোষ এবং পারদ বা সিঙ্কিশিয়ার অপব্যবহার হইতে উহার উৎপত্তি (এঙ্গস্)।

বালক-বালিকাদিগের দক্ষিণ শঙ্খ-স্থানের (Temple) চেপ্টা অর্বুদ (জন্ম-চিহ্ন); কৈশিকানাড়ীর অর্ব্বুদ (ক্যাল্ক-ফ্লোর টিউব)।

ক্ষত।—লোহিতবর্ণ প্রাপ্ত ও ফোস্কাসংযুক্ত ক্ষত ; শয্যা-ক্ষত ; উষ্ণতায় বৃদ্ধি ও শীতলতায় হ্রাস প্রাপ্তি, কোন এক ক্ষুদ্র স্থানে নিবদ্ধ, বিদ্যুৎ রেখার ন্যায় প্রচণ্ড বেদনা।

শীঘ্র শীঘ্র দন্তের ক্ষয় প্রাপ্তি ; দন্ত-নালী বা নেত্র নালী (নালী ঘা) ; মুখমণ্ডলের অস্থির অস্বাভাবিক বিবর্দ্ধন (হেক্লা)।

সম্বন্ধ।—(১) কোকা সিলির সহিত অনুপূরক সম্বন্ধ (২) মদ্য-পায়ীদিগের উদরীরোগে আর্সেনিকের পরে ; বজ্ঞাণ রোগে (হিপ-ডিজিজ) কালী-কার্ব্বের পরে ; দন্তের অতিরিক্ত অনুভূতিতে, কফি ও ষ্টাফের পরে ; বহুমূত্রে ফস-এসির পরে ; অস্থিরোগে সিলি ও সিফার পরে ; এবং গলগণ্ডে, স্পঞ্জিয়ার পরে ; ফ্লোরিক এসিড ভাল খাটে।

বার্ব্বেরিস ভংলগেরিস।

(Berberis Vulgaris)

বৃক্কক (kidney) অথবা মূত্রাশয়ের লক্ষণের প্রাধান্য

কটিতে বেদনা ; বৃক্কক-প্রদেশে অতিশয় স্পর্শ-দ্বেষ ; উপবেশনে ও শয়নে, এবং সঙ্ঘর্ষণ ও শ্রান্তি বশতঃ উহার আতিশয্য

বৃক্কক-প্রদেশে জ্বালা ও টাটানি।

বৃক্কক-প্রদেশে ও কটিদেশে প্রচাপনসংযুক্ত অবশতা, আড়ষ্টতা ও পঙ্গুতা (Lameness)

মুখমণ্ডলের মৃত্তিকার ন্যায় পাণ্ডুবর্ণ, গণ্ডদ্বয়ের নিমগ্নতা, এবং নীলমণ্ডল-পরিবেষ্টিত কোটর-গত চক্ষু

মূত্র-যন্ত্রের রোগ সহকারে আমবাত ও গ্রন্থিবাত জনিত পীড়া।

পিত্ত-শিলা (gallstone) জনিত উদর বেদনা।

পিত্তজনিত উদর বেদনা, তৎপরে পাণ্ডু-রোগ ; কর্দ্দম-বর্ণ-মল পিত্তলক্ষণ ও কুশস্থানের কণ্ডুয়ন সহকারে ভগন্দর (fistula in ano) হৃৎকাস ও বক্ষঃস্থলের পীড়া, বিশেষতঃ ভগন্দরে শস্ত্রক্রিয়ার পরে (ক্যাল্ক-ফস, সিলি)

বাম বৃক্কক হইতে মূত্রবাহীনলের (ureter) পথে মূত্রাশয় ও মূত্রমার্গ (urethra) পর্য্যন্ত সূচী-বেধন ও কর্ত্তনবৎ বেদনা (ট্যাব—দক্ষিণ বৃক্কক হইতে, লাইক)

বৃক্কক শূল, বামপার্শ্বে আতিশয্য (ট্যাব—মূত্রবেগ ও মূত্র-কৃচ্ছ্র সহ যে কোন পার্শ্বে, ক্যান্থ)

বৃক্ককে জল-বুদ্বুদ্ উত্থিতির ন্যায় অনুভব (মেড)

মূত্র —ঈষৎ হরিদ্বর্ণ (greenish), রক্তের ন্যায় লোহিত, গাঢ় আঠা আঠা শ্লেষ্মা সংযুক্ত ; স্বচ্ছ, ঈষৎ আরক্ত অথবা লেহবৎ (jelly like) অধঃপতিত পদার্থ বিশিষ্ট ; মূত্র।

সঞ্চালনে মূত্র-বেগের উপস্থিতি অথবা বৃদ্ধি।

উপচয় —সঞ্চালন, বিচরণ বা শকটারোহণ ; এবং আকস্মিক সংঘর্ষণে বৃদ্ধি।

সম্বন্ধ —(১) বৃক্কক-শূলে, ক্যান্থ, লাই, সার্সা, ট্যাবের সহিত সমগুণ সম্বন্ধ। (২) আমবাতিক রোগে, আর্ণ, ব্রাই, কালী-বাই, হ্রাস ও সলফের পরে এই ঔষধের ভাল ক্রিয়া দর্শে।

বিসমথ।

(Bismuth)

নির্জ্জনতা সহ্য হয় না। লোক-সংসর্গের ইচ্ছা, শিশু সংসর্গার্থে মাতার হাত ধরিয়া থাকে (কালী-কা, সিপি, লাই)

উৎকণ্ঠা ; রোগী কখন বসে, কখন হাঁটে, কখন শোয়, কখনও একস্থানে অনেকক্ষণ থাকে না।

প্রতি শীতকালে শিরঃপীড়ার প্রত্যাবৃত্তি ; আমাশয়-শূলের সঙ্গে সঙ্গে, বা পর্য্যায়ক্রমে উপস্থিতি।

মুখমণ্ডলের মৃতবৎ পাণ্ডুরতা, চক্ষুর চতুর্দ্দিকে নীলবর্ণ মণ্ডল

শীতল জল মুখে রাখিলে দন্ত-বেদনার উপশম (ব্রাই, কফি, পলস)

বমন। জল আমাশয়ে উপস্থিত হইলেই বমন হইয়া পতন, ভুক্তদ্রব্যের অধিকতর সময় অবস্থিতি (ভুক্তদ্রব্য ও জল বমন, আর্স)। কয়েকদিন পরে পরে, আমাশয় ভুক্তদ্রব্যে পূর্ণ হইলে, অধিক পরিমাণে বমন ; পান করিবামাত্র সকল প্রকার তরল পদার্থ বমন ; এবং দুর্গন্ধ মল বিরেচন (জলবৎ মল, ভিরে) ; তৎসহ আক্ষেপিক মুখ-রোধ ও অকথ্য বেদনা, উদর-ছেদের (laparotomy) পরে উহার উৎপত্তি (নক্স, ষ্ট্যাফ)

আমাশয়।—কোন এক ক্ষুদ্র স্থানে, ভারী বস্তুর চাপের ন্যায় চাপ, তৎসহ পর্য্যায়ক্রমে জ্বালা। খাল-ধরার ন্যায় আক্ষেপিক বেদনা ; তৎসহ উপদাহ, হৃদ্দাহ (বুক-জ্বালা) ও মুখ-প্রসেক (মুখে জল-উঠা)

বমন-প্রধান, মৃদু ওলাউঠা ও গ্রীষ্মকালীয় উদরাময় ; মলিন, লেহবৎ জলবৎ, দুর্গন্ধ, অতিশয় অবসন্নতাজনক মল (আর্স, ভিরে)

বেঞ্জোইক এসিড।

(Benzoic Acid)

প্রমেহ কিংবা উপদংশগ্রস্ত রোগীর গাউট বা আমবাতিক প্রকৃতি প্রাপ্তি।

গাউট জনিত পিণ্ড-সঞ্চয় ; সন্ধি-বাত, সকল সন্ধির আক্রান্ততা, বিশেষতঃ সঞ্চালনে জানুসন্ধির কড় কড় শব্দ ; সন্ধিস্থলে চূর্ণময় পদার্থের সঞ্চয় (বার্ব্ব, লিথি-কার্ব্ব, লাই)

মলিন-কপিশ মূত্র, মূত্রের মূত্র-গন্ধের অত্যন্ত তীব্রতা।

সুকুমার শিশুদিগের রাত্রিতে শয্যা-মূত্র ; মূত্রাশয়ের মুখশায়ী গ্রন্থির বিবর্দ্ধনসহ বৃদ্ধ পুরুষদিগের বিন্দু বিন্দু মূত্র-পাত ; মূত্রের স্বাভাবিক গন্ধের অধিকতর তীব্রতা ; মূত্রে ইউরিক এসিডের আতিশয্য

প্রমেহের বিলুপ্তির পর মূত্রাশয়ের প্রতিশ্যায় (catarrh) ।

বালক-বালিকাদিগের অতিসার, শুভ্র, অতি দুর্গন্ধি, অবসন্নতাজনক তরল মল, শয্যা-বস্ত্রের অভ্যন্তর দিয়া উহার গতি (পড); দুর্গন্ধ, গাঢ় লোহিত বর্ণ মূত্র

কাস; হরিদ্বর্ণ শ্লেষ্মা নিষ্ঠীবন (স্থাট-মল); অত্যন্ত শ্রান্তি ও আলস্য।

পায়ের বৃদ্ধাঙ্গুলীর বড় বড় সন্ধিতে ছেদন ও সূচী-বেধনবৎ বেদনা; সন্ধিস্থানের আরক্ততা ও স্ফীততা; রাত্রিতে গাউটের বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) অবারিত মূত্র রোগে; বিশেষতঃ নাইটার বিফল হইলে কোপে, নাইটার, ফির, থুজার সহিত বেঞ্জ-এসিডের সমগুণ সম্বন্ধ সন্ধিবাত জনিত রোগে বার্ব্ব ও লিথি-কার্ব্ব ইহার সমগুণ (২) গাউট রোগে কলচিকম বিফল হইলে তৎপরে; এবং বিলুপ্ত প্রমেহে কোপেবা অপব্যবহৃত হইবার পরে এই ঔষধ উপযোগী। (৩) সুরার সহিত ইহার বিষম-গুণ সম্বন্ধ; তদ্দ্বারা মূত্র-রোগ, এবং গাউট ও আমবাত জনিত রোগ বৃদ্ধিপ্রাপ্ত হয়।

বেলেডোনা।

(Belladonna)

পিত্ত-প্রধান, রস-প্রধান ও রক্ত-প্রধান প্রকৃতির রোগী; সুস্থাবস্থায় সজীবতা ও প্রফুল্লতা, অসুস্থাবস্থায় প্রচণ্ডতা ও অনেক সময় প্রলাপিতা

লঘু-কেশ, নীল-নয়ন, সুন্দর মুখশ্রী, সুকুমার ত্বকবিশিষ্ট নারী ও বালক-বালিকা; অনুভবাধিক, স্নায়বিক, আক্ষেপ-প্রবণ রোগী; গুটিকা প্রকৃতি-বিশিষ্ট (টিউবারকিউলাস) রোগী

সহজে সর্দ্দি লাগে; বায়ু-প্রবাহে, বিশেষতঃ মস্তক অনাবৃত থাকিলে, অতিশয় অনুভবাধিক্য; চুল কাটিলে সর্দ্দি লাগে; শীতল বাতাসে ঘোড়ায় চড়িয়া বেড়াইলে তালু-মূলের (tonsils) প্রদাহোৎপন্ন হয় (একন, হিপ, রস—পায় ঠাণ্ডা লাগিলে সর্দ্দি লাগে, কোনা, ক্রুপ, সিলি)।

দ্রুত অনুভব ও দ্রুতগতি; শূল শীঘ্র সঞ্চালিত হয়; বেদনা অকস্মাৎ উপস্থিত হয়; অনিশ্চিত সময় পর্য্যন্ত থাকে এবং অকস্মাৎ বিরত হয় (ম্যাগ-ফস)

বেদনার সাধারণতঃ অল্প অল্প সময় স্থায়ী আক্রমণ; বেদনায় বদন ও নয়নের আরক্ততার উৎপত্তি; মস্তকের পূর্ণতা ও ক্যারটিড ধমনার দপদপ।

রোগী মনে করে যেন সে ভূত-প্রেত, ভয়ঙ্কর মুখ, ও বিবিধ কীট (ষ্ট্রাম) কৃষ্ণবর্ণ জন্তু, কুকুর এবং নেকড়ে বাঘ প্রভৃতি দেখিতে পায়।

অবাস্তব বস্তুর ভয়, উহাদের নিকট হইতে পলায়নের ইচ্ছা; ভ্রান্তদৃষ্টি (hal ucination)।

প্রচণ্ড প্রলাপ; কামড় দেওয়া, থুথু ফেলা, মারা ও দ্রব্যাদি ছিঁড়িয়া ফেলিবার প্রবৃত্তি; উচ্চ হাস্যের আবেশ ও দাঁত কড়মড় করা; পরিচারকদিগকে দংশন ও আঘাত করিবার প্রবৃত্তি (ষ্ট্রাম); পলায়নের চেষ্টা (জেলি)

মস্তকের উত্তপ্ততা ও যাতনাপূর্ণতা; বদনের প্রদীপ্ততা; নয়নের প্রমত্ততা (wildness) ও একদৃষ্টি (staring), চক্ষু-তারার প্রসারিততা, নাড়ীর পূর্ণতা, উল্লম্ফনশীলতা (bounding), গোলাকারতা, ও গোলার ন্যায় অঙ্গুলিতে আঘাতকারিতা, মুখ গহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লীর পরিশুষ্কতা; মলের ধীরতা ও মূত্রের বিলুপ্ততা; নিদ্রালুতা, অথচ নিদ্রা যাইতে অপারগতা (ক্যাম, ওপি)

দন্তোদ্গম-কালে, জ্বরসহকারে টঙ্কার (জ্বর ব্যতীত টঙ্কার, ম্যাগ-ফস); সহসা উহার উপস্থিতি, মস্তকের উত্তপ্ততা ও পদদ্বয়ের শীতলতা

মস্তকে ও মুখমণ্ডলে রক্তের প্রধাবন (এমি, গ্লন, মেল)।

আরক্ত মুখমণ্ডল, মস্তিষ্ক ও গ্রীবার বৃহৎ ধমনীদ্বয়ের দপদপ সহকারে, রক্তসঞ্চয় জনিত, শিরোবেদনা (মেল); সামান্য শব্দ, সংঘর্ষণ, সঞ্চালন, আলোক, শয়ন, ও অত্যল্প শ্রমে উহার উপচয়; প্রচাপন, দৃঢ় বন্ধন, বস্ত্র জড়িত করণ ও ঋতুকালে উপশম।

বালিসে মস্তক প্রবিষ্ট করণ (এপিস, হেলি, পড)

মস্তক অবনত করিলে, অথবা মস্তক অবনত করিয়া থাকিয়া উঠিবার সময় (ব্রাই) শিরোঘূর্ণন; প্রত্যেকবার অবস্থান পরিবর্ত্তনে শিরোঘূর্ণন।

উদরের স্পর্শ দ্বেষ ও স্ফীততা, অতি অল্প মাত্র সংঘর্ষে এমন কি শয্যার

সংস্পর্শে পর্য্যন্ত উহার বৃদ্ধি ; কোন প্রকার সংঘর্ষ না লাগে এজন্য অতি সাবধানে বিচরণ ।

দক্ষিণ অস্থিতান্ত্র ও অন্ধান্ত্র প্রদেশে (ইলিওসিকেল রিজিয়ন) বেদনা, যৎসামান্য স্পর্শে এমন কি শয্যা-বস্ত্রের সংস্পর্শে পর্য্যন্ত উহার বৃদ্ধি

অনুপ্রস্থ স্থূলান্ত্রের (ট্রান্সভার্স কোলন্) পিণ্ডের ন্যায় উন্নমন।

ত্বক্ ।—ত্বকের সমাকার, মসৃণ, চিক্কণ, গাঢ় আরক্ততা পরিশুষ্কতা, উত্তপ্ততা, ও জ্বালা, পরীক্ষার্থে গায়ে হাত দিলে হাতে জ্বালা অনুভব ; সম্পূর্ণ মসৃণ ও প্রকৃত আরক্ত উদ্ভেদ বিশিষ্ট প্রকৃত সিডেন্হাম্ স্কার্লেট জ্বর।

উদরের আধেয় পদার্থ যেন ভগপথে বাহির হইয়া পড়িবে নিম্নাভিমুখে এরূপ প্রচাপন ; দাঁড়াইলে ও সোজা হইয়া বসিলে উহার উপশম ; প্রাতঃকালে উপচয় (লিলি, মিউর, সিপি) ।

উপচয় ।—স্পর্শে, নড়িলে চড়িলে, শব্দে, বায়ুপ্রবাহে, সমুজ্জ্বল চাকচিক্য-ময় বস্তুর প্রতি দৃষ্টি করিলে (লাইসি, ষ্ট্রাম) অপরাহ্ণ ৩টার পরে, রাত্রিতে, দুই প্রহর রাত্রির পরে, পানকালে, মস্তক অনাবৃত করিলে, গ্রীষ্মকালের সূর্য্যের উত্তাপে ও শয়ন করিলে বৃদ্ধি

উপশম ।—বিশ্রামে, দাঁড়াইলে অথবা সোজা হইয়া বসিলে ও উষ্ণ গৃহে উপশম

সম্বন্ধ ।—(১) ক্যাল্‌কেরিয়ার সহিত অনুপূরক সম্বন্ধ বেলেডোনার আরব্ধ আরোগ্য ক্যাল্‌কেরিয়ায় সম্পূর্ণ হয়। (৪) একন, ব্রাই, সিকু, গ্লোন, হাইওস, মেল, ওপি ও ষ্ট্রামোর সহিত বেলেডোনার সমগুণ সম্বন্ধ।

বোভিষ্টা।

(Bovista)

শুষ্ক বা আর্দ্র দদ্রুগ্রস্ত রোগী।

হৃৎকম্প সংযুক্তা বৃদ্ধা কুমারী

তোতলা বালক-বালিকা (ট্রাম)

নাসিকা ও অন্যান্য শ্লৈষ্মিকঝিল্লী হইতে অতি শক্ত, রজ্জুবৎ, দুশ্ছেদ্য স্রাব নিঃসরণ (কালী-ব)

ছুরি, কাঁচি প্রভৃতি -মুখ শস্ত্রাদি ব্যবহারে অঙ্গুলীতে অতিশয় গভীর দাগের উৎপত্তি।

কটিদেশে কাপড় সহ্য না (ক্যাল্ক, ল্যাক, সলফ)।

কক্ষতলের ঘর্ম্মে পঁলাণ্ডুর ন্যায় গন্ধ

দন্তোত্তোলনের পর (হেমে); আঘাত হইতে; এবং নাসিকা হইতে রক্তস্রাব।

সন্ধি সকলের অতিশয় দুর্ব্বলতা এবং হস্ত-পদের শ্রান্তি।

হাত হইতে দ্রব্যাদির পতন-প্রবণতা (এপিস); শক্তিশূন্য হস্ত হইতে বস্তুর পতন।

ঋতু।—কেবল রাত্রিতে ঋতুর রক্ত প্রবাহিত হয়, দিনে পড়েনা (ম্যাগ-কা—কেবল দিনে পড়ে, এবং শুইলেই থামিয়া যায়, ক্যাক, কষ্ট, লিলি); ঋতুর পূর্ব্বে ও ঋতু-কালে অতিসার (এম-কা); ঋতুদ্বয়ের ব্যবধান-কালে মধ্যে মধ্যে কয়েকদিন রক্তদর্শন (বোরা), প্রতি দুই সপ্তাহে মলিন ও সংযত রক্ত নিঃসরণ; তৎসহকারে যন্ত্রণাপূর্ণ আবেগ (bearing down sensation) (সিপি)।

কোকিল-চঞ্চু-অস্থির (coccyx) অগ্রভাগে দুর্নিবার কণ্ডূয়ন; যে পর্য্যন্ত না অবদরণ ও ক্ষত জন্মে ততক্ষণ চুলকাইতে হয়

সম্বন্ধ।—(১) ঋতু-বৈলক্ষণ্যে, এম-কা, বেল, ক্যাল্ক, ম্যাগ-সল, সিপির সহিত তুলনা হয়। (২) আলকাতরার বাহ্য প্রয়োগের মন্দ ফল; এবং বাষ্প (গ্যাস) জনিত শ্বাস-রোধ বোভিষ্টা দ্বারা নিবারিত হয় (৩) পুরাতন শীত-পিত্তে ড্রঃসটক্স উপযোগী হইয়াও বিফল হইলে বোভিষ্টা ব্যবহৃত হয়।

বোরাক্স।

(Borax)

প্রায় সকল রোগেই নিম্নাভিমুখ গতিতে আশঙ্কা।

নিম্নাভিমুখ গতিতে অতিশয় উৎকণ্ঠা ; শিশুকে খাটে শোয়াইতে গেলে কাঁদে ও ধাত্রীকে জড়াইয়া ধরিয়া থাকে ; দোলাইলে, ঝুলাইলে, নাচাইলে, এবং নীচের তলায় নামাইতে ও ঘোড়ার পিঠে চড়াইতে ভয় পায়।

কোন দৃশ্যমান কারণ ব্যতীত শিশু সহসা জাগিয়া চিৎকার করে ও দোলার পার্শ্ব হাতদিয় চাপিয়া ধরে (এপিস, সিনা, ষ্ট্রাম)।

অত্যন্ত স্নায়বীয়তা, যৎসামান্য শব্দে অথবা অসাধারণ (unusual) তীব্র শব্দে এবং কাশি, হাঁচি, ক্রন্দন বা দীপ-শলাকা জ্বালিবার শব্দে ভয়প্রাপ্তি (এসার, ক্যালাড)

চুল জড়াইয়া যায়, চিরিয়া যায়, অগ্রভাগে সংলগ্ন হইয়া থাকে ; এই সকল থোপা কাটিয়া ফেলিলে পুনরায় জন্মে, আঁচড়াইয়া সমান করা যায়না (ফ্লোর-এসি, লাইং, সোরি, টিউব)।

চক্ষুর পক্ষে শুষ্ক, আঠা আঠা স্রাব ; প্রাতে সংযোজনা ; পক্ষের রোম অভ্যন্তর দিকে ফিরিয়া চক্ষুর, বিশেষতঃ উহার বহির্দ্দিকের কোণের প্রদাহের উৎপত্তি ; উচ্ছৃঙ্খল রোমোৎপত্তির প্রবণতা

নাসা-রন্ধ্রের চিপ্‌টিকা, প্রদাহিতা ; নাসাগ্রের চিক্কণ আরক্ততা ; যুবতী কামিনীদিগের লাল-নাক।

দক্ষিণ নাসা-রন্ধ্রের অবরুদ্ধতা, অথবা প্রথমে দক্ষিণ, তৎপরে বাম নাসা-রন্ধ্রের অবরুদ্ধতা, তৎসহ অবিরত ফোঁৎ ফোঁৎ করণ (এম-কা, ল্যাক-কা, ম্যাগ-মি)।

উপক্ষত।—মুখ-বিবরে, জিহ্বার উপরে, গালের অভ্যন্তর ভাগে উপক্ষত ; আহারকালে বা স্পর্শ করিলে উহা হইতে সহজে রক্তপাত হয় ; শিশুর স্তনপানে প্রতিবন্ধকতা জন্মে ; তৎসহকারে মুখ-বিবরের উত্তপ্ততা, পরিশুষ্কতা ও

পিপাসা (আর্স), জিহ্বার বিদারণ ও রক্তপাত (এরম) এবং লালা স্রাব (বিশেষতঃ দন্তোদ্ভেদ-কালে) থাকে।

উপক্ষতজনিত মুখ-ক্ষত ; স্পর্শে, এবং অম্ল বা লবণাক্ত দ্রব্য আহারে উহার বৃদ্ধি ; বৃদ্ধদিগের মুখের উপক্ষত (এলুমেন)।

শিশুর বারবার মূত্র-পাত,ও মূত্রত্যাগের পূর্ব্বে চিৎকার (লাই,স্থানি,সার্স।)

শ্বেতপ্রদর —প্রভূত অণ্ডলালময়, শ্বেতসারময়, উষ্ণজলের প্রবাহের ন্যায় অনুভূত ; ঋতুকালের ব্যবধান সময়ে দুই সপ্তাহ পর্য্যন্ত ; প্রদর-স্রাব (বোভ, কোনা)।

ত্বক ; অসুস্থ, সামান্য উপঘাতে পুযোৎপত্তি (ক্যালেণ্ড, হিপ, মার্ক, সিলি)।

উপচয়।—নিম্নাভিমুখীন গতি ; আকস্মিক যৎসামান্য শব্দ ; ধূমপান (উহাতে অতিসারও জন্মিতে পারে) ; ও আর্দ্র, শীতল ঋতুতে এবং মূত্রত্যাগের পূর্ব্বে, বৃদ্ধি।

উপশম।—প্রচাপনে ; ব্যথিত পার্শ্ব হাত দিয়া ধরিয়া রাখিলে ; উপশম।

সম্বন্ধ।—(১) ক্যাল্ক, সোরি, স্থানি, ও সলফের পরে বোরাক্স সুব্যবস্থেয় (২) বোরাক্সের পরে, আর্স, ব্রাই, লাই, ফস, সিলি, সুপ্রযুজ্য। (৩) এসেটিক-এসিড, ভিনিগার ও আসবের (সুরা) পূর্ব্বে বা পরে বোরাক্স ব্যবহৃত হয় না। উহাদের সহিত প্রতিকূল সম্বন্ধ।

ব্যাপ্টিসিয়া টিঙ্কটোরিয়া।

(Baptisia Tinctoria)

ব্যাপ্টিসিয়া রস-প্রধান ধাতুতে উপযোগী।

শরীরের তরল বিধানের বিসমাস-প্রবণতা সহকারে অতিশয় অবসন্নতা (পাইরো) ; শ্লৈষ্মিক ঝিল্লীর ক্ষত।

শরীরের সর্ব্ববিধ নিঃসরণ ও স্রাবের দুর্গন্ধ, বিশেষতঃ টাইফয়েডজ্বরে অথবা অন্যান্য তরুণরোগে শ্বাস, মল, মূত্র, ঘর্ম্ম ও ক্ষতের দুর্গন্ধ (সোরি, পাইরো)।

মানসিক পরিশ্রমে অপ্রবৃত্তি; চিন্তা করিতে অনিচ্ছা, অথবা অসামর্থ্য।

সম্পূর্ণ ঔদাসীন্য, কিছু করিতে চেষ্টা জন্মেনা, কার্য্যে মন স্থির রাখিতে পারা যায় না

সুপ্তি; কথা শুনিতে শুনিতে অথবা জিজ্ঞাসিত বিষয়ের উত্তর দিতে দিতে নিদ্রিত হইয়া পড়, কিছু জিজ্ঞাসা করিলে ঠিক উত্তর পাওয়া যায়, আবার তখনই প্রলাপ উপস্থিত হয় (আর্ণ)

প্রথমে লোহিতবর্ণ জিহ্বা-কণ্টকসহকারে জিহ্বায় শুভ্রবর্ণ লেপ; কেন্দ্র স্থলের শুষ্কতা এবং পীত-কপিশ বর্ণ, পরিশেষে জিহ্বার শুষ্কতা, বিদারণ ও ক্ষত

মুখমণ্ডলের উদ্দীপ্ততা, ধূসরবর্ণ, মলিন আরক্ততা, বুদ্ধিশূন্য, বিমত্ত মুখাকৃতি (জেলস)।

কেবল তরল পদার্থ গিলিতে পারা যায় (ব্যারা-কা), যৎ-সামান্য কঠিন খাদ্যও গলায় ঠেকে (কেবল তরল দ্রব্য গিলিতে পারা যায়, কিন্তু উহাতে অরুচি, সিলি)

বেদনাশূন্য গল-ক্ষত (Sore throat); তালু-মূল,কোমল তালু (Soft palate) ও কর্ণমূলের মলিন আরক্ততা ও স্ফীততা, পচা,দুর্গন্ধ স্রাব; ডিপথিরিয়া।

বৃদ্ধদিগের রক্তাতিসার; বালকদিগের অতিসার, বিশেষতঃ উহাতে অতিশয় দুর্গন্ধ (কার্ব্বো, পডো, সোরি)।

রোগিণী আপনাকে একত্র করিতে পারেনা বলিয়া নিদ্রা যাইতে পারেনা; মস্তক বা শরীর শয্যার চারি দিকে খণ্ড খণ্ড ছড়ান বোধ হয়; সেই সকল খণ্ড একত্র করিতে রোগিণী এপাশ ওপাশ করে; তাহার বোধ হয় যেন সে তিনজন, সকলকে সে ঢাকিয়া রাখিতে পারে না (পেট্রো)।

যে কোন অবস্থানে রোগী শয়ন করে, শরীরের যে অংশে ভর দিয়া শয়ন করে সেই অংশই ব্যথিত ও ঘৃষ্ট অনুভূত হয় (পাইরো—আর্স ও পাইরো তুলনীয়)

টাইফয়েড জ্বরে শয্যা-ক্ষত, আর্ণ, মিউ-এসি, পাইরো)।

সম্বন্ধ।—(১) গ্লানি, স্নায়বীয়তা, প্রদীপ্ত মুখমণ্ডল, তন্দ্রালুতা ও পেশীর বেদনাবিশিষ্ট জ্বরের প্রথমাবস্থায় আর্ণ, আর্স, ব্রাই, ও জেলসের সমগুণ।

(২) টাইফয়েড্ বা টাইফস জ্বরে অনুপযুক্তভাবে অথবা অতিরিক্তরূপে পুনঃ পুনঃ আর্সেনিক প্রয়োজিত হইয়া থাকিলে ব্যাপ্ট উপযোগী (৩) টাইফয়েড ও টাইফস জ্বরের রক্তস্রাবে ব্যাপ্টিসিয়ার পরে ক্রোট, হেমে, নাই-এসি ও টেরেবিন্থ ভাল ক্রিয়া করে।

ব্যারাইটা কার্ব্বনিকা।

(Baryta Carbonica)

প্রথম বাল্যকাল ও দ্বিতীয় বাল্যকাল অর্থাৎ বার্দ্ধক্যের রোগে এবং কচ্ছু-দোষ অথবা গুটিক-ধাতু-দোষে এই ঔষধ বিশেষ উপযোগী।

স্মৃতিশক্তির অসদ্ভাব। বিস্মরণশীলত, অনাবিষ্টতা (inattention), মনে রাখিতে পারেনা বলিয়া বালক শিখিতে পারেনা জড়ত্ব জন্মিবার সম্ভাবনা।

গণ্ডমালাধাতুগ্রস্ত, খর্ব্বকায় শিশু, শীঘ্র বাড়েনা(শীঘ্র শীঘ্র বাড়িলে, ক্যাল্ক); গণ্ডমালাজনিত চক্ষু-প্রদাহ, কনীনিকার অস্বচ্ছতা, উদরের স্ফীততা; ঘন ঘন উদর-বেদনার আক্রমণ; মুখমণ্ডলের স্ফীতত (ফুলা-ফুলা ভাব); সর্ব্বাঙ্গীন শীর্ণতা

শারীরিক ও মানসিক দুর্ব্বলতা বিশিষ্ট বালক বালিকা।

খর্ব্বাকারা, হিষ্টিরিয়া গ্রস্তা স্ত্রী এবং স্বল্পরজোবিশিষ্টা কুমারীদিগের রোগ; শারীরিক তাপের অসদ্ভাব, সর্ব্বদা শীত শীত অনুভব।

বৃদ্ধ, ধাতু-দুষ্ট ব্যক্তি; গণ্ডমালাগ্রস্ত, বিশেষতঃ স্থূলকায় ব্যক্তি, অথবা গাউট রোগগ্রস্ত ব্যক্তি (ফ্লোর-এসি)

বৃদ্ধ পুরুষদিগের রোগ; মূত্রাশয়ের মুখশায়ী গ্রন্থি ও অণ্ডের বিবৃদ্ধি অথবা দৃঢ়তা; মানসিক ও শারীরিক দুর্ব্বলতা।

বৃদ্ধদিগের সংন্যাস-প্রবণতা; প্রাচীন মদ্যপায়ীদিগের রোগ; বাল-চিত্ত বৃদ্ধদিগের শিরঃপীড়া।

তালু-মূল বা গল-প্রদাহের প্রবণতা, সহজে সর্দ্দির উৎপত্তি; অথবা প্রতিবার সর্দ্দির আক্রমণে, এমন কি যৎসামান্য সর্দ্দি লাগিলেই তালুমূল-প্রদাহের উপস্থিতি, উহাতে পূযোৎপত্তির প্রবণতা (হিপার, সোরি)।

তরল দ্রব্য ভিন্ন অন্য কিছু গিলিতে অক্ষমতা (ব্যাপ্ট, সিলি)।

প্রত্যেকবার মূত্র-ত্যাগকালে অর্শবলির বহির্গমন (মিউ-এসি)

সোরা দোষগ্রস্ত বালক-বালিকাদিগের পুরাতন কাশ ; বিবর্দ্ধিত তালু-মূল অথবা দীর্ঘীভূত অলি-জিহ্ব ; যৎসামান্য সর্দ্দিতে উপচয় (এলম)।

গ্রন্থির, বিশেষতঃ গ্রীবার ও কুচকীর গ্রন্থির স্ফীততা ও দৃঢ়তা, অথবা প্রাচুর্য্য (incipient) পূযোৎপত্তি।

দুর্গন্ধ পাদ ঘর্ম্ম, তজ্জন্য পদাঙ্গুলী ও পদতলের ক্ষত (পাদ-মূলের ঘর্ম্ম), পায়ের ঘর্ম্মের অবরোধ বশতঃ গল-রোগ (গ্রাফা, সোরি, সাইলি,সিলি)।

সর্দ্দিতে অতিশয় অনুভবাধিক্য (ক্যাল্ক, কালী-কা, সোরি) .

উপচয়।—রোগের বিষয় চিন্তা করিলে (অক্স-এসি), ব্যথিত পার্শ্বে শয়নে ; আহারান্তে ও স্পর্শস্থান প্রক্ষালনে ; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) সাধারণতঃ সোরি, সলফ ও টিউবের পরে উপকারী। (২) ব্যারাইটা-কার্ব্বের পরে সোরিণম ব্যবহারে তালুমূল প্রদাহের প্রবণতার শারীরিক প্রকৃতি নির্ম্মূল হয়। (৩) এলম, ক্যাল্ক-আইওড, ডলকা, ফ্লোর-এসি, আইওড, সিলি, ব্যারাইটার সমগুণ (৪) গণ্ডমালাজরোগে, ক্যালকেরিয়ার পরে ব্যারাইটা বিষমগুণ ও অনুপযোগী

ব্রাইওনিয়া।

(Bryonia)

আমবাত বা গ্রন্থিবাত প্রকৃতির ব্যক্তিদিগের পক্ষে এবং পিত্ত-প্রকোপের পক্ষে ; এই ঔষধ বিশিষ্টরূপে উপযোগী

ব্রাইওনিয়া জ্ঞাপক রোগীদের কোপনতা, প্রচণ্ডতা ও ক্রোধ-প্রবণতা ; মলিনবর্ণ বা কৃষ্ণবর্ণ চুল, মলিনবর্ণ মুখাকৃতি, দৃঢ় পেশী তন্তু ; শুষ্ক, কৃশ স্নায়বিক দেহ থাকে

বেদনা।—ব্রাইওনিয়ার বেদনা সূচী-বেধন বা ছেদনবৎ হয়, রাত্রিতে উহা বৃদ্ধি পায়, নড়িলে চড়িলে, নিশ্বাসগ্রহণে, ও কাসিলে উহার

উপচয়; এবং সম্পূর্ণ সুস্থিরতায় ও ব্যথিত পার্শ্বে শয়নে উহার উপশম জন্মে (টিটিয়া, পল ;—সূচী-বেধনবৎ বেদনার উপচয় ও উপশম ব্রাইওনিয়ার বিপরীত প্রকৃতির হইলে, কালী-কা)

সমগ্র শরীরের শ্লৈষ্মিক ঝিল্লীর অতিশয় পরিশুষ্কতা, ওষ্ঠ ও জিহ্বার পরিশুষ্কতা ও বিদারণ; মলের দগ্ধবৎ শুষ্কত; শুষ্ক কঠিন; যন্ত্রণাজনক স্বল্প নিষ্ঠীবন বিশিষ্ট কাস; মলিনবর্ণ অল্প মূত্র, অতিশয় পিপাসা।

অনুকল্প রজঃ: ঋতুকালে ঋতু প্রকাশিত না হইয়া নাসিকা হইতে রক্তপাত (ফস): রক্ত নিষ্ঠীবন অথবা রক্ত কাস; টাইফয়েড জ্বরের ভোগ কালে শেষোক্ত প্রকার রক্ত স্রাব

ক্রোধ অথবা বিরক্তিজনিত অসুখ (কলো, ষ্টাফ); শীতানুভব ও শীতলতা সহ প্রচণ্ডতা; ক্রোধের পর শীতানুভব কিন্তু মস্তকের উত্তপ্ততা ও মুখমণ্ডলের আরক্ততা

শীতল সময়ের পর উষ্ণ সময়ের সমাগমে; গ্রীষ্মকালে শীতল পানীয় দ্রব্য বা বরফ সেবনে; শর্দ্দি লাগিয়া ও গ্রীষ্মকালে গরম হইয়া; অতিরিক্ত উত্তপ্ততার সময় শীতল হওয়াতে; শীতল বাতাসের প্রবাহ লাগিয়া (একন, হিপার); ঋতু, স্তন-দুগ্ধ, অথবা তদ্রূপ উদ্ভেদের বিলোপ হইয়া যে সকল রোগ জন্মে, তাহাতে ব্রাইওনিয়া ফলপ্রদ।

<u>কোন প্রকারে নড়িলে চড়িলে বৃদ্ধি, এবং শারীরিক বা মানসিক সম্যক সুস্থিরতায় হ্রাস,</u> ব্রাইওনিয়ার একটী প্রধান বিশেষ লক্ষণ

যে সকল বস্তু পাওয়া যায়না তাহা তৎক্ষণাৎ পাইতে ইচ্ছা অথবা উহা দিলে না লওয়া।

শিশুরা কোলে চড়িয়া বেড়াইতে অথবা শয্যা হইতে উঠিতে ভালবাসে না

প্রলাপ; সর্ব্বদা নিজের কার্য্যের কথা বলা; শয্যা হইতে উঠিয়া স্বগৃহে যাইবার ইচ্ছা (এক্টি, হাইওস)

বামবাহু ও বাম জঙ্ঘার অবিরত সঞ্চালন (এপোসা, হেলি)

বিবমিষা ও অবসন্নতা বশতঃ রোগীর উঠিয়া বসিতে অক্ষমতা

অনেকক্ষণ পরে পরে একবারে অধিক পরিমাণ জলপানের অতিশয় পিপাসা।

শিরঃপীড়া।—মাথা নোয়াইলে মস্তিষ্ক যেন কপালের ভিতর দিয়া ফাটিয়া বাহির হইবে এপ্রকার অনুভব; ইস্ত্রি করা বশতঃ (সিপি); কাসিলে, প্রাতে উত্থানান্তে, অথবা প্রথম চক্ষু মেলিবার সময় শিরঃপীড়া; প্রাতে উহার আরম্ভ, সন্ধ্যাপর্য্যন্ত ক্রমশঃ বৃদ্ধি; কোষ্ঠরোধ জনিত শিরোবেদনা (এলো, কলিন, ওপি)

আমাশয়-গহ্বরে প্রস্তর-জনিত চাপের ন্যায় চাপ অনুভব, উদ্গারে উহার উপশম (নক্স, পল))

কোষ্ঠ-রোধ —নিষ্ক্রিয়তা, মল-প্রবৃত্তি-পরিশূন্যতা; বৃহৎ কঠিন, মলিনবর্ণ, পরিশুষ্ক, দগ্ধবৎ মল সমুদ্র-যাত্রায় কোষ্ঠ-রোধ (প্লাট)

অতিসার —গ্রীষ্মকালের আবেশ সময়ে উপস্থিত পৈত্তিক, বিদাহী, মলদ্বারের স্পর্শ-দ্বেষ জনক; মলিন জলবৎ; অজীর্ণ ভুক্তদ্রব্য বিশিষ্ট; অতিরিক্ত উত্তপ্ত অবস্থায় শীতল পেয়দ্রব্য পান বশতঃ ও ফল আহার জন্য অতিসার; প্রাতে ও নড়িলে চড়িলে, এমন কি হাত-পা নাড়িলেও উহার বৃদ্ধি স্তনের গুরুত্ব, প্রস্তরের ন্যায় কঠিনতা; পাণ্ডুরতা কিন্তু কাঠিন্য; উত্তপ্ততা ও ব্যথিততা; স্তনদ্বয় অবলম্বন দ্বারা তুলিয়া রাখিতে হয় (ফাইটো)।

কাস —শুষ্ক, আক্ষেপিক, গল-রোধ ও বমন সংযুক্ত (কালী-কা); বক্ষঃস্থলের পার্শ্বে সূচী-বেধনবৎ যাতনাবিশিষ্ট; মস্তক যেন খণ্ড খণ্ড হইয়া উড়িয়া যাইবে এরূপ শিরঃপীড়াসহ; আহারান্তে, পানান্তে, উষ্ণগৃহে প্রবেশে, ও গভীর নিশ্বাস গ্রহণে, বিবর্দ্ধিত; কাস

উপচয়।—সঞ্চালনে, শারীরিক শ্রমে ও স্পর্শে বৃদ্ধি; উঠিয়া বসিতে পারা যায়না, শ্রান্তি বা বিবমিষা অথবা উভয়ই জন্মে উষ্ণতা, উষ্ণ খাদ্যদ্রব্য ও কোনও প্রকার স্রাবের বিলোপে; উপচয়।

উপশম।—শয়নে, বিশেষতঃ ব্যথিত পার্শ্বে শয়নে (টিলিয়া, পলস); চাপ প্রদানে; বিশ্রামে; শীতলতায় ও শীতলদ্রব্য আহারে; উপশম

সম্বন্ধ।—(১) এলুমিনা ও রসটক্সের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) ব্যস্ত সমস্ত হইয়া কথা বলা ও জল পান করা লক্ষণে, বেলেডোনার সহিত সমগুণ সম্বন্ধ। (৩) বক্ষঃস্থলের আমবাতিক বা প্লুরিটিক বেদনায় রাণনকিউলাসের সহিত এবং যকৃদ্দেশে বেদনা ও গৌরব; দক্ষিণ পার্শ্বে শয়নে হ্রাস ও বামপার্শ্বে শয়নে অতিশয় বৃদ্ধি; বামদিকে ফিরিলে একপ্রকার ভারাকর্ষণ অনুভব, এই সকল লক্ষণে টিলিয়ার সহিত সমগুণ সম্বন্ধ। (৪) ব্রাইওনিয়ার পরে, এলম, কালী-কা, নক্স, ফস, রসটক্স, সলফ, ভাল খাটে

ব্রোমিয়ম।

(Bromium)

পাতলা-নীলবর্ণ চক্ষু, ঈষৎ পিঙ্গলবর্ণ চুল, পাতলা ভ্রূ, সুন্দর সুকুমার ত্বকবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে এবং সুন্দর আরক্তগণ্ড, গণ্ডমালাগ্রস্ত বালিকাদিগের পক্ষে; এই ঔষধের অত্যুৎকৃষ্ট ক্রিয়া দর্শে। অন্যান্য প্রকার আকৃতির রোগীদিগের পক্ষেও ইহার ক্রিয়া যে না দর্শে এমন নহে

মুখমণ্ডলে লূতা-তন্তু (cobweb) থাকার ন্যায় অনুভব (ব্যারা, বোরা, গ্রাফ)।

নাসা-পক্ষের তাল-বৃন্তবৎ সঞ্চালন (এণ্ট-টা, লাই)।

সমুদ্র-কূলে জাহাজের নাবিকদিগের শ্বাস-কাস

গ্রন্থির, বিশেষতঃ নিম্ন-হনু ও গল-গ্রন্থির অর্থাৎ ফলক গ্রন্থি (thyroid), হনু নিম্ন গ্রন্থি (sub maxillary), কর্ণ-মূল (parotids) ও অণ্ডের (testes) গণ্ডমালা বা গুটিকা-ধাতু-দোষ জনিত প্রস্তরবৎ দৃঢ় স্ফীততা।

ডিফথিরিয়া —ফ্যারিংস বা গল-কোষে কৃত্রিম ঝিল্লীর উৎপত্তি; বায়ু-নলী, কণ্ঠ-নলী অথবা স্বরযন্ত্রে উহার আরম্ভ ও উপরের দিকে প্রসারণ; বক্ষঃস্থলের বেদনার ঊর্দ্ধদিকে গতি।

কৃত্রিম-ঝিল্লীবিশিষ্ট ও ডিফথিরিয়া জনিত ক্রুপ। কাসিবার সময় শ্লেষ্মার অতিশয় ঘড় ঘড় শব্দ, কিন্তু হিপারসলফারের লক্ষণের ন্যায় গল-রোধ নহে; কাসের শব্দ তরল শুনায় বটে, কিন্তু নিষ্ঠীবন উঠে না।

হুপ-শব্দ কাসের সময় স্বরভঙ্গসহ ক্রুপের লক্ষণ; শ্বাস ত্যাগের জন্য "খাবি খাওয়া" (gasping for breath)।

শ্বাস-কৃচ্ছ্র —গভীর নিশ্বাস গ্রহণ করিতে পারা যায়না; যেন স্পঞ্জের ভিতর দিয়া শ্বাস-ক্রিয়া চলিতেছে অথবা বায়ু-পথ যেন ধূমায় বা গন্ধকের বাষ্পে পূর্ণ রহিয়াছে এপ্রকার অনুভব; ঘড় ঘড় শব্দ, করাত-টানার ন্যায় শব্দ (স্বর শুনা যায়না); স্বর-যন্ত্রে শ্লেষ্মাবিস্থান বশতঃ শ্বাস-রোধের আশঙ্কা; (বায়ুনলী ভুজে শ্লেষ্ম অল্প, এণ্ট-টার্ট)

ব্যায়াম ক্রীড়াবশতঃ বালকদিগের হৃৎপিণ্ডের বিবৃদ্ধি। (অঙ্গচালনা বশতঃ বালিকাদিগের হৃৎপিণ্ডের বিবৃদ্ধি, কষ্ট)

জরায়ুর বাতাধান; অপত্য-পথ হইতে উচ্চৈঃস্বরে বায়ু-নিঃসরণ (লাই); ঝিল্লীবিশিষ্ট রজঃকৃচ্ছ্র (ল্যাক-ক্যান)।

নিশ্বাস গ্রহণে স্বরযন্ত্রে শীতলতা অনুভব (রসটক্স, সলফ) ক্ষৌর ক্রিয়ার পর উহার উপশম (ক্ষৌর-ক্রিয়ার পর বৃদ্ধি, কার্ব্বো-এন)।

সম্বন্ধ।—(১) ক্রুপ ও ক্রুপজনিত রোগে, ক্লোর, হিপার, আইওড ও স্পঞ্জিয়ার সহিত ব্রোমিয়মের তুলনা হয়। (২) আইওড বিফলান্তে এতদ্বারা কঠিন গলগণ্ড আরোগ্য প্রাপ্ত হইয়াছে। (৩) ক্রুপরোগে, আইওড, ফস, হিপার, স্পঞ্জ বিফল হইবার পর; বিশেষতঃ আইওডের পরে পুনরাক্রমণে, ব্রোম দ্বারা আরোগ্য লাভ হইয়াছে। (৪) "ব্রোম ও আইওডে প্রধান প্রভেদ এই যে ব্রোমে নীল-নয়ন এবং আইওডে কৃষ্ণ নয়নবিশিষ্ট রোগীদিগের আরোগ্য জন্মে।" হেরিং।

ভিরেট্রংম এলবংম।

(Veratrum Album)

বালক-বালিকা ও বৃদ্ধদিগের পক্ষে ; জীবনের অন্ত্যসীমায় ; যাহারা স্বভাবতঃ শীতল ও জীবনীশক্তির প্রতিক্রিয়ার অসদ্ভাব বিশিষ্ট ; তাহাদের পক্ষে এবং স্নায়বীয় ও রক্ত-প্রধান ধাতুর যুবক-যুবতীদিগের পক্ষে ; এই ঔষধ সমধিক উপযোগী

জীবনী-শক্তির শীঘ্র শীঘ্র পতন ; সম্পূর্ণ অবসন্নতা ও হিমাঙ্গ বিশিষ্ট রোগ।

প্রায় সকল রোগের সহিতই কপালে শীতল ঘর্ম্ম (সর্ব্ব শরীরে শীতল ঘর্ম্ম, ট্যাবে)।

একাকী থাকিতে পারা যায় না ; অথচ কাহারও সহিত কথা বলিতে একেবারেই প্রবৃত্তি হয় না

রোগিনী আপনাকে গর্ভবতী অথবা আসন্ন প্রসবা মনে করে।

প্রত্যেক বস্তু, বিশেষতঃ কাপড় কাটিবার ও ছিঁড়িবার ইচ্ছা সহকারে উন্মাদ (টারাণ) ; লাম্পট্যসূচক অশ্লীল কথা সহ প্রেমোন্মাদ অথবা ধর্ম্মোন্মাদ (হাইয়স, ষ্ট্রাম)

অত্যল্প মাত্র শ্রমে মূর্চ্ছার আক্রমণ (কার্ব্বো-ভে, সলফ) ; অত্যধিক দুর্ব্বলতা।

রক্তস্রাব কালে নিমগ্নতা (sinking) অনুভব (মূর্চ্ছা, ট্রিল)।

শীতানুভব সহ মস্তকের মধ্যস্থলে একখণ্ড বরফ স্থাপিতবৎ অনুভব (সিপি, ভেলে) ; করোটিতে যুগপৎ শীতোত্তাপ অনুভব ; মস্তিষ্ক যেন ছিন্ন ভিন্ন হইতেছে এরূপ অনুভব।

মুখমণ্ডল। পাণ্ডুর নীলবর্ণ শীতল মুখমণ্ডল ; নিমগ্ন (hippo-cratic) মুখাকৃতি ; শয়িত অবস্থায় মুখমণ্ডলের আরক্ততা, উঠিলে পাণ্ডুরতা (একন)

পিপাসা —অধিক পরিমাণে শীতল জল ও অম্ল পানীয় দ্রব্য পান করিবার দারুণ ও দুর্নিবার পিপাসা ; সকল বস্তুই শীতল অবস্থায় খাইবার ইচ্ছা

অম্ল দ্রব্য অথবা সরস স্নিগ্ধ দ্রব্য আহারের স্পৃহা (ফস-এসি)।

মুখমণ্ডল, নাসাও, পদ, অণ্ড, বাহু ও অন্যান্য অনেকগুলি শরীরাংশের বরফবৎ শীতলতা

উদরে শীতলতা অনুভব (কলচি, ট্যাব)।

প্রভূত অতিসার সহকারে প্রবল বমন।

বমন —বিবমিষ ও অতিশয় অবসন্নতা সহ অত্যধিক বমন; জলপানে উহার বৃদ্ধি (আর্স); অত্যল্প মাত্র নড়িলে চড়িলেও বৃদ্ধি (ট্যাবে); বমনান্তে অতিশয় দুর্ব্বলতা

উদরে ছুরিকা দ্বারা কর্ত্তনের ন্যায় যাতনা।

ওলাউঠা।—বমন-বিরেচন, প্রভূত, জলবৎ বেগে বিনির্গত অবসন্নতাজনক ভেদ বিশিষ্ট ওলাউঠা; ভয় প্রাপ্তির পর ওলাউঠা (একন)।

অতিসার —হরিতের আভাবিশিষ্ট (greenish), জলবৎ প্রবলবেগে-বিনির্গত, বারবার নিঃসৃত; ছিবড়ে ছিবড়ে পদার্থ বিমিশ্রিত অতিসার; হাত পায় খল্লীর আরম্ভ হইয়া সর্ব্বশরীরে উহার প্রসারণ সহকারে কর্ত্তনবৎ উদর-বেদনা; ভয়প্রাপ্তির পর অবসন্নতাজনক অতিসার; অত্যল্প মাত্র নাড়লে চড়িলে উহার বৃদ্ধি; বমনসহ অতিসার, ভেদ-কালে কপালে শীতল ঘর্ম্ম ও তৎপরে অবসন্নতা (আর্স, ট্যাবে)

কোষ্ঠবদ্ধতা —মল প্রবৃত্তি পরিশূন্যতা; বৃহৎ, শক্ত মল (ব্রাই, সলফ); গোলাকার কালকাল গোলার মত মল (চেলি, ওপি, প্লম); সরলান্ত্রের নিষ্ক্রিয়তা জনিত কোষ্ঠ-রোধ; উদরোর্দ্ধ দেশে বার বার মল-প্রবৃত্তি অনুভব (ইগ্নে, সরলান্ত্রে প্রবৃত্তি অনুভব, নক্স); শিশু ও বালকদিগের মলকৃচ্ছ্র, শাই ও নক্সের পরে।

মূত্রকৃচ্ছ্র।—বমন ও বিরেচন, অথবা শীতল ঘর্ম সংযুক্ত অবসাদ-জনক অতিসার (এম-কা, বোভি) সহকারে মূত্র-কৃচ্ছ্র, এত দুর্ব্বলতা যে প্রতি ঋতু-কালে দুই দিন পর্য্যন্ত প্রায় দাঁড়াইতে পারা যায় না (এলম, কার্ব্বো-এন, কক)।

অহিফেন-সেবন বা তাম্রকূট-চর্ব্বণের মন্দ ফল

বর্ষাকালে অঙ্গ-প্রত্যঙ্গে বেদনা, শয্যার উষ্ণতায় উহার আতিশয্য, ক্রমাগত হাঁটিলে হ্রাস।

রক্তসঞ্চয় বিশিষ্ট বা দূষিত সবিরামজ্বর, শরীরের অতিশয় শীতলতা, পিপাসা, মুখমণ্ডলের শীতলতা ও পতনাবস্থা; ত্বক্ শীতল ও আঠা আঠা, অতিশয় অবসন্নতা; কপালে শীতল ঘর্ম্ম ও মুখমণ্ডলের মৃত্যুবৎ পাণ্ডুরতা।

উপচয়।- যৎসামান্য সঞ্চালনে, পানান্তে; ঋতুর পূর্ব্বে ও ঋতুকালে, মল-ত্যাগকালে; ঘর্ম্ম নিঃসরণ সময়ে, ও ভয় প্রাপ্তির পর; বৃদ্ধি

সম্বন্ধ।—(১) আর্স, আর্ণ, সিঙ্ক, কুপ, ইপির পরে; (২) ওলাউঠায় ক্যাম্ফরের পরে; (৩) বমন ও বিরেচন সহবর্ত্তী রজঃকৃচ্ছ্র, এম-কা, কার্ব্বো-ভেজি ও বোভের পরে, ভিরেট্রম ভাল খাটে (৪) অপরিমিত মদিরা-পান ও তাম্রকূট সেবনের মন্দফল অনেক সময় এই ঔষধে দূরীকৃত হয়।

ভিরেট্রম ভিরিডি।

(Veratrum Viride)

পূর্ণ-রক্ত, রক্তপ্রধান ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

রক্ত-সঞ্চয়, বিশেষতঃ মস্তিষ্কের ভূমিদেশে (base of brain), বক্ষঃস্থলে, পৃষ্ঠবংশে ও আমাশয়ে রক্ত-সঞ্চয়।

প্রদাহ সংসৃষ্ট প্রবল বেদনা।

তরুণ আমবাত, উগ্রজ্বর, পূর্ণ-দৃঢ়-দ্রুত নাড়ী, সন্ধিতে ও পেশীতে তীব্র বেদনা (ব্রাই, স্যালি-এসি); অল্প ও লোহিত মূত্র

শিশুর কম্পন ও উৎক্ষেপণ, টঙ্কারের সম্ভাবনা; অবিরত মস্তকের উৎক্ষেপণ বা সঞ্চালন স্নায়বীয় বা সবমন শিরঃপীড়া; ঋতু-বিলুপ্তি বশতঃ রক্ত-সঞ্চয়; প্রবল বিবমিষা ও বমন সহকারে প্রায় সন্ন্যাস সদৃশ দারুণ শিরঃপীড়া।

রক্ত-সঞ্চয় জনিত সন্ন্যাস, উত্তপ্ত মস্তক, রক্তবর্ণ চক্ষু, স্থূলবাক্য, ধীর, পূর্ণ, লোহার ন্যায় শক্ত নাড়ী।

টঙ্কার।—অপরিচ্ছন্ন দৃষ্টি; মস্তকের ভূমিদেশের ঝিল্লীর প্রদাহ; পশ্চাৎদিকে আকৃষ্ট মস্তক, শিশুর আক্ষেপের উপক্রম।

আক্ষেপ, প্রসারিত কনীনিকা, মলদ্বারের আক্ষেপ, পশ্চাৎ উদ্গার; শীতল আঠা আঠা ঘর্ম্ম সহকারে মস্তিষ্ক-পৃষ্ঠ-বংশীয় (cerebro-spinal) রোগ

সূর্য্যাঘাত (Sun stroke), মস্তকের পূর্ণতা, ধমনীর দপ্ দপ্ শব্দ অতিরিক্ত অনুভূতি; যুগল বা আংশিক দৃষ্টি (জেল, গ্লন)

জিহ্বা। মধ্যস্থলের নিম্নে লোহিত রেখাসহ শ্বেত বা পীতবর্ণ জিহ্বা; শুষ্ক, আর্দ্র, শ্বেত বা পীতবর্ণ লেপ, অথবা উভয় পার্শ্বেই লেপাভাব; জিহ্বা ঝলসিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (ভাজ)।

নাড়ী —সহসা বেগের বৃদ্ধি এবং ক্রমে ক্রমে স্বাভাবিক অপেক্ষা হ্রাস প্রাপ্ত নাড়ী; মন্দ, কোমল, দুর্ব্বল; অনিয়মিত সবিরাম (ডিজি); নাড়ী।

কেবল নাড়ীর বেগের হ্রাস অথবা "হৃৎপিণ্ডের ক্রিয়ার লাঘব" জন্মাইবার জন্য ভিরেট্রম ভিরিডি ব্যবস্থেয় নহে। অন্যান্য ঔষধের ন্যায় "লক্ষণ সমষ্টির" সাদৃশ্য অনুসারেই এই ঔষধও ব্যবহৃত হওয়া বিধেয়।

ভেরিওলাইনম।

(Variolinum)

বসন্তের পূয হইতে এই ঔষধ প্রস্তুত হয়। ইহা আংশিক পরীক্ষিত হইয়াছে।

ডিপথিরিয়ার সহিত এন্টিটক্সিনের যে সম্বন্ধ বসন্তের সহিত ভেরিওলাইনমেরও সেই সম্বন্ধ।

সংশ্লিষ্ট, বিশ্লিষ্ট ও দূষিত বসন্ত, উপবসন্ত ও জল-বসন্ত সকল প্রকার বসন্তেই এই ঔষধের আরোগ্যকারিণীশক্তি বিচক্ষণ চিকিৎসকগণ কর্ত্তৃক প্রতিপন্ন হইয়াছে।

ষষ্ঠশততম ক্রম হইতে লক্ষ (c.m) ক্রম পর্য্যন্ত সকল ক্রমেই এই ঔষধে উপকার দর্শে।

বসন্তের প্রতিষেধক স্বরূপ ভেরিওলাইনম ভ্যাক্সিনেশন অপেক্ষা অনেক শ্রেষ্ঠ। দূষিত বীজের দোষে টীকার পরে যে সকল উপসর্গ উপস্থিত হয় ইহাতে সে সকল পরিণামফল উৎপন্ন হয় না। হোমিওপ্যাথিক ঔষধের শক্তির কার্য্যকা-

রিতা অড়বাদী বুঝিতে চাহিবেন না, কিন্তু বসন্ত প্রভৃতি রোগের সংক্রামক প্রকৃতি বুঝিলে, শক্তিকৃত ঔষধের ক্রিয়া বুঝা কি উহা হইতে আরও কঠিন? যাঁহারা এই ঔষধ ব্যবহার করেন নাই তাঁহাদের কথা যাঁহারা হোমিওপ্যাথির "সমমতের" সত্যাসত্য পরীক্ষা না করিয়াছেন তাঁহাদের মতই অবিশ্বাস্য, ইচ্ছা হয় এই ঔষধের ফলাফল পরীক্ষা কর এবং জগৎবাসীর সম্মুখে পার যদি ইহার বিফলতা ঘোষণ কর

ভেলেরিয়ানা।

(Valeriana)

স্নায়বীয়, কোপন-স্বভাব, হিষ্টিরিয়াগ্রস্ত (ইগ্নে, পলস), বুদ্ধিবৃত্তির প্রাধান্য-বিশিষ্ট, অঙ্গপ্রত্যঙ্গের হিষ্টিরিয়াজনিত স্নায়ু-শূলসংযুক্ত; এবং পরিবর্ত্তনশীল প্রকৃতি সমন্বিত ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

শরীরের লোহিতাংশের শুভ্রতা প্রাপ্তি (ফির)।

বায়ুতে যেন ভাসিতেছে রোগীর এরূপ লঘুতা অনুভব (এসার, ল্যাক-ক্যান।—যেন জলে ভাসিতেছে, টিক)।

সমুদয় ইন্দ্রিয়ের অতিরিক্ত অনুভূতি (ক্যান, কফি, নক্স)।

মস্তকে শীতলতা অনুভব (মূর্দ্ধাদেশে, সিপি, ভিরে); গল-গহ্বরের নীচে যেন একগাছি সূতা ঝুলিতেছে এরূপ অনুভব (জিহ্বায়, ন্যাট, সিলি)।

শিশুর বড় বড় খণ্ড খণ্ড সংযত দুগ্ধ বমন; মলেও সেইরূপ সংযত দুগ্ধ (ইথু), মাতার ক্রোধাবেশের পর স্তন পান করিবামাত্র তখনই বমন।

সায়েটিকাঃ—দাঁড়াইলে; ঘরের মেজের উপর পা স্থির রাখিলে (বেল); অঙ্গ-প্রসারণ করিলে ও পূর্ব্ববর্ত্তী পরিশ্রম হইতে বিশ্রাম করিলে, বেদনার বৃদ্ধি, হাঁটিলে হ্রাস।

সম্বন্ধ।—(১) এসাফ, এসার, ক্রোক, ইগ্নে, ল্যাক-ক্যান, নিপজি, সলফের সহিত সমগুণ সম্বন্ধ। (২) পাদ-মূলের বেদনায় এগার, কষ্ট, সাইক্লে, লিড, ম্যাঙ্গ ও ফাইটোর সহিত এই ঔষধের তুলনা হয়।

মারকিউরিয়ুস।

(Mercurius),

পাতলা চুল বিশিষ্ট এবং শিথিলপেশী ও চর্ম্মবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে সর্ব্বাপেক্ষা অধিক কার্য্যকারিতা।

রাত্রিতে ও শয্যার উত্তাপে রোগের বৃদ্ধি মারকিউরিয়াসের প্রধান প্রয়োগ-লক্ষণ।

অস্থি রোগ, রাত্রিতে বেদনার আতিশয্য; পূয সংযুক্ত বা পূয পরিশূন্য, বিশেষতঃ পূযের অতিপ্রাচুর্য্য বিশিষ্ট (হিপ, সিলি) গ্রন্থির স্ফীততা।

শীতল স্ফীততা; ব্রণে ধীরে ধীরে পূযোৎপত্তি

প্রায় সকল রোগের সহিতই প্রভূত ঘর্ম্মের বিদ্যমানতা, কিন্তু ঘর্ম্মস্রাবে উপশম জন্মে না, এমন কি যাতনার বৃদ্ধিও হইতে পারে (অধিকঘর্ম্মে উপশম প্রাপ্তি, হ্যাট, সোরি, ভিরে)

সামান্য পরিশ্রমেই অত্যন্ত দুর্ব্বলতা ও কম্পন

শ্বাস ও শরীরের দুর্গন্ধ (সোরি)।

ব্যস্ত-সমস্ত ভাবে শীঘ্র শীঘ্র কথা বলা (হিপ)

অত্যন্ত হাঁচি ও প্রভূত বিদাহী স্রাব সহকারে নাসামধ্যে অবদরণ ও ক্ষত; পীতাভ হরিৎ বর্ণের দুর্গন্ধ পূযের মত স্রাব; নাসাস্থির স্ফীততা; আর্দ্রঋতু ও রাত্রিকালে বৃদ্ধি; সহকারে নাসিকার প্রতিশ্যায়

দপদপকর, ছেদনকর, বিদীর্ণকর, মুখমণ্ডল ও কর্ণে সম্প্রসারিত তীব্র বেদনা; আর্দ্রঋতু অথবা সান্ধ্য বায়ুতে, শয্যার উত্তাপে, শীতল উষ্ণ দ্রব্যে বিবর্দ্ধিত; গণ্ডঘর্ষণে উপশমিত দন্ত-বেদনা।

দন্তের শিখরের ক্ষয়প্রাপ্তি, কিন্তু দন্ত-মূলের বর্ত্তমানতা, দন্ত-মূলের ক্ষয়প্রাপ্তি, শিখরের বিদ্যমানতা, মেজ)

রক্তামাশয় —শেওলা শেওলা রক্তাক্ত মল, তৎসহ উদর-বেদনা ও মূর্চ্ছা, মলত্যাগ কালে ও মলত্যাগের পরে, অতিশয় কুন্থন, তৎপরে শীত, এবং "মলত্যাগ-ক্রিয়া শেষ হইল না এ প্রকার অনুভব; যতই অধিক রক্ত ও অধিক বেদনা থাকে ততই এই ঔষধ ভাল খাটে।

লালাস্রাব প্রভূত, দুর্গন্ধ তাঁবাটে ধাতব আস্বাদ লালা, সাবান সদৃশ, ও রজ্জুবৎ লালা

বৃহৎ লোলিত, দন্তাঙ্ক সম্বলিত (চেলি, পড, হ্যাস) ; ক্ষতসংযুক্ত ; ব্যথিত ; লোহিত বা শুভ্র জিহ্বা।

দারুণ পিপাসা, কিন্তু জিহ্বা আর্দ্র দুষ্ট হয় ও প্রভূত লালাস্রাব হয় (মুখ-শোষ কিন্তু পিপাসা পরিশূন্যতা, পল)।

প্রভূত দুর্গন্ধ লাল সহকারে ওলাবিবি (mumps) ; ঝিল্লীক প্রদাহ (diphtheria), ও তালুমূল প্রদাহ (tonsillitis) ; বৃহৎ, লোলিত দন্তাঙ্ক সম্বলিত জিহ্ব ; মানচিত্রের ন্যায় অঙ্কিত জিহ্ব (ল্যাক, ট্যাট, ট্যারাক্স)

ডিফথিরিয়া।—প্রদাহিত তালুমূল, বিবর্দ্ধিত ও স্ফীত উপজিহ্ব, অবিরত গলাধঃকরণের প্রবৃত্তি ; স্থূল, ধূসরবর্ণের দড়ির মত সংলগ্ন ব বিযুক্ত প্রান্তবিশিষ্ট কৃত্রিম ঝিল্লী, সহকারে ডিফ্থিরিয়া

যে পরিমাণ জলপান করা যায় তদপেক্ষা অধিক মূত্রস্রাব ; বারবার মূত্র-প্রবৃত্তি।

স্বপ্নে রক্তাঙ্কিত শুক্রস্রাব (লেড় ; সার্স)।

শ্বেতপ্রদর।—বিদাহী, জ্বালাকর, কণ্ডূয়ন ও অবদরণবিশিষ্ট প্রদর ; সর্ব্বদা রাত্রিতে উহার আধিক্য ; ভগ-কণ্ডূয়ন, মূত্র সংস্পর্শে উহার বৃদ্ধি, ধুইয়া ফেলার আবশ্যকতা (সল)।

গর্ভাবস্থায় প্রাতঃকালীন বিবমিষা (মর্ণিংসিক্‌নেস্), নিদ্রাকালে অতিশয় লালাস্রাব হইয়া বালিশ ভিজিয়া যায় (ল্যাক্ট-এসি)।

প্রতি ঋতু-কালে স্তনে বেদনা, বোধ হয় যেন উহাতে ক্ষত হইবে (কোনা, ল্যাক-ক্যান), রজের পরিবর্ত্তে স্তনে দুগ্ধোৎপত্তি।

কাস।—শুষ্ক, শ্রান্তিকর, যন্ত্রণাজনক ; দুই আবেশে উপস্থিত ; রাত্রিতে ও শয্যার উত্তাপে বিবর্দ্ধিত, দক্ষিণপার্শ্বে শয়নে সম্পূর্ণ অসমর্থতা বিশিষ্ট কাস

দক্ষিণ ফুসফুসের নিম্নখণ্ডের আক্রান্ততা ; পৃষ্ঠের অভ্যন্তর দিয়া সূচীবেধবৎ যাতনা (চেলি, কালী-কা)।

ফুসফুস-প্রদাহের রক্তস্রাবের পর ফুসফুসে পূযোৎপত্তি (কালী-কা)।

"মাড়ীতে, জিহ্বায়, গলার মধ্যে, গালের অভ্যন্তর ভাগে, লালাস্রাব সহকারে

পচের প্রকাশ · ক্ষতগুলির অসম আকৃতি ; অনির্দিষ্ট প্রান্ত ; মলিন, অসুস্থ দৃশ্য ; মলিনবর্ণ মণ্ডল-পরিবেষ্টিত, শূকরের বসাসদৃশ ভূমিদেশ, ক্ষতগুলির একত্র মিলিত হইবার প্রবণতা, উপদংশের ক্ষত গোলাকার হয়, মুখমধ্য ও গল-মধ্যের পশ্চাৎভাগ আক্রমণ করে ; উহার নির্দ্ধারিত প্রান্ত থাকে ; চারিদিক তাম্রবর্ণ দ্বারা পরিবেষ্টিত হয়, এবং আদি স্থান হইতে প্রসারিত হয় না"--জনহাম।

শরীর-শাখার বিশেষতঃ হস্তদ্বয়ের কম্পন ; বেপথু (প্যারালিসিস-এজিটান্স)

উপচয়।--রাত্রিতে ; ভিজা সেঁতসেঁতে, শীতল বায়ুতে, বিশেষতঃ সন্ধ্যা-কালে ; শরৎকালে, উষ্ণ দিন ও শীতল সেঁতসেঁতে রাত্রিতে অনাবৃত হইলে, খোলা গায় শীতল বায়ু লাগিলে (ব্যারা, হিপ), দক্ষিণপার্শ্বে শয়নে ; ঘর্ম্ম-নিঃসরণে ; ও শয্যার উত্তাপে বৃদ্ধি

উপশম।—অনাবৃত বায়ুতে ; কার্য্যের সময় সবল সঞ্চালনে ; শয্যায় বিশ্রামে ; উপশম

আর্সেনিক ও মারকিউরি উভয় ঔষধেই শয্যায় শয়ন-কালে উপচয় ও উপশম জন্যে শয্যার উত্তাপে মারকিউরির লক্ষণ বিবর্দ্ধিত কিন্তু শয্যায় বিশ্রামে উহা উপশমিত হয় আর্সেনিকের লক্ষণ শয্যায় বিশ্রামে বিবর্দ্ধিত কিন্তু শয্যার উত্তাপে উপশমিত হয়।

সম্বন্ধ।—(১) বেল, হিপ, ল্যাক ও সলফের পরে মার্ক ভাল খাটে, কিন্তু সিলিসিয়ার পূর্ব্বে বা পরে এই ঔষধ ব্যবহৃত হওয়া উচিত নহে (২) নিম্নক্রমে মার্ক ব্যবস্থা করিলে পূযোৎপত্তি নিবারিত না হইয়া সত্বর উৎপন্ন হয়। (৩) মার্কের মন্দ ফল অরু, হিপ, ল্যাক, নাই-এসি, সলফ এবং লবণের সহিত সৌসাদৃশ্য থাকিলে উচ্চ শক্তির মার্ক ব্যবহারে বিদূরিত হয়। (৪) মেজেরিয়ম মার্কের উদ্ভিজ্জ সমগুণ ; অধিক মাত্রায় ও অতিরিক্ত পুনঃ পুনঃ মার্ক সেবনের মন্দফলে ইহার ব্যবহার হইতে পারে। (৫) চিনি ভক্ষণ, কীটাদির হুলবেধ, আর্সেনিক বা তাম্রের ধূম্রগ্রহণের মন্দফলে যে সকল রোগ এবং শীতকালের রোগে মার্ক উপযোগী।

মারকিউরিয়ংস করোসাইভংস।

(Mercurius Corrosivus)

পুরুষের উপদংশজ রোগ; খাইয়া যায় এরূপ বিদাহী পুয-বিশিষ্ট ক্ষত; ব্রাইট্‌স ডিজিজ।

অন্ত্র-প্রণালীর রক্তাতিসার ও শ্লৈষ্মিক অতিসার, মে হইতে নবেম্বর মাস পর্য্যন্ত উহার উপস্থিতি।

কুন্থন।—সরলান্ত্রের কুন্থন, মল-ত্যাগে উহার অনিবৃত্তি (মলত্যাগে নিবৃত্তি, নক্স), অবিরত ও ক্রমাগত কুন্থন, স্বল্প, রক্তাক্ত, শেওলা শেওলা, দুর্গন্ধ, তপ্ত মল; শৈষ্মিক ঝিল্লীর খণ্ডপাত এবং ভয়ঙ্কর কর্ত্তনবৎ উদর-বেদনা

মুত্রাশয়ের কুন্থন, তৎসহ মূত্রমার্গে তীব্র জ্বালা; তপ্ত, জ্বালাকর স্বল্প বা বিলুপ্ত মূত্র; অতিশয় যাতনা সহকারে বিন্দু বিন্দু মূত্র-পাত; রক্তাক্ত কপিশ, ইষ্টক চূর্ণের ন্যায় অধঃপতিত পদার্থ; সাওলাল মূত্র

প্রমেহ, দ্বিতীয় অবস্থা, ঈষৎ হরিদ্বর্ণ (greenish) স্রাব, রাত্রিতে বৃদ্ধি, অতিশয় জ্বালা ও কুন্থন

মারকিউরিয়ংস ডংলসিস।

(Mercurius Dulcis)

শ্লৈষ্মিক ঝিল্লীর বিশেষতঃ চক্ষু ও কর্ণের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রাতিশ্যায় জনিত পীড়া

মধ্য-কর্ণের প্রাতিশ্যায় জনিত প্রদাহ (ক্যালী-মিউ)।

ইউষ্টেকিয়ান টিউবের অবরুদ্ধতা; সোরাদোষগ্রস্ত বালক-বালিকাদিগের প্রতিশ্যায় জনিত বধিরতা ও কর্ণস্রাব (ক্যালী-মিউ)।

কুচিকিৎসিত ষ্ট্রীকচারের পর প্রেষ্টেট-গ্রন্থির তরুণ পীড়া।

নাসা-রন্ধ্র, গল-মধ্য ও গলকোষের পারদ মিশ্রিত ধাতব পদার্থ জনিত প্রাতিশ্যায়িক পীড়া ও বধিরতা

বালক-বালিকাদিগের অতিসার; ঘাসের ন্যায় সবুজবর্ণ ও খণ্ডিত অণ্ডের ন্যায় মল; প্রভূত মল; মল লাগিয়া মল-দ্বারে ক্ষতের উৎপত্তি

মারকিউরিয়ংস প্রটো-আইওডাইড।

(Mercurius Proto-Iodide)

ডিপথিরিয়া জনিত রোগে এবং গল-রোগে গ্রীবা-গ্রন্থি ও কর্ণমূল-গ্রন্থির অত্যন্ত স্ফীততা; দক্ষিণ পার্শ্বে কৃত্রিম ঝিল্লীর আরম্ভ বা আতিশয্য; উষ্ণ পানীয় দ্রব্য পানে ও খালি ঢোক গিলিলে বৃদ্ধি (ল্যাক)।

জিহ্বা।—জিহ্বার ভূমিদেশে গাঢ় পীতবর্ণ লেপ (কালী-বাই — স্বর্ণের ন্যায় পীতবর্ণ লেপ, ন্যাট ফস; মলিন বর্ণ অথবা হরিতাভ ধূসরবর্ণ লেপ, ন্যাট-সল); অগ্রভাগ ও প্রান্তভাগের আরক্ততা; গলার ও ঘাড়ের দক্ষিণ পার্শ্বের অধিকতম আক্রান্ততা।

কঠিন উপদংশে (হান্টেরিয়ান শ্যাঙ্কার), উপযুক্ত মাত্রায় ব্যবহার করিলে গৌণ লক্ষণ কদাচিৎ প্রকাশ পায়; বঙ্ক্ষণ-গ্রন্থির (বাঘী) অতিশয় স্ফীততা, পূযোৎপত্তি হইবার অপ্রবণতা।

মারকিউরিয়ংস বিন আইওডাইড।

(Mercurius Bin Iodide)

বাম পার্শ্বের ডিপথিরিয়া জনিত ও গ্রন্থির পীড়া; গল-গহ্বরের মলিন আরক্ততা; অতরল বা তরল পদার্থ গিলিতে যাতন; যৎসামান্য কৃত্রিম ঝিল্লী, উহা সহজে বিচ্ছিন্ন হয়; বহুব্যাপক আরক্ত জ্বরের (epidemic scarlet fever) আনুষঙ্গিক রোগ, গলগহ্বরে বা তালু-মূলে ক্ষত; গ্রন্থির বিবৃদ্ধি, গল-কোষ (pharynx) অথবা নাসিকার পশ্চাৎ রন্ধ্র হইতে ঈষৎ হরিদ্বর্ণ দৃঢ় খণ্ড নিঃসরণ।

টিউবারকিউলার ফেরিঞ্জাইটিস অর্থাৎ গুটিকা জনিত গলকোষ-প্রদাহ।

মারকিউরিয়ংস সলফিউরিকংস।

(Mercurius Sulphuricus)

হৃদ্রোগ অথবা যকৃদ্রোগ হইতে উৎপন্ন বক্ষঃস্থলের শোথ; শ্বাস-কষ্ট, উঠিয়া বসিয়া থাকিতে হয়, শয়ন করিতে পারা যায় না। হাত-পায়ের স্ফীততা

জলবৎ তরল মল, উহাতে তীব্র আংশ ও স্পর্শদ্বেষের উৎপত্তি ; বক্ষঃস্থলে জ্বালা।

ডাঃ লিপি বলেন এই ঔষধের উত্তম ক্রিয়া দর্শিলে এতদ্দ্বারা প্রভুত জলবৎ অতিসারের উৎপত্তি হইয়া রোগীর অতিশয় শান্তি জন্মে ; বক্ষঃস্থলের শোথে ইহা আর্সেনিকের ন্যায় উপযোগী।

সম্বন্ধ —আর্স, সিনাব, ভিজি ও সলফের সহিত এই ঔষধের তুলনা হয়

মারকিউরিয়ংস সলিউবিলিস।

(Mercurius Solubilis)

স্রাব বিলুপ্তির পর, বিশেষতঃ সোরা-দোষ-গ্রস্ত রোগীদিগের স্নায়বীয় রোগ (এসাফ.)

বালক-বালিকাদিগের গ্রন্থিসংক্রান্ত এবং গণ্ডমালা জনিত রোগ

কর্ণস্রাব (কান-পাকা)।—রক্তাক্ত, দুর্গন্ধস্রাব তৎসহ খোঁচা মারিয়া সেলাই করার মত বেদনা ; দক্ষিণ পার্শ্বে, রাত্রিতে এবং আক্রান্ত পার্শ্বে শয়নে বৃদ্ধি।

বাহ্যকর্ণ-দ্বারে স্ফোটক (পিক-এসি)

বাহ্যকর্ণ-দ্বারে বহুপাদ (polypus) এবং ছত্রকাকার উপমাংস (মেরম, থুজা)।

বিদাহী নাসা-স্রাব, উহার পুরাতন পনিরের ন্যায় গন্ধ ; নাসারন্ধ্রের আরক্ততা, অবদরণ ও ক্ষত।

নাসিকা হইতে রক্তস্রাব —কাসিবার সময় ; রাত্রিতে নিদ্রাকালে ; নাসিকা হইতে লম্বমান বরফবিন্দুর ন্যায় মলিন সংযত-রক্ত-রজ্জু ঝুলিয়া থাকে।

প্রমেহ (gonorrhœa)।—মুদা (phymosis) বা ঈষৎ উপদংশ (chancroid), সবুজবর্ণ স্রাব, রাত্রিতে উহার বৃদ্ধি ; মূত্র-বেগ, শেষ কয়েক বিন্দু মূত্রের পতন-কালে মূত্র-মার্গের সম্মুখভাগে অসহ্য জ্বালা, লিঙ্গ-মুণ্ডের আচ্ছাদন-ত্বকের উত্তপ্ততা, স্ফীততা এবং স্পর্শ-দ্বেষ, নিস্তেজ প্রকৃতির রোগ, বাঘীর সম্ভাবনা অথবা পাকা বাঘী

উপদংশ —মুখ্য (primary) উপদংশ ; নি মিত কঠিন (হণ্টেরিয়ান), শূকরের বসার ন্যায় নিম্ন ভাগবিশিষ্ট, পনির সদৃশ তল এবং বিপর্য্যস্ত আরক্ত প্রান্ত; ও মুদা বা উল্টামুদা (paraphymosis) সংযুক্ত উপদংশ, গভীর গোলাকার ক্ষত, লিঙ্গ-মুণ্ডের বল্গা (frænum) ও আচ্ছাদন-ত্বক (prepuce) খাইয়া যাইয়া ক্ষত অভ্যন্তরে প্রবিষ্ট হয় ; উহা হইতে যাতনা সহকারে রক্ত ও ঈষৎ পীতবর্ণ দুর্গন্ধ স্রাব নিঃসৃত হয়।

উপদংশ এবং জনন ও মূত্রপথের রোগে মারকিউরিয়াস সলিউবিলিস হানিমানের ঔষধ জিহ্বা শুষ্ক থাকিলে কদাচিৎ ইহার প্রয়োগ হয়।

চর্ম্মের রোগ ; শরীরে কীট-দংশনের ন্যায় অসহ দংশন ও কণ্ডুয়ন ; সন্ধ্যাকালে ও শয্যার উত্তাপে উহার বৃদ্ধি ; চুলকাইলে ভাল লাগে

অঙ্গের দুর্ব্বলতা ও শ্রান্তি ; স্পর্শ-দ্বেষ ও স্পৃষ্টবৎ অনুভব।

মারকিউরিয়ঃস সায়েনাইড।

(Mercurius Cyanide)

গল-গহ্বরের তীব্র আরক্ততা ও গলাধঃকরণে অতিশয় আয়াস-সহকারে দূষিত ডিফ্থিরিয়া ; সমগ্র গল-গহ্বরের উপর এবং গলমধ্যের নিম্ন পর্য্যন্ত কৃত্রিমঝিল্লীর প্রসারণ ; পচা, গ্যাংগ্রীণ বিশিষ্ট ডিফথিরিয়া, তৎসহ বিগলিত ক্ষত ; কৃত্রিম ঝিল্লীবিশিষ্ট ক্রুপ।

অতিশয় দুর্ব্বলতা ; যৎপরোনাস্তি অবসন্নতা ; দুর্ব্বলতা-বশতঃ দাঁড়াইতে পারা যায় না।

যখন এই ঔষধ ব্যাপক আকারে প্রকাশিত ডিফথিরিয়ার লক্ষণের সাদৃশ্যে অমোঘ ঔষধস্বরূপ স্থিরীকৃত হয় তখন অন্যান্য অমোঘ ঔষধের ন্যায় প্রতিষেধক স্বরূপও ইহা ফলপ্রদ হইয়া থাকে।

মিউরিএটিক এসিড।

(Muriatic Acid)

কৃষ্ণকেশ, কৃষ্ণচক্ষু, মলিনবর্ণ মুখাকৃতিবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে মিউর-এসি বিশেষ উপযোগী

কোপনতা, কলহপ্রিয়তা, ক্রোধ ও বিরক্তির প্রবণতা (নক্স); অস্থিরতা ও শিরোঘূর্ণন।

দৌর্ব্বল্যকর প্রকৃতির রোগ, তৎসহ কোঁকোঁ করা; সংজ্ঞাশূন্যতা, ও বিরক্তচিত্ততা

ছত্রকের ন্যায় (fungus-like) উপমাংস ও কৃত্রিম ঝিল্লীসংযুক্ত অন্ত্র-প্রণালীর (intestinal tract) ক্ষত।

অতিশয় দুর্ব্বলতা। বসিবামাত্র চক্ষু মুদিত হইয়া আইসে; নিম্ন হনু ঝুলিয়া পড়ে; রোগী শয্যার নিম্নভাগে সরিয়া পড়ে।

মুখ-বিবর ও মল-দ্বার প্রধানতঃ আক্রান্ত হয়; জিহ্বা ও মলদ্বারের আবরণ-পেশীর পক্ষাঘাত জন্মে

মুখ-বিবরের উৎকট রোগ; গভীর ও রন্ধ্রকর ক্ষুদ্রক্ষুদ্র ক্ষত, উহার কাল অথবা মলিন ভূমি; দুর্গন্ধ শ্বাস; দারুণ অবসন্নতা; ডিফথিরিয়া, স্কালেটিনা, ক্যাঙ্কার।

মাংসের চিন্তা বা দৃশ্য সহ্য করিতে পারা যায় না (নাই-এসি)।

অর্শসম্বলিত বা অর্শ-বিবর্জ্জিত মলদ্বারের অতিশয় অনুভূতি; ঋতু-কালে মলদ্বারের স্পর্শ-দ্বেষ

অর্শ।—স্ফীত নীলবর্ণ বলি, স্পর্শে উহাতে অনুভূতি ও বেদনা; সহসা বালকদিগের অর্শোৎপত্তি; উহাতে অত্যল্পমাত্র স্পর্শও সহ্য হয় না, শয্যার চাদর লাগিলেও অস্বচ্ছন্দতা জন্মে। মূত্রত্যাগ-কালে হাড়িশ বাহির হয় (ব্যারা-কা)।

অতিসার।—মুত্রে-কালে ; ও অপান নিঃসারণ-কালে (এলো) অনিচ্ছায় মল নিঃসরণ মুত্রকালে যুগপৎ মলের নিঃসরণ না হইয়া মুত্রেত্যাগ করিতে পারা যায় না।

ধীরে ধীরে মুত্রনিঃসরণ হয় ; মুত্রাশয়ের দুর্ব্বলতা, অনেকক্ষণ অপেক্ষা করিতে হয়, এত বেগ দিতে হয় যে মল-দ্বার বাহির হইয়া পড়ে

জননাঙ্গে অত্যল্প মাত্র স্পর্শ, এমন কি বিছানার চাদরের স্পর্শ পর্যন্ত সহ্য হয়না (মিউর)

হৃৎপিণ্ডের স্পন্দন মুখমণ্ডলে অনুভূত হয়।

মাস্তিয়া, একজিম সোলারিস

টাইফয়েড ও টাইফাস জ্বর।—মোহবৎ গভীর নিদ্রা ; আত্রদবস্থায় জ্ঞান-শূন্যতা, উচ্চ কেঁ কোঁ শব্দ বা মৃদুপ্রলাপ (বিড়বিড় করিয়া বকা) ; প্রান্তভাগে লেপাচ্ছন্ন, কুঞ্চিত, শুষ্ক, চর্ম্মবৎ, পক্ষাঘাতিত জিহ্বা ; মূত্রেত্যাগকালে অনিচ্ছায় দুর্গন্ধ মল নিঃসরণ; শয্যার নিম্নভাগে সরিয়া পড়ন ; নাড়ীর তৃতীয় স্পন্দনের বিরাম ; মলিনবর্ণ তরল রক্তস্রাব ; ঈষৎ নীলবর্ণ ক্ষতে মুখ-বিবরের পূর্ণতা ; অতিশয় অবসাদ

সম্বন্ধ।—(১) ব্রাই, মার্ক, রাসের পরে ভাল খাটে। (২) অতিরিক্ত আফিম ও তামাক সেবন জনিত পেশীর দুর্ব্বলত এই ঔষধে আরোগ্য প্রাপ্ত হয়।

মিউরেক্স পার্পিউরিয়া।

(Murex Purpurea)

বিমর্ষ প্রকৃতির লোকদিগের পক্ষে এই ঔষধ উপযোগী

নিবৃত্ত-রজস্কাদিগের অসুখে ইহা ব্যবহার্য্য (ল্যাক, সিপি, সলফ) চিত্তের অতিশয় অবসাদ আমাশয়ে যেন কিছু নাই এপ্রকার শূন্যতা অনুভব (সিপি)।

জননাঙ্গের অত্যল্প সংস্পর্শে, প্রবল কামোদ্দীপনার উৎপত্তি (জননাঙ্গের অতিশয় উপদাহ বশতঃ কৃত্রিম মৈথুনে প্রবৃত্তি, অরিগেন, জিঙ্ক)।

জননেন্দ্রিয়ের প্রবল উত্তেজনা, এবং রমণ-ক্রিয়ার অত্যন্ত ইচ্ছা (সিপিয়ার বিপরীত)।

জরায়ুতে ক্ষতবৎ বেদনা ; জরায়ুর বিদ্যমানতার স্পষ্ট অনুভূতি (হেলোন, লাইলি) আভ্যন্তরিক যন্ত্রগুলি যেন বহির্ভাগে বাহির হইয়া আসিবে এরূপ আবেগ অনুভব তজ্জন্য উরুর উপর উরু রাখিয়া বসিয়া থাকিতে হয় ও চাপ দিলে উপশম পড়ে (কিন্তু সঙ্গম-প্রবৃত্তি পরিশূন্যতা, সিপি)

ঋতু —অনিয়মিত, নির্দ্ধারিত সময় অপেক্ষা সত্বর প্রকাশিত, প্রভূত, অধিক-দিন স্থায়ী , বড়বড় রক্ত খণ্ড বিশিষ্ট, ঋতু

উদর —মানসিক অবসাদ, স্রাবের আতিশয্যে প্রফুল্লতা।

সম্বন্ধ।—(১) কামোন্মাদে জিঙ্ক ও প্লাটের সহিত ; এবং কাম-প্রবৃত্তি পরিশূন্য "আবেগ" অনুভবে সিপিয়ার সহিত মিউরেক্সের তুলনা হয়

মিলিফোলিয়ম।

(Millefolium)

অতিরিক্ত শারীরিক চেষ্টা অথবা পতনজনিত রোগ।

প্রবল ব্যায়াম-কালে নহে, কিন্তু ধীরে ধীরে সঞ্চলন-সময়ে শিরোঘূর্ণন

রক্ত-স্রাব —জ্বর রহিত ও বেদনা বিবর্জ্জিত ; উজ্জ্বল লোহিত, তরল রক্তপাত (একন, ইপি, স্যাবি) ; ফুসফুস, বায়ু-নলী-ভুজ, স্বরযন্ত্র, মুখ-বিবর, নাসিকা, আমাশয়, মূত্রাশয়, মলদ্বার ও জরায়ু হইতে রক্তপাত ; আধিভৌতিক (mechanical) রক্ত-স্রাব , সত্যব্রণের (wound) রক্তস্রাব (হেমে)

প্রভূত রক্তস্রাবী সত্যব্রণ, বিশেষতঃ পতনের পর (আর্ণ, হেমে)।

ফুসফুস হইতে রক্তপাত —উপঘাতের পর ; প্রচ্ছন্ন যক্ষ্মা রোগে ; অর্শঃগ্রস্ত রোগীর ও রক্তবহানাড়ী বিদীর্ণ হইয়া ; ফুসফুস হইতে রক্তপাত।

নাসিকা, ফুসফুস ও জরায়ু হইতে ; প্রসব বা গর্ভপাতান্তে ; অতি পরিশ্রম বশতঃ ও গর্ভ-স্রাবের পর ; ক্রমে ক্রমে বেদনাশূন্য রক্তস্রাব। এই ঔষধ প্রসবান্তিক রক্তস্রাবের প্রতিষেধক।

ঋতু —নির্দ্ধারিত সময়ের পূর্ব্বে প্রকাশিত, প্রভূত ও দীর্ঘকালস্থায়ী ঋতু ; উদরে বেদনা সংযুক্ত বিলুপ্ত ঋতু

পেশীর দৌর্ব্বল্য বশতঃ বালিকাদিগের শ্বেতপ্রদর (ক্যাম)

কাস। উজ্জ্বল রক্তের উত্থিত বিশিষ্ট ; ঋতু বা অর্শস্রাব বিলোপজন্য ; বক্ষঃস্থলে গুরুত্ব ও হৃৎকম্প সম্বলিত ; উচ্চস্থান হইতে পতন বশতঃ (আর্ণ) ; প্রবল পরিশ্রমের পর ; প্রতিদিন অপরাহ্ণ ৪টার সময় (লাইকো) রক্ত সংযুক্ত কাস

সম্বন্ধ।—(১) নাসিকা ও ফুসফুস হইতে উজ্জ্বল লোহিত রক্তপাতে ইরেক্টের সহিত মিলিফোলিয়মের তুলনা হয় (২) রক্ত-স্রাবে একন ও আর্ণিকার পরে মিলিফোলিয়ম ভাল খাটে

মেজেরিয়ঃম।

(Mezerium)

পাতলা চুল, শ্লেষ্মা-প্রধান ধাতুবিশিষ্ট অস্থিরপ্রতিজ্ঞ ব্যক্তিদিগের পক্ষে মেজেরিয়ঃম বিশেষ উপযোগী

অবসাদবায়ুগ্রস্ত ও নিরাশচিত্ত ; প্রত্যেক বিষয় ও ব্যক্তির প্রতি উদাসীন ; সামান্য ও সম্পূর্ণ নির্দ্দোষ বিষয়ে রাগান্বিত ও তৎপরে শীঘ্র তন্নিমিত্ত অনুতপ্ত রোগী।

পাঁমা (eczema), অসহ্য কণ্ডূয়ন, শয্যায় থাকাকালে ও স্পর্শে উহার বৃদ্ধি ; রক্তাম্বুবৎ প্রচুর স্রাব ক্ষরণ ; গো বীজে টীকা দেওয়ার পর কণ্ডুয়নজনক উদ্ভেদ।

শিশু সতত বদন কণ্ডূয়ন করে, উহাতে মুখমণ্ডল রক্তাবৃত হইয়া পড়ে ; আর্দ্র উদ্ভেদ ; রাত্রিতে কণ্ডূয়নের বৃদ্ধি ; মুখমণ্ডলের প্রদাহিক আরক্তত।

অতি অল্পমাত্র বিরক্তির পরে প্রবল শিরঃপীড়া ; যৎসামান্য স্পর্শে উহাতে যাতনা ; সাধারণতঃ মস্তকের দক্ষিণ পার্শ্বে বেদনা

মস্তকে একপ্রকার পুরু, চর্ম্মবৎ চিপিটিকা (crusts), উহার নীচে স্থানে স্থানে গাঢ় ও শাদা পুয সঞ্চয়, কেশের সংযোজনা, কিছুকাল পরে পূযের রসানিবৎ দূষিততা প্রাপ্তি, এবং উহাতে দুর্গন্ধ ও পোকার উৎপত্তি

ক্ষয়প্রাপ্ত দন্তে দন্ত-শূল (ক্রিয়োজ) ; দন্ত দীর্ঘীভূত বোধ হয়, দাঁতে কামড় বা জিহ্বা লাগাইলে মৃদু বেদনা, রাত্রিতে বেদনার বৃদ্ধি ; মুখ খুলিয়া বায়ু আকর্ষণে উপশম দন্ত মূলের ক্ষয়প্রাপ্তি (মার্কের বিপরীত)।

স্থূল, শ্বেতাভ পীতবর্ণ চিপিটিকাবৃত ক্ষত, উহার তলে গাঢ়, পীতবর্ণ পুয সঞ্চয়। ক্ষতে বস্ত্র লাগিয়া থাকে, উহা টানিয়া ছাড়াইলে রক্তপাত হয়।

ক্ষতের চারিদিকে জলপূর্ণ স্ফোট উৎপন্ন হয়, উহাতে প্রবল কণ্ডুয়ন জন্মে, আগুনের ন্যায় জ্বালা করে (হিপ) ; উহার চারিদিকে অগ্নির ন্যায় লোহিত বর্ণ, চকচকে মণ্ডল দৃষ্ট হয়।

অস্থি, বিশেষতঃ দীর্ঘাস্থি প্রদাহিত ও স্ফীত ; উপর হইতে নীচের দিকে রাত্রিকালীন বেদনার গতি ; পারদ-সেবন, ও উপদংশ-রোগের পর উহার উৎপত্তি ; অস্থি-ক্ষত ; অস্থি-বিবর্দ্ধন, ভিতর হইতে বাহিরের দিকে অর্ব্বুদের কোমলতাপ্রাপ্তি।

দীর্ঘাস্থির অস্থি-বেষ্টে (periosteum) বেদন, রাত্রিতে শয্যায়, অত্যল্প মাত্র স্পর্শে, ও আর্দ্র কালে উহার বৃদ্ধি (মার্ক, ফাইটো)।

কটিবন্ধবৎ দদ্রুর (zona) পরে স্নায়ু-শূলজনিত জ্বালাকর বেদনা।

জ্বরের স্বল্প-বিরাম বা টাইফয়েড্ প্রকৃতির প্রবণতা। জানুয়ারী ও ফেব্রুয়ারি মাসে ব্যাপক আকারে যে সকল জ্বর উপস্থিত হয় ;তাহাতে সাধারণতঃ মেজেরিয়মের প্রয়োজন পড়ে।

উপচয়।—শীতল বায়ুতে ; শীতল জলে প্রক্ষালনে ; রাত্রিতে এবং স্পর্শে ও সঞ্চালনে সাধারণতঃ দক্ষিণ পার্শ্বের আক্রান্ততা ও মারকিউরি অথবা এলকোহলের মন্দফলের ; বৃদ্ধিপ্রাপ্তি।

সম্বন্ধ।—ফাইটো, কষ্ট, হ্রাস ও গোয়েকের সহিত মেজেরিয়মের তুলনা হয়।

মেডোরাইনঃম।

(Medorrhinum)

প্রমেহের বিষ হইতে এই ঔষধ প্রস্তুত হয়। কুচিকিৎসিত ও বিলুপ্ত প্রমেহের সর্ব্বাঙ্গীন মন্দফলে অতীব সুনির্ব্বাচিত ঔষধেও উপশম বা স্থায়ী উপকার না দর্শিলে ইহা ব্যবহৃত হইয়া থাকে।

সাইকোসিস (মাষক-দোষ) হইতে উৎপন্ন গাউট, আমবাত, স্নায়ু-শূল এবং পৃষ্ঠ-বংশের মজ্জার বা উহার ঝিল্লীর রোগ—এমন কি উহার বিধান-বিকার (organic lesions) ও উহা হইতে পক্ষাঘাতে পরিণতিতেও মেডোরাইনঃম উপযোগী।

নারীদিগের পুরাতন ডিম্বাশয়-প্রদাহ (ovaritis), ফ্যালোপিয়ান টিউবের প্রদাহ, পেলবিক সেলুলাইটিস, তন্তুময় অর্ব্বুদ (fibroids), কোষময় অর্ব্বুদ (cysts) ও জরায়ুতে অন্যবিধ অস্বাভাবিক বস্তুর উৎপত্তিতে, বিশেষতঃ সেই সকল বিকৃত পদার্থের উৎকট প্রকৃতি ধারণের সম্ভাবনায়, সাইকোসিস-দোষ-মূলক হউক বা না হউক, এই ঔষধের ব্যবহার হয়।

স্কিরঃস, কার্সিনোমা অথবা ক্যান্সার রোগের তরুণ বা পুরাতন বিকাশে লক্ষণের সৌসাদৃশ্য ও সাইকোসিস-দোষের পূর্ব্ববৃত্তান্ত থাকিলে এই ঔষধ উপযোগী।

ত্বক ও শ্লৈষ্মিক ঝিল্লীর গভীর-মূল রোগে সোরিণমের যে সম্বন্ধ সাইকোসিস-দোষ জনিত পৃষ্ঠবংশীয় ও সহানুভৌতিক স্নায়ুমণ্ডলের (sympathetic nervous system) গভীর-মূল পুরাতন রোগে মেডোরাইনমের সেই সম্বন্ধ।

পাণ্ডুবর্ণ, রেকাইটিস-গ্রস্ত বালক-বালিকারা ; অপরিবর্দ্ধিত ক্ষুদ্রকায়া (খ্যাঁরা-কা) ; মানসিক স্থূলবুদ্ধিতা ও দুর্ব্বলতা।

লসিকা-গ্রন্থির বিবর্দ্ধন সহকারে সর্ব্বশরীরের অতিশয় উত্তাপ ও স্পর্শ-দ্বেষ।

ক্ষয়রোগজনিত অবসাদ ; শ্রান্তি ; সর্ব্বাঙ্গীন জীবনী-শক্তির অতিশয় অবসন্নতা।

বেদনা।—বিলুপ্ত প্রমেহের পরিণাম স্বরূপ সন্ধিবাত ও আমবাত জনিত

বেদনা (ড্যাফ, গ্রিন) আকুঞ্চনবৎ যাতনা, বোধ হয় যেন সমস্ত শরীর কষিয়া ধরা হইয়াছে (কাক্টি); সর্ব্বশরীরে ঘৃষ্টবৎ স্পর্শ-দ্বেষ (আর্ণ, ইউপ)

রোগীর নিকট সর্ব্ব শরীরের কম্পানুভব, তীব্র স্নায়বীয়তা ও গভীর অবসন্নতা।

হিমাঙ্গ অবস্থা, সর্ব্বদা পাখায় বাতাস করিতে বলা (কার্ব্বো-ভে); বিমল বায়ু পাইবার আকাঙ্ক্ষা; গাত্র শীতল সত্ত্বেও গাত্রাবরণ ফেলিয়া দেওয়া (ক্যাম্ফ, সিকে) গাত্রের শীতলতা ও শীতল ঘর্ম্মে সিক্ততা (ভিরে)

মন। স্মৃতিশক্তির দুর্ব্বলতা; নাম, শব্দ বা শব্দের প্রথম অক্ষর স্মরণ রাখিতে পারা যায় না, অত্যন্ত আত্মীয় বন্ধুরও নাম জিজ্ঞাসা করিতে হয়; এমন কি নিজের নাম পর্য্যন্ত মনে থাকেনা

পরিশুদ্ধরূপে বর্ণ বিন্যাস করিতে পারা যায় না; সুপরিচিত নাম কেমন করিয়া বানান করিতে হয় তাহাও জিজ্ঞাসা করিতে হয়।

আলাপ করিতে করিতে কথার সম্বন্ধ হারাইয়া যায়

রোগিণী তাহার লক্ষণ অনায়াসে বর্ণনা করিতে পারে না, ভেবাচেকা খায়, তখন পুনর্ব্বার তাহাকে প্রশ্ন করিতে হয়।

না কাঁদিয়া কথা বলিতে পারা যায় না।

মৃত্যুর কথা পূর্ব্বে বলা, সর্ব্বদা পূর্ব্ব-দৃষ্টি, ঘটনা ঘটিবার পূর্ব্বেই তৎসম্বন্ধে অতিশয় অনুভূতি।

সামান্য সামান্য বিষয়ে বিরক্তি; দিবাভাগে কোপনতা, রাত্রিতে হৃষ্টতা অতিশয় অসহিষ্ণুতা, ক্ষণরাগিতা।

উৎকণ্ঠা, স্নায়বীয়তা, অত্যন্ত অনুভূতি, অত্যল্প শব্দে চমকিত হইয়া উঠা। সময় অত্যন্ত ধীরে ধীরে অবসান হয় (এলম, আর্জ্জ-না, ক্যান-ইণ্ড)

অতিশয় ব্যস্ত-সমস্ততা; কোন কিছু করিবার সময় রোগিণীর এতই ব্যস্ত-সমস্ততা যে শ্রান্ত হইয়া পড়ে

অনেকগুলি লক্ষণ, যখন উহাদের বিষয় চিন্তা করা যায়, তখন বৃদ্ধি পায়। (বেদনার বিষয় ভাবিবামাত্র উহার প্রত্যাবৃত্তি, অক্স-এসি)।

মস্তক।—মস্তিষ্কে দারুণ জ্বালাকর বেদনা, উপমস্তিষ্কে (cerebellum) উহার আতিশয্য; মেরুদণ্ডের নিম্ন পর্য্যন্ত প্রসারণ।

মস্তক ভারী বোধ হয় এবং পশ্চাদ্দিকে আকৃষ্ট হয়

ঘাড়ের কশেরু মধ্যে শিরঃপীড়া ও অভিঘাত। মস্তকে অনিয়মিত ও সঙ্কোচন অনুভব, সমগ্র পৃষ্ঠবংশের দিক দিয়া উহার প্রসারণ।

গল-মধ্য।—যেন তীব্র শর্দ্দি হইয়াছে রোগিণীর এরূপ অনুভব, তৎসহ অস্থিতে যাতনা প্রদ বেদনা, গলার বেদনা ও স্ফীতত্তা, তরল বা অতরল পদার্থ গিলিতে পারা যায় না (মাক)

নাসিকার পশ্চাৎ মধ্য হইতে গাঢ়, ধূসর, বা রক্তাক্ত শ্লেষ্মা নিঃসৃত হইয়া গলার মধ্যে পূর্ণতা (হাইড্রা)।

ক্ষুধা।—আহারান্তে তৎক্ষণাৎ আবার অতিশয় ক্ষুধা (সিনা, লাইকো, সোরি)

অবিরত পিপাসা, রোগিণী স্বপ্নেও জলপান করে।

মদিরায় (পূর্ব্বে ঘৃণা সত্ত্বেও) (এসার), লবণে (ক্যাল্ক, ন্যাট); মিষ্ট দ্রব্যে (সলফ); বরফ, অম্ল, কমলালেবু ও কাঁচাফলে, অতৃপ্ত আকাঙ্ক্ষা।

অন্ত্র।—দুশ্ছেদ্য, কর্দ্দমবৎ, ধীরে ধীরে নির্গত, মল; সরলান্ত্র বাহির হইয়া পড়িবে এপ্রকার অনুভব বশতঃ কুন্থন করিতে অসামর্থ্য (এলম)।

গোলার ন্যায় মল সহকারে অন্ত্রের আকুঞ্চন ও নিষ্ক্রিয়তা (প্লাম্ব)

কেবল অনেকদূর পশ্চাৎদিকে ঝুঁকিয়া মলত্যাগ করিতে পারা যায়; মল-ত্যাগে বড়ই যাতনা হয়, এত যাতনা হয় যে চক্ষু দিয়া জল পড়ে; বোধ হয় যেন মলদ্বারের মুখাবরক-পেশীর পশ্চাৎদিকের উপরিভাগে একটা পিণ্ড রহিয়াছে

সরলান্ত্রে তীব্র সূচী-বেধের ন্যায় বেদনা

মলদ্বার হইতে রস-ক্ষরণ, উহার লোণা মৎস্যের জলের ন্যায় দুর্গন্ধ (কষ্টি, হিপ)

মূত্র-যন্ত্র।—বৃক্ক-প্রদেশে উগ্র বেদনা (পৃষ্ঠ-বেদনা), অধিক মূত্রস্রাবে উহার উপশম (লাইকো)।

বৃক্ক-শূল, অশ্মরী (calculus) নিঃসরণ অনুভব সহকারে মূত্রবাহী নালীতে দারুণ বেদনা (বার্ব্ব, লাইকো, ও সিম); বরফ খাইবার স্পৃহা।

রাত্রিতে শয্যা-মূত্র।—প্রতিদিন রাত্রিকালে শয্যায় এমোনিয়ার

গন্ধবিশিষ্ট লোহিত বর্ণ প্রভৃতি মূত্র-ত্যাগ ; অধিক কার্য্য করিলে বা অধিক খেলা করিলে,ও উত্তাপ বা শীতলতার আতিশয্যে উহার বৃদ্ধি; সর্ব্বাপেক্ষা সুনির্ব্বাচিত ঔষধ নিষ্ফল হইলে : এবং সাইকোসিস-দোষের পূর্ব্ব-বৃত্তান্ত থাকিলে এই ঔষধ ব্যবহেয়

মূত্র ত্যাগ কালে মুত্রাশয় ও অন্ত্রের যন্ত্রণা-পূর্ণ কুন্থন।

জনন-যন্ত্র।—ঋতু অতি মলিন, সংযত, প্রভূত, রজঃ ; রক্তের দাগ সহজে ধুইয়া উঠান যায় না (ম্যাগ-কা)

জরায়ুর রক্তস্রাব।—বিরজ কালে সপ্তাহ পর্য্যন্ত মলিন সংযত দুর্গন্ধ রক্তের প্রবাহ , নড়িলে চড়িলে হুড় হুড় করিয়া রক্তপাত ; তৎসহ জরায়ুর উৎকট রোগ

দারুণ রজঃশূল, জানুদ্বয় উপরের দিকে আকর্ষণ এবং প্রসব বেদনার অনুরূপ ভয়ঙ্কর কুন্থন ; প্রসব-বেদনার ন্যায় পদদ্বয় কোন অবলম্বে চাপ দিতে হয়

ভগের ওষ্ঠের ও যোনির দারুণ কণ্ডূয়ন, চিন্তা করিলে উহার বৃদ্ধি প্রাপ্তি। স্তন ও স্তন-বৃন্তে স্পর্শ-দ্বেষ

(ঋতুকালে) স্তনদ্বয়ের বিশেষতঃ স্তন-বৃন্তের স্পর্শে তুষার সদৃশ শীতলতা, শরীরের অবশিষ্টাংশের উষ্ণতা

শ্বাসযন্ত্র।—শ্বাস-কাস —এপিগ্লটিসের দুর্ব্বলতা বা আক্ষেপ বশতঃ শ্বাস-রোধ ; স্বর-যন্ত্রের এরূপ অবরুদ্ধতা যে উহাতে বায়ু প্রবেশ করিতে পারে না, কেবল মুখের উপর ভর দিয়া শয়ন করিলে এবং জিহ্বা বাহির করিয়া রাখিলে উহার উপশম

স্বর-যন্ত্রে ক্ষতবৎ স্পর্শ-দ্বেষ

শ্বাস-কৃচ্ছ্র ও আকুঞ্চন অনুভব ; অনায়াসে নিশ্বাস গ্রহণ করা যায়, কিন্তু প্রশ্বাস পরিত্যাগ করিতে পারা যায় না (ক্যাম্ফ)।

কাস —শুষ্ক, অবিরত, উগ্র কাস , যাতনা, বোধ হয় যেন স্বরযন্ত্র হইতে শ্লৈষ্মিক ঝিল্লী ছিঁড়িয়া গিয়াছে ; পিপার মধ্যে কাস দেওয়ার ন্যায় গম্ভীর শূন্যগর্ভ কাস ; রাত্রিতে, মিষ্টদ্রব্য আহারে ও শয়ন করিলে, উহার বৃদ্ধি ; আমাশয়ের (stomach) উপর ভর দিয়া শয়ন করিলে উপশম।

নিষ্ঠীবন —সাওলাল, ফেণিল ; ক্ষুদ্র ক্ষুদ্র, সবুজ বর্ণ তিক্ত, গোলার ন্যায় নিষ্ঠীবন , আঠা আঠা কফ, অনায়াসে তুলিয়া ফেলিতে পারা যায় না।

প্রচ্ছন্ন ক্ষয়-রোগ ফুসফুসের মধ্যখণ্ডে তীব্র বেদনা।

পৃষ্ঠ ও দেহ-শাখা।—স্কন্ধাস্থিদ্বয়ের ব্যবধান-স্থলে পৃষ্ঠ-বেদনা, সমগ্র মেরুদণ্ডে লম্বালম্বি স্পর্শ-দ্বেষ (চিনি-সল)।

দারুণ জ্বালাকর উত্তাপ, ঘাড়ের পিঠে উহার আরম্ভ এবং মেরুদণ্ডের নিম্ন পর্য্যন্ত সম্প্রসারণ, তৎসহ আকুঞ্চন বা স্তব্ধতা, অঙ্গ প্রসারণ করিলে উহার বৃদ্ধি

স্কন্ধের বাহুর শিখর-দেশের আমবাত ; হাতের আঙ্গুল পর্য্যন্ত বেদনার প্রসারণ, সঞ্চালনে বৃদ্ধি (দক্ষিণ, স্যাঙ্গ বাম, ফির) *

কটিদেশীয় কশেরুকায় (lumber vertebrae) বেদনা ও স্পর্শ-দ্বেষ।

ত্রিকাস্থি (sacium), কোকিল-চঞ্চু-অস্থি (coccyx) এবং বঙ্ক্ষণ-পৃষ্ঠে (back of hips) বেদনা, চারিদিকে এবং অঙ্গ-প্রত্যঙ্গের নিম্নপর্য্যন্ত উহার সঞ্চরণ।

কুচকী হইতে জানু পর্য্যন্ত ও জঙ্ঘাদ্বয়ে বেদন ; কেবল হাঁটিবার সময় বেদনা অনুভূত হয়।

জঙ্ঘাদ্বয়ের গুরুত্ব, সীসের ন্যায় ভার বোধ হয় ; হাঁটিতে অতিশয় আয়াস বোধ হয়, জঙ্ঘা ভাঙ্গিয়া আইসে।

নিম্নাঙ্গ সারারাত্রি বেদনা করে, উহাতে নিদ্রার প্রতিবন্ধকতা জন্মে।

জঙ্ঘাদ্বয় ও পদদ্বয়ের অত্যন্ত অস্থিরতা (জিঙ্ক)।

তড়িৎ সম্বলিত ঝড়কালে জঙ্ঘাদ্বয়ে ও বাহুদ্বয়ে ভয়ঙ্কর যন্ত্রণা।

জঙ্ঘাদ্বয়ে বেদনা, শয্যায় উহা স্থির রাখিতে পারা যায় না, আত্ম-সংযম পরিত্যাগ করিলে ও নিদ্রা যাইতে শরীর শিথিল করিলে বেদনার বৃদ্ধি।

জঙ্ঘা ও পদের এবং হাত ও বাহুর সম্মুখভাগের শীতলতা।

জঙ্ঘার শিরার ও পদের গ্রন্থিতে আকর্ষণ ও আকুঞ্চনবৎ অনুভব ; জঙ্ঘাপৃষ্ঠে ও পদতলে খল্লী (কুপ)।

হাঁটিবার সময় গুল্ফ সহজে ঘুরিয়া যায় (কার্ব্বো-এন, লিড)।

হাত-পায়ের জ্বালা, উহা অনাবৃত রাখিতে ও পাখার বাতাস প্রাপ্ত হইতে ইচ্ছা (ল্যাক, সল)।

জঙ্ঘায় এবং বাহুতে স্নায়ু-শক্তির প্রায় সম্পূর্ণ বিলোপ ; অত্যল্প মাত্র প্রয়াসে উহার অবসন্নতা।

শরীরের প্রত্যেক সন্ধির বেদনা-পূর্ণ শুক্কতা।

হাতের আঙ্গুলের সন্ধির বিকৃতি; পর্ব্বের অঙ্গুলীর বৃহত্ত্ব ও স্ফীততা; গুড়মুড়ার স্ফীততা ও বেদনাবিশিষ্ট শুক্কতা; পায়ের গোড়ালীর এবং গোলাবৎ স্থানের অতিশয় স্পর্শ-দ্বেষ; বায়ু কোষের ন্যায় সকল সন্ধির স্ফীততা।

উপচয়।—রোগের বিষয় চিন্তা করিলে (হেলন, অক্স-এসি); উত্তাপে, আবরণে; প্রসারণে; ঝড় বৃষ্টিকালে, অত্যল্প মাত্র সঞ্চালনে; মিষ্টদ্রব্য সেবনে; দিবালোক হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত (সিফিল বিপরীত); বৃদ্ধি।

উপশম।—সমুদ্রকূলে (স্যাটের বিপরীত); আমাশয়ের উপর ভর দিয়া শয়নে ও আর্দ্রকালে (কষ্ট নয়); হ্রাস

সম্বন্ধ।—(১) শুষ্ক কাসে, ইপির সহিত; হিমাজে, সিকে, ক্যাম্ফ, ট্যাব ভিরের সহিত; বিচরণে অসমর্থতায়, পিক-এসি, জেলসের সহিত; এবং প্রাতঃকালীন অতিসারে, এলো ও সলফের সহিত সমগুণ সম্বন্ধ। (২) সলফারের পদদ্বয়ের জ্বালা এবং জিঙ্কের পদ ও জঙ্ঘার অস্থিরতা উভয়ই যুগপৎ মেডোরাইনমে পাওয়া যায়

মেনিয়াস্থিস।

(Menyanthes)

সিঙ্কোনা ও কুইনাইনের অপব্যবহারে-জনিত রোগে মেনিয়াস্থিস উপযোগী।

শীতাবস্থার প্রাধান্য বিশিষ্ট জ্বর; উদরে ও হাত-পায় দারুণ শীতানুভব (ভিরে)।

অনেক আক্রমণের পূর্ব্বে বা সহযোগে, যেন কোন দুর্ঘটনা ঘটিবে হৃৎপিণ্ডের নিকটে এরূপ উৎকণ্ঠা অনুভব।

শিরঃপীড়া —ঊর্দ্ধ হইতে নিম্নদিকে মস্তক-শিখরে প্রচাপন, হাত দিয়া শক্ত চাপ দিলে উহার লাঘব (ভিরে); প্রতি পদ-বিক্ষেপে যেন মস্তকের উপর কোন গুরুভার চাপিত হইতেছে এরূপ অনুভব (ক্যাক্ট, গ্লন, ল্যাক), উপরে উঠিবার সময় বৃদ্ধি (ক্যাল্ক); সচরাচর শিরো-বেদনার সহিত হাত পায়ের বরফবৎ শীতলতা (ক্যাল্ক, সিপি)।

নাসা-মূলে ; বাহুদ্বয়ে ও হস্তাঙ্গুলীতে ; অশিথিলতা (tension) ত্বকেও আততি (tension) অনুভব।

উপচয়। —সন্ধ্যাকালে ; বিশ্রামকালে ; শয়ন করিলে ; বৃদ্ধি।

উপশম। —নড়িলে-চড়িলে ও আক্রান্তস্থানে চাপ দিলে ; হ্রাস

সম্বন্ধ। (১) ক্যাক্টি, ক্যাল্ক, জেল, সিপি, ম্যাগ মি, ও প্যারিসের সহিত তুলনা হয়। (২) মেনিয়াস্থিসের পরে ক্যান্থা, ল্যাক, লাইক, পালস, হ্রাস, ভির, ভাল খাটে

মেলিলোটাস এল্‌বা।

(Melilotus Alba)

রক্ত-সঞ্চয়, রক্তস্রাবে উহার উপশম।

শরীরের কোন অংশের বা যন্ত্রের রক্ত-বহানাড়ীর রক্তপূর্ণতা

রক্ত-সঞ্চয় জনিত বা স্নায়বীয় প্রবল শিরঃপীড়া নাকদিয়া রক্ত পড়িলে উহার শান্তি (বিউফো, ফেরি ফস, ম্যাগ্নে সল)।

টঙ্কার (convulsions) —স্নায়বীয় শিশুদিগের দন্তোদ্ভেদ-কালে টঙ্কার (বেল) ; শিশুর আক্ষেপ, ত্বরিতাক্ষেপ (eclampsia), অপস্মার (epilepsy)

প্রগাঢ় আরক্ত মুখমণ্ডলসহকারে ধর্ম্ম-বিষয়ক বিষাদ ; উন্মাদ, প্রথমাবস্থায়, মস্তিষ্কের প্রদাহ ও উপদাহ প্রশমনার্থ

নাসিকা হইতে রক্ত-পাতের পূর্ব্বে মুখমণ্ডলের প্রগাঢ় আরক্ততা ও উদ্দীপ্ততা এবং ক্যারটিড্‌ ধমনীর দপদপ (বেল) ; রক্ত পড়িলে সর্ব্বাঙ্গীন শান্তি।

প্রত্যেক যন্ত্র হইতে রক্ত-পাতের পূর্ব্বে মুখমণ্ডলের অতিশয় আরক্ততা।

কোষ্ঠবদ্ধতা —আয়াসে ও যাতনায় মল নিঃসরণ, মলদ্বারের আকুঞ্চন ; দপদপ ও পূর্ণতা ; অধিক মল সঞ্চিত না হইলে মল-ত্যাগের ইচ্ছা পরিশূন্যতা (এলম)।

উপচয়।—ঝড়-বৃষ্টির সমাগমে; বৃষ্টি-কালে ও পরিবর্ত্তনশীল ঋতুতে বৃদ্ধি

সম্বন্ধ।—(১) শিরঃপীড়ার পর নাসিকা হইতে রক্তপাতে মেলিলোটাসে, উপকার না দর্শিলে, এমিল ও এণ্ট-ক্রুডের সহিত এবং রক্ত-সঞ্চয় জনিত শিরঃপীড়ায়, আরক্ত মুখমণ্ডল, উত্তপ্ত মস্তকাদি লক্ষণে বেল, গ্লন ও ভ্যাজের সহিত উহার তুলনা করা যায়

ম্যাগ্নিশিয়া কার্ব্বণিকা।

(Magnesia Carbonica)

যে সকল ব্যক্তির, বিশেষতঃ বালক-বালিকাদিগের কোমল প্রকৃতি, স্নায়বীয় ধাতু (ক্যাম) ও সমস্ত শরীরের অম্ল গন্ধ (রিউম) তাহাদের পক্ষে এই ঔষধ উপযোগী।

সমগ্র শরীর, বিশেষতঃ জঙ্ঘা ও পদদ্বয় শ্রান্ত ও ব্যথিত অনুভব।

বিদ্যুৎবৎ স্নায়ু-শূলের বেদনা, বামপার্শ্বে আধিক্য (কলো —দক্ষিণ পার্শ্বে আধিক্য, ম্যাগ-ফ); বিশ্রামকালে বেদনার অসহ্যতা, উঠিয়া ইতস্ততঃ হাঁটিতে হয়; গর্ভাবস্থায় দন্তবেদনা, রাত্রিতে বৃদ্ধি

মস্তকের শিখর স্থানে চুল টানার ন্যায় বেদনা (কালী-না, ফস)।

প্রতি তৃতীয় সপ্তাহে সমস্ত লক্ষণের উপচয় (ঋতুর এক সপ্তাহ পূর্ব্বে ভাল বোধ হয়না, কালী-কা)

ঋতুর পূর্ব্বে গলা-ব্যথা (ল্যাক-ক্যান), প্রসববৎ বেদন, কর্ত্তনবৎ উদর বেদনা, পৃষ্ঠ-বেদনা, দুর্ব্বলতা, শীত, কেবল রাত্রিতে বা শয়িত অবস্থায় ঋতু-রক্ত নিঃসরণ, এবং জরায়ুর বেদনা না থাকিলে হাঁটিবার সময় উহার বিরতি (এম-কা, ক্রিয়ো।—বিপরীত, লিলি); বিদাহী, মলিন, আলকাতরার মত, সহজে ধুইয়া ফেলিতে পারা যায়না এরূপ স্রাব।

গুটিকা-ধাতু-বিশিষ্ট পিতামাতার সন্তানসন্ততিদিগের মাংস আহারের অতিশয় আকাঙ্ক্ষা।

অতিসার মলত্যাগের পূর্ব্বে কর্ত্তনবৎ উদর-বেদনা ; প্রতি তৃতীয় সপ্তাহে নিয়মিতরূপে উহার উপস্থিতি ; ভাঙ্গপড়া পুকুরের জলের মত, সবুজ, ফেনিল মল ; মধ্যে শাদা শাদা চর্ব্বির ন্যায় খণ্ড ভাসমান দৃষ্ট হয় ; স্তন্যপায়ী শিশুদিগের মলের সহিত অজীর্ণ অবস্থায় দুগ্ধ নিঃসরণ।

অতৃপ্তিকর নিদ্রা, ঘুমাইতে যাইবার সময় অপেক্ষা ঘুম হইতে উঠিবার সময় অধিকতর শান্তি অনুভব (ব্রাই, কোনা, হিপ, ওপি, সলফ, টিউব)।

উপচয় —শীতলতায় ; বায়ু প্রবাহে ; বাতাতপের পরিবর্ত্তনে ; স্পর্শে ; প্রতি তৃতীয় সপ্তাহে ; বিশ্রামে ; এবং ঋতুকালে দুগ্ধপানে ; বৃদ্ধি।

উপশম।—উষ্ণ বায়ুতে হ্রাস, কিন্তু শয্যার উষ্ণতায় বৃদ্ধি (লিড, মিউর —শয্যার উষ্ণতায় হ্রাস, আস´)।

সম্বন্ধ।—ক্যামোমিলার সহিত অনুপূরক সম্বন্ধ

ম্যাগ্নিশিয়া ফসফরিকা।

(Magnesia Phosphorica)

ক্ষীণকায়, শীর্ণ-দেহ, অতিশয় স্নায়ু-প্রধান ; মলিনবর্ণ মুখাকৃতি বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উত্তম উপযোগী

শরীরের দক্ষিণভাগের রোগ; মস্তক, কর্ণ, মুখমণ্ডল, বক্ষঃস্থল, ডিম্বাশয় বস্তিকা-স্নায়ু (sciatic nerve) ইত্যাদির পীড়া (বেল, ব্রাই, চেলি, কালি-কা, লাই পড)

বেদনা।—তীব্র, কর্ত্তনবৎ, খোঁচামারার মত, বিদ্ধবৎ, সূচী-বেধনের ন্যায়, যাতায়াতে বিদ্যুৎ সদৃশ (বেল); সবিরাম আবেশ-কালে বেদনার প্রায় অসহ্যতা বশতঃ রোগীর ক্ষণস্থায়ী ক্ষিপ্ততাজনক ; সত্বর অবস্থান পরিবর্ত্তনশীল (ল্যাক-ক্যান, পলস), আকুঞ্চনবৎ অনুভবসংযুক্ত (ক্যাক্ট, আইওড, সলফ) ; আমাশয়, উদর ও বস্তি-গহ্বরের (Pelvis) পীড়ায় শূলীবৎ (কলো. কোলিন), বেদনা।

শীতল বায়ুতে, অনাবরণে; আক্রান্ত স্থানে স্পর্শে; শীতল জলে স্নানে বা প্রক্ষালনে, ও সঞ্চালনে, আক্ষেপ বৃদ্ধি।

শ্রান্তি, ক্লান্তি ও অবসন্নতা; উঠিয়া বসিতে অসামর্থ্য

শীতল জলে দাঁড়াইয়া থাকা অথবা শীতল জলে কাজ করা বশতঃ অসুখ (ক্যাল্ক)।

দন্তোদ্গম-কালে শিশুদিগের পীড়া, দন্তোদ্ভেদের সময় জ্বরশূন্য আক্ষেপ (জ্বর, উত্তপ্ত মস্তক ও শুষ্ক ত্বক সহ আক্ষেপ, বেল)

শিরঃপীড়া মস্তকের পশ্চাদ্ভাগে আরম্ভ ও মস্তকোপরি প্রসারণ (স্যাঙ্গ, সিলি); বিদ্যালয়ের বালিকাদিগের শিরঃপীড়া মুখমণ্ডলের আরক্ততা ও প্রদীপ্ততা; চিত্তবিকার, পরিশ্রম বা কঠিন অধ্যয়ন বশতঃ উহার উৎপত্তি; পূর্ব্বাহ্ণ ১০টা হইতে ১১টা অথবা অপরাহ্ণ ৪টা হইতে ৫টা পর্য্যন্ত বৃদ্ধি; এবং চাপ ও বাহ্যিক উত্তাপ প্রদানে হ্রাস

স্নায়ু-শূল ;—মুখমণ্ডল, অক্ষি-কোটরের ঊর্দ্ধ বা নিম্নভাগ ও দক্ষিণ পার্শ্বের স্নায়ু-শূল, চিড়িকমার ও কাটার ন্যায় বেদনা, স্পর্শে, শীতল বায়ুতে ও চাপে উহার বৃদ্ধি, বাহ্য উত্তাপ প্রয়োগে উপশম

দন্ত-শূল —রাত্রিতে; শীঘ্র শীঘ্র অবস্থান পরিবর্ত্তনশীল দন্ত-বেদনা; আহারে ও পানে বিশেষতঃ শীতল দ্রব্য পানে উহার বৃদ্ধি; উত্তাপে হ্রাসপ্রাপ্তি (শীতলতায় হ্রাসপ্রাপ্তি, ব্রাই, কফ, ফিরা-ফস)

পরিষ্কৃত জিহ্বা সহকারে আমাশয়ের আক্ষেপ বা খল্লী, বোধহয় যেন শরীরের চারিদিকে একটা ফিতা কষিয়া টানা হইতেছে।

উদর-বেদনা —আধ্মান-শূল, রোগীকে দ্বিভাঁজ হওয়া অবনত হইয়া থাকিতে হয়; উত্তাপ, ঘর্ষণ ও শক্ত চাপ প্রদানে উপশম বোধ (কলোস, প্লম); ঘোড়া ও গাভীর বেদনায় কলোসিন্থ বিফল হইলে এই ঔষধে উপকার দর্শে।

ঋতু।—নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে; মলিন বর্ণ, রজ্জুবৎ রক্তস্রাব, পূর্ব্বে বেদনার আধিক্য, রক্ত পতিত হইতে আরম্ভ হইলে উহার হ্রাস (ল্যাক, জিঙ্ক); বিদ্যুতের ন্যায় সঞ্চরণশীল তীক্ষ্ণ বেদনা, দক্ষিণপার্শ্বে আতিশয্য, উত্তাপে ও অবনত হইয়া দ্বিভাঁজ হইলে লাঘব, যোনিমুখের আক্ষেপিক অবরোধ।

শয্যা-মূত্র।—স্নায়বীয় উৎপাত বশতঃ রাত্রিতে শয্যায় মূত্র; ও সুবর্ণ পীতবর্ণ মূত্র; মূত্র-মার্গে শলাকা প্রবেশের পর।

খল্লী।—স্কুলের ছাত্রদিগের, লেখকদিগের, এবং পিয়ানো বা বেহালা বাদকদিগের; হস্ত পদের খল্লী (খালধরা)

উপচয়।—শীতল বায়ুতে; শীতল বায়ুর বা বাতাসের প্রবাহে; শীতলজলে স্নানে বা প্রক্ষালনে; মর্দনে ও সংস্পর্শে; বৃদ্ধি

উপশম।—অবনত হইয়া দ্বিভাঁজ হইলে; উত্তাপে, উষ্ণতায়; প্রচাপনে (আক্ষেপিক বেদনার উত্তাপে উপশম, ম্যাগ) হ্রাস

সম্বন্ধ।—(১) বেল, কলোসিন্থ, কলো?, লাইকো, ল্যাক-ক্যান ও পালসের সহিত তুলনা হয়। ক্যামো এই ঔষধের উদ্ভিজ্জ সমগুণ। (২) উষ্ণ জলে মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে কখন কখন ইহার সর্ব্বোৎকৃষ্ট ক্রিয়া দর্শে

ম্যাগ্নেশিয়া মিউরিয়েটিকা।

(Magnesia Muriatica)

নারীদিগের রোগে, স্নায়ু রোগের সহিত সংসৃষ্ট, আক্ষেপিক ও হিষ্টিরিয়া-জনিত পীড়ায়, এবং যে সকল রোগীর অনেক বৎসর পর্যন্ত অগ্নিমান্দ্য কিংবা পিত্ত-প্রকোপের আক্রমণ সহ্য করিয়াছে তাহাদের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী

শিশুগণের আয়াসিত দন্তোদ্গম-কালে দুগ্ধজীর্ণ করিতে অসমর্থতা; দুগ্ধ আমাশয়ে বেদনা জন্মায় এবং অপরিপাচিত আকারে নির্গত হয়, ক্ষুদ্রকায়, রিকেট রোগগ্রস্ত শিশু, মিষ্টদ্রব্য আহারের আকাঙ্ক্ষা

স্পর্শ-দোষ অনুভব, শব্দে অতিশয় অনুভূতি (ইগ্নে, নক্স, থেরে)।

শিরঃপীড়া; প্রতি ছয় সপ্তাহে এক এক বার উপস্থিত, কপালে ও চক্ষুর চারিদিকে বেদনা; বোধ হয় যেন উহা ফাটিয়া পড়িবে; নড়িলে চড়িলে ও অনাবৃত বায়ুতে বেদনার বৃদ্ধি; শয়ন করিলে, সবলে চাপ দিলে, ও কাপড় জড়াইয়া উষ্ণ করিলে, হ্রাস (সিলি, স্ট্রণ)।

মস্তকের ঘর্ম্ম নিঃসরণের প্রবণতা (ক্যাল্ক, ক্যামিল, সিপি)

মুখ বিবরে ক্রমাগত ... ঢেঁকুর উঠিত

দন্ত বেদনা ; খাদ্য দ্রব্য দন্তে লাগিলে উহার আধিক্য

পলাণ্ডুর ন্যায় গন্ধ বিশিষ্ট উদ্গার (খর্গে পলাণ্ডু গন্ধ, সিনা) হাঁটিতে ও স্পর্শ করিলে যকৃতে চাপনবৎ বেদনা যকৃতের দৃঢ়তা ও বিবর্দ্ধন, দক্ষিণ পার্শ্বে শয়নে বৃদ্ধি (মার্ক, ম্যাগ্নে ক)

কোষ্ঠবদ্ধতা, বৃহৎ শক্ত ; গ্রন্থিল, মেষের বিষ্ঠা সদৃশ, আয়াসে নিঃসারিত ; মলদ্বারের প্রান্ত-ভাগে বিখণ্ডিত ; মল (এম সি, ন্যাট-মিউ) দন্তোদ্গম-কালে শিশুদিগের কোষ্ঠ-কাঠিন্য।

অনুজ্জ্বল পীতবর্ণ ; কেবল উদরের পেশীর কুন্থন করিলে নিঃসারিত, মূত্রাশয়ের দুর্ব্বলতা

ঋতু, প্রতি ঋতু-কালে অতিশয় উত্তেজনা, কৃষ্ণবর্ণ,সংযত রক্ত-প্রবাহ ; উরু পর্য্যন্ত প্রসারিত আক্ষেপ ও বেদনা ; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব, রাত্রিতে শয্যায় উহার বৃদ্ধি এবং উহাতে হিষ্টিরিয়ার উৎপত্তি (একট, কলো, ক্যাম)

প্রদর ; ব্যায়ামান্তে ; প্রতিবার মলত্যাগ-কালে জরায়ুর আক্ষেপ সহকারে ; স্রাব নিঃসরণ তৎপরে জরায়ু হইতে রক্তস্রাব ঋতুর দুই সপ্তাহ পরে প্রদরের উপস্থিতি (বোরা, বোভ)।

পাদ-ঘর্ম্মের অতিশয় প্রবণতা (সিলি, স্যানি)

উপবেশন-কালে হৃৎকম্প ও হৃৎপিণ্ডের বেদনা, নড়িয়া-চড়িয়া বেড়াইলে উহার উপশম (জেল তুলনা করুন)।

উপচয়।—রাত্রিতে ; অশ্বারোহণে ; সমুদ্র-স্নানে (অতিশয় দুর্ব্বলতা) ও শীতলতায় ; বৃদ্ধি।

উপশম।—উষ্ণতায়, শয্যায় ; ও ব্যায়ামে ; ...

সম্বন্ধ।—বালক-বালিকাদিগের রোগে ক্যামোর সহিত তুলনা হয়।

রস্‌টক্সিকোডেণ্ড্রন।

(Rhustoxicodendron)

আমবাতিক প্রকৃতির (কলোফি · ও লে · সম) বাত রোগের পক্ষে রসটক্সের বিশেষ উপযোগিতা।

ভিজিবার, বিশেষতঃ অতিরিক্ত উত্তপ্ত হইবার পরে ভিজিবার মন্দফল।

কোন অঙ্গ, পেশী বা কণ্ডরা (tendon) মচ্‌কাইয়া গেলে (ক্যাল্ক, রুটা ; বাহু উর্দ্ধে তুলিয়া কোন বস্তু নাগাল পাইতে গেলে, আর্দ্র মৃত্তিকায় শয়ন করিলে, এবং গ্রীষ্মকালে নদীতে বা হ্রদে স্নান করিলে যে সকল অসুখ উৎপন্ন হয় সেই সকল অসুখ।

শরীরের তন্তুময় বিধানের (fibrous tissue) বিশেষ আক্রান্তত্ব (রোডো,—রসস্রাবী বিধান, ব্রাই); বাম ভাগ অপেক্ষা দক্ষিণভাগে আধিক্য।

মচকানবৎ বেদনা, কোন পেশী বা কণ্ডরা যেন উহার সংলগ্ন স্থান হইতে ছিঁড়িয়া গিয়াছে এরূপ বেদনা ; হাড়গুলি যেন ছুরি দিয়া চাঁচা যাইতেছে এপ্রকার বেদনা ; দুইপ্রহর রাত্রের পরে ও বৃষ্টির সময়ে বেদনা বৃদ্ধি পায়, আক্রান্ত স্থান স্পর্শে ব্যথিত বোধ হয়। বিশ্রামের পরে প্রথম নড়িতে-চড়িতে অথবা প্রাতঃকালে শয্যা হইতে উঠিবার অব্যবহিত পরে খঞ্জত্ব, স্তব্ধত্ব ও বেদনা, হাঁটিলে বা ক্রমাগত নড়িলে চড়িলে উহার উপশম।

অতিশয় অস্থিরতা ; উৎকণ্ঠা, আশঙ্কা (একন, আর্স); শয্যায় থাকিতে পারা যায় না ; বেদনার শান্তির জন্য বারবার অবস্থান পরিবর্ত্তন করা আবশ্যক হয় (মানসিক উৎকণ্ঠা বশতঃ অস্থিরতা, আর্স)। অস্থিরতা, অনেকক্ষণ এক-ভাবে থাকিতে পারা যায় না

পেশীর বাত, বাম পার্শ্বের গৃধ্রসী (সায়েটিকা) (কলো), হৃদ্রোগ সহযোগে বাম বাহুতে বেদনা

অনাবৃত বায়ুতে অতিশয় অনুভূতি ; শয্যা-বস্ত্রের নীচ হইতে হাত বাহির করিলে কাসি উদ্রিক্ত হয় (ব্যারা, হিপ)।

রাত্রিতে অতিশয় আশঙ্কা ; যেন কেহ বিষ খাওয়াইয়া মারিবে এরূপ ভয়, শয্যায় থাকিতে পারা যায় না।

শিরঃপীড়া, পদ বিক্ষেপ করিবার বা মাথা নাড়িবার সময় মস্তিষ্ক আলগা বোধ হয় মস্তিষ্কে আন্দোলন অনুভব, [illegible] অনুভব, ছিন্নবৎ অনুভব, বিয়ার পানজন্য উহার উৎপত্তি; [illegible] প্রত্যাবৃত্তি, উপবেশনে, শয়নে, ও শীতে [illegible] বৃদ্ধি ; এবং উষ্ণতাপ ও সঞ্চালনে হ্রাসপ্রাপ্তি

দাঁড়াইবার বা হাঁটিবার সময় শিরোঘূর্ণন, শয়নে উহার বৃদ্ধি (শয়ন কালে হ্রাস, এপিস, শয়ন হইতে উত্থানে আধিক্য, বাই)

অতি পরিশ্রম দাঁড় বাওয়া, সাঁতার দেওয়া ও প্রাত্যহিক কার্য্যে কঠিন শ্রম করার স্বপ্ন (ব্রাই)

মুখের কোণে ক্ষত, মুখের চারিদিকে জ্বর-স্ফোট (জ্বর-ঠুঁঠো); চিবুকে উদ্ভেদ (হ্যাট)

গিলিবার সময় স্কন্ধদ্বয়ের মধ্যবর্ত্তী স্থানে বেদনা. কটিতে বেদনা ও শুষ্কতা, উপবেশনে বা শয়নে উহার আধিক্য, সঞ্চালনে অথবা কোন কঠিন বস্তুর উপর শয়নে উহার হ্রাস

শুষ্ক, আরক্ত, বিদারিত জিহ্বা ; ত্রিভুজাকার আরক্ত অগ্রভাগ ; জিহ্বায় দন্তের দাগ পড়ে (চেলি, পড)।

জিহ্বা, মুখ-বিবর ও গল-মধ্যের শুষ্কতা সহকারে অতিশয় পিপাসা

প্রদাহিত বিসর্পিত জল-স্ফীত বাহ্য জননাঙ্গ

টাইফয়েড জ্বরের আরম্ভ সহকারে অতিসার ; অতিশয় অবসন্নতাসহ অনিচ্ছায় বিরেচন, মলত্যাগ কালে অন্ত্রের পশ্চাদ্ভাগের নিম্নে ছেদনবৎ বেদনা।

আক্রান্ত অংশের অবশতাসহ পক্ষাঘাত, জলে ভিজিয়া বা ভিজা মাটিতে শয়ন করিয়া ; এবং পরিশ্রম, প্রসব, অপরিমিত ইন্দ্রিয় সেবা, কম্প-জ্বর বা টাইফয়েড জ্বর হইতে উহার উৎপত্তি ; অঙ্গপ্রত্যঙ্গের আংশিক পক্ষাঘাত, অক্ষিপুটের পক্ষাঘাত।

বিসর্প, বাম হইতে দক্ষিণে বিসর্পণ ; ফোস্কাসংযুক্ততা ; পীতবর্ণ ফোস্কা, অতিশয় স্ফীততা, প্রদাহ, জ্বালা, কণ্ডূয়ন, হুল-বেধন।

সবিরাম জ্বরে শীতাবস্থার পূর্ব্বে ও তৎকালে শুষ্ক, বিরক্তিকর কাস ; রক্তের আস্বাদবিশিষ্ট কাস।

তরুণরোগের পুরাতনাবস্থা প্রাপ্তি।

উপচয়। ঝড়ের পূর্ব্বে; শীতল, আর্দ্র কালে; রাত্রিতে, বিশেষতঃ দুই প্রহর রাত্রির সময়; শীতল দ্রব্যে; এবং বিশ্রামে; বৃদ্ধি

উপশম।—উত্তাপে; গরম, শুষ্ক কালে, বস্ত্রাবৃত হইলে, উষ্ণ ও উত্তপ্ত দ্রব্যে, সঞ্চালনে; অবস্থান পরিবর্ত্তনে; রুগ্নাঙ্গ সঞ্চালনে; হ্রাস

রসটক্সের অতি-বিশেষ লক্ষণ এই যে কতিপয় স্থল ব্যতীত বেদনা বিশ্রামকালে উপস্থিত ও বিবর্দ্ধিত হয় এবং সঞ্চালনে হ্রাস পড়ে। রসটক্স জনিত কণ্ডূয়ন ও জ্বালা অনেক সময় সিপিয়া দ্বারা সত্বর আরোগ্যপ্রাপ্ত হয়, কয়েক-দিনের মধ্যে ফোস্কাগুলি শুকাইয়া উঠে

সম্বন্ধ।—(১) ব্রাইওনিয়ার সহিত অনুপূরক সম্বন্ধ। (২) এপিসের সহিত প্রতিকূল সম্বন্ধ। রসটক্সের পূর্ব্বে বা পরে এপিস ব্যবহার করা অকর্ত্তব্য। (৩) আর্ণ, ব্রাই, রোড, ক্যাল্ক, সল ও সলফের সহিত সমগুণ সম্বন্ধ।

রাটানহিয়া।

(Ratanhia)

গর্ভের প্রথম কয়েক মাসে ভয়ঙ্কর দন্ত-বেদনা; দন্ত দীর্ঘীভূত বোধ হয়; শয়ন করিলে বেদনা বাড়ে, তখন উঠিয়া হাঁটিতে হয়

কোষ্ঠবদ্ধতা; অতিশয় কুন্থন সংযুক্ত কঠিন মল; অর্শ-বলি নিঃসরণ, তৎপরে অনেকক্ষণ পর্য্যন্ত অবিরাম বেদনা ও মলদ্বারে জ্বালা (সলফ); অন্ত্রের নিষ্ক্রিয়তা; মলত্যাগের পর মলদ্বারে ও সরলান্ত্রে যেন কাচের চোঁচ ফুটিয়া রহিয়াছে এরূপ বেদনা (থুজা)

মল-ক্রিয়ার পর নিদারুণ যাতনা; নরম মল-ত্যাগের পরও জ্বালা (নাইট-এসি)

মলদ্বারের বিদারণ (fissures), সরলান্ত্রের অতিশয় অনুভূতি

স্তন্যদায়িনী স্ত্রীদিগের স্তন-বৃন্তের বিদারণ (গ্রাফ, সিপি)

সম্বন্ধ।—ক্যাষ্ট, কার্ব্ব-এসি, আইরিস, সলফ ও থুজার সহিত সমগুণ সম্বন্ধ।

রাণংনকিউলংস বংল্বোসংস।

(Ranunculus Bulbosus)

মদিরাপানের কুফলে যে সকল ঔষধ অত্যন্ত ফলপ্রদ রাণংনকিউলংস তাহার অন্যতম, আক্ষেপিক হিক্কা; মদাত্যয় (d.l. ium tre [illegible])

দিবান্ধতা; চক্ষুর সম্মুখে কুজ্ঝটিকা; অক্ষি-গোলকে প্রচাপন ও যাতন (ফস)।

যে সকল স্ত্রীলোক বসিয়া বসিয়া কার্য্য করেন তাহাদের স্কন্ধাস্থির প্রান্তভাগে পৈশিক বেদনা, অনেক সময় ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে জ্বালা (এগার, ফস), সূচী-কার্য্য, টাইপ-লেখা ও পিয়ানো বাজান হইতে উহার উৎপত্তি (এক্ট)।

বক্ষ-প্রাচীরে স্নায়ু-শূল, পেশী-শূল; অথবা আমবাত জনিত, সূচীবেধন বা সঞ্চরণবৎ, তীব্র বেদনা, আবেশে আবেশে উহার উপস্থিতি; বাতাতপের পরিবর্ত্তনে উহার উদ্রেক বা প্রকাশ; প্রাদাহিক প্রকৃতি, পৃষ্ঠবংশের উপদাহ হইতে উৎপত্তি (এগার)।

অতিরিক্ত উত্তপ্ত অবস্থায় সহসা শর্দ্দি লাগিয়া অথবা তদ্বিপরীত কারণে উৎপন্ন প্লুরিসি বা নিউমোনিয়া (একন, আর্ণ)

কড়ায় স্পর্শ-দ্বেষ, যাতনা ও জ্বালা (প্যারিসি-প্রোগ)

পশুর্কা-মধ্য পেশীর বাত; বক্ষঃস্থলের স্পর্শ-দ্বেষ ও দুষ্টতা, স্পর্শে, সঞ্চলনে অথবা শরীর ফিরাইলে ঘুরাইলে উহার আধিক্য (ব্রাই); আর্দ্র-কালে ও ঝড়-বৃষ্টির সময় উৎপাত্ত (রুঃস)

কটি-দদ্রু; পশুর্কা-মধ্য-পেশীর স্নায়ু-শূলের পূর্ব্বে বা পরে উহার উৎপত্তি (মেজ); স্ফোটগুলির নীলাভ আকৃতিও থাকিতে পারে

উপচয়। স্পর্শে, সঞ্চালনে; বাতাতপের পরিবর্ত্তনে, বিশেষতঃ ঝড়-বৃষ্টি-কালে (রুঃস) বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) একন, আর্ণ, ব্রাই, ক্লিম, ইউফর, ও মেজের সহিত সমগুণ সম্বন্ধ। (২) সলফ ও ষ্টাফের সহিত বিষম-গুণ সম্বন্ধ।

রিউম।

(Rheum)

শিশুদিগের পক্ষে, বিশেষতঃ দন্তোদ্গম-কালে এই ঔষধ বিশেষ উপযোগী।

সর্ব্ব শরীরের অম্লগন্ধ; শিশুর গাত্র হইতে অম্লগন্ধ নিঃসরণ, প্রক্ষালন বা স্নানান্তেও উহা দূর হয় না (হিপ, ম্যাগ-কা)

মল-বেগ ও অম্ল-মল সহকারে শিশুদিগের চিৎকার সারা রাত্রি শিশুদিগের ক্রন্দন ও অবগুণ্ঠন (সোরি)।

শিশুর অধীরতা, বহু বস্তুর আকাঙ্ক্ষা, এবং ক্রন্দন ; প্রিয় খেলার দ্রব্যেও অপ্রবৃত্তি (সিনা, ষ্টাফে)।

মস্তকের কেশাবৃত অংশের অবিরত প্রভূত ঘর্ম ; শিশু নিদ্রিত বা জাগ্রত থাকুক, স্থির বা সঞ্চালিত থাকুক, তাহার চুল সর্ব্বদা ভিজা থাকে ; এই ঘর্ম অম্ল বা অনম্ল থাকিতে পারে (ক্যাল্ক, স্যানিকি)।

দন্তোদ্গমে কষ্ট ; মুখমণ্ডলের পাণ্ডুবর্ণ ও গাত্রের অম্লগন্ধ সহকারে শিশুর অস্থিরতা, কোপনতা ও বিরক্ত-চিত্ততা।

নানাপ্রকার খাদ্যদ্রব্যের আকাঙ্ক্ষা কিন্তু উহা খাইতে পারা যায় না, বিরাগ জন্মে

উদর-বেদনা ; এক বাহু বা জঙ্ঘা অনাবৃত করিলে তৎক্ষণাৎ উহার আধিক্য ; তৎসহ অতিশয় অম্ল মল ; দাঁড়াইলে বৃদ্ধি প্রাপ্তি ; মল-ত্যাগে অনুপশম।

সম্বন্ধ —(১) দুগ্ধ অসহ্য হইলে এবং শিশুর গাত্রে অম্লগন্ধ থাকিলে ম্যাগ-কার পরে অনুপূরক সম্বন্ধ। (২) ক্যাম, কলোস, হিপ, ইপি, ম্যাগ-কা, পড, ষ্ট্যাফ, সলফের সহিত সমগুণ সম্বন্ধ। (৩) মলে অম্লগন্ধ থাকিলে রুবার্ব সংযুক্ত বা পরিশূন্য ম্যাগনিশিয়ার অপব্যবহারের পরে রিউম দেওয়া যাইতে পারে।

রুমেক্স ক্রিস্পাস।

(Rumex Crispus)

গুটিকা-ধাতুর রোগী, ত্বক্ ও শ্লৈষ্মিক ঝিল্লীর অত্যন্ত অনুভূতি।

<u>বিমুক্ত বায়ুতে অত্যন্ত অনুভূতি</u>; স্বরভঙ্গ; সন্ধ্যাকালে উহার আতিশয্য, ঠাণ্ডা লাগিলে আধিক্য; স্বরের অনিশ্চিততা

গল-গহ্বরে ভুড়্ভুড়ি, উহাতে শুষ্ক বিরক্তিকর কাসের উদ্ভব

শুষ্ক, অবিরত, শ্রান্তিজনক কাস। <u>বায়ুর বা গৃহের পরিবর্ত্তনে</u> (ফস, স্পঞ্জ); সায়াহ্নে শয়নান্তে; গল-গহ্বর স্পর্শে বা প্রচাপনে; বামপার্শ্বে শয়নে (ফস); <u>অত্যল্প মাত্র শীতল বায়ু নিশ্বসনে</u>; বৃদ্ধি প্রাপ্তি; <u>বায়ু উষ্ণতর করিবার জন্য শয্যাবস্ত্র দ্বারা মস্তকাবরণ</u>; অত্যল্প নিষ্ঠীবন বা একেবারেই নিষ্ঠীবনের অভাব।

শীতল বায়ুতে অথবা যাহাতে নিশ্বসিত বায়ুর আয়তন বা সত্বরতা বর্দ্ধিত হয় তাহাতে কাসের বৃদ্ধি।

গলার মধ্যে পিণ্ডবৎ অনুভব, ঢোক গিলিলে উহার অবতরণ, কিন্তু তৎক্ষণাৎ আবার প্রত্যাবৃত্তি।

কাসিবার সময় স্বরযন্ত্রে ও কণ্ঠনালীতে অবদরণ অনুভব (কষ্ট)।

কাসিতে কাসিতে অনিচ্ছায় মূত্র-নিঃসরণ (কষ্ট, পলস, সিপি)

প্রত্যূষকালীন অতিসার; পূর্ব্বাহ্ণ ৫টা হইতে ১০টা পর্য্যন্ত (এলো, ন্যাট-সল, পড, সল); বেদনাশূন্য, প্রভূত, দুর্গন্ধ মল; সহসা মল-বেগ, প্রাতঃকালে তাড়াতাড়ি শয্যা পরিত্যাগ করিয়া মল-ত্যাগ করিতে যাইতে হয়।

ত্বকের নানাস্থানে কণ্ডূয়ন; শীতলতায় উহার বৃদ্ধি, উষ্ণতায় হ্রাস; কাপড় ছাড়িবার সময়, অনাবৃত হইলে অথবা শীতল বায়ু লাগাইলে গাত্র-কণ্ডূয়ন (হিপ, ন্যাট-সল, ওলিন)।

উপচয়।—শীতল বা ঠাণ্ডা বায়ুতে শয়নে (হাইও) বৃদ্ধি।

উপশম ।—উষ্ণতায় শীতল বায়ু বর্জনার্থে মুখ-বিবর অবরুদ্ধ করিয়া রাখিলে, হ্রাস

সম্বন্ধ ।—বেল, কষ্ট, ড্রস, হাইও, ফস, স্যাঙ্গ সংকেদের সহিত তুলনা করা যায়

রুটা গ্রেভিওলেন্স ।

(Ruta Graveolens)

গণ্ডমালাজনিত অস্থির অস্বাভাবিক বিবর্দ্ধন ; অস্থি ও অস্থি-বেষ্টের খুষ্টব্রণ ও অন্যান্য উপঘাত ; বাত-কণ্টক (sprain) ; অস্থি-বেষ্টের প্রদাহ ; অস্থি-ভগ্ন (fracture) বিশেষতঃ অস্থির সন্ধি-বিচ্যুতি (সিম্ফাই) ।

পতন বা আঘাতের পরে যেরূপ হয় সর্ব্ব শরীরে সেইরূপ খুষ্টতা ও খঞ্জতা অনুভব ; অঙ্গ-প্রত্যঙ্গে ও সন্ধি-স্থলে উহার আধিক্য (আর্ণ) ।

শরীরের যে সকল অংশে ভর করিয়া শয়ন করা যায় তাহাতে খুষ্টতার ন্যায় বেদনা (ব্যাপ্ট, পাইরো) ।

অস্থিরতা, শয়ন-কালে পুনঃ পুনঃ অবস্থান-পরিবর্ত্তন (রুস) ।

মচকিয়া যাওয়ার পরে, বিশেষতঃ মণিবন্ধ-সন্ধির (wrists) ও গুল্ফ-সন্ধির (ankles) খঞ্জতা (পুরাতন বাতকণ্টক, বোভ, ষ্ট্রণ)

বক্ষঃস্থলে উপঘাত প্রাপ্তির পরবর্ত্তী যক্ষ্মা (সিলি) ।

চক্ষুর মধ্যে ও উপরে অবিরাম বেদনা তৎসহ দৃষ্টির অপরিচ্ছন্নতা, বোধ হয় যেন চক্ষু অতিরিক্ত ব্যবহৃত হইয়াছে

সূক্ষ্ম কারুকার্য্যে, ঘটিকা-নির্ম্মাণে, ভাস্কর কার্য্যে (ন্যাট-মি) ; একাগ্রভাবে দৃষ্টিপাতে (সেন) চক্ষু ব্যবহারের পরবর্ত্তী পীড়া ।

চক্ষুর অতি ব্যবহার, মন্দ আলোকে অতিরিক্ত ব্যবহার ; সূক্ষ্ম সূচীকার্য্য, রাত্রিতে অতিরিক্ত অধ্যয়ন প্রভৃতি হইতে দৃষ্টির অপরিচ্ছন্নতা বা দুর্ব্বলতা, কুজ্ঝটিকাবৎ ঝাপসা দৃষ্টি, দূরে সম্পূর্ণ অস্পষ্টতা ।

চক্ষুর জ্বালা, বেদনা ও অত্যাক্রিষ্টতা (strained) অনুভব; অগ্নির গোলার ন্যায় উত্তপ্ততা; নীচের অক্ষিপুটের আক্ষেপ।

উপঘাত প্রাপ্তির পরবর্ত্তী নিশ্চেষ্টতা, বা সংঘাত বশতঃ কোষ্ঠ-রোধ (আর্ণ)

মলত্যাগের চেষ্টা করিবামাত্র তৎক্ষণাৎ <u>হাড়িশ বাহির হইয়া পড়া;</u> যৎসামান্যরূপে মস্তক অবনত করিলে; প্রসবান্তে ও পুনঃ পুনঃ বিফল মল-বেগের পর উহার উপস্থিতি

মূত্রাশয় যেন সর্ব্বদা পূর্ণ রহিয়াছে উহাতে এরূপ চাপ অনুভব; মূত্র-ত্যাগের পরেও উহার বিদ্যমানতা; মূত্র-বেগ উপস্থিত হইলে আর উহা ধারণ করিতে পারা যায় না, ধারণ করিলে পরে মূত্র-ত্যাগ করিতে কষ্ট হয়; স্বল্প, হরিদ্বর্ণ মূত্র; অনিচ্ছায় মূত্র-নিঃসরণ।

আঁচিল; উহাতে স্পর্শসহ বেদনা; করতলে চেপ্ট, মসৃণ আঁচিল (থ্যাট-কা, থ্যাট-মিউ।—কর-পৃষ্ঠে, ডল)

পৃষ্ঠে ভরদিয়া শয়ন করিলে উপশমিত হয়: এরূপ পৃষ্ঠ-বেদনা

সম্বন্ধ।—(১) আর্ণ, আর্জ্জ না, কোন, ইউক্রে, ফাইটো, হুাস ও সিক্ষাইর সহিত সমগুণ সম্বন্ধ। (২) আর্ণিকার পরে সন্ধি-স্থলে; এবং সিম্ফাইটমের পরে অস্থির উপঘাতে রূটা আরোগ্য-প্রক্রিয়ার সত্বরতা জন্মায়।

রোডোডেণ্ড্রণ।

(Rhododendron)

যে সকল স্নায়বীয় ব্যক্তির ঝড়ের ভয় হয় এবং যাহারা বজ্রাঘাতে বিশিষ্টরূপে ভীত হইয়া থাকে; ঝড়ের পূর্ব্বে বিশেষতঃ তড়িৎপূর্ণ ঝড়ের পূর্ব্বে যাহাদের অসুখ বৃদ্ধি পায় (থ্যাট-কা, ফস, সোরি, সিলি) তাহাদের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

প্রতি বসন্ত ও শরৎকালে তীব্র পূর্ব্বদিকের বাতাসে দন্ত-বেদনা; বাতাতপের পরিবর্ত্তনে, ঝড়-বজ্র-কালে, এবং <u>প্রবল বাতাস-কালে</u> উহার আধিক্য।

সন্ধি-স্থানের তরুণ প্রাদাহিক স্ফীততা ; এক সন্ধি হইতে অন্য সন্ধিতে উহার সঞ্চরণ ; রাত্রিতে উগ্রতা , বিশ্রামকালে এবং ঝড়ের সময় আধিক্য (ক্যালমিয়া)

সকল অঙ্গে আঘাতজনিত আকর্ষণ ও ছেদনবৎ বেদনা, বিশ্রামে এবং আর্দ্র, শীতল, ঝঞ্ঝা-বাত কালে উহার বৃদ্ধি (রুঃস)।

জঙ্ঘাদ্বয় অনুপ্রস্থভাবে না রাখিলে নিদ্রা যাইতে বা নিদ্রিত থাকিতে পারা যায় না।

পদের অঙ্গুষ্ঠ-সন্ধিতে আমবাতজনিত ভস্মময় পদার্থের সঞ্চয় সংযুক্ত গাউট, সাধারণতঃ গুঞ্জন (banion) বলিয়া ভ্রম জন্মে (কলচি, লিড)।

প্রমেহ অথবা আমবাত জন্য অণ্ডকোষের স্ফীতত ও দৃঢ়তা (ক্লিম) ; অণ্ড-প্রদাহ, অণ্ড যেন সংপিষ্ট হইতেছে এরূপ অনুভব (অর, ক্যাম)।

উপচয়।—ঝঞ্ঝা-বাত-কালে ; আকাশে তড়িৎসংক্রান্ত পরিবর্তনে ; ঝড়-বজ্রের আগমনে ; বৃদ্ধি। বাতাসের প্রাবল্যে লক্ষণের পুনরুপস্থিতি।

উপশম।—মস্তকে বস্ত্র জড়াইয়া উষ্ণ করিলে ; এবং শুষ্ক উত্তাপ প্রয়োগে ও ব্যায়ামে, উপশম।

সম্বন্ধ।—ব্রাই, কোন, ক্যাল্ক, লিড, লাইক, সিপি, রুঃসের সহিত সমগুণ সম্বন্ধ।

লরোসিরেসঃস।

(Laurocerasus)

কপালে বায়ু-প্রবাহ জনিত শীতলতার ন্যায় শীতলতা।

গল-নলী ও অন্ত্রের অভ্যন্তরে যাইবার সময় পানীয় দ্রব্যের শব্দ শুনা যায়

অধিকাংশ রোগের সহিত বেদনা-পরিশূন্যতা (ষ্ট্রাম)।

জীবনী-শক্তির দ্রুত অবসাদন সংযুক্ত রোগ (ক্যাম্ফ, ভিরে)।

প্রতিক্রিয়ার অসদ্ভাব, জীবনী-শক্তির বলের অভাব, বিশেষতঃ বক্ষঃস্থলের রোগে ; সুনির্বাচিত ঔষধেও ক্রিয়া দর্শেনা।

অনেকক্ষণস্থায়ী মূর্চ্ছার আবেশ। আহারান্তে ও সন্ধ্যাকালে দুর্দম্য নিদ্রালুতা।

লাইকোপোডিয়ম।

(Lycopodium)

যাহাদের বুদ্ধিবৃত্তি প্রখর, কিন্তু শরীর দুর্ব্বল, শরীরের উর্দ্ধাংশ শীর্ণ, নিম্নাংশ অর্দ্ধ-শোথগ্রস্ত; যাহারা ক্ষীণকায় এবং ফুসফুস ও যকৃতের রোগপ্রবণ (ক্যাল্ক, ফস, সল); তাহাদের পক্ষে এবং বালক ও বৃদ্ধের পক্ষে এই ঔষধ সমধিক উপযোগী।

গাঢ়-মূল, ক্রমশঃ বিবর্দ্ধনশীল, পুরাতন রোগ।

প্রধানতঃ দক্ষিণ পার্শ্বে প্রচাপন ও আকর্ষণবৎ অবিরাম বেদনা, অপরাহ্ণ ৪টা হইতে ৮টা পর্য্যন্ত উহার আতিশয্য।

রোগের দক্ষিণ পার্শ্বের আক্রান্তি, অথবা দক্ষিণ হইতে বাম পার্শ্বে গতি, গল-মধ্য, বক্ষঃস্থল, উদর ও ডিম্বাশয় সকল স্থানের রোগেরই এইরূপ প্রকৃতি

দুর্ব্বল শীর্ণ শিশু; সুবিকশিত কিন্তু ক্ষুদ্র, রুগ্ন শরীর।

শিশু সারাদিন কাঁদে, সারারাত্রি ঘুমায় (জ্যাল ও সোরির বিপরীত)

ভয়, ক্রোধ, দুঃখ কিংবা সংগুপ্ত অসন্তুষ্টি সংযুক্ত বৈরক্তি জনিত অসুখ (ষ্টাফ)।

লোভী, ঔদরিক, কৃপণ দ্বেষী, ভীরু-স্বভাব রোগী

কোপনতা, নিদ্রা হইতে জাগরণান্তে ক্ষণরাগিতা ও বিরক্তচিত্ততা; কুৎসিততা, পদাঘাত করা ও চিৎকার করা; সহজে ক্রোধের উদ্রেক হয়; প্রতিবন্ধকতা বা প্রতিবাদ সহ্য করিতে পারা যায় না; বিবাদ-প্রবৃত্তি; উন্মত্ততা

সমস্ত দিন অশ্রুপাত, রোগিণী আপনাকে সুস্থির করিতে পারেনা; অতিশয় অনুভূতি, ধন্যবাদ দিলেও ক্রন্দন।

মনুষ্য-ভীতি; নির্জ্জনতার ভয়; একাকী থাকিতে ভয় (লিলি, বিস, কালী-কা)।

পাণ্ডুর, মলিন, অসুস্থ মুখাকৃতি; নাসা-পার্শ্বের পাখার ন্যায় সঞ্চলন (এণ্ট-টার্ট দ্রষ্টব্য) রোগীকে বয়ঃক্রম অপেক্ষা অধিক বৃদ্ধ দেখায়।

প্রতিশ্যায় ; শুষ্ক প্রতিশ্যায়, রাত্রিতে নাসিকার অবরুদ্ধতা, মুখদিয়া শ্বাস-ক্রিয়া সম্পন্ন করিতে হয় (এম-কা, নক্স, স্থ ম) ; অবরুদ্ধ নাসিকাদ্বার কষ্টে সশব্দে শ্বাসক্রিয়া, নাসিকা, নাসামূল ও তৎসম্মুখবর্ত্তী গহ্বর ঘর্ষণ করিতে করিতে শিশুর নিদ্রা হইতে চমকিত হইয়া উঠা, নাসা-রন্ধ্রে চিপ্‌পিটিকা (ক্যালী-বাই, টিউক)

ডিপথিরিয়া ; গল-গহ্বরের ঈষৎ কপিশমিশ্রিত লোহিত বর্ণ, কৃত্রিম ঝিল্লীর বামদিক হইতে দক্ষিণ তালু-মূলে প্রসারণ, অথবা নাসিকা হইতে দক্ষিণ তালু-মূলে অবতরণ ; নিদ্রান্তে ও শীতল পানীয় দ্রব্য পানে আধিক্য (উষ্ণদ্রব্য পানে আধিক্য, ল্যাক)

সকল বস্তুরই অম্লাস্বাদ ; উদ্গার, বুকজ্বালা, মুখে জল-উঠা, অম্ল বমন (জ্বরের শীত ও উত্তাপাবস্থার মধ্যে)।

কুক্কুরবৎ ঘন ঘন ক্ষুধা ; রোগী যতই খায় ততই খাইতে চায় ; না খাইলে মাথা বেদনা করে।

আমাশয়িক রোগ ;—অতিশয় বায়ু-সঞ্চয় ; সর্ব্বদা পরিতৃপ্তি অনুভব ; উত্তম ক্ষুধা, কিন্তু কয়েক গ্রাস আহার করিবামাত্র কণ্ঠ পর্য্যন্ত পূর্ণতানুভব (উদ্গারে পূর্ণতার হ্রাস না হইলে, সিঙ্ক), রোগীর উদর স্ফীত বোধ হয় ও পেট ডাকে নিম্ন উদরই বিশিষ্টরূপে আক্রান্ত হয় (ঊর্দ্ধ উদর কার্ব্বো-ভে সমগ্র উদর, সিঙ্ক)।

বয়ঃপ্রাপ্তি হইতে ; শেষ-প্রসব কাল হইতে ও গৃহ পরিত্যাগ করিয়া স্থানান্তরে গেলে কোষ্ঠবদ্ধতা ; শিশুদিগের কোষ্ঠ-কাঠিন্য; বিফল মল-প্রবৃত্তি,মলত্যাগ-কালে সরলান্ত্রের আকুঞ্চন ও বহির্গমন ও অর্শের বিকাশ ।

মূত্রে লোহিত রেণু ; শিশুর শয্যাবস্ত্রে লোহিত রেণু (ফস্); প্রস্রাব করিবার পূর্ব্বে শিশুর ক্রন্দন (বোরা) ; মূত্রত্যাগে পৃষ্ঠ-বেদনার শান্তি।

কৃত্রিম-মৈথুন ও অতি-মৈথুন বশতঃ যুবকদিগের ধ্বজভঙ্গ ; উপস্থের ক্ষুদ্রতা, শীতলতা ও শিথিলতা ; বৃদ্ধদিগের প্রবল লিপ্সা কিন্তু উপস্থের অসম্যক্ উত্থিতি ; মৈথুন-কালে নিদ্রিত হইয়া পড়া ; অকালে শুক্রনিঃসরণ

যোনির শুষ্কতা ; মৈথুন-কালে ও তৎপরে উহাতে জ্বালা (লাইসি), জরায়ুর বাতাধ্মান তজ্জন্য মৈথুনের প্রতিবন্ধকতা

প্রতিবার মলত্যাগ কালে জননেন্দ্রিয় হইতে রক্তস্রাব

ভ্রূণের পা উপরে উত্থিত হইয়া উদ্ধদিকে গাত্র ও মস্তকে গড়াইবার স্বরূপ অনুভব।

দক্ষিণদিগের অন্ত্র বৃদ্ধি (hernia), অনেকগুলি রোগী, বিশেষতঃ বালক-বালিকা এই ঔষধে আরোগ্য লাভ করিয়াছে

উপেক্ষিত বা কুচিকিৎসিত ফুসফুস প্রদাহ (Pneumonia), দক্ষিণ ফুসফুসের ভূমিদেশের সবিশেষ আক্রান্ততা , (আশোষণ (absorption) বা নিষ্ঠীবন প্রবর্দ্ধনার্থে)।

গভীর, শূন্য-গর্ভ (ফাঁপা) কাস, অধিক পরিমাণে শ্লেষ্মা উঠিলেও শান্তি জন্মেনা

এক পা উত্তপ্ত, অন্য পা শীতল (সিঙ্ক, ডিজি, ইপি)।

রাত্রিতে ক্ষুধা অনুভব করিয়া নিদ্রা হইতে জাগরণ (সিনা, সোরি),

উপচয়।—অপরাহ্ণ ৪টা হইতে ৮টা ; আহারের পরে; শীতল আহার্য্য বা পানীয় দ্রব্য সেবনে ; বিদ্রূক ও লবণাক্ত খাদ্যদ্রব্য ভক্ষণে , বৃদ্ধি

উপশম।—শীতল হইলে; মস্তক অনাবৃত করিলে;উষ্ণ আহার্য্য বা পানীয় দ্রব্য সেবনে ; ও পরিধেয় বস্ত্র শিথিল করিয়া দিলে ; হ্রাস।

সম্বন্ধ।—(১) লাইকোডিয়মের সহিত অনুপূরক সম্বন্ধ (২) কাল্ক, কার্ব্বো-ভে, ল্যাক, সলফের পর লাইকো ভাল খাটে। (৩) লাইকোর ক্রিয়া গভীর মূল ও দীর্ঘস্থায়ী এই ঔষধে উপকার দর্শিতে আরম্ভ করিলে ইহার পুনঃ প্রয়োগ বিহিত নহে (৪) সুস্পষ্ট সাদৃশ্য না থাকিলে পুরাতন রোগের চিকিৎসার প্রারম্ভে লাইকো ব্যবহার করা পরামর্শসিদ্ধ নহে ; প্রথমে অন্য কোন সোরা-দোষঘ্ন ঔষধ প্রয়োগ করাই ভাল (৫) পলাণ্ডু, রুটী ; মদিরা ; তাম্রকুটের ধূমপান বা দোক্তা খাওয়ার মন্দ ফল (আর্স) ; লাইকো দ্বারা নিবারিত হয়

লাইসীন।

(Lyssin)

জল ঢালা বা প্রবাহিত জল দেখিলে বা উহার শব্দ শুনিলে সমুদয় পীড়ার উপচয়।

জলাতঙ্ক রোগ বা উন্মত্ত কুকুরের দংশনের আতঙ্ক; উন্মাদ জন্মিবার আশঙ্কা

সন্ধ-ব্রণের (wound) ঈষৎ নীল বিবর্ণ (ল্যাক)

অস্বাভাবিক ইন্দ্রিয়-প্রবৃত্তি জনিত পীড়া (নিবৃত্তি জনিত—কোনা)।

মনোভাব বা বিরক্তিজনক সংবাদে রোগীর সর্ব্বদা মন্দাবস্থা প্রাপ্তি

সূর্য্যের উত্তাপ সহ্য করিতে পারা যায়না (জেল, গ্লন, ল্যাক, ন্যাট)

টঙ্কার অত্যুজ্জ্বল বা প্রতিক্ষিপ্ত (reflected) আলোক ও জল বা দর্পণ দর্শনে (ষ্ট্রাম); কোন প্রকার তরল পদার্থের বিষয় চিন্তা করিলে; এবং অত্যল্প স্পর্শে বা বায়ু-প্রবাহে আক্ষেপের উৎপত্তি।

শিরঃপীড়া —উন্মাদ ও শৃগাল কুকুরের দংশন বশতঃ শিরঃপীড়া; মনোবিকার বা মানসিক পরিশ্রম জনিত পুরাতন শিরঃপীড়া প্রবাহিত জলের শব্দে অথবা উজ্জ্বল আলোকে উহার বৃদ্ধি।

মুখে ও গলায় দুর্গন্ধ, রজ্জুবৎ আঠা আঠা, ফেণিল লালা; অবিরত থুথু-ফেলা (হাইড্রা)

গলা-বেদনা; সতত গলাধঃকরণের ইচ্ছা (ল্যাক-ক্যান, মার্ক)

গিলিতে কষ্ট, এমন কি তরল পদার্থ গিলিতে গল-নলীর আক্ষেপ; জল গিলিতে মুখ-রোধ।

প্রবাহিত জল দর্শনে অবিরত মূত্র-প্রবৃত্তি (ক্যান্থ, সালফ); চিনিসংযুক্ত, স্বল্প আবিল মূত্র

কন্দ (জরায়ুর স্থান বিচ্যুতি), বহু বৎসরের অনেক রোগিণীর জরায়ুরোগাক্রান্ত, অপত্য-পথের অতিশয় অনুভূতি, তজ্জন্য রমণ-ক্রিয়ায় যন্ত্রণা

উপচয়।—জলের দর্শন বা শব্দ, উজ্জ্বল পদার্থ আলোক (ষ্ট্রাম), ও শকটারোহণে বৃদ্ধি (কক —শকটারোহণে হ্রাস, নাই-এসি)

সম্বন্ধ। হাইড্রোফোবিয়া অর্থাৎ জলাতঙ্ক রোগে, বেল, ক্যান্থ, হাইও, ষ্ট্রামোর সহিত লাইসীনের তুলনা হয়।

লিডম্।

(Ledum)

আমবাত ও গ্রন্থি-বাত প্রকৃতিতে, এবং উগ্র মদিরা অপব্যবহৃত শরীরে এই ঔষধ উপযোগী (কলচি)

আইরিসের (উপতারা) শস্ত্রোপচারের পর চক্ষুর সম্মুখের কক্ষে (anterior chamber) রক্তস্রাব।

চক্ষু ও চক্ষুর পাতায় দুষ্টব্রণ বিশেষতঃ অধিক ক্ষরিত-রক্ত সঞ্চয়; অক্ষি-পল্লব ও শুক্লমণ্ডলের (conjunctiva) কালিমা

আমবাত ও আমবাত জনিত গ্রন্থিবাত নিম্নাঙ্গে উহার আরম্ভ ও উপরের দিকে উত্থিতি (নীচের দিকে নামন, ক্যালমিয়া); বিশেষতঃ কলচিকমের অপব্যবহার বশতঃ নিস্তেজ অবস্থায় পরিণতি; সন্ধিস্থানে বেদনা-যুক্ত অর্ব্বুদ বা চূর্ণময় পদার্থের সঞ্চয়; তরুণ ও পুরাতন সন্ধি-বাত

বাম স্কন্ধ ও দক্ষিণ বঙ্ক্ষণ-সন্ধির আক্রান্তি (এগার, এন্ট-টার্ট, ষ্ট্রাম)

আক্রান্ত স্থানের শীর্ণতা প্রাপ্তি (গ্রাফ)

ভেদন, ছেদন, ও দপদপবৎ বেদনা, নড়িলে চড়িলে সন্ধির বেদনার আতিশয্য; রাত্রিতে শয্যা ও শয্যাবস্ত্রের উষ্ণতায় আধিক্য (মার্ক); কেবল বরফের জলে পা রাখিলে উহার উপশম (সিকে)

যাহারা সকল সময়েই শীতল থাকে তাহাদের অসুখ; সর্ব্বদা শীতল ও শীত অনুভব; স্বাভাবিক শারীরিক উত্তাপের অভাব (সিপি), আহতস্থান স্পর্শে সবিশেষ শীতল।

শরীরাংশ অপরের স্পর্শে শীতল, কিন্তু রোগী উহা শীতল অনুভব করেনা।

কোন কোন রোগে অঙ্গে উত্তাপ ও জ্বালা অথচ বলিয়া শয্যার উষ্ণতা অসহ্য হয়।

জানু পর্যন্ত পদদ্বয়ের শীতলতা মচকিয়া যাওয়ার মত অসহ্য বেদনা সহকারে গুল্‌ফের শীতলতা ; পায়ের বৃদ্ধাঙ্গুলির শীতলতা ও ব্যথিততা ; পায়ের গুড়মুড়ার ঘর্ষণবৎ শীতলতা।

পদ ও গুল্‌ফের দারুণ কণ্ডূয়ন, কণ্ডূয়ন করিলে ও শয্যার উষ্ণতায় উহার বৃদ্ধি (পল্‌স, রস)।

সহজে গুল্‌ফ ও পা মচকিয়া যাওয়া (কার্ব্বো-এ)

সূচ্যগ্র অস্ত্র, মূষিক-দংশন (হাইপার); প্রেক, কাঁটের হুল-বেধ, বিশেষতঃ মশক-দংশন জনিত বিক্ষত।

ব্রাণ্ডিপায়ীদিগের ন্যায় কপালে ও গালে লাল লাল পীড়কা বা গুটিকা, স্পর্শ করিলে উহাতে চিট্ মিট্ করা

উপঘাতের পর দীর্ঘকালস্থায়ী বিবর্ণ ; কৃষ্ণ ও নীলবর্ণ স্থান হরিদ্বর্ণ হয়।

উপচয়।—উত্তাপে বৃদ্ধি ; শয্যার উত্তাপ সহ্য করিতে পারা যায়না, মধ্য-রাত্রিকালে উহা অসহ্য হইয়া উঠে, তজ্জন্য শয্যায় গাত্র-বস্ত্র ফেলিয়া দিতে হয় (সিকির বিপরীত)। সন্ধিস্থল নাড়িলে চাড়িলে ; পা ফস্কিয়া গেলে ও মদিরাপানে ; বৃদ্ধি

উপশম।—গাত্র-বস্ত্রোন্মোচনে রাত্রিকালে সন্ধি-স্থানের গ্রন্থি-বাতজ চূর্ণময় অর্ব্বুদের ভয়ানক জ্বালার শান্তি।

সম্বন্ধ।—উপঘাতের দীর্ঘকালস্থায়ী ফলে কোনায়মের সহিত, এবং অভিঘাতে, আর্ণি, ক্রোট, হেমে, বেলিস ও রুটার সহিত লিডমের তুলনা হয়

লিলিয়ম টাইগ্রিনম।

(Lilium tigrinum)

প্রধানতঃ বামপার্শ্বে আক্রান্ত (ল্যাক, থুজা)

ডিম্বাশয় বা গর্ভাশয়ের পীড়া সহকারে রোগিণীর মূত্রাশয়ে ও যাতনা (প্লাট, সেপ, ভিরে), মাথায় ও গালে উত্তাপ ও জ্বালা।

মাথার চাঁদিতে উত্তাপবৎ অনুভব ; মনোভাবের গোলযোগ।

চিত্তের গভীর অবসাদ ; অশ্রুপাত নিবারণ করিতে পারা যায় না, অতিশয় ভীরুতা, ভয়পূর্ণতা, ও অধিক অশ্রুস্রাবিতা রোগিণীর জন্য যাহা করা যায় তাহাতে ঔদাস্য।

রোগসম্বন্ধে উৎকণ্ঠা ; লক্ষণগুলি যান্ত্রিক রোগজ্ঞাপক বলিয়া আশঙ্কা করা ; স্ত্রী-পুরুষ উভয় প্রকার রোগীতেই এই লক্ষণের সুস্পষ্টতা

জরায়ুর উপদাহের সহিত পর্য্যায়ক্রমে অভিসম্পাত, আঘাত ও কুৎসিত চিন্তা করিবার (এনাক, ল্যাক-ক্যান) প্রবৃত্তি

উদাসীনতা অথচ স্থির হইয়া বসিয়া থাকিতে পারা যায়না ; অস্থিরতা, অথচ হাঁটিতে ইচ্ছা হয়না, কাম-প্রবৃত্তি দমন করিয়া রাখিবার জন্য কার্য্যে নিবিষ্ট থাকিতে হয়।

কিছু করিতে ইচ্ছা ব্যস্ত-সমস্ত ভাব অথচ উহাতে উদাসীনতা ; লক্ষ্য-শূন্য দ্রুতগতি (আর্জ্জ-না)

ভয় —একাকী থাকিতে ভয়, উন্মাদ ও কুরোগ জন্মিবার ভয় ; রোগ আরোগ্য পাইবে না বলিয়া আশঙ্কা ; আসন্ন বিপদ বা রোগের আশঙ্কা

জরায়ুর উপদাহ অথবা স্থান-চ্যুতি জনিত শিরোবেদনা বা মানসিক রোগ। রজোবৈলক্ষণ্য ও হৃৎপিণ্ডের উপদাহেও

অসমান ভূমিতে হাঁটিতে অপারগতা।

ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে বেদনা ; সতত উহার স্থানপরিবর্ত্তন (কালী-বাই)।

বার বার মূত্র-বেগ ; মূত্র-ধারণ করিলে বস্তিস্থলে রক্ত-সঞ্চয় অনুভব।

উদরে ও বস্তি-কোটরে কুন্থনবৎ আবেগ অনুভব, বোধ হয় যেন

সমস্ত রক্ত বাহির হইয়া পড়িবে (ল্যাক-ক্যান, মিউরেক্স সিপি); অগ্র-দেশ হাত দিয়া উচ্চ করিয়া রাখিতে উৎসাহ, তৎসহ হৃৎকম্প

২য় — ঋতুস্রাবের পূর্ব্বে অল্প, মলিন, তীব্র স্রাব; কেবল নড়িয়া-চড়িয়া বেড়াইবার সময় উহা নিঃসৃত হয়; বিচরণে বিরত হইলে রক্ত নিঃসরণেরও বিরতি ঘটে (কষ্ট — শয়নে বিরতি, ক্রিয়োজ, ম্যাগ-কা)।

হৃৎপিণ্ড যেন পাক সাঁড়াসি দ্বারা চাপিয়া ধরা হইয়াছে এপ্রকার অনুভব (ক্যাক্ট); বোধ হয় যেন সমস্ত রক্ত হৃৎপিণ্ডে গিয়াছে, উহা বিদীর্ণ হইবার ন্যায় পূর্ণ বোধ হয়; সোজা হইয়া হাটিতে পারা যায়না।

সমগ্র শরীরে নাড়ীর স্পন্দন অনুভব, রক্ত-বহা নাড়ীগুলি ফাটিয়া যেন রক্ত পড়িবে উহাদের এরূপ প্রসারিততা অনুভব (ইস্কিউ)

হৃৎকম্প, বিক্ষোভ।—হৃদগ্রের (apex) নিকটে শান্তি, ক্লান্ততা, ও উৎকণ্ঠা অনুভব; বাম বক্ষে তীব্র বেদনা; রাত্রিতে নিদ্রা হইতে জাগরিত হইতে হয়; নাড়ীর অনিয়মিত গতি; হাত পা শীতল ও শীতল ঘর্ম্মাবৃত; আহারের পরে,ও যে কোন পার্শ্বে শয়নে বৃদ্ধি (বামপার্শ্বে শয়নে বৃদ্ধি, ল্যাক)।

হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দন, প্রতি মিনিটে ১৫০ হইতে ১৭০ বার স্পন্দন।

সরলান্ত্রে চাপবশতঃ (কন্থনসহযোগে) অবিরত মল ও মূত্র ত্যাগের ইচ্ছা।

ডিম্বাশয়, গর্ভাশয় ও পেলভিসের বিধান-তন্তুর দুর্ব্বল অবস্থা, উহা হইতে জরায়ুর সম্মুখাবর্ত্তন, বিপরীতাবর্ত্তন, ও অসম্যক সঙ্কোচন (হেলন, সিপি); প্রসবের পর ধীরে ধীরে আরোগ্য প্রাপ্তি; তৎসহ প্রায় সর্ব্বদাই সরলান্ত্রের নিশ্চেষ্টতা বশতঃ মল-কৃচ্ছ্র

সম্বন্ধ।—এক্ট, এগার, ক্যাক্ট, হেলন, মিউরেক্স, প্লাট-ফস, প্লাট, সিপি, স্পিজি, ও টারার সহিত সমগুণ সম্বন্ধ

লোবেলিয়া ইন্‌ফ্লেটা।

(Lobelia Inflata.)

পাতলা চুল, নীলবর্ণ চক্ষু, সুন্দর মুখাকৃতি, ও স্থূলত্ব প্রবণতাবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধের সমধিক উপযোগিতা

আমাশয়িক বিশৃঙ্খলা, অত্যন্ত বিবমিষা ও বমন; গর্ভ-কালে প্রাতঃকালীন বিবমিষা; আক্ষেপিক শ্বাস (হ্যাজমা), শ্বাস-রোধের আশঙ্কা-জনক শ্বাস-কৃচ্ছ্র সংযুক্ত হুপশব্দ কাস।

শিরঃপীড়া —বিবমিষা, বমন ও অতিশয় অবসন্নতা সহ আমাশয়িক শিরঃ-পীড়া; মত্ততার পরবর্ত্তী শিরঃপীড়া; অপরাহ্ণ হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত উহার বৃদ্ধি; প্রভূত ঘর্ম্ম সহকারে সহসা পাণ্ডুবর্ণ প্রাপ্তি (ট্যাব); তামাক বা তামাকের ধূমে বৃদ্ধিপ্রাপ্তি

বমন —শীতল ঘর্ম্ম-স্নাত বদন সহকারে বমন; প্রভূত লালাস্রাব সহকারে গর্ভাবস্থায় বমন (জ্যাং এমি রাখিতে, মার্ক), উত্তম ক্ষুধা, বিবমিষা, প্রভূত ঘর্ম্ম ও সুস্পষ্ট অবসন্নতা সংযুক্ত পুরাতন বমন।

চা বা তামাকের অতি-ব্যবহার বশতঃ শ্রান্তি, দুর্ব্বলতা ও উদরোর্দ্ধদেশে এক প্রকার অবক্তব্য ভাব।

মূত্র।—গাঢ় কমলা-বর্ণের মূত্র; অধিক পরিমাণ আরক্ত অধঃপতিত পদার্থ

শ্বাস-কৃচ্ছ্র।—বক্ষঃস্থলের মধ্যভাগের আকুঞ্চন জনিত শ্বাস-কৃচ্ছ্র, প্রতি-বার প্রসব-বেদনার উপস্থিতিতে উহার আধিক্য, বোধ হয় যেন এতদ্বারা প্রসব বেদনা বিনষ্ট হয়; শীতলতা লাগাইলে অথবা অত্যল্পমাত্র শ্রমে, সিঁড়ি বাহিয়া উপরে উঠিলে বা নীচে নামিতে উহার বৃদ্ধি প্রাপ্তি (হিপ)।

যেন দেহ-শাখা হইতে বক্ষঃস্থলে রক্ত আসিয়া উহা পূর্ণ হইতেছে বক্ষঃস্থলে এরূপ রক্ত-সঞ্চয়, চাপ অথবা ভার অনুভব, দ্রুতবেগে হাঁটিলে উহার বৃদ্ধি।

হৃৎপিণ্ড যেন গতিশূন্য হইবে এরূপ অনুভব, উহার ভূমিদেশে গভীর-মূল বেদনা (শিখরদেশে, লিলি)।

ত্রিকাস্থি —মেরুদণ্ডের নিম্নভাগস্থ ত্রিকোণাস্থিতে অত্যন্ত অনুভূতি; অত্যল্প স্পর্শ, এমন কি নরম বালিশের স্পর্শ পর্য্যন্ত সহ্য করিতে পারা যায় না ; কাপড়ের স্পর্শ পর্য্যন্ত না লাগিতে পারে এজন্য সম্মুখদিকে অবনত হইয়া উপবেশন

পাতলা চুল, নীল বা ধূসর বর্ণ চক্ষু, আরক্ত বদন, স্থূলকায় ব্যক্তিদিগের মদিরাপায়িতার মন্দফলে লোবেলিয়ার যেরূপ সম্বন্ধ এতদ্বিপরীত আকৃতির ব্যক্তিদিগের পক্ষে নক্সভমিকার সেইরূপ সম্বন্ধ।

উপচয়।—শীতল জলে গা ধুইলে বা স্নান করিলে শ্বাস-কৃচ্ছ্র এবং বেদনার বৃদ্ধি বা প্রত্যাবৃত্তি জন্মে (এণ্ট-ক্রুড) ; একটুমাত্র নড়িলে চড়িলে ; ও স্পর্শে বৃদ্ধি প্রাপ্তি।

উপশম।—পানান্তে, ও সায়াহ্নে হ্রাস ; দ্রুতবেগে হাঁটিলে বুকের বেদনার উপশম।

সম্বন্ধ।—এণ্ট-টার্ট, আর্স, ইপি, ট্যাবে, ভিরেট্র সহিত সমগুণ সম্বন্ধ।

ল্যাক ক্যানাইনম্।

(Lao Caninum)

স্নায়বীয়, অস্থির ও অত্যন্ত অনুভূতি বিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

লক্ষণের স্থান-পরিবর্ত্তনশীলতা, বেদনার এক স্থান হইতে অন্য স্থানে, সতত সঞ্চরণ (কালী-বাই, পলস), কয়েক ঘণ্টা বা কয়েক দিবস পরে পরে এক পার্শ্ব হইতে অন্য পার্শ্বে গতি।

অতিশয় বিস্মৃতি, অন্যমনস্কতা ; দ্রব্যাদি কিনিয়া তাহা ফেলিয়া চলিয়া যাওয়া (এগনাস, এনাক, কষ্ট, স্যাট)।

লিখিতে অতিরিক্ত অধিক কথা ব্যবহার করা অথবা প্রকৃত কথাগুলি

ব্যবহার না করা; শব্দের শেষ অক্ষর বা অক্ষরগুলি ফেলিয়া যাওয়া, পাঠ বা অধ্যয়ন করিতে মনোনিবেশ করিতে না পারা। অতিশয় অন্যমনস্কতা (বোভ, গ্রাফ, ল্যাক, ন্যাট-কা, সিপি)

নৈরাশ্য; রোগিণী মনে করে যে তাহার রোগ আরোগ্য প্রাপ্ত হইবে না। তাহার কোন আত্মীয়-স্বজন জীবিত নাই, তাহার বাঁচিয়া থাকার কোন প্রয়োজন নাই; যে কোন মুহূর্তে সে অজ্ঞান হইতে পারে (একো, কর ক্যাম্ফ ল্যাক)

কোপনতা, খিটখিটে স্বভাব; শিশু সকল সময়েই, বিশেষতঃ রাত্রিতে ক্রন্দন ও চিৎকার করে (অ্যালা, ন্যা, সোরি)।

একাকী থাকিতে ভয় (কালী-কা); মৃত্যু-ভয় (আর্স); উন্মাদ হইবার আশঙ্কা (লিলি), নীচের তলায় পড়িয়া যাইবার আশঙ্কা (বোরা)।

পুরাতন "নীলবর্ণ" অবস্থা ("ব্লু" কণ্ডিশন); প্রত্যেক বস্তু এত কৃষ্ণবর্ণ দেখায় যে উহা হইতে আর অধিকতর কৃষ্ণবর্ণ হইতে পারে না (লাই, পলস)।

যৎসামান্য উত্তেজনায় ক্রোধের, অভিশাপের ও শপথের আবেশ (লিলি, নাই-এসি); দারুণ কুৎসিতত্তা, ঘৃণাপূর্ণতা

গাঢ় শুভ্র শ্লেষ্মা নিঃসরণ সহকারে মস্তকের প্রতিশ্যায়

এক নাস-রন্ধ্রের অবরুদ্ধতা অন্য নাসা-রন্ধ্রের বিমুক্ততা ও স্রাব-নিঃসরণ; এই অবস্থার পর্য্যায়শীলতা; স্রাবের বিদাহিতা, নাসিকা ও ওষ্ঠের অবদরণ (এরম, সেপা)।

ডিপথিরিয়া ও টন্সিলাইটিস; এক পার্শ্ব হইতে অন্য পার্শ্বে লক্ষণের পুনঃ পুনঃ পরিবর্ত্তন।

ঋতু সহকারে গলাব্যথা ও কাসের আরম্ভ ও শেষ; গলায় শ্বেত বা পীতবর্ণ তালির (pa tches) মত স্থান; বেদনার কর্ণপর্য্যন্ত সঞ্চরণ।

গল-মধ্য।—বহির্দ্দিকে স্পর্শ-দ্বেষ (ল্যাক); খালি ঢোক গিলিলে উহার বৃদ্ধি (ইগ্নে), অবিরত গলাধঃকরণের প্রবৃত্তি, উহাতে ব্যথিততা, প্রায় অসাধ্যতা (মার্ক); বেদনার কর্ণ পর্য্যন্ত প্রসারণ (হিপ, কালী-বাই); বাম পার্শ্বে আরম্ভ (ল্যাক)।

ডিপথিরিয়ার সঞ্চিত পদার্থের (deposit), উপদংশের ও ক্ষতের উজ্জ্বল, চিক্কণ আকৃতি।

অতি ক্ষুধা, কিছুতেই ক্ষুধার পরিতৃপ্তি জন্মে না ; আহারের পূর্ব্বেও যেমন ক্ষুধা পরেও তদ্রূপ ক্ষুধা (ক্যান্থ, ক্যাল্ক, সিনা লাই, ষ্ট্রন)।

উদরোর্দ্ধদেশে নিমগ্নত ; আমাশয়ে দুর্ব্বলতা।

ঋতু — নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে ; অতি প্রভূত পরিমাণে ; প্রবল প্রবাহে, উজ্জ্বল লোহিত, আঠা আঠা, রজ্জুবৎ রক্ত-নিঃসরণ (মলিন, কাল, রজ্জুবৎ রজঃ, ক্রোক) স্তনদ্বয়ের স্ফীততা, ব্যথিতত, এবং ঋতুর পূর্ব্বে ও তৎকালে অতিশয় অনুভূতি (কোনা)

অপত্য-পথ (vagina) হইতে বায়ু নিঃসরণ (ব্রোম, লাই, নক্স-ম, স্যাঙ্গ)।

স্তন —স্তনের প্রদাহ ও বেদনা, অত্যল্প সংঘর্ষেও সন্ধ্যার প্রাক্কালে উহার বৃদ্ধি ; সিঁড়ি বাহিয়া উঠিতে বা নামিতে স্তনদ্বয় দৃঢ়রূপে ধরিয়া রাখিতে হয় (ব্রাই)।

স্তন-দুগ্ধ শুকাইয়া ফেলিবার জন্য প্রায় সকল রোগিণীর পক্ষেই এই ঔষধ উপকারী (এসাফ —স্তন দুগ্ধের পুনরুৎপত্তি বা বিবর্দ্ধনার্থে, ল্যাক ডি)।

শয়নে শ্বাস রোধ হইবে রোগিণীর এরূপ অনুভব ; সেজন্য তাহাকে উঠিয়া হাঁটিতে হয় (এম-কা, গ্রাও, ল্যাক)

কোন অপরিজ্ঞাত কারণে স্তন্যদান-কালে দুগ্ধের বিলোপ (এসাফ)

বাম পার্শ্বে শয়নে হৃৎকম্পের প্রাবল্য, দক্ষিণ পার্শ্বে ফিরিলে লাঘব (ট্যাব)।

স্পর্শে, উপবেশন কালে প্রচাপনে. অথবা হাঁটিবার সময় ঘর্ষণ লাগিয়া সহজে জননেন্দ্রিয়ের উত্তেজনা (সিনে, কফ, মিউর, প্লাট)।

হাঁটিবার সময় বোধ হয় যেন শূন্যে হাঁটা যাইতেছে ; শয়ন সময়ে বোধ হয় যেন শয্যা স্পর্শ করা যাইতেছে না (এসার)

পৃষ্ঠ-বেদনা —নিদারুণ, অসহ্য ত্রিকাস্থি-প্রদেশের ঊর্দ্ধভাগে অবস্থিত, দক্ষিণ নিতম্ব হইতে দক্ষিণ বঙ্ক্ষণ-স্নায়ু পর্য্যন্ত প্রসারিত ; বিশ্রামে ও বিশ্রামান্তে প্রথম সঞ্চালনে বিবর্দ্ধিত ; পৃষ্ঠ বেদনা (হ্নঃস), মস্তিষ্কের ভূমিদেশ হইতে কোকিলচঞ্চু-অস্থি পর্য্যন্ত পৃষ্ঠবংশের অবিরাম বেদনা, স্পর্শে বা প্রচাপনে উহাতে অতিশয় অনুভূতি (চিন-সল, ফস, জিঙ্ক)।

সম্বন্ধ।—(১) এপিস, কোনা, মিউরেক্স, ল্যাক, কালী বাই, পল্স, সিপি, সকলের সহিত সমগুণ সম্বন্ধ। (২) সাধারণতঃ এক মাত্রা প্রয়োগে উহাদের সর্ব্বোৎকৃষ্ট ক্রিয়া দর্শে। (৩) ল্যাক ক্যানের গল-লক্ষণগুলির সদৃশ ঔষধ সম্ভবতঃ ভৈষজ্য-তত্ত্বে আর নাই। (৪) বর্ত্তমান সময়ে হেরিং, বেয়ার্ড, সোয়ান প্রভৃতি আমেরিক চিকিৎসকগণ ডিপথিরিয়ায় ইহার উপকারিতা সপ্রমাণ করিয়াছেন।

ল্যাক ডি ফ্লোরেটাম।

(Lac de floratum)

ডনকিন মথিত দুগ্ধ দ্বারা ডায়াবিটিস (বহুমূত্র) ও ব্রাইটস্ ডিজিজ রোগের চিকিৎসা করিয়া কৃতকার্য্য হইয়াছিলেন। এই আভাস প্রাপ্ত হইয়া ডাঃ সোয়ান উহা হোমিওপ্যাথিক শক্তিতে পরিণত করিয়াছিলেন এবং হোমিওপ্যাথিক পদ্ধতি অনুসারে উহার পরীক্ষা করিয়াছিলেন। এস্থলে যে সকল লক্ষণের উল্লেখ করা গেল ইহার সকলগুলিই রোগীর আরোগ্যে সত্য বলিয়া সপ্রমাণ হইয়াছে।

স্নায়ু-কেন্দ্রের প্রতিফলিত পীড়া (reflex affections) সহকারে পরিপোষণের দোষ ও ত্রুটি বিশিষ্ট রোগ।

নৈরাশ্য; বাঁচিয়া থাকিতে যত্নশূন্যতা, মৃত্যুর ভয় নাই কিন্তু মরিতে যাইতেছে বলিয়া নিশ্চিত ধারণা।

আমেরিকার সবমন শিরঃপীড়া।—প্রাতে উঠিবার পর কপালে শিরঃপীড়ার আরম্ভ, মস্তকের পশ্চাদ্ভাগ পর্য্যন্ত প্রসারণ (ব্রাই); দারুণ দপদপ, বিবমিষা, বমন, অন্ধতা ও দুর্দ্দম্য কোষ্ঠ-রোধ (ইপিকাক, আইরিস, স্যাঙ্গ); গোলমাল, আলোক ও সঞ্চালনে (ম্যাগ-মি, সিলি); এবং ঋতু-কালে (ক্রিয়োজ, সিপি) বৃদ্ধি, অতিশয় অবসন্নতা; প্রচাপনে, ও কষিয়া মাথা বাঁধিলে (আর্জ্জ-না, পলস) হ্রাস; বর্ণশূন্য প্রচুর মূত্র।

শ্লৈষ্মিক ডিস্পেপসিয়া (উদ্গার বায়ু দেখ)। আমাশয় হইতে গলায় যেন একটা বড় গোলা উঠিতেছে এরূপ অনুভব, এবং উহাতে শ্বাস-রোধের উৎপত্তি (এসাফ, ক লিয়)

বমন — নিরন্তর বমন, আহারের সহিত উহার কোন সম্বন্ধ নাই, প্রথমে অপরিপাচিত, অতঃপর পিত্ত দ্রব্য, অনন্তর তিক্ত জল বমন, গর্ভাবস্থার বমন (ল্যাক-এসি সোরি)

কোষ্ঠবদ্ধতা — নিষ্ফল মল-বেগ (এনাক, নক্স), শুষ্ক ও শক্ত বিষ্ঠা (ব্রাই, সল), বৃহৎ, শক্ত মল, অতিশয় কুন্থন, উহাতে মলদ্বারের বিদারণ; ক্রন্দনজনক যাতনা। (একজন স্ত্রীলোকের কোষ্ঠবদ্ধ রোগ ছিল, এ জন্য তাহার দশবার পিচকারী লইতে হইত, চারি পাঁচ সপ্তাহ পর্য্যন্ত একেবারেই মল-ত্যাগ হইত না, পনর বৎসর যাবৎ এই রোগ ছিল, অবশেষে এই ঔষধে আরোগ্য জন্মিয়াছিল)।

ঋতু—বিলম্বিত ঋতু, শীতল জলে হাত রাখাতে ঋতু-বিলোপ (কোনা), ঋতু-কালে এক গ্লাস দুগ্ধ পান করিলে তৎক্ষণাৎ পরবর্ত্তী ঋতু-কাল পর্য্যন্ত রজঃস্রাবের বিলুপ্তি (যগ তুলনা করুন)

অতিশয় অস্থিরতা, নিদ্রাহীনতা বশতঃ দীর্ঘকাল-ব্যাপী অত্যন্ত যাতনা (কফ, নাক্স-ভোম)।

কিছু করা হউক বা না হউক সম্পূর্ণ অবসন্নতা অনুভব, হাটিবার সময় অতিশয় ক্লান্তি

অনুভূতি —আবৃত থাকিলেও যেন শীতল বায়ু গায় লাগিতেছে; চাদর যেন আর্দ্র, রোগিণীর এপ্রকার অনুভব।

শোথ।—যান্ত্রিক হৃদ্রোগ; পুরাতন যকৃদ্রোগ; ও অনেক দূর বিবর্দ্ধিত এল্বুমিনুরিয়া হইতে উৎপন্ন; এবং সবিরাম জ্বরের পরবর্ত্তী, শোথ স্থৌল্য বা মেদ-রোগ; মেদের অপকৃষ্টতা প্রাপ্ত।

ল্যাকেসিস।

(Lachesis)

পিত্ত-প্রধান বিমর্ষ প্রকৃতি, মলিনবর্ণ চক্ষু এবং অবসন্নতা ও অলসতার প্রবণতাবিশিষ্ট ব্যক্তি

তিলকা অস্পষ্টাদি ও আরক্ত চুল বিশিষ্ট পিত্ত-প্রধান-ধাতুর নারী (ফস) স্থূলকায় অপেক্ষা ক্ষীণ ও শীর্ণকায় ব্যক্তি ; এবং রোগবশতঃ মানসিক ও শারীরিক পরিবর্তন-প্রাপ্ত ব্যক্তিদিগের পক্ষে, এই ঔষধ বিশেষ উপযোগী

নিবৃত্তরজস্কাদিগের পীড়া (climacteric ailments) ; অর্শ, রক্তস্রাব, উত্তাপাবেশ (hot flushes), উত্তপ্ত ঘর্ম্ম ; মূর্দ্ধাদেশে জ্বালাকর শিরোবেদনা ; বিশেষতঃ রজঃ-নিবৃত্তিকালে অথবা তৎপরে (গ্লোন, সলফ) উহার বিদ্যমানতা

দীর্ঘকাল স্থায়ী শোক ; দুঃখ, ভয় বিরক্তি, প্রেম-বিদ্বেষ বা নিরাশ প্রেম জনিত পীড়া (অরম, ইগে, ফস-এসি)

রজোনিবৃত্তির উপদ্রব হইতে যে সকল নারীর বিমুক্তি লাভ হয় নাই, যাহারা সেই অবধি কখনও স্বাস্থ্য-সুখ ভোগ করে নাই তাহাদের পক্ষে ল্যাক উপযোগী।

শিরঃপীড়া — শঙ্খস্থানে (temple) প্রচাপন বা বিদারণবৎ বেদনা, নড়িলে চড়িলে চাপ দিলে, মাথা নোয়াইলে, শয়নে ও নিদ্রার পরে উহার বৃদ্ধি ; রোগিণীর নিদ্রা যাইতে ভয় হয় কেননা তাহার এই প্রকার মাথাধরা সহকারে জাগরিত হইতে হয়

মদিরাপানের পরে ; পিত্ত-বিকারে, বিলুপ্ত বা অনিয়মিত ঋতু বশতঃ ; রজোনিবৃত্তি কালে ; মস্তকে রক্তের প্রধাবন

বামপার্শ্বিক সন্ন্যাস মূর্দ্ধাদেশে ভার ও চাপ (সিপি) ; মস্তকের পশ্চাদ্ভাগে সীসের ন্যায় চাপ ও ভার (পেট্রো)

মদ্যপায়ীদিগের শিরঃপীড়া বা অর্শ ; বিসর্প বা সন্ন্যাসরোগের প্রবণতা।

প্রধানতঃ বামপার্শ্বের আক্রান্তি ; ডিম্বাশয়, অণ্ডকোষ, বক্ষঃস্থল, মুখমণ্ডল ও গল-মধ্যাদির বামপার্শ্বে রোগের আরম্ভ ও দক্ষিণপার্শ্বে গতি।

গলা, আমাশয়, ও উদরে স্পর্শে অতিশয় অনুভূতি; কোমর বা কটির চারিদিকে দৃঢ় বস্ত্রাদি সহ্য হয় না; গলায় বা উদরে রাত্রিকালে শয্যাবস্ত্র বা গাত্র-বস্ত্রের স্পর্শ সহ্য করিতে পারা যায় না, উহাতে এক-প্রকার অস্বচ্ছন্দতা জন্মে, কিন্তু এপিস বা বেলেডোনার ন্যায় স্পর্শ-দ্বেষ জন্মে না অর্থাৎ ছন্‌ছন্ করে না

উত্তাপ ও শীতের আতিশয্যে অতিশয় দুর্বলতা জন্মে

সমস্ত লক্ষণ, বিশেষতঃ মানসিক লক্ষণ নিদ্রার পরে বৃদ্ধি পায়, অথবা বৃদ্ধি পাইয়া রোগীকে নিদ্রা হইতে জাগায়; বৃদ্ধি না পাওয়া পর্য্যন্ত রোগী নিদ্রা যায়; অসুখী, ব্যাকুলিত, ও বিমর্ষ ভাব, প্রাতে জাগরণান্তে উহার বৃদ্ধি

মানসিক উত্তেজনা, চিত্তের অস্বাভাবিক অবস্থা, প্রায় ভবিষ্যৎবাণীর ন্যায় অনুভব, উদ্দীপ্ত কল্পনা; অতিশয় বহুভাষিতা (এগার, ষ্ট্রাম); সকল সময় কেবল কথা বলিতেই ইচ্ছা; একভাব ছাড়িয়া দিয়া শীঘ্র শীঘ্র অন্য ভাবের কথা বলা; এক একটী কথায় এক একটী গল্পের সূচনা করা।

কোষ্ঠ-বদ্ধতা;—নিশ্চেষ্টতা, সরলান্ত্রে মলের অবস্থিতি, অথচ বেগশূন্যতা; মলদ্বারের আবরণ-পেশীর আকুঞ্চন অনুভব (প্লট, নাই-এসি)।

নিয়মিত সময়ে ঋতু, অতিরক্ত, অল্পকাল স্থায়ী, স্বল্প, ক্ষীণ রজঃ, রজ-স্রাবে সকল বেদনার শান্তি; ঋতু-কালে সর্ব্বদাই ভাল থাকা (জিঙ্ক)

অর্শ;—স্বল্প রজঃ সহকারে; রজোনিবৃত্তি কালে, আকুঞ্চন বশতঃ রক্ত-সঞ্চলন অবরুদ্ধ; ও ঊর্দ্ধদিকে সূচী-বেধবৎ যাতনা সংযুক্ত অর্শ (নাই-এসি)

মুখ বা নাকের নিকটে কোন ক্ষুদ্রতম বস্তু উপস্থিত হইলেও শ্বাসের প্রতিবন্ধকতা; ও একটু দূরে পাখা রাখিয়া আস্তে আস্তে বাতাস দিতে বলা (তাড়াতাড়ি বাতাস দিতে বলা, কার্ব্বো-ভেজি)

নিদ্রিত হইয়া পড়িবামাত্র শ্বাসের স্থগিততা (এম-কা, ল্যাক ক্যা, গ্রিণ্ডি, ওপি)।

অতিশয় শারীরিক ও মানসিক অক্ষমতা সহ স্নায়বীয় কম্পন, দুর্বলতা বশতঃ অবিরত অবসন্নতা, প্রাতঃকালে উহার আধিক্য (সলফ, টিউব)

অপস্মার (epilepsy), নিদ্রাবস্থায় রোগের আক্রমণ (বিউফো), শারীরিক তরল পদার্থের অপচয়, হস্তমৈথুন, ও যৌন সম্বন্ধীয় উত্তেজনাজনিত অপস্মার; ঋতুকালে উপস্থিত অপস্মার (সিকু)।

রক্তস্রাব প্রবণ ধাতুগত অবস্থা, ক্ষুদ্র ক্ষুদ্র আঘাত হইতে সহজে ও অধিক পরিমাণে রক্তপাত (ক্রোট, হেমামে, ফস), মলিন অসংযত রক্ত (ক্রোট, সিকে), টাইফয়েড ও ম্যালেরিয়া জ্বরে রক্তস্রাব, অতিশয় অবসন্নতা (ক্রিয়োজ)

স্ফোটক, কার্বঙ্কল, অত্যন্ত বেদনাবিশিষ্ট ক্ষত (টার), দূষিত ব্রণ, শয্যা ক্ষত; উহার মলিন, ঈষৎ নীল, বেগুনি আকৃতি; উৎকটতা জন্মিবার সম্ভাবনা

বিষাক্ত অভিঘাতের, ও শবচ্ছেদের মন্দ ফল (পাইরো)।

মূত্রাশয়ে যেন একটী গোলক (ball) গড়াইতেছে এরূপ অনুভব

পূর্ব্ববর্ত্তী শরৎকালে কুইনাইন সেবনে অবরুদ্ধ জ্বরের প্রতিবৎসর বসন্তকালে প্রত্যাবৃত্তি (কার্ব্বো-ভেজি, সলফ)

সুপ্তি, মৃদুপ্রলাপ, নিমগ্ন মুখাকৃতি, নিম্ন-হনুর পতন, জিহ্বার শুষ্কতা, কৃষ্ণবর্ণ, ও কম্পন; কষ্টে জিহ্বা বাহির করা যায় অথবা বাহির করিবার সময় আটকিয়া যায়, চক্ষুর শুভ্রমণ্ডলের পীত বা কমলালেবুর বর্ণ; ঘর্ম্ম শীতল, বস্ত্রে পীতবর্ণ চিহ্নকর ও রক্তাক্ত (থাই), এই সকল লক্ষণে টাইফাস ও টাইফয়েড জ্বর।

বামপার্শ্বে আরম্ভ ও দক্ষিণপার্শ্বে প্রসারিত ডিপথিরিয়া ও টন্সিলাইটিস (ল্যাক-ক্যান, সাবাড); মলিন বেগুনি আকৃতি (নাজা), উত্তপ্ত পানীয় দ্রব্য পানে, ও নিদ্রান্তে বৃদ্ধি; গিলিবার সময় অতরল অপেক্ষা তরল দ্রব্য গিলিতে অধিকতর যাতনা (বেল, ব্রাই, ইগে); গলার আকৃতি দেখিয়া যেরূপ বোধ হয় তদপেক্ষা অধিকতর অবসাদ।

উপচয়।—নিদ্রান্তে; অম্ল, মদির, সিঙ্কোনা ও পারদ সেবন জন্য;

স্পর্শে, প্রাতে ও সন্ধ্যাকালে, শীতোত্তাপের আত্যাধিক্যে; সূর্য্যের তাপে; বসন্তকালে; ও গ্রীষ্মকালে; বৃদ্ধি

উপশম।—উষ্ণতায় হ্রাস

সম্বন্ধ। (১) হিপ, নই, লাই গ্রাসের সহিত অনুপূরক সম্বন্ধ (২) অ্যাসেটিক এসিড ও কার্ব্ব-এসিডের সহিত বিষম-গুণ সম্বন্ধ (৩) সবিরাম জ্বরে ক্যাকেসিয়ার ব্যবহারে জ্বরের প্রকার পরিবর্ত্তিত হইলে ক্যাক্টেসের পরে ন্যাট মিউর ভাল খাটে

ষ্ট্যানম।

(Stannum)

মন ও শরীরের অত্যন্ত অবসন্নতা। আমাশয়ে নিমগ্নতা ও শূন্যতা অনুভব (কেলি, ফস, সিপি)।

সর্ব্বদা ক্রন্দনের ন্যায় বিমর্ষতা ও নিরাশতা অনুভব, কিন্তু ক্রন্দন করিলে উহার আতিশয্য (প্যাট, পলস, সিপি); শ্রান্তি ও দুর্ব্বলতা, বিশেষতঃ নীচের তলায় নামিতে, কিন্তু উপরের তলায় বেশ উঠিতে পারা যায় (বোরা। -ক্যাল্কের বিপরীত)।

শিরঃপীড়া কিংবা স্নায়ু-শূল (neuralgia); মৃদুভাবে বেদনার আরম্ভ এবং ক্রমে ক্রমে চরম সীমা (highest point) পর্য্যন্ত বৃদ্ধি; অনন্তর ক্রমে ক্রমে হ্রাসপ্রাপ্তি (প্লাট)

উদর-বেদনা; শক্ত চাপ দিলে, অথবা উদর জানুদ্বয়ের আড়াআড়ি রাখিলে উহার উপশম (কলো); দীর্ঘক্রিমি; ক্রিমি-নিঃসরণ।

নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে, অতিরিক্ত প্রভূত রজঃস্রাব; ঋতুর পূর্ব্বে বিমর্ষতা ঋতু-কালে হনুর অস্থিতে বেদনা

প্রদর, অতিশয় দুর্ব্বলতা; বক্ষঃস্থল হইতে যেন দুর্ব্বলতা উৎপন্ন হইতেছে এরূপ অনুভব [উদর ও বস্তি-গহ্বর (pelvis) হইতে কস, সিপি]।

গুহ্য-ভ্রংশ, মল-ত্যাগ-কালে উহার আধিক্য (অতিসার সহকারে আতিশয্য, পড) ; এত দুর্ব্বলতা, যে বসিবার পরিবর্ত্তে রোগিণী আসনে (chair) পতিত হয় ।

প্রাতঃকালে কাপড় পরিবার সময় কয়েকবার বসিয়া বিশ্রাম করিয়া লইতে হয় ।

প্রাতঃকালে ; ও খাদ্যদ্রব্য পাকের গন্ধ হইতে বিবমিষা ও বমনের উৎপত্তি (আর্স, কলচি) ।

গান করিবার বা স্বর চালনা করিবার সময় স্কন্ধের ত্রিকোণাকার পেশীতে (deltoid) ও বাহুদ্বয়ের বেদনা ও দুর্ব্বলতা

বক্ষঃস্থলে অতিশয় দুর্ব্বলতা ; কথা বলিলে, হাসিলে, উচ্চ-স্বরে পড়িলে, ও গান করিলে উহার বৃদ্ধি ; এত দুর্ব্বলতা যে কথা বলিতে পারা যায় না ।

গভীর, ফাঁপ, বিথণ্ডিত, শ্বাস-রোধকর, কাস ; কম্পকর ; এক এক আবেগে তিনবার উপস্থিত, কাস (দুইবার উপস্থিত, মার্ক) ; সন্ধ্যাকালে শয্যায় থাকা কালীন শুষ্ককাস ; বক্ষঃস্থলে শূন্যতানুভব ।

অণ্ডের শ্বেতাংশসদৃশ, প্রভূত নিষ্ঠীবন ; উহার ঈষৎ মিষ্ট ও লবণাস্বাদ (কালী-আই, সিপি) ; অম্ল পচা, ভাপসা · পীত-মিশ্রিত হরিদ্বর্ণ পূ((ভারী, সবুজ, লোণা পূয, কালী-আই) , দিবাভাগে নিঃসরণ ।

স্বরভঙ্গ ; গভীর, কর্কশ, শূন্য-গর্ভ স্বর ; কাসিলে অথব শ্লেষ্মা তুলিয়া ফেলিলে উহার সাময়িক উপশম ।

ভাপসা-গন্ধ ; প্রত্যহ রাত্রি চারিটার পরে ঘাড়ে ও কপালে ; অতিশয় দৌর্ব্বল্যকর ঘর্ম্ম

উপচয় ।—হাস্যে, গানে, আলাপনে, স্বর-চালনে ; দক্ষিণপার্শ্বে শয়নে ; ও উষ্ণ দ্রব্য পানে (শীতল দ্রব্য পানে, স্পঞ্জ) বৃদ্ধি ।

উপশম ।—কাসিলে অথবা নিষ্ঠীবন তুলিলে স্বরভঙ্গের উপশম ; শক্ত চাপ প্রদানে হ্রাস (কলো)

সম্বন্ধ।—(১) পল্‌সেটিলার সহিত অনুপূরক সম্বন্ধ

(২) কষ্টিকমের পরে, এবং ক্যাম্ফ, ফস, সিপি, সল, টিউবের পূর্ব্বে ষ্টানম ভাল খাটে।

ষ্ট্যাফিসেগ্রিয়া।

(Staphisagria)

কৃত্রিম মৈথুন ও অতি মৈথুন জনিত মানসিক লক্ষণ।

অত্যল্প মানসিক সংস্কারে (mental impression) অতিশয় অনুভূতি; যৎসামান্য কার্য্যে কিংবা দোষশূন্য কথায় বিরক্তি।

অন্যের বা নিজের কৃতকার্য্যে রুষ্টতা; উহার ফলাফল ভাবিয়া শোক প্রকাশ

ইন্দ্রিয়-সেবার অপব্যবহার বশতঃ চিত্তের ঔদাস্য, বৈরাগ্য, নিরুৎসাহ ও স্মৃতি দৌর্ব্বল্য (এনাকা, অর, ষ্ঠাট, ফস-এসি)।

অহঙ্কার, হিংসা বা বিরক্তি জনিত অসুখ

মন্দ প্রকৃতির বালক-বালিকাদিগের কোন দ্রব্যের জন্য ক্রন্দন, এবং উহা প্রাপ্ত হইলে অসন্তুষ্ট চিত্তে প্রত্যাখ্যান বা দূরে নিক্ষেপ করা (ক্রিয়োজ)।

অপমানিত হইয়া ক্রোধ সম্বরণ করিয়া রাখা এবং অসুস্থ হইয়া কম্পিত ও অবসন্ন শরীরে গৃহে ফিরিয়া যাওয়া (নক্সের বিপরীত)

কপালে একটা গোলাকার বর্ত্তুলের ন্যায় অনুভব, মাথা ঝাঁকিলেও সেই স্থানে দৃঢ়রূপে উহার অবস্থিতি তীব্রধার অস্ত্রজনিত উপঘাত, শস্ত্রোপচারের পরবর্ত্তী উপঘাত; ছুরিকা দ্বারা কর্ত্তনের ন্যায় বেধনবৎ বেদনা।

কৃত্রিম মৈথুন; অতি-মৈথুন, শুক্রক্ষয়; বিরক্তি; দুঃখ, অনুচিত অপমান; বিরক্তি বা সংযত অসন্তুষ্টি সংযুক্ত রুষ্টতা জনিত মন্দফল (অরম)।

স্নায়বীয় দুর্ব্বলতা অধিক কঠিন পরিশ্রমের পরবর্ত্তী অবসন্নতার ন্যায় অবসন্নতা।

অক্ষিপুটে বা উপরের অক্ষিপুটে একটীর পর আর একটী অঞ্জনী, এবং তৎপরে শক্ত শক্ত স্থানের অবশেষ (কোনা, থুজা)

দন্ত-বেদনা —ঋতুকালে দন্ত-বেদনা, ঊর্দ্ধ ও নিম্ন হনুর উভয় প্রকার দন্তেই বেদনা; খাদ্য দ্রব্য ও পেয় দ্রব্যের স্পর্শে কাতরতা, কিন্তু দংশন বা চর্ব্বণে বেদনাশূন্যতা; মুখবিবরে শীতল বায়ু আকর্ষণ করিলে (এণ্ট-ক্রুড, মার্ক); এবং শীতল পানীয় দ্রব্য পানে ও আহারান্তে উহার বৃদ্ধি

দাঁত কাল, উহাদের ভিতর দিয়া কাল কাল রেখা দৃষ্ট হয়; পরিষ্কৃত রাখিতে পারা যায় না; খণ্ড খণ্ড হইয়া ভাঙ্গিয়া পড়ে, প্রান্তদেশ ক্ষয়প্রাপ্ত হয় (মূলদেশের ক্ষয়প্রাপ্তি, মেজ, থুজা), শীতাদ (scurvy) জনিত শরীরবিকার।

আমাশয় ভুক্তদ্রব্যে পূর্ণ থাকিলেও অত্যন্ত ক্ষুধা।

আমাশয় ও উদর যেন শিথিলিত হইয়া নীচে ঝুলিয়া পড়িয়াছে এপ্রকার অনুভব (এগার, ইপি, টাবে)

তামাক সেবনে স্পৃহা।

শস্ত্রক্রিয়া দ্বারা মূত্রাশয় হইতে প্রস্তর বাহির করা ব ডিম্বাশয়চ্ছেদের পরে; ও উদরচ্ছেদের পরে (বিস, হিপ) উদর-বেদনা।

বিবাহিতা যুবতীদিগের; সঙ্গমান্তে; ও কষ্টসাধ্য প্রসবের পর (ওপি) মূত্রে বেগ, অনেকক্ষণ পর্য্যন্ত মূত্র-ত্যাগের স্থানে বসিয়া থাকিতে হয়; যখন প্রস্রাব করা যায় না, তখন মূত্র মার্গে জ্বালা; বৃদ্ধদিগের মূত্রাশয়ের মুখশায়ীগ্রন্থির উৎসর্গে মূত্র-ত্যাগের পর বেগ ও বেদনা; মূত্রাশয়-ভ্রংশ (prolapse of bladder)

সঙ্গমেন্দ্রিয়ের বেদনা বিশিষ্ট অনুভূতি, বাহ্য স্ত্রী-অঙ্গের এতই অনুভূতি যে উহার উপর বস্ত্রের স্পর্শ সহ্য হয়না (প্লাট)।

কৃত্রিম মৈথুন; অবিরত রমণ-বিষয়ক বর্ণনা, সর্ব্বদা রতিসুখের ভাবনা

শুক্র-মেহ; নিমগ্ন মুখাকৃতি; অপরাধিত, লজ্জিত দৃষ্টি; শুক্রপাতান্তে পৃষ্ঠ-বেদনা ও দুর্ব্বলতা; সঙ্গমেন্দ্রিয়ের অবসন্নতা ও শিথিলতা অথবা শীর্ণতা।

কাস, কেবল দিবাভাগে, অথবা কেবল আহারান্তে কাস, মাংস আহারের পর; এবং নিদ্রা ও পরিশ্রমের পর উহার আধিক্য; দাঁত মাজিলে কাসের উদ্রেক

শীতকালে হুপিং-কাসসদৃশ কাস সহকারে পর্য্যায়ক্রমে গ্রীষ্মকালে সায়েটিকা; তামাকের ধূমে কাসের উদ্রেক (স্পঞ্জ)।

পৃষ্ঠ-বেদনা, রাত্রিতে শয্যায় এবং প্রাতে শয্যা হইতে উঠিবার পূর্ব্বে উহার আধিক্য

সন্ধি-স্থানে; বিশেষতঃ হস্তের অঙ্গুলী-সন্ধিতে বাতজনিত চূর্ণময় পদার্থের সঞ্চয় (কলোফা, কলসি, লাই); স্বেদ ও পূয সহকারে অঙ্গুলীর ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধির প্রদাহ

সারা দিন নিদ্রালুতা, সারারাত্রি নিদ্রাহীনতা; সর্ব্ব শরীরে ব্যাথা।

শুষ্ক, সবৃন্ত, ফুলকপির মত; ও পারদ অপব্যবহারের পর উৎপন্ন; ডুম্বরবৎ আঁচিল বা উপমাংস (নাই-এসি, স্তাব, থুজা)।

জ্বরে, আক্রমণের কয়েক দিন পূর্ব্বে অতি ক্ষুধা।

পামা (Eczema)।—টিপিটিকার নিম্ন হইতে পীতবর্ণ, বিদাহী রস-ক্ষরণ, ঐ রস লাগিয়া নূতন স্ফোটের উৎপত্তি; কোন একস্থান চুলকাইলে উহার কণ্ডুয়নের নিবৃত্তি, কিন্তু অন্য স্থানে উপস্থিতি

উপচয়।—রাত্রিতে; প্রাতে, শুক্রাদি স্তরল বিধানের অপক্ষয় বশতঃ; অতি মৈথুন নিবন্ধন; কৃত্রিম মৈথুন জন্য, তাম্রকূট সেবনে; আক্রান্ত স্থানের অল্পমাত্র স্পর্শে; মানসিক পীড়ায়, রাগ, বিরাগ, ও শোক-দুঃখে; বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) রাণনকুলের সহিত প্রতিকূল সম্বন্ধ। উহা এই ঔষধের পূর্ব্বে বা পরে ব্যবহৃত হয় না। (২) কষ্ট, কলো, ইগে, লাই ও পলসের সহিত তুলনা হয়। (৩) কলো ও ষ্ট্যাফ একটীর পর আর একটী ভাল কাজ করে (৪) কষ্টের পরে কলো, কলোর পরে ষ্ট্যাফ ভাল ফল দর্শায়

ষ্ট্রামোনিয়ম।

(Stramonium)

রক্ত-প্রধান যুবক যুবতীদিগের রোগে (একন, বেল,), বিশেষতঃ কোরিয়া রোগগ্রস্ত বালক-বালিকাদিগের পক্ষে ; এবং উন্মাদ, জ্বর, ও প্রলাপে ; ষ্ট্রামোনিয়ম বিশেষ উপযোগী।

প্রলাপ — বাচালতা, সর্ব্বদা কথা বলা, গান করা, পদ্য রচনা করা, উন্মত্তবৎ বক্ বক্ করিয়া বকা। বেলেডোনা ও হাইওসায়েমাসের সহিত ষ্ট্রামোনিয়মের প্রলাপের সাদৃশ্য দেখা যায় বটে, কিন্তু প্রভেদ আছে। ষ্ট্রামোনিয়মের প্রলাপ অধিকতর প্রচণ্ড, উন্মাদ অধিকতর তরুণ, কিন্তু রক্ত-সঞ্চয় হাইওসায়েমাস অপেক্ষা অধিকতর ও বেলেডোনা অপেক্ষা অনেক অল্পতর, কখনও প্রকৃত প্রাদাহিক অবস্থার সমীপবর্ত্তী নহে।

বহুভাষিতা ; অবিশ্রান্ত কথা বলিতে প্রবৃত্তি (সিকু, ল্যাক) ; অবিরত ও অসঙ্গত আলাপন ও হাস্য করণ ; ভক্তিনিষ্ঠা সহ প্রার্থনা করা, বিনয় ও অনুনয় করা।

সংজ্ঞাসংযুক্ত উন্মাদ (নগ্ন —সংজ্ঞাশূন্য, বেল, সিকু, হাইও, ওপি) ; জ্যোতিঃ, জল, ও দর্পণ দর্শনে উহার পুনরুপস্থিতি (বেল, ল্যাইস)।

আলোক প্রাপ্তির ইচ্ছা ও আসঙ্গলিপ্সা (Desire for light and company) ; একাকী থাকা সহ্য করিতে পারা যায় না (বিস) ; অন্ধকারে ও নির্জ্জনে বৃদ্ধি প্রাপ্তি ; অন্ধকার গৃহে হাঁটিতে পারা যায় না।

আকুঞ্চিত মুখাকৃতি সহ নিদ্রা হইতে জাগরণ, যেন প্রথম যে বস্তুর প্রতি দৃষ্টি পতিত হইয়াছে তাহা দেখিয়া ভয় জন্মিয়াছে।

অবাস্তব বস্তু দর্শন করিয়া রোগীর ভয়প্রাপ্তি।

প্রলাপাবস্থায় পলায়নের প্রবৃত্তি (বেল, ব্রাই, ওপি, হ্যস)

রোগিণী যেন দুইজন বা দ্বিগুণিত, অথবা অনুপ্রস্থভাবে (crosswise) শয়িত, তাহার ঈদৃশ নানাবিধ কল্পনা (পেট্রো)।

মস্তক যেন ইতস্ততঃ খণ্ড খণ্ড হইয়া বিক্ষিপ্ত হইয়াছে এরূপ অনুভব (ব্যাপ্টি)।

প্রসারিত, সমুন্নত, সমুজ্জ্বল চক্ষু; সুবিস্তৃত প্রসারিত কনীনিকা, উহার চৈতন্যশূন্যতা, অক্ষি ও অক্ষিপুটের আকুঞ্চন

শিশুকে তিরস্কার করিলে তাহার কনীনিকার প্রসারণ।

শীতল হস্ত-পদ সহকারে মুখমণ্ডলের উত্তপ্ততা ও আরক্ততা, গণ্ডদ্বয়ের সীমাবদ্ধ আরক্ততা, মুখমণ্ডলে রক্তের উথিতি; হাস্যবৎ আক্ষেপিক মুখবিকৃতি।

অধিকাংশ রোগের সহিত বেদনা-পরিশূন্যতা (ওপি)।

জলাতঙ্ক, জলের ভয়, তরল পদার্থে অত্যন্ত অপ্রবৃত্তি (বেল, লাইসি); গলার আক্ষেপিক আকুঞ্চন.

গদগদভাষণ (তোতলামি); একটী কথা উচ্চারণ করিবার পূর্ব্বে অনেকক্ষণ পরিশ্রম করিতে হয়; কথা বলিতে অতিশয় চেষ্টা আবশ্যক হয়; মুখমণ্ডলের বিকৃতি জন্মে (বোভ, ইগ্নে, স্পিজি)

বালিশ হইতে মাথা তুলিলেই বমন জন্মে; উজ্জ্বল আলোক দেখিলেও বমন হয়।

স্বতন্ত্র স্বতন্ত্র পেশীর অথবা পেশীপুঞ্জের, বিশেষতঃ শরীরের উর্দ্ধাংশের পেশীর স্পন্দন। কোরিয়া।

অধিকাংশ রোগের সহিত বেদনার অবিদ্যমানতা; <u>বেদনাহীনতা</u>, বিশেষ লক্ষণ (ওপি)।

নিদ্রালুতা, অথচ নিদ্রা হয় না (বেল, ক্যাম, ওপি)

উপচয়।—অন্ধকারে; একাকী থাকিলে; উজ্জ্বল বা চিক্কণ (shining) দ্রব্যের প্রতি দৃষ্টি করিলে; স্পর্শে; নিদ্রান্তে (এপিস, ল্যাক, ওপি, স্পঞ্জ); ও গিলিবার সময়; বৃদ্ধি

উপশম।—লোক সংসর্গে; উজ্জ্বল আলোকে; ও উষ্ণতায়; হ্রাস।

সম্বন্ধ —(১) বেল, কুপ, হাইও ও লাইসিনের পরে প্রায়ই ষ্ট্রামোনিয়ম উপযোগী হয় (২) ফুলের অবরোধ বশতঃ জরায়ুর রক্তস্রাবে ষ্ট্রামোনিয়ম-

সূচক এবং তাপ-লক্ষণের বিদ্যমানতায় ইহা যে বিফল হইলে সিকেলি শীঘ্র ক্রিয়া করে (জ্বর ও পচন-প্রবণতায়, পাইরো) (৩) উপ-দংশ-কালে পুনঃ পুনঃ বেলে-ডোনা প্রয়োগ করাতে অতি ক্রিয়া জন্মিলে ইহা ব্যবহৃত হয়

সল্‌ফার।

(**Sulphur**)

গণ্ডমালা ধাতু-দোষ-গ্রস্ত, শৈরিক রক্ত-সঞ্চয়, বিশেষতঃ যকৃতের শিরামণ্ডলীর রক্ত-সঞ্চয় প্রবণ ব্যক্তি

যাহারা তাড়াতাড়ি নড়ে-চড়ে, সত্বর উত্তেজিত হইয়া উঠে বা অবসন্ন হইয়া পড়ে, যাঁহাদের শরীরে রক্তের প্রাধান্য, ত্বকে বাত্তাতপের পরিবর্ত্তনের অত্যন্ত অনুভূতি, এপ্রকার স্নায়বীয় প্রকৃতির ব্যক্তি (হিপ, কালী-কা, সোরি)।

যাহারা অবনীর্ষ (stooping) হইয়া উপবেশন বা বিচরণ করে ; বৃদ্ধদিগের ন্যায় অবনত মস্তকে হাঁটে ; এপ্রকার শীর্ণ-কায় অবনত-স্কন্ধ ব্যক্তি

সলফার জ্ঞাপক রোগী দাঁড়াইয়া থাকিতে পারেনা ; উহাতে অস্বচ্ছন্দতা অনুভূত হয়।

চর্ম্ম-রোগ-প্রবণ (সোরি) অপরিচ্ছন্ন মলিন ব্যক্তি।

প্রক্ষালনে অপ্রবৃত্তি ; স্নানের পরে সর্ব্বদাই মন্দাবস্থাপ্রাপ্তি।

এত অলস যে জাগিতে চাহেন ; এত অসুখী যে বাঁচিতে চাহেন।

শিশুদিগের গাত্র-প্রক্ষালন বা স্নান সহ্য হয় না (শীতল জলে, এন্ট-ক্রুড) ; শীর্ণ-শরীর বৃহৎ-উদর শিশু ; রাত্রিতে অস্থিরতা ও উগ্রতা, পদাঘাত করিয়া বস্ত্রাদি ফেলিয়া দেওয়া (হিপ, স্যানি) ; কৃমির বিদ্যমানতা, কিন্তু সর্ব্বোৎকৃষ্ট নির্ব্বাচিত ঔষধেও কোন ফল দর্শেনা।

যখন কোন রোগে, বিশেষতঃ তরুণ রোগে সতর্কতা সহকারে নির্ব্বাচিত ঔষধেও সুফল দর্শেনা, তখন সচরাচর সলফার ব্যবহারে শরীরের প্রতিক্রিয়া-শক্তি সমুদ্রিক্ত হয়; রোগীর লক্ষণ পরিস্ফুট হইয়া উঠে (পুরাতন রোগে সোরি)।

উদ্ভেদ বসিয়া গিয়া সমুৎপন্ন গণ্ডমালাজনিত পুরাতন রোগ (কষ্ট, সোরি)

পুনঃ পুনঃ প্রত্যাবৃত্ত রোগ; (রজোরোগ, প্রদরাদি); রোগ যখন বারবার প্রত্যাবৃত্ত হয় তখন রোগী যেন প্রায় সুস্থ হইতেছে এরূপ বোধ হয়।

চক্ষু, বক্ষঃ, নাক, উদর, ডিম্বাশয়, বাহু, জঙ্ঘা প্রভৃতি এক এক অঙ্গে; কিম্বা রজোনিবৃত্তি কালে শরীরের কোন যন্ত্রে উৎপন্ন অর্ব্বুদাদিতে রক্ত সঞ্চয়।

মস্তক-শিখরে; চক্ষে আরক্ততা-পরিশূন্য মুখমণ্ডলে, মুখ-বিবরের ফোস্কায়; প্রথমে দক্ষিণ দিকে পরে বামদিকের গলকোষে; আমাশয়ে, সরলান্ত্রে; কণ্ডুয়নশীল অর্শবলি, ও বিদাহী মূত্র সহকারে মলদ্বারে, অস্থির ক্ষুদ্রক্ষুদ্র তরঙ্গের অনুরূপ (আস´); বক্ষঃস্থলে বদন পর্য্যন্ত উত্থিত; তাপাবেশ সহকারে সর্ব্বশরীরের ত্বকে, ও স্কন্ধাস্থিদ্বয়ের মধ্যবর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে (ফস), জ্বালানুভব।

অবসাদজনক ও দৌর্ব্বল্যকর (স্যাঙ্গ); এবং উত্তপ্ত মস্তক-শিখর ও শীতল পদ সম্বলিত; প্রতি সপ্তাহে বা প্রতিপক্ষে প্রত্যাগত; সবমন শিরঃপীড়া

মস্তকের মধ্যস্থলে সতত উত্তাপ; দিবাভাগে পদদ্বয়ের শীতলতা, রাত্রিতে পদতলের জ্বালা, পদ-তল শীতল স্থলে রাখিবার চেষ্টা (স্যাঙ্গ, স্যানি), শীতল করিবার জন্য পদদ্বয় শয্যার বাহিরে রাখিতে হয় (মেড), রাত্রিতে জঙ্ঘ-পৃষ্ঠে ও পদ-তলে খল্লী

দিবাকালে উত্তাপাবেশ, তৎসহ দুর্ব্বলতা ও শ্রান্তির আবেশ, গাত্রের অল্প অল্প আর্দ্রতা সহকারে উহার অবসান।

রক্ত যেন ফাটিয়া বাহির হইবে ওষ্ঠাধরের এপ্রকার উজ্জ্বল আরক্ততা (টিউব)

পূর্ব্বাহ্ন ১১টার সময় আমাশয়ে দুর্ব্বলতা ও শূন্যতা অনুভব (১০ টা বা ১১টার সময় শূন্যতানুভব ও আহারে উহার শান্তি, ন্যাট-কা); জলখাবার সময় পর্য্যন্ত অপেক্ষা করিতে পারা যায়না; দিবাভাগে বারবার দুর্ব্বলতা ও শ্রান্তির আবেশ (জিঙ্ক তুলনা করুন)

দুই প্রহর রাত্রির পরে বেদনাবৃদ্ধি খাওয়ার, অতি প্রত্যুষে শয্যাত্যাগ করিয়া তাড়াতাড়ি বহির্দেশে যাইতে হয় (এলো, সোরি); বোধহয় যেন অন্ত্র এত অতিরিক্ত দুর্বল হইয়া পড়িয়াছে যে, উহা উহার আধেয় (contents) ধারণ করিয়া রাখিতে পারেনা।

কোষ্ঠ-কাঠিন্য; শক্ত, গ্রন্থিল, দগ্ধবৎ শুষ্ক মল (ব্রাই); যাতনা-জনক বৃহৎ মল, বেদনা জন্মে বলিয়া শিশু মলত্যাগ করিতে ভয় পায়, অথবা বেদনা বশতঃ শিশু প্রাণপণে মল-ত্যাগের চেষ্টা করেনা; পর্য্যায় ক্রমে কোষ্ঠ-রোধ ও অতিসার।

যে যে স্থান দিয়া মল-মূত্র প্রবাহিত হয় সেই সেই স্থানে যাতনা; অধিক পরিমাণে বর্ণশূন্য মূত্র-স্রাব; মলদ্বারের চারিদিকের আরক্ততা ও অবদরণ; শরীরের সকল দ্বারগুলিরই অতিশয় আরক্ততা; সকল স্রাবেরই বিদাহিতা, উহা যেখানে স্পর্শ করে সেখানেই অবদরণ জন্মায়।

ঋতু;—নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে, অধিক দিন স্থায়ী, প্রভূত রজঃ। অতি রজোরোগ, বিগত গর্ভস্রাব হইতে অসুস্থতা। "অমাবস্যার সময় কেবল একমাত্র ঔষধ ব্যবস্থেয়"—লিপি।

স্ফোটক,—শরীরের ভিন্ন ভিন্ন স্থানে দলে দলে স্ফোটকের উৎপত্তি, অথবা প্রথমটি আরোগ্য হইবামাত্র আর একটির উৎপত্তি (টিউব)।

ত্বক্;—সুখকর-কণ্ডূয়ন, চুলকাইলে উপশম; চুলকাইতে ভাল লাগে; চুলকাইলে জ্বালা হয়; শয্যার উত্তাপে বাড়ে (মার্ক); চর্ম্মের বলীতে ক্ষত (লাই)

ঔষধাক্ত সাবান ও ধৌতাদি দ্বারা চিকিৎসিত চর্ম্ম-রোগ; মলম দ্বারা চিকিৎসিত অর্শ।

মস্তিষ্ক, ফুসফুস-বেষ্ট, ফুসফুস, ও সন্ধিতে মস্ত-সঞ্চয় অথবা প্রদাহজনিত অন্তর্বিধ ক্ষরিত পদার্থের আশোষণে ব্রাইওনিয়া, কালী-মিউর, অথবা অপর সুনির্ব্বাচিত ঔষধে উপকার না দর্শিলে সলফার ব্যবহৃত হয়।

অপরিমিত সুরাপান জনিত পুরাতন বিষ-লক্ষণ; মদ্যপায়ীদিগের শোথ

ও অন্যান্য পীড়া ; এক এক বার মস্ত পরিত্যাগ কিন্তু পুনঃ পুনঃ প্রতিগ্রহণ (সোরি, টিউব)

রাত্রিকালীয় শ্বাস রোধের আক্রমণ, দ্বার ও জানালা খুলিয়া দিতে বলা ; রাত্রিতে সহসা সম্পূর্ণরূপে জাগরিত হইয়া উঠ ; সায়াহ্নে সূর্য্যাস্তের পর তন্দ্রালুতা, সমস্ত রাত্রি নিদ্রাশূন্যতা।

সুখকর স্বপ্ন, গান করিতে করিতে জাগরণ

রোগী যাহা ভালবাসে তাহাই তাহার নিকট সুন্দর দেখায় ; এমন কি নেকড়াও সুন্দর দেখায়

উদরে জ্রূণের সঞ্চালনের ন্যায় সঞ্চালন (ক্রোক, থুজা)

উপচয়।—বিশ্রামে ; দাঁড়াইলে ; শয্যার উষ্ণতায় ; প্রক্ষালনে, স্নানে ; ও পরিবর্ত্তনশীল বাতাতপে (হ্রাস) ; বৃদ্ধি

উপশম।—শুষ্ক,উষ্ণকালে ; ও দক্ষিণ পার্শ্বে শয়নে (ষ্টানের বিপরীত) ; হ্রাস

সম্বন্ধ।—(১) একো ও সোরির সহিত অনুপূরক সম্বন্ধ (২) সাধারণতঃ ধাতব ঔষধ অপব্যবহারের মন্দ ফল। (৩) ক্যাল্ক, লাই, পলস, সার্স, সিপির সহিত অনুকূল সম্বন্ধ (৪) সলফ, ক্যাল্ক, লাই ; অথবা সলফ, সার্স ও সিপি অনেক সময় উল্লিখিত পর্য্যায় অনুসারে পরপর ব্যবহৃত হয় (৫) সলফারের পূর্ব্বে ক্যাল্কেরিয়া ব্যবহার করা উচিত নহে (৬) নিউমোনিয়া ও অন্যান্য তরুণ রোগে একোনাইটের পরে সলফার ভাল খাটে।

সংলফিউরিক এসিড।

(Sulphuric Acid)

লঘু কেশ ; বৃদ্ধ ও বিশেষতঃ বৃদ্ধাদিগের পক্ষে ; এবং নিবৃত্তরজস্কাদিগের উত্তাপাবেশে এই ঔষধ বিশেষ উপযোগী

অবাধ্যতাবশতঃ নয়, কিন্তু অনুপযোগিতা বশতঃ প্রশ্নের উত্তর দিতে অনিচ্ছা।

অতিশয় ব্যস্ত-সমস্ততা অনুভব, প্রত্যেক বিষয়ই সত্বর সম্পন্ন করিবার প্রয়োজন (আর্জ্জ-না)

ক্রমে ক্রমে ও ধীরে ধীরে বিবর্দ্ধিত বেদনা, চরম সীমায় উপস্থিত হইয়া সহসা উহার নিবৃত্তি, কিন্তু পুনঃ পুনঃ প্রত্যাবৃত্তি (প্লাস)।

স্থূল-মুখ অস্ত্রের চাপের ন্যায় বেদনা উপঘাত প্রাপ্তির পর, বিশেষতঃ বৃদ্ধদিগের পক্ষে, গ্যাংগ্রীণ জন্মিবার সম্ভাবনা।

সতর্কভাবে প্রক্ষালন করিলেও শিশুর গাত্রে অম্লগন্ধ (হিপ, ম্যাগ-কা, রিউম)

কপালে যেন মস্তিষ্ক আলগা হইয়াছে এবং একপাশ হইতে ওপাশে পড়িতেছে এরূপ অনুভব (বেল, ব্রাই, রাস, স্পাইজি)

মুখ-বিবর, দন্ত-মূল অথবা সমগ্র গণ্ড-গহ্বরের উপক্ষত (aphthae), দন্ত-মূল হইতে সহজে রক্তপাত; ক্ষতগুলির ব্যথিততা, শ্বাসে দুর্গন্ধ (বোর)

পুরাতন হৃদাহ (বুক-জ্বালা), অম্ল উদ্গার, দাঁত টক হয় (রোব)।

মদিরার সহিত মিশ্রিত না করিয়া জল পান করিলে আমাশয়ের শীতলতা জন্মে।

প্রকৃত কম্পন ব্যতীত সর্ব্ব শরীরে কম্পানুভব; মদিরাপায়ীদিগের আভ্যন্তরিক কম্পন। *

উপঘাত প্রাপ্তির মন্দফল, দুষ্টব্রণ উন্মোচিত ও নীলাভ ত্বক; অবসন্নতা (এসেট-এসি)

কালিমা (Ecchymosis); ক্ষত-চিহ্নের রক্তবৎ লোহিতবর্ণে বা নীলবর্ণে পরিণতি ও বেদনাপূর্ণতা (হরিৎবর্ণে পরিণতি, লিড)।

পেটিকিয়া; পার্পুরা হেমরেজিকা; নীলবর্ণ দাগ; সীসবর্ণ, আরক্ত, কণ্ডূয়নশীল ফুস্কুড়ি।

শরীরের সকল দ্বার হইতে কৃষ্ণবর্ণ রক্তস্রাব (ক্রোট, মিউ-এসি, নাই-এসি; টেরে)।

---

* হেরিং বলেন যে সলফিউরিক এসিড একভাগ এলকোহল তিনভাগ, ১০ হইতে ১৫ বিন্দু, প্রতিদিন তিনবার তিন চারি সপ্তাহ পর্য্যন্ত ব্যবহার করিলে মদিরা-পানের প্রবৃত্তি প্রশমিত হয়

পতন বা আঘাত বশতঃ মস্তিষ্কের সংঘর্ষ বা সংঘাত এবং উহাতে ত্বকের শীতলতা ও শরীরের শীতল ঘর্ম্ম সিক্ততা।

কোন গভীর মূল ধাতু-দুষ্টত জনিত দুর্ব্বলতা ও অবসন্নতা, অন্য কোন লক্ষণ নহে (গোরি, সংক্ষ)

সম্বন্ধ।—(১) পলসের সহিত অনুপূরক সম্বন্ধ (২) ঘৃষ্টবৎ বেদনা, পাণ্ডুর চর্ম্ম, এবং প্রভৃত ঘর্ম্মে আর্ণিকার পর ও কালশিরায় লিডমের পরে ভাল খাটে (৩) আর্স, বোরা, ক্যালেণ্ড, লিড, রুট রিউম ও সিম্ফাইটমের সহিত সমগুণ সম্বন্ধ (৪) কোমলাংশের ঘর্ষণে ও বিদারণে সলফিউরিক এসিড ক্যালেণ্ডুলার সমকক্ষ (৫) ব্রাণ্ডি পানজনিত অসুখে ব্যবহৃত হয়

সাইকিউটা ভিরোসা।

(Cicuta Virosa)

অতিশয় স্নায়বীয় প্রকৃতির ব্যক্তিদিগের পক্ষে, অপস্মার ও তাণ্ডব (কোরিয়া) জনিত আক্ষেপগ্রস্ত স্ত্রীলোকের পক্ষে; এবং দন্তোদ্গম-কালে, অথবা কৃমিজন্য শিশুদিগের আক্ষেপে; এই ঔষধ বিশেষ উপযোগী

টঙ্কার —সর্ব্বশরীরের ও অঙ্গ প্রত্যঙ্গের ভয়ঙ্কর বিকৃতিবিশিষ্ট প্রবল আক্ষেপ; স্পর্শে, ও গোলমাল বা কর্কশ শব্দে আক্ষেপের প্রত্যাবৃত্তি।

অপস্মার।—ডায়াফ্রামের প্রবল আক্ষেপ জনিত স্ফীততার ন্যায় আমাশয়ের স্ফীততা; চিৎকার-করণ; আরক্ত বদন; হনুস্তম্ভ; হিক্ক; চৈতন্যশূন্যতা ও অঙ্গ-বিকৃতি; রাত্রিকালে বারংবার উপস্থিতি; প্রথম প্রথম অল্পকাল, অনন্তর দীর্ঘ-কাল ব্যবধানের পর আক্ষেপের প্রত্যাবৃত্তি

সূতিকাক্ষেপ —কয়েক মুহূর্ত্ত পর্য্যন্ত বারংবার শ্বাস-রুদ্ধ হইয়া থাকা; শরীরের ঊর্দ্ধাংশের সর্ব্বাপেক্ষা অধিক আক্রান্ততা; প্রসবের পরেও উহার অবস্থিতি।

দন্তোদ্গম-কালে, দাঁত বা মাড়ি কড়মড় করা, দাঁত কপাটী লাগিলে যেরূপ হয় চোয়ালের সেইপ্রকার আকুঞ্চন স্কুলখড়ি (চক) ও অপাচ্য দ্রব্য আহারের অস্বাভাবিক প্রবৃত্তি, শিশু কয়লা বা অঙ্গার অতি আদসহকারে আহার করে (এলম, সোরি)

মস্তক, আমাশয়, বাহু, ও অন্ত্রের অভ্যন্তর দিয়া প্রবল বিকম্প (shock) এবং তদ্দ্বারা সেই সেই অঙ্গে উৎক্ষেপের উৎপত্তি, মস্তকের উত্তপ্ততা

মস্তিষ্ক ও পৃষ্ঠবংশের সংঘর্ষ (concussion), বিশেষতঃ পুরাতন অপকারক ফল, মাংসের ভিতর চোঁচ ফুটিয়া থাকাতে হনুস্তম্ভ (trismus) ও ধনুষ্টম্ভ (tetanus) (হাইপার)

পড়িবার সময় অক্ষরগুলি ঘূর্ণিত হয়, উপরে-নীচে যায় অথবা অদৃশ্য হয় (কক্কু)।

মস্তকে ও মুখমণ্ডলে পচ্যমান পীড়কা, উহা মিশিয়া গিয়া পীতবর্ণ, স্থূল চিপিটিকার উৎপত্তি।

কণ্ডূয়ন-পরিশূন্য পামা ; স্রাবে লেবুরবর্ণ শক্ত চিপিটিকার উৎপত্তি।

উদ্ভেদ বসিয়া গিয়া মস্তিষ্ক-রোগের উদ্ভব।

উপচয়।—তামাকের ধূম হইতে (ইগ্নে) ; স্পর্শে ; ও সংঘর্ষে (অরে) ; বৃদ্ধি

উপশম।—অনাবৃত বায়ুতে হ্রাস

সম্বন্ধ।—হাইড্রো-এসি, হাইপার, নক্স, ও স্ট্রীকনিয়ার সহিত সমগুণ সম্বন্ধ।

সাইক্লেমেন।

(Cyclamen Europæum)

শ্লেষ্মা ও রস-প্রধান ধাতুর যে সকল ব্যক্তির মৃৎপাণ্ডু (anæmia), হরিৎ-পাণ্ডু (chlorosis) থাকে ; যাহাদের সহজে শ্রান্তি জন্মে সুতরাং কোন প্রকার পরিশ্রমে প্রবৃত্তি জন্মে না এবং যাহাদের শরীরস্থ যন্ত্রগুলির অথবা বিশেষ বিশেষ ইন্দ্রিয়ের ক্রিয়ার ক্ষীণতা বা স্থগিতত্ব থাকে তাহাদের পক্ষেই এই ঔষধ বিশেষ উপযোগী

পাণ্ডুবর্ণ, বিকৃত ঋতু-রক্ত (ফির, পলস), তৎসহকারে শিরোঘূর্ণন, শিরঃপীড়া, ঝাপসা দৃষ্টি

সংযত শোক ও বিবেকের যাতনা ; কর্ত্তব্য কর্ম্ম না করা বা অকর্ত্তব্য কর্ম্ম করা নিবন্ধন ; অসুখ।

বেদনা। যে যে স্থলে অস্থিগুলি চর্ম্মের সমীপবর্ত্তী সেই সেই স্থানে প্রচাপন, আকর্ষণ বা ছেদনবৎ যাতনা

অতিশয় বিমর্ষতা ও বিরক্ত-চিত্ততা ; ক্রন্দনাগিতা, অপ্রফুল্লতা, মন্দপ্রকৃতি (বদ্‌মেজাজ) ; অশ্রুস্রাবপ্রবণতা ; নির্জ্জনপ্রিয়তা, বিমুক্ত বায়ুতে অপ্রবৃত্তি (পলসের বিপরীত)।

প্রাতে উত্থানান্তে চক্ষুর সম্মুখে দীপ্তি-রেখা দর্শন অথবা দৃষ্টির অপরিচ্ছন্নতা সহকারে রক্তহীন রোগীদিগের শিরঃপীড়া

চক্ষুর সম্মুখে নানাবর্ণের আলোক শিখা, অগ্নিস্ফুলিঙ্গ, উজ্জ্বল সূচী দর্শন, কুজ্ঝটিকা বা ধূমের ন্যায় অপরিচ্ছন্ন দৃষ্টি

অল্প কয়েক গ্রাস আহার করিলেই পরিতৃপ্তি (লাই), তৎপরে আহার্য্য দ্রব্য ভাল লাগেনা, গলায় ও তালুকায় বিবমিষা জন্মায়

লালা ও সকল প্রকার খাদ্যদ্রব্যের একপ্রকার লবণাক্ত আস্বাদ।

নির্দ্দিষ্ট সময়ের অনেক পূর্ব্বে, অতি প্রভূত, কৃষ্ণবর্ণ ও সংযত (অনেক বিলম্বে, অতি অল্প, পাণ্ডুবর্ণ, পলস) ; ঝিল্লীসংযুক্ত ; প্রবাহিত হইবার সময় উপশমপ্রদ (উপচয়কর, এক্টি, পলস) ; ঋতু।

অনাবৃত বায়ুতে বসিতে, দাঁড়াইলে অথবা হাঁটিলে পাদ মূলে জ্বালাকর বেদনা। (এগার, কষ্ট, ফাইটো, ভেলে)

উপচয়।—অনাবৃত বায়ুতে, শীতল জলে; শীতল জলে স্নানে; ঋতু, রাত্রিতে উপবেশনে ও শয়নে; এবং বসাক্ত দ্রব্য ভোজনে, বৃদ্ধি

উপশম।—উষ্ণ গৃহে; গৃহের অভ্যন্তরে; ঋতু, বিচরণে (শ্বেতপ্রদর, উপবেশনে বৃদ্ধি বিচরণে হ্রাস, ক্যাল্ক, কফ), হ্রাস।

সম্বন্ধ।—ক্লোরোসিস ও এনিমিয়া জনিত রোগে পলস, সিঙ্ক, ও ফিরমের সহিত; এবং উদরে যেন কোন সজীব প্রাণী রহিয়াছে এই লক্ষণে ক্রোক ও থুজার সহিত সাইক্লেমেনের তুলনা হয়

সার্সা পেরিলা।

(Sarsaparilla)

মলিনবর্ণ কেশ, লিথিক বা সাইকোটিক ধাতুবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে সার্সা বিশেষ উপযোগী।

অতিশয় শীর্ণতা; ত্বকের কুঞ্চিতত্তা কিংবা বলিবিশিষ্টতা (এব্রোট, আইওড, ল্যাট, স্যানিক)

সাধারণতঃ পারদ উপদংশ অথবা বিলুপ্ত প্রমেহ হইতে উৎপন্ন শিরোবেদনা ও অস্থি-বেষ্টের বেদনা

বালক-বালিকাদিগের বৃদ্ধের ন্যায় মুখমণ্ডল; বৃহৎ উদর, শুষ্ক, কোঁচিত ত্বক্ (ব্যারা-কা, ওপি)।

শরীরের সকল অংশে দদ্রুজ উদ্ভেদ; উপদংশে পারদ অপব্যবহারের পর ক্ষত

অনাবৃত বায়ু লাগিয়া গাত্রে উদ্ভেদের উৎপত্তি; শুষ্ক পাঁচড়ার ন্যায় উদ্ভেদ, বসন্তকালে উহার উপস্থিত হইবার প্রবণতা; উহাতে চিপিটিকা জন্মে।

মূত্র-ত্যাগ শেষ হইলে দারুণ, অসহ্য-প্রায় যাতনা (বার্বে, ইকু মেডো, থুজা)

প্রস্তর রেণু অথবা ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তর নিঃসরণ, বৃক্ক-শূল; মূত্রাশয়ে অশ্মরি; রক্তাক্তমূত্র।

মূত্র—উজ্জ্বল ও পরিষ্কৃত কিন্তু উদ্দাহক (irritating) মূত্র, স্বল্প, আঠা আঠা, রেণুসংযুক্ত, প্রচুর, অনুভব ব্যতীত পরিত্যক্ত (কষ্ট) মূত্র; শুভ্রবর্ণ রেণু অধঃপাত।

মূত্রাশয়ের বেদনাপূর্ণ প্রসারিততা ও স্পর্শদ্বেষ, উপবিষ্ট অবস্থায় বিন্দু বিন্দু মূত্র-পাত; দাঁড়াইলে বিমুক্তভাবে মূত্র স্রাব; মূত্রমার্গ হইতে বায়ু নিঃসরণ।

মূত্রে কিংবা শিশুর শয্যাবস্ত্রে রেণু, মূত্র-ত্যাগের পূর্ব্বে ও মূত্রত্যাগ-কালে শিশুর চিৎকার (বোরা, লাইকো)।

* শীতলতা, আর্দ্র-কাল, অথবা পারদ সেবন বশতঃ অবরুদ্ধ প্রমেহ, তৎপরে আমবাত।

অশ্ম-শূল কিংবা বৃক্ক-শূল; দক্ষিণ বৃক্ক (kidney) হইতে নিম্নাভিমুখে নিদারুণ বেদনা (লাইক)।

জননাঙ্গের অসহ্য দুর্গন্ধ; পাতলা রেতঃপাত রক্তাক্ত শুক্র-স্রাব (লিড, মার্ক)।

স্তন-বৃন্তের সংহরণ (retraction), স্তনদ্বয় ক্ষুদ্র, শুষ্ক ও উত্তেজনা শূন্য (সিলি)।

বাত, পারদ বা অবরুদ্ধ প্রমেহের পর অস্থি-বেদনা; রাত্রিতে, আর্দ্রকালে, অথবা জলে থাকিয়া সর্দ্দি লাগাইলে বেদনার আধিক্য।

ঋতু-কালে কপালে কণ্ডূয়নশীল উদ্ভেদ (ইউজি, স্যাঙ্গ, সোরি)

হাত-পায়ের চর্ম্মের বিদারণ; বেদনা ও জ্বালা, বিশেষতঃ হাতের ও পায়ের আঙ্গুলের পার্শ্বের চর্ম্মের কঠিনতা ও দৃঢ়তা

সম্বন্ধ।—(১) মার্ক ও সিপিয়ার সহিত অনুপূরক সম্বন্ধ, ইহার যে কোনটী

সার্সার পরে ভাল খাটে (২) বার্ব, লাইকো, ন্যাট মিউ, সপেরর সহিত সার্সার তুলনা হয় (৩) পারদ অপব্যবহারের পর প্রায়শঃ ইহার ব্যবহার হইয়া থাকে

সিকেলি।

(Secale Cornutum)

ক্ষীণা, দুর্ব্বলা, শীর্ণা, শরীর বিকার বিশিষ্টা নারী; উত্তেজনশীল স্নায়বীয় প্রকৃতি; ভস্মবৎ পাণ্ডুর, নিমগ্ন মুখ কৃতির পক্ষে এই ঔষধ উপযোগী

অতি বৃদ্ধ, জীর্ণ, ও দীণ ব্যক্তি

পেশী-তন্তুর অতিশয় শিথিলতা বিশিষ্ট নারী; শরীরের প্রত্যেক বস্তুরই অলগ্ন ও উন্মুক্ত বোধ; ক্রিয়াশূন্যতা; রক্তবহা নাড়ীর লোলিতত্ত্বা (vessels flabby); অপ্রবল রক্তস্রাব; পাতলা, কাল জলবৎ রক্তের প্রচুর প্রবাহ; রক্তাণুর বিনষ্টতা।

রক্তস্রাব-প্রবণ শারীরিক প্রকৃতি; যৎসামান্য উপঘাতে সপ্তাহ পর্য্যন্ত রক্ত-পাত (ল্যাক, ফস), দূষিত তরল রক্তস্রাব, উহার প্রবল পচন-প্রবণতা, অঙ্গে ঝাঁঝি লাগার মত অনুভব ও অতিশয় দুর্ব্বলতা, বিশেষতঃ পূর্ব্ববর্ত্তী রক্তস্রাবাদি বশতঃ এই দুর্ব্বলতার অনুৎপত্তি

হরিৎ, কপিশ, দুর্গন্ধ প্রদর-স্রাব।

ক্ষুদ্র ক্ষুদ্র, বেদনাবিশিষ্ট, সবুজবর্ণ, পদার্থধারী স্ফোটক; অতি ধীরে ধীরে উহার পক্কতা ও আরোগ্য প্রাপ্তি, উহা বড়ই দৌর্ব্বল্য জনক।

রাক্ষসবৎ অস্বাভাবিক ক্ষুধা; অবসাদকর অতিসার সহকারেও ক্ষুধা; লেমনেড ও অম্লদ্রব্য সেবনের আকাঙ্ক্ষা

অনিচ্ছায় নিঃসৃত প্রভূত, জলবৎ, পচা, কপিশ; অতি সবলে বিনির্গত (গ্যাম্ব, ক্রোট); অতিশয় অবসন্নতা জনক, মূত্র-বিলুপ্তি সংযুক্ত; মলদ্বারের বিস্তৃত বিমুক্ততা বিশিষ্ট (এপিস, ফস), অতিসার।

বৃদ্ধদিগের অবারিত মূত্র, বর্ণশূন্য জলবৎ রক্তাভ মূত্র।

শরীরের সকল অংশে জ্বালা, বোধ হয় যেন রোগীর গাত্রে অগ্নির স্ফুলিঙ্গ পতিত হইতেছে (আঃ)

মুখমণ্ডল, বিশেষতঃ মুখ-বিবরের চারিদিকের পাণ্ডুবর্ণ, নিমগ্নতা, বিকৃতি; গাত্রের শীতলতা অথচ আবৃত থাকিতে অপ্রবৃত্তি লক্ষণাপন্ন ওলাউঠার পতনাবস্থা

বৃদ্ধাবস্থার অস্রাবী গ্যাংগ্রাণ, বাহ্যোত্তাপে উহার বৃদ্ধি।

বৃহৎ কালশিরা; রক্তপূর্ণ ফোস্কা, প্রায়শঃ গ্যাংগ্রীণের সূচনা।

স্পর্শে গাত্র-ত্বকের শীতলতা, অথচ রোগী গাত্রের আবরণ সহ্য করিতে পারেনা; হস্তপদের বরফবৎ শীতলতা।

অনিয়মিত, প্রভূত, মলিন, তরল পদার্থ-স্রাবী, উদরে প্রসব-বেদনাবৎ প্রচাপনকর বেদনা বিশিষ্ট, পরবর্ত্তী ঋতু-কাল পর্য্যন্ত ক্রমাগত জলবৎ রক্তস্রাব সংযুক্ত; ঋতু।

গর্ভস্রাবের আশঙ্কা, বিশেষতঃ তৃতীয় মাসে (স্রাব); অনেকক্ষণ স্থায়ী, কুন্থন-জনক, বলপূর্ব্বক নিঃসরণবৎ বেদনা

অনিয়মিত; অতিদুর্ব্বল, ক্ষীণ বা নিরস্ত; এ সব বেদনা; সকলই অসংলগ্ন ও বিযুক্ত বোধ হয়, কিন্তু নিঃসারণী ক্রিয়া (expulsive action) দৃষ্ট হয়না; মূর্চ্ছা।

অতিরিক্ত দীর্ঘকাল স্থায়ী; অতীব যন্ত্রণাপ্রদ ও সর্ব্বাত্মিক বেদনা; জরায়ুর বালী-ঘড়ির ন্যায় অথবা ডমরুবৎ সঙ্কোচন (hour-glass contraction)।

ক্ষীণা, শীর্ণা, অবসন্ন স্ত্রীদিগের স্তন-দুগ্ধের বিলুপ্তি; স্তন উপযুক্তরূপে দুগ্ধ-পূর্ণ হয় না

ক্ষুদ্র, দ্রুত, আকুঞ্চিত ও সচরাচর দোষ-যুক্ত নাড়ী।

উপচয়।—উত্তাপে; ও আবরণের উষ্ণতায; আক্রান্ত সকল স্থানের সকল রোগেই উত্তাপে; বৃদ্ধি।

উপশম।—শীতল বায়ুতে; শীতল হইলে, আক্রান্ত স্থান অনাবৃত করিলে; ও মর্দ্দনে; হ্রাস।

সম্বন্ধ।—(১) আর্সেনিকের সহিত সমগুণ সম্বন্ধ, শীতোত্তাপের বা ঋতু প্রকৃতি। (২) ওলাউঠায় কলচিকমের সহিত সাদৃশ্য (৩) সবাস্থিক রক্ত-স্রাবে সিনেমনের সহিত সমগুণ সম্বন্ধ (৪) সিকেলি প্রসব-বেদনা বর্দ্ধিত করে; রক্তস্রাবের প্রভূততা ও সাংঘাতিকত্ব নিবারণ করে, ইহা নিরাপদে ব্যবহার করা যাইতে পারে; কিন্তু আর্গটের (এলোপ্যাথিক) ব্যবহার সর্ব্বদাই বিপজ্জনক

সিড্রন।

(Cedron)

নারী; স্নায়বীয়, উত্তেজনশীল ধাতু ও ভোগসুখাসক্ত প্রকৃতির ব্যক্তিদিগের পক্ষে সিড্রন বিশেষ উপযোগী।

রমণান্তে স্নায়বীয় অবসাদন, ও কোরিয়ার আক্রমণ, স্ত্রীলোকে উহার সমধিক স্পষ্টতা (রমণান্তে দুর্ব্বলতা, পুরুষদিগের পক্ষে উহার স্পষ্টতা, এসি-ফস)।

একদিন পর একদিন পূর্ব্বাহ্ন ১১টার সময় সবমন শিরঃপীড় (প্রতিদিন, স্যাট)।

অঙ্গে ছেদন ও স্পন্দনকর বেদনা

ঋতুকালে মুখ-বিবর ও জিহ্বার অতিশয় শুষ্কতা, অতিশয় পিপাসা; অপস্মার, যে দিন প্রথম ঋতু নিঃসরণ হইতে আরম্ভ হয় ঠিক সেই দিনে অপস্মারের পূর্ব্বলক্ষণ প্রকাশ পায়। প্রতি ঋতু-কালেই নিয়মিতরূপে টঙ্কার উপস্থিত হয়।

ঋতুর পাঁচ ছয় দিন পূর্ব্বে প্রতিমাসে নিয়মিতরূপে শ্বেতপ্রদরের উপস্থিতি (কাল্‌-কা); ঋতুর পরিবর্ত্তে শ্বেত-প্রদর (কক)।

ঋতুর পরে প্রভূত লালা-স্রাব

কুইনাইন জনিত কর্ণ-নাদ সিড্রন সেবনে নিবারিত হয়।

ঘটিকা-যন্ত্রের ন্যায় ঠিক একই সময়ে জ্বরের উপস্থিতি।

উপচয়।—সঞ্চলনে শীতের প্রত্যাবৃত্তি; ঝড়ের পূর্ব্বে বৃদ্ধি

উপশম।—উষ্ণ পেয় দ্রব্যে; ও উষ্ণ গৃহে হ্রাস।

সিনা

(Cina)

ক্রুদ্ধ-কোপ, খিটখিটে স্বভাব ; কোলে চড়িয়া বেড়াইবার ইচ্ছা, অথচ উহাতে অসন্তোষ ; স্পর্শ করিতে দিতে ও কাহাকেও কাছে আসিতে দিতে অনিচ্ছা ; আদর করিয়া গায় হাত বুলাইলে বিরক্তি ; অনেক বস্তু চাওয়া, কিন্তু সেগুলি দিলে না লওয়া (এণ্ট-টার্ট, ব্রাই, ক্যাম, ষ্ট্যাফ), অস্বচ্ছন্দতা, যাতনাযুক্ততা ; সকল সময় নাক খুঁটা ও বালিশে বা ধাত্রীর স্কন্ধে নাকঘষা (ম্যারম) ; নিদ্রা হইতে জাগিয়া করুণ ক্রন্দন ; নিদ্রাবস্থায় চমকিয়া উঠা ও চিৎকার করা, দাঁত কড়মড় করা (সিকু, স্পাইজি) ; কৃমি (ম্যারম)

পাণ্ডুর বদন ; মুখের ও চোখের চারিদিকের নীল আকৃতি ; এক গাল লাল আর এক গাল ফেকাসে (ক্যাম)

কুক্কুরবৎ ক্ষুধা, পূর্ণ আহারের একটু পরেই আবার ক্ষুধা ; মিষ্ট দ্রব্যের স্পৃহা ও অন্যান্য বহুবিধ দ্রব্যের আকাঙ্ক্ষা, মাতার স্তনপানে অনিচ্ছা

কাস ;—হাঁচি সংযুক্ত শুষ্ক কাস ; প্রাতে আক্ষেপিক, গলরোধকর কাস ; প্রতি বসন্ত বা শরৎকালে পুনরাবৃত্ত কাস। কাসের আবেশ উপস্থিত হয় বলিয়া শিশুর কথা বলিতে বা নড়িতে চড়িতে আশঙ্কা (ব্রাই)।

ত্যাগকালে মূত্র ঘোলা থাকে, খানিক-ক্ষণ থাকিলে দুধের মত, ও অর্দ্ধনিরেট হয়। শুভ্র ও ঘোলা ; অনিচ্ছায় নির্গত, মূত্র।

সায়বায়, দুর্ব্বল গণ্ডমালাধাতু-দুষ্ট বালক বালিকাদিগের সবিরাম জ্বর।

উপচয়।—রাত্রিকালে।

সম্বন্ধ।—(১) শিশুদিগের উপদাহিতায় এণ্ট-ক্রুড, এণ্ট-টার্ট, ব্রাই, ক্যাম, ক্রিয়ো, সিলি, ষ্ট্যাফের সহিত সিনার সমগুণ সম্বন্ধ (২) হুপিং-কাসে ড্রসের সেবনে উগ্রতর লক্ষণগুলির শান্তি জন্মিলে সিনা ব্যবহৃত হয় (৩) সর্দ্দি লাগিয়া স্বর বিলুপ্ত হইলে একন, ফস, ও স্পঞ্জিয় ব্যর্থ হইলে সিনা দ্বারা উপকার দর্শে (৪) যুবকদিগেরপক্ষে যখন অন্যান্য ঔষধ প্রয়োজিত হয় তখন বালকদিগের রোগে বহুব্যাপক ঔষধ স্বরূপ সিনার বিষয় চিন্তা করিয়া দেখা উচিত।

(৫) সিনা ব্যবস্থেয় বলিয়া ব্যবহৃত হইয়াও তদ্দ্বারা ক্রিমি রোগে উপকার না দর্শিলে কখন কখন স্যাণ্টোনাইন প্রয়োগে আরোগ্য জন্মে (মেরম, স্পাইজি)।

সিপিয়া।

(Sepia)

মলিনবর্ণ চুল, দৃঢ় দেহ-তন্তু, কিন্তু মৃদু ও শান্ত প্রকৃতি বিশিষ্ট (পলস) ব্যক্তিদিগের পক্ষে সিপিয়া উপযোগী

স্ত্রীলোকের রোগে ; বিশেষতঃ গর্ভাবস্থায়, প্রসূতাবস্থায় ও স্তন্যদান কালে যে সকল রোগ উৎপন্ন হয় সেই সকল রোগে , অথবা আকস্মিক অবসাদ ও শ্রান্তিসংযুক্ত রোগে (মিউরেক্স, নক্স-ম) সিপিয়া ব্যবহৃত হয়

সিপিয়া "রজকের ঔষধ," অর্থাৎ কাপড় ধৌত করিবার পরে যে সকল অসুখ জন্মে বা বৃদ্ধি পায় তাহাতে এই ঔষধ প্রয়োজিত হয়।

অন্যান্য স্থান হইতে পৃষ্ঠে বেদনার প্রসারণ (স্যাবিনার বিপরীত) উহার সহিত কম্প (শীত, পলস)

শীতল বায়ুতে সবিশেষ অনুভূতি, সহজে শীতোৎপত্তি, শারীরিক উত্তাপের অসদ্ভাব, বিশেষতঃ পুরাতন রোগে (তরুণ রোগে, লিডম)।

ভিজিবার পরে ; উত্তাপ বা শীতের আতিশয্য হইতে ; গাড়ীতে চড়িলে ; ভজনালয়ে জানু পাতিয়া বসিয়া প্রার্থনা করিবার সময় ; সহজে মূর্চ্ছার উৎপত্তি।

ঋতু-কালে, গর্ভাবস্থায় স্তন্যদান-সময়ে ; এবং কোষ্ঠ কাঠিন্য, অতিসার, অর্শ, প্রদর ও জরায়ুর রোগসহযোগে ; অভ্যন্তরাংশে একটা গোলার ন্যায় অনুভব।

শিরঃপীড়া সহকারে মস্তক-শিখরে শীতলতা (ভিরে।—উত্তাপ, ক্যাল্ক, গ্রাফ, সলফ)। অতিশয় পেটুকতা (লাই)।

ভয়, বদনে ও মস্তকের উপর উত্তাপাবেশ সহকারে ; কৃত বা কল্পিত বিপদ সম্বন্ধে ; সন্ধ্যার প্রকালে ; উৎকণ্ঠা।

অতিশয় বিমর্ষতা ও বিলাপ। জরায়ু রোগ সংক্রান্তে একাকী থাকিতে আশঙ্কা, লোকের ভয় বন্ধুদিগের সহিত সাক্ষাৎ করিতে ভয়

আপনার পরিজন, কার্য্য-কর্ম্ম (ল্যোর-এসি, ফস-এসি) ও প্রিয়তম ব্যক্তিদিগের প্রতি ; ঔদাস্য।

ক্রোধ ও দুঃখে (নাই)। আলস্য, কার্য্য বা চেষ্টা করিতে, এমন কি কোন বিষয় চিন্তা করিতে যত্ন করিতেও অপ্রবৃত্তি

ঋতু-কালে স্বল্প রজ-স্রাবসহ ; হিষ্টিরিয়া গ্রস্তা, অনুভূতি-প্রবণা, সুকুমারী নারীদিগের ; প্রচাপন বা বিদারণবৎ, ভয়ঙ্কর শিরঃপীড়া। নড়িলে চড়িলে, মস্তক অবনত করিলে, ও মানসিক পরিশ্রমে উহার বৃদ্ধি, এবং বাহ্যিক চাপ-প্রদানে ও ক্রমাগত সবলে সঞ্চালনে উহার হ্রাস।

পুরাতন শিরঃপীড়ার পরে অথবা রজোনিবৃত্তিকালে অতিশয় কেশপতন।

মুখমণ্ডলের, ও চক্ষুর শ্বেতমণ্ডলের পীতবর্ণ, বক্ষঃস্থলে পীতবর্ণ চিহ্ন ; গণ্ডদ্বয় ও নাসিকার ঊর্দ্ধভাগের অনুপ্রস্থে ঘোড়ার জিনের অনুরূপ পীতবর্ণ দাগ ; জরায়ু-রোগ জ্ঞাপক বদন

গলবস্ত্র অত্যন্ত দৃঢ় বোধ হয়, সর্ব্বদাই উহা ঢিলা করিয়া দিতে হয় (ল্যাক)

শরীরের ঊর্দ্ধাংশে স্বতন্ত্র স্বতন্ত্র স্থানে হার্পিস্ সার্সিনেটাস (দদ্রুবিশেষ) (সর্ব্বশরীরে বিখণ্ডিত অঙ্গুরীর আকার দদ্রু, টেলু)

উদরোর্দ্ধ স্থানে কষ্টপ্রদ শূন্যতা, "যেন কিছুই নাই" এরূপ অনুভব, আহার করিলেও উহার অনুপশম (চেলি, মিউরেক্স, ফস)।

জননীদিগের স্থূলোদরতা (বালক-বালিকাদিগের, সল্ফ)।

জিহ্বার মলিনতা কিন্তু প্রত্যেক ঋতু-কালে উহার পরিচ্ছন্নতা, ঋতু-স্রাবের নিবৃত্তির পর পুনরায় উহার প্রত্যাবৃত্তি ; নিম্ন ওষ্ঠের স্ফীততা ও বিদারণ।

কোষ্ঠ-কাঠিন্য :—গর্ভাবস্থায় (এলুম) ; শক্ত গ্রন্থিল, বর্ত্তুলাকার, অপ্রচুর আয়াসে নিঃসারিত, মল ; মলত্যাগকালে ও তৎপরে অনেকক্ষণ পর্য্যন্ত সরলান্ত্রে বেদনা (নাই-এসি, সল) ; মলদ্বারে ভার বা বর্ত্তুলবৎ অনুভব, মলত্যাগেও উহার অনিবৃত্তি।

মূত্র —মূত্রের লোহিতাভ কর্দ্দমবর্ণ অধঃস্থিত পদার্থ, উহা আধার পাত্রে লাগিয়া থাকে, দেখিলে বোধ হয় যেন দগ্ধ হইয়াছে, মূত্রের এত দুর্গন্ধ যে উহা গৃহে রাখিতে পারা যায় না (বানিকম থাকিতে ফর্স, ইণ্ডিয়ম)

শয্যা-মূত্র, শিশু নিদ্রিত হইবামাত্র শয্যা ভিজাইয়া ফেলে (ক্রিয়োজ); প্রথম-নিদ্রাকালে শয্যায় মূত্র ত্যাগ

জীর্ণ-মেহ (গ্লীট); বেদনা-শূন্য, পীতাভ, অল্প ক্ষতকর স্রাব; প্রাতে মূত্র-দ্বারের মুখের সংযোজন, দুর্দ্দম্য, দীর্ঘকাল স্থায়ী রোগ (কালী-আইওড); জননেন্দ্রিয়ের দুর্ব্বলতা ও অবসন্নতা

যোনিতে ঊর্দ্ধদিকে প্রবল সূচীবেধবৎ যাতনা ; জরায়ু হইতে নাভী পর্য্যন্ত ছুরি দিয়া কর্ত্তনের ন্যায় বেদনা।

জরায়ু ও যোনির বহির্গমন, প্রচাপন ও আবেগ, যেন বস্তি-গহ্বর হইতে সকলই বাহির হইয়া পড়িবে এরূপ অনুভব; উহা নিবারণ করিবার জন্য ঊরুর উপর ঊরু রাখিয়া বসিতে হয় ; উহার সহিত শ্বাস-কষ্ট থাকে (এগারি, বেল, লিলি, মিউরেক্স, ষ্ট্যান)

পূর্ব্বোক্ত লক্ষণের সহিত সংসৃষ্ট, নিয়মিত সময়ের পূর্ব্বে বা পরে প্রকাশিত, অল্প বা অত্যধিক রজ, রজসাভাব বা অতিরজ ;—প্রায় সর্ব্বপ্রকারের রজোবৈষম্য

গর্ভাবস্থায় প্রাতঃকালীন বিবমিষা ; আহার্য্য দ্রব্য দেখিলে বা উহার বিষয় চিন্তা করিলে বিবমিষার উদ্রেক (নক্স), খাদ্যদ্রব্য রন্ধনের গন্ধে বিবমিষা জন্মে (আর্স, কলচি)।

শ্বাস-কৃচ্ছ্র ; উপবেশনে, নিদ্রান্তে, ও গৃহের অভ্যন্তরে উহার বৃদ্ধি, নর্ত্তনে বা দ্রুত ভ্রমণে হ্রাস

জীবনী-ক্রিয়ার বিকৃত বিবৃদ্ধি, অত্যল্পমাত্র নড়িলে চড়িলে উত্তাপাবেশ, তৎসহ উৎকণ্ঠা ও শ্রান্তি; তৎপরে সর্ব্ব শরীরে ঘর্ম্ম; নিবৃত্ত-রজস্কতা (ল্যাক, স্যাঙ্গ, সলফ, টিউব), বস্তি গহ্বর-স্থিত যন্ত্র হইতে উত্তাপের উত্থিতি

চর্ম্মের কণ্ডূয়ন; নানা অঙ্গের কণ্ডূয়ন; বাহ্য জননাঙ্গের কণ্ডূয়ন, কণ্ডূয়নে উপশম জন্মেনা, বরং জ্বালায় পরিবর্ত্তিত হয় (সলফ)।

উপচয় —অপরাহ্নে বা সায়াহ্নে, শীতল বায়ুতে অথবা শুষ্ক পূর্ব্বদিকের

বাতাসে, সঙ্গমাতিশয্যে, বিশ্রামে, আর্দ্র নিবাত গ্রীষ্ম সময়ে; ঝড়বজ্রের পূর্ব্বে; বৃদ্ধি

উপশম।—শয্যার উষ্ণতায়, উষ্ণ বাহ্য প্রয়োগে; ও প্রবল শারীরিক পরিশ্রমে, হ্রাস অনেক লক্ষণ বিশেষতঃ মস্তক, হৃৎপিণ্ড ও বস্তি-গহ্বরের লক্ষণ বিশ্রাম ও ব্যায়াম উভয়েই বর্দ্ধিত ও উপশমিত হয়।

সম্বন্ধ।—(১) ন্যাট্রম মিউরের সহিত অনুপূরক সম্বন্ধ (২) ল্যাকেসিসের সহিত প্রতিকূল সম্বন্ধ, ল্যাকেসিসের পূর্ব্বে বা পরে সিপিয়া ব্যবহৃত হয় না পলসেটিলার সহিতও প্রতিকূল সম্বন্ধ, পলসেটিলার সহিত কথনও সিপিয়া পর্য্যায়ক্রমে ব্যবহৃত হয় না (৩) সিলিশিয়া ও সলফারের পরে প্রায়ই সিপিয় উপযোগী হয় (৪) সিপিয়ার এক মাত্রার আরোগ্য-ক্রিয়া অনেক সময় বহু সপ্তাহ পর্য্যন্ত থাকে। (৫) অতিরিক্ত তাম্রকূট সেবনের মানসিক ফল এই ঔষধে নিবারিত হয়। (৬) বসিয়া বসিয়া থাকার ও অতিরিক্ত মানসিক পরিশ্রমের কুফলে এই ঔষধ উপকারী।

সিফিলাইনঃম।

(Syphilinum)

অন্ধকার হইতে দিবালোক পর্য্যন্ত বেদনা; গোধূলি সময় হইতে আরম্ভ ও দিবালোকে পরিসমাপ্তি (মার্ক, ফাইটো)।

ক্রমে ক্রমে বেদনার বৃদ্ধি ও হ্রাস (ষ্ট্যাণ), স্থান-পরিবর্ত্তনশীল বেদনা, তজ্জন্য রোগীর বারংবার অবস্থান-পরিবর্ত্তন করিতে হয়।

রাত্রিতে সমস্ত লক্ষণের আতিশয্য (মার্ক); সূর্য্যাস্ত হইতে সূর্য্যোদয় পর্য্যন্ত বৃদ্ধি

উদ্ভেদ।—নিস্তেজ, আরক্ত, তাম্রবর্ণচিহ্ন, শীতল হইবার সময় নীলবর্ণধারণ সর্ব্বশরীরের অত্যন্ত শীর্ণতা (এব্রোট, আইওড)।

হৃৎপিণ্ড —রাত্রিতে হৃৎপিণ্ডের ভূমিদেশ হইতে শিখর দেশ পর্য্যন্ত কর্ত্তনবৎ বেদনা (শিখর হইতে ভূমি পর্য্যন্ত, মেডো , ভূমি হইতে কণ্ঠাস্থি বা স্কন্ধ পর্য্যন্ত, স্পিজি)।

স্মৃতিহীনতা পুস্তক, ব্যক্তি ও স্থানের নাম স্মরণ রাখিতে পারা যায় না ; গণিতের গণনা করায় আয়াস (difficulty) জন্মে

অনুভূতি যেন উন্মাদ হইবে ; যেন পক্ষাঘাত জন্মিবে, এরূপ অনুভব ; ঔদাস্য অনুভব

নিদ্রা হইতে জাগরণান্তে মানসিক ও শারীরিক অবসন্নতা জন্মে বলিয়া রাত্রির ভয়ঙ্কর ভয় ; উহা সহ্য হয় না, বরং মৃত্যু শ্রেয়ঃ বোধ হয়

জাগরণান্তে অবসন্নতাজনিত ভয়ঙ্কর যাতনার আশঙ্কা (ল্যাক ,

প্রদর ; প্রভূত স্রাব, নেকড়া ভিজিয়া, গুড়মুড়া পর্য্যন্ত বাহিয়া পড়ে (এলম)

স্নায়বীয় প্রকৃতির শিরঃপীড়া, উহাতে রাত্রিতে নিদ্রাশূন্যতা ও প্রলাপ ; অপরাহ্ন চারিটার সময় আরম্ভ, ১০টা হইতে ১১টা পর্য্যন্ত আতিশয্য এবং দিবালোকে নিবৃত্ত (রাত্রি ১১ বা ১২ টার সময় বিরতি, লাই) ; কেশ-পতন।

নবজাত শিশুদিগের তরুণ চক্ষু-প্রদাহ ; চক্ষুর পাতার স্ফীততা, নিদ্রাকালে উহার সংযোজনা ; রাত্রিতে বেদনার তীব্রত , রাত্রি ২টা হইতে ৫ট পর্য্যন্ত উহার আতিশয্য ; প্রভূত পূয নিঃসরণ ; শীতল জলে প্রক্ষালনে উপশম।

অক্ষিপুটের পক্ষাঘাত —উপরের তীর্য্যক্ পেশীর (Su[illegible] e ioi oblique) পক্ষাঘাত ; চক্ষুর পাতা অবনত হইয়া থাকাতে নিদ্রিতের ন্যায় দৃষ্ট হয় (ফষ্ট, গ্রাফ)।

যুগল-দৃষ্টি, এক প্রতিরূপের নিম্নে অন্য প্রতিরূপ দৃষ্ট হয়।

দন্ত।—দন্ত-মূলের প্রান্তভাগে দন্তের ক্ষয় প্রাপ্তি ও ভাঙ্গিয়া পড়া ; দন্তে গর্ত্ত হইয়া যাওয়া, উহার প্রান্ত ভাগ করাতের দাঁতের ন্যায় কাটা-কাটা ; দন্তের আকৃতির খর্ব্বতা প্রাপ্তি, অগ্রভাগগুলির একই বিন্দুর অভিমুখে গতি (ষ্ট্যাফ)

যে কোন আকারে এলকোহল পানের আকাঙ্ক্ষা।

পিতৃদোষ জনিত মদিরা দোষের প্রবণতা (এসার, সোরি, টিউবার, সল্ফ, সল্ফ-এসি)।

অনেক বৎসর স্থায়ী দুর্দ্দম্য মল-কৃচ্ছ্র, সরলান্ত্র সংবৃতি (strictures) দ্বারা অবরুদ্ধ বোধ হয়; পিচকারী দিলে মল নিঃসরণের যাতনা প্রসব-বেদনার ন্যায় অনুভূত হয় (ল্যাক-ক্যা, টিউব)।

মলদ্বারে ও সরলান্ত্রে বিদারণ (fissures) (থুজা); সরলান্ত্র বাহির হইয়া পড়া; উপদংশের পূর্ব্ব বৃত্তান্ত, রোগের দুর্দ্দম্যতা।

স্কন্ধ-সন্ধি, বা স্কন্ধের ত্রিকোণ পেশীর (deltoid) সংযোগ-স্থলে আমবাত, বাহু পার্শ্বের দিকে উঠাইলে উহার আধিক্য (রসটক্স —দক্ষিণ স্কন্ধ, স্যাঙ্গ, বাম, ফির)।

উপদংশজ রোগে অত্যন্ত সুনির্ব্বাচিত ঔষধেও স্থায়ী উপশম বা উপকারের অভাব।

উপদংশগ্রস্ত যে সকল রোগীর কঠিন উপদংশে (chancre) স্থানিক ঔষধ প্রয়োগে চিকিৎসিত হইয়াছে, এবং উহার ফলস্বরূপ যাঁহারা অনেক বৎসর পর্য্যন্ত গলার ও চর্ম্মের রোগ ভোগ করিয়া আসিতেছে, অন্য কোন ঔষধের সহিত সুস্পষ্ট সাদৃশ্য না থাকিলে, চিকিৎসার প্রারম্ভে এই ঔষধ ব্যবহারে প্রায়ই ত তাদের উপকার দর্শে।

উপচয়।—রাত্রিতে, গোধূলি সময় হইতে দিবালোক পর্য্যন্ত বৃদ্ধি।

সম্বন্ধ।—অস্থি-রোগে ও উপদংশীয় পীড়ায় অরম, এসাফ, ক্যালী-আই, মার্ক, ও ফাইটোর সহিত সমগুণ সম্বন্ধ।

সিম্ফাইটম্।

(Symphytum)

ভগ্নাস্থির সংযোজনায় এই ঔষধে সুসাধ্যতা জন্মে (ক্যাল্ক-ফস); কণ্টক-বেধনবৎ বিশেষ বেদনা হ্রাসপ্রাপ্ত হয়; ভগ্নাস্থি সংযোগের মূল কোমল উপাদানের উৎপত্তির অনুকূলতা জন্মে

ভগ্নাস্থির বিচ্ছেদ-স্থানের উপদাহিতা, অভিঘাত আরোগ্য প্রাপ্তির পরে অস্থি-বেষ্টের বেদনা

ভৌতিক উপঘাত (mechanical injuries), অক্ষি-গোলকে আঘাত, ঘৃষ্টতা, খোঁচা

স্থূল-মুখ দ্রব্যের আঘাতের পরে চক্ষে বেদনা ; বরফের গোলায় চক্ষে আঘাত লাগা ; মাতার চক্ষে শিশুর হাতের মুষ্টির খোঁচা (চক্ষুর চতুর্দ্দিকস্থ কোমল বিধানতন্তুতে খোঁচা, আর্ণ)

সম্বন্ধ।—(১) আর্ণ, ক্যালেণ্ড, ক্যাল্ক-ফস, ফ্লোরি-এসি, হিপ, ও সিলির সহিত সমগুণ সম্বন্ধ (২) কণ্টক-বেধনবৎ বেদনায় এবং উপঘাতের পরে অস্থি-বেষ্টের স্পর্শ-দ্বেষের অবশিষ্টতায় আর্ণিকার পরে সিম্ফাইটঃম ভাল খাটে।

সিলিশিয়া।

(Silicea)

স্নায়বীয়, কোপন-স্বভাব, রক্ত-প্রধান ; গণ্ডমালা-ধাতুর ব্যক্তিদিগের পক্ষে সিলিশিয়া উপযোগী

খাদ্য দ্রব্যের গুণ বা পরিমাণের ত্রুটিবশতঃ নহে কিন্তু সমীকরণের (assimilation) অসম্যকতা নিবন্ধন শরীরের পরিপোষণের অসদ্ভাবে অপরিপুষ্টি (ব্যারাকা, ক্যাল্ক) ; এবং অতিরিক্ত শারীরিক ও মানসিক অনুভূতি

বৃহৎ মস্তক বিশিষ্ট, গণ্ডমালা-দোষ দুষ্ট, রিকেট-রোগ-গ্রস্ত বালক বালিকা ; ব্রহ্মরন্ধ্র ও সেবনী-সন্ধির বিমুক্ততা ; মস্তকে সমধিক ঘর্ম (ক্যালকেরিয়া অপেক্ষা নিম্নতর অংশে), বাহ্যিক আবরণে মস্তক উষ্ণ রাখিবার আবশ্যকতা (স্যানিক) ; বৃহৎ উদর ; দুর্ব্বল গুল্ফ, হাঁটিতে শিখিতে বিলম্ব

সমুজ্জ্বল মুখাকৃতি ; সূক্ষ্ম, শুষ্ক ত্বক্ ; পাণ্ডুর মুখমণ্ডল, শিথিল পেশীবিশিষ্ট দুর্ব্বল শরীর

পায়ের ঘর্ম্মের বিলুপ্তি (স্কুপ, গ্রাফ, সোরি) ; মস্তক বা পৃষ্ঠে সামান্য বায়ু-প্রবাহ লাগান, ও গো-বীজে টীকা গ্রহণ (থুজা) বশতঃ রোগ ; প্রস্তর কর্ত্তক-দিগের বক্ষোরোগ, তৎসহ শক্তির সম্পূর্ণ অভাব।

স্বাভাবিক শারীরিক উত্তাপের অভাব, সর্ব্বদাই শীত, এমনকি ব্যায়াম-কালেও শীত (লিড, সিপি)

স্নায়বীয় দুর্ব্বলতা ; কোন জীবনী-ক্রিয়ার বিকৃত বিবৃদ্ধি সহকারে অবসন্নতা ; কঠিন পরিশ্রম ও আবদ্ধ থাকা বশতঃ উহার উৎপত্তি, শ্রান্তি, শয়ন করিয়া থাকিবার প্রবৃত্তি ; ইচ্ছা-শক্তি দ্বারা উহার পরাভব

কোমল বিধান-তন্তু, অস্থি-বেষ্ট অথবা অস্থি প্রভৃতির পুযোৎপত্তির প্রতি সিলিশিয়ার আশ্চর্য্য ক্ষমতা, এতদ্দ্বারা স্ফোটকাদিতে পুযোৎপত্তি জন্মিয়া উহা পক্ক হয় অথবা ব্রণাদির অতিরিক্ত পুয-স্রাব হ্রাস প্রাপ্ত হয় (প্রধানতঃ কোমল বিধান-তন্তুর আক্রমণ, ক্যালেণ্ড, হিপ)।

শিশুদিগের অবাধ্যতা ; অবিমৃষ্যকারিতা, সদয়ভাবে কিছু বলিলেও ক্রন্দন (এন্ট-টা, ষ্ট্যানিক, আইওড)

অস্থিরতা অত্যল্পমাত্র শব্দে চমকিত হইয়া উঠা।

আকুলতা, নমনীয়ত, সাহসহীনতা।

মানসিক পরিশ্রমে অতিশয় আয়াস ; লেখা পড়ায় শ্রান্তির উৎপত্তি, চিন্তা করিতে পারা যায় না।

শারীরিক উত্তাপের অভাব, সর্ব্বদাই শীতানুভব, এমনকি শারীরিক শ্রমেও শরীর উত্তপ্ত হয় না।

পৃষ্ঠবংশজ শিরোঘূর্ণন, গ্রীবা-পৃষ্ঠ হইতে মস্তক পর্য্যন্ত উহার উত্থিতি ; যেন সম্মুখ দিকে পড়িতে হইবে এরূপ অনুভব ; ঊর্দ্ধদিকে দৃষ্টি করিলে শিরোঘূর্ণন (পলস ;—নিম্নদিকে দৃষ্টিপাতে, ক্যালমি, স্পাইজি)।

যৌবনকালের কোন উৎকট পীড়ার পর হইতে পুরাতন সবমন শিরঃপীড়া (সোরি), ঘাড় হইতে মস্তকের শিখর পর্য্যন্ত উহার উত্থিতি, বোধ হয় যেন পৃষ্ঠবংশ হইতে সমাগত হইয়া এক চক্ষে, বিশেষতঃ দক্ষিণ চক্ষে উহার স্থিতি (বাম চক্ষে, স্পাইজি) ; বায়ু-প্রবাহে কিংবা মস্তক অনাবৃত

ধরিয়া রাখিলে উহার বৃদ্ধি ; চাপ দিলে ও উষ্ণবস্ত্রে জড়াইয়া রাখিলে হ্রাস (ম্যাগ-মি, ষ্ট্রন), প্রভৃত শ্লেষ্মা-স্রাবে উপশম।

সর্ব্বদা ঋতুর পূর্ব্বে ও ঋতু-কালে কোষ্ঠবদ্ধতা (ঋতুর পূর্ব্বে ও ঋতু-কালে অতিসার, এম-কা, বোভি) ; সরলান্ত্রের নিষ্ক্রিয়তার ন্যায় মল ত্যাগে সরলান্ত্রের পক্ষাঘাতবৎ অতিশয় কুন্থন, মলের খানিকটা বাহির হইয়া পুনরায় ভিতরে প্রবেশ (থুজা), সরলান্ত্রে অনেকক্ষণ মলের অবস্থিতি

বক্ষোলক্ষণের সহিত পর্য্যায়ক্রমে গুহ্যভ্রংশ (বার্ক, ক্যাল্ক-ফ)

প্রত্যেকবার সন্তান স্তন-পান কালে অপত্য-পথ হইতে রক্ত-স্রাব (ক্রোট-টিগ তুলনা করুন)

স্তন-বৃন্ত ছিপির আকারে আকৃষ্ট হয় (সার্স)।

স্বপ্ন সঞ্চরণ (নিশিপাগল), নিদ্রিত অবস্থায় উঠিয়া ইতস্ততঃ বিচরণ, অনন্তর পুনরায় শয়ন (কলী-ব্রোম)

অসুস্থ ত্বক ; প্রত্যেক ক্ষুদ্র ক্ষুদ্র উপঘাতে পূয়োৎপত্তি (গ্রাফ, হিপ, মার্ক, পেট্রো)।

হস্ত ও পদের অঙ্গুলীর নখের খঞ্জতা (এন্ট-ক্রু)

পা অনাবৃত রাখিলে সর্দ্দি লাগে (কোনা, কুপ)

হাত পা, পায়ের আঙ্গুল এবং কক্ষ-তলের ঘর্ম্ম ; দুর্গন্ধি ঘর্ম্ম।

প্রতিদিন সায়াহ্নে ঘর্ম্মব্যতীত পদদ্বয়ের অম্ল, পচামাংসের ন্যায় অসহ্য দুর্গন্ধ।

ম্যাগ্নিটাইজড্ হইবার (অয়স্কান্ত-শক্তি-সঞ্চারের) ইচ্ছা, উহাতে উপশম (ফস)

বিধান-তন্তু হইতে মাছের কাঁটা, সূচী, হাড়ের চোঁচ প্রভৃতি শৈল্য নিষ্কাশনে এতদ্দ্বারা সহায়তা হয়।

অশ্রুস্রাবী গ্রন্থির নালী-ক্ষত ; কুনী (ম্যাগ-ফস, ম্যারম) ; আঙ্গুল-হাড়া ; রক্ত-স্ফোটক, কার্ব্বঙ্কল ; সকল প্রকার ক্ষত। নালী-ক্ষত, উহাতে বেদনা, দুর্গন্ধ, উচ্চ সান্দ্র প্রান্ত (high spongy edges), ও মাংসাঙ্কুর ; মল-দ্বার-বিদারণ (গুহ্য-বিদারী) ; মলত্যাগান্তে অতিশয় যাতনা।

গ্রীবা, কক্ষ, কর্ণ, স্তন, বঙ্ক্ষণ প্রভৃতির গ্রন্থির প্রদাহ ও পূযোৎপত্তি।

উপচয়।—শীতলতায়; ঋতু-কালে, অমাবস্যার সময়ে; অনাবৃত হইলে, বিশেষতঃ মস্তক অনাবৃত করিলে; এবং শয়ন করিলে বৃদ্ধি

উপশম।—উষ্ণতায় বিশেষতঃ মস্তকে বস্ত্র জড়াইলে, আমাশয়িক লক্ষণ ব্যতীত অন্যান্য সমস্ত লক্ষণের উপশম, আমাশয়িক লক্ষণ শীতল আহারে বর্দ্ধিত হয় (লাই)

সম্বন্ধ। (১) থুজা ও স্যানিকিউলার সহিত অনুপূরক সম্বন্ধ (২) সিলিশিয়ার পরে লাইকো, সিপি, ফ্লোরিক এসিড ও হিপার ভাল খাটে। (৩) সিলিসিয়ার সহিত হিপ, পিক-এসি, কালী-ফস, হাইপার, রুটা, স্যানিকিউ, ও স্টেটিসবার্গের তুলনা হয় (৪) কাল্ক গ্রাফ, হিপ, নাই-এসি ও ফসের পরে সিলি ভাল খাটে (৫) তরুণ অবস্থায় পলস ও পুরাতন অবস্থায় সিলির সাদৃশ্য-সম্বন্ধ

সেলেনিয়ম।

(Selenium)

সুন্দর মুখাকৃতি; এবং বদন, হস্তদ্বয়, জঙ্ঘাদ্বয়, পদদ্বয় ও এক এক অঙ্গের শীর্ণতা

কার্য্যে অতিশয় বিস্মৃতি, কিন্তু নিদ্রা কালে স্বপ্নে উহার স্মরণ

শিরোবেদনা —মদিরাপায়ীদিগের শিরোবেদনা; ব্যভিচারের পর; লেমনেড, চা ও সুরাপানের পর; প্রতিদিন অপরাহ্নে, শিরঃপীড়া

মস্তক, ভ্রূ, গোঁপ, ও জননাঙ্গের কেশ-পতন

প্রতিশ্যায়ের অতিসারে পরিসমাপ্তি

রাত্রিতে ক্ষুধা (সিনা, সোরি); উগ্র মদিরা পানে স্পৃহা, প্রায় অদম্য আকাঙ্ক্ষা

কোষ্ঠবদ্ধতা। শক্ত অবরুদ্ধ মল, হাতদিয়া বাহির করিতে হয়

(এলো, ক্যাঙ্ক স্থানি-কিউ, সিপি, সিলি), গুরুতর রোগে, বিশেষতঃ আন্ত্রিক (enteric) জ্বরের পর উহার উৎপত্তি।

মূত্র—লোহিত, মলিন, স্বল্প ; ও স্থূল, লোহিত, রেণুময় অধঃপতিত পদার্থ বিশিষ্ট মূত্র ; বিচরণ-কালে অনিচ্ছায় বিন্দু বিন্দু মূত্র-পাত।

লিঙ্গ সংযুক্ত ধ্বজভঙ্গ ; অশ্লীল চিন্তা, কিন্তু শারীরিক অসামর্থ্য (আকস্মিক ধ্বজভঙ্গ, ক্লোর)।

ধীর, অপ্রচুর উদগম অনেকক্ষণ স্থায়ী পুলক সহকারে অতিক্রান্ত শুক্রপাত, সংসর্গের পর দুর্বলতা, বদমেজাজ, প্রায়শঃ অনিচ্ছায় বিন্দু বিন্দু শুক্র ও প্রষ্টেটিক রসের নিঃসরণ এবং উপবিষ্ট অবস্থায়, মলত্যাগ কালে ও নিদ্রাকালে, উহার ক্ষরণ ; লালা মেহ (gleet) (ক্যালাড)।

কাম-প্রবৃত্তি পরিশূন্য প্রবল লিঙ্গোদ্গম, লিঙ্গমুণ্ডের উপরের দিকে আকৃষ্টতা (বার্ব্ব নীচের দিকে আকৃষ্টতা, ক্যান্থ)।

স্বর-নাশ (aphonia) —অধিকক্ষণ স্বরের ব্যবহারের পর স্বর-নাশ ; গান করিতে আরম্ভ করিবার সময় স্বরের ভগ্নতা ; পুনঃ পুনঃ গলা পরিষ্কার করিয়া স্বচ্ছ শ্বেতসারময় শ্লেষ্মা তুলিয়া ফেলিতে হয় (আর্জ্জ-মে, ষ্ট্যাণ) ; টিউবারকিউলার ল্যারিঞ্জাইটিস।

দৌর্বল্য, সহজে অবসন্নতার উৎপত্তি ; মানসিক বা শারীরিক পরিশ্রম জন্য ; টাইফয়েড, টাইফস, বা অমিতাচারের পরে, উহার উদ্ভব।

শুইয়া থাকিবার ও নিদ্রা যাইবার দুর্নিবার ইচ্ছা ; সহসা শক্তির বিলোপ ; বিশেষতঃ গ্রীষ্মকালে।

উষ্ণ, শীতল অথবা আর্দ্র সকল প্রকার বায়ুর প্রবাহেই অতিশয় অপ্রবৃত্তি।

টাইফয়েড জ্বরের পরে মেরুদণ্ডের অতিশয় দুর্বলতা, পক্ষাঘাত জন্মিবার আশঙ্কা।

রোগাক্রান্ত স্থানের শীর্ণতা প্রাপ্তি।

উপচয়—বায়ু-প্রবাহে ; সূর্য্যের তাপে এবং লেমনেড, চা বা সুরাপানে ; বৃদ্ধি

উপশম।—মুখে শীতল জল বা শীতল বায়ু গ্রহণে, হ্রাস।

সম্বন্ধ ।—(১) অনন ও মূত্র-যন্ত্রের লক্ষণে, এবং শ্বাস-যন্ত্রের লক্ষণে ফসের সহিত, গায়ক ও বক্তাদিগের স্বর-যন্ত্র-প্রদাহে আর্জ্জেন্টে ও ষ্টানের সহিত; এবং কঠিন মল, নিশ্চেষ্ট সরলান্ত্র লক্ষণে এলমের সহিত সেলেনের তুলনা হয়। (২) ইন্দ্রিয় দৌর্ব্বল্যে, ক্যালাড, ষ্ট্যাট, ষ্ট্যাফ, ও ফস-এসির পরে সেলেন ভাল খাটে (৩) পারদঘটিত ঔষধ বা গন্ধক দ্বারা পাঁচড়া বসিয়া গেলে অনেক সময়ই সেলেনের প্রয়োজন পড়ে।

সোরিণম্ ।

(Psorinum)

সোরা-ধাতু-দুষ্ট ব্যক্তিদিগের পক্ষে বিশেষ উপযোগী

পুরাতন রোগ-চিকিৎসায় যখন সুনির্ব্বাচিত ঔষধে কোন উপকার বা স্থায়ী ফল দর্শে না (তরুণ রোগে, সল্ফ); এবং যখন রোগীতে সলফার উপযোগী মনে হয় কিন্তু সলফার ব্যবহারে কোনও ফল পাওয়া যায় না।

তরুণ রোগের ভয়ঙ্কর আক্রমনের পরে প্রতিক্রিয়ার অভাব।

পাণ্ডুর, সুকুমার ও রুগ্ন শিশু শিশু রুগ্নাবস্থায় দিবারাত্রি কোনও সময় ঘুমায় না, কেবল জ্বালাতন করে, খিট খিট করে ও ক্রন্দন করে (জ্যালাপ); সুন্দর প্রকৃতির বালক বালিকা, সারাদিন খেলা করে, অশান্ত, বিরক্তিপ্রদ, সারারাত্রি চিৎকার কারী, শিশু (লাইকোর বিপরীত)।

শারীর-রসের ক্ষয় বশতঃ তরুণ রোগের পরবর্ত্তী শারীরিক যন্ত্রাদির বিকার ব্যতীত বা স্বয়ম্ভুত, অথবা দৃশ্যমান কোনও কারণ ব্যতীত; অতিশয় দুর্ব্বলতা ও গ্লানি।

স্নান করা সত্ত্বেও শরীরে দুর্গন্ধ।

সমগ্র দেহের বেদনা, সহজেই শরীর ঘৃষ্ট ও আঘাতিত হইয়া থাকে।

শীতল বায়ুতে বা বাতাতপের পরিবর্ত্তনে অত্যন্ত অনুভবাধিক্য; প্রখর গ্রীষ্মকালেও পালকের টুপী, ওভার কোট বা শাল ব্যবহার।

ঝড়ের সময়ের তীব্রতানুভব ; ঝড়-বজ্রকালে বা উহার কতিপয় দিবস পূর্ব্ব হইতেই অস্থিরতা বোধ (ফস) ; গ্রীষ্মকালে অন্তর্হিত ও শীতকালে প্রত্যাবৃত্ত শুষ্ক, সশল্ক উদ্ভেদ।

পাঁচড়া বা অপর কোনও চর্ম্মরোগ বসিয়া গিয়া নানাবিধ উপসর্গ উৎপন্ন হইলে এবং সলফার ব্যবহারে উপশম না জন্মিলে ; যৎসামান্য মানসিক আবেগে (emotion) উৎপন্ন ভয়ানক রোগ

রোগাক্রমণের পূর্ব্বদিন অস্বাভাবিকরূপ ভাল বোধ।

তীব্র সোরা-বিষ-দুষ্ট রোগী ; স্নায়বিকতা, অস্থিরতা, সহজেই চকিততা।

অতিসার, প্রদর, ঋতু, ঘর্ম্ম প্রভৃতি সকল স্রাবেরই শবের ন্যায় দুর্গন্ধ।

উৎকণ্ঠা, ভয়পূর্ণতা ; পূর্ব্বেই ভবিষ্যৎ সম্বন্ধে মন্দ বলা।

ধর্ম্মবিষয়ক বিষণ্ণতা ; অত্যন্ত অবসাদ, আত্মহত্যার দুঃখ জনক চিন্তা ; মুক্তি সম্বন্ধে (মেলি) ও আরোগ্য সম্বন্ধে নৈরাশ্য।

হতাশা —রোগী মরিয়া যাইবে বলিয়া এবং তাহার কারবারে লোকসান হইবে বলিয়া ভীত হয় ; রোগের চরমকালে হতাশা ; নিজের জীবন ও তাহার আত্মীয় স্বজনের জীবন দুঃসহ করিয়া তোলা।

তীব্র কণ্ডূয়ন সহকারে আরোগ্যাশা পরিশূন্যতা

শিরঃপীড়ার পূর্ব্বে চক্ষুর সম্মুখে ঝিলিমিলি দর্শন, দৃষ্টির ক্ষীণতা বা অন্ধতা (ল্যাক-ডি, কালী-বাই), কৃষ্ণবর্ণ বিন্দু অথবা মণ্ডল দর্শন।

শিরোবেদনার সময়ে সর্ব্বদাই ক্ষুধাবোধ ; আহারকালে বেদনার হ্রাস ; উদ্ভেদ বসিয়া গিয়া অথবা ঋতু হইয়া শিরোবেদনা ; নাসিকা হইতে রক্ত পাতে বেদনার হ্রাস (মেলি)

শুষ্ক, চাকচক্য পরিশূন্য, সহজেই জড়াইয়া যায়, জটা বাঁধিয়া যায় (লাই) এরূপ ; চুল। কেশ রোগ (Plica Polo ıica, পোল্যাণ্ড দেশীয় কেশ-রোগ বিশেষ) (ব্যারা, সার্সা, টিউব)

শুষ্ক, সশল্ক বা আর্দ্র, দুর্গন্ধ পূয-পূর্ণ পীড়কা বিশিষ্ট, মস্তক-ত্বক ; পীড়কা হইতে একপ্রকার আঠা আঠা, দুর্গন্ধ রসক্ষরণ (গ্রাফ, মেজ)

অক্ষি-পুটের প্রদাহ সংযুক্ত তীব্র আলোক-দ্বেষ, চক্ষু মেলিতে অসামর্থ্য; বালিশে মুখ গুঁজিয়া শয়ন।

কর্ণ কানের উপরে ও পশ্চাতে আর্দ্র খুসকি এবং অবদরণ, দুর্গন্ধ আঠা আঠা স্রাব নিঃসরণ (গ্রাফ)

কর্ণ-স্রাব —পাতলা, রসানির মত, পচামাংসের ন্যায় ভয়ঙ্কর দুর্গন্ধি স্রাব; হাম বা স্কার্লেটিনার পরবর্ত্তী পুরাতন কর্ণস্রাব।

বয়ঃব্রণ —সাধারণ ও গোলাপী সকল প্রকারের; ঋতুকালে, কফি, চর্ব্বি, চিনি ও মাংসে উপচয়; সুনির্ব্বাচিত ঔষধেও যখন উপকার হয় না বা ক্ষণিক উপশম জন্মায়।

মধ্য রাত্রিতে ক্ষুধানুভব, কিছু না খাইয়া পারা যায় না (সিনা, সলফ)।

পচা ডিমের গন্ধ বিশিষ্ট উদ্গার (আর্ণ, এণ্ট-টা, গ্রাফ)।

তালু-মূল-প্রদাহ (Quinsy), টনসিলের অতিশয় স্ফীততা; গিলিতে কষ্ট ও বেদনা, জ্বালা ও দগ্ধবৎ অনুভব; গিলিবার সময় কর্ণ পর্য্যন্ত প্রসারিত, কর্ত্তন ও ছেদনবৎ তীব্র বেদনা (বেদনা শূন্য, ব্যারা-ক), প্রভূত দুর্গন্ধ লালা; গলায় শক্ত শ্লেষ্মা, অবিরত খক্ খক্ করিতে হয়। এই ঔষধ এই রোগের তরুণ আক্রমণেই যে কেবল উপশমপ্রদ এমন নহে, তালুমূল-প্রদাহ প্রবণতার মূলোচ্ছেদেও এই ঔষধ কার্য্যকারী

শবগন্ধি, বিস্বাদ, মটরের আকারের পনীরের ডেলারমত দলাদল শ্লেষ্মা খক্ খক্ করিয়া কাসিয়া উঠাইতে হয় (কালী-মি)।

অতিসার।—সহসা, প্রবল (এলো, সলফ); জলবৎ কপিশবর্ণের, পচা শবেরমত গন্ধ বিশিষ্ট মল; অনিচ্ছায় নির্গত, রাত্রি ১টা হইতে ৪টার মধ্যে উপস্থিত; সাংঘাতিক তরুণ রোগের পরবর্ত্তী; দন্তোদ্গমকালে; বালক বালিকাদিগের ঋতুপরিবর্ত্তনের সময় অতিসার

কোষ্ঠ বদ্ধ। কটিবেদনাসহকারে, দুর্দ্দমনীয়, সরলান্ত্রের নিষ্ক্রিয়তা বশতঃ সমুৎপন্ন, কোষ্ঠকাঠিন্য; সলফার বিফল হইলে এই ঔষধে উপকার হয়

মূত্রাশয়ের আংশিক পক্ষাঘাত বশতঃ পূর্ণিমার সময়ে উপস্থিত, একজিমা-রোগে আক্রান্ত পারিবারিক ইতিবৃত্ত সম্বলিত দুর্দ্দম্য; অবারিত মূত্র

বহুবৎসরের পুরাতন প্রমেহ, উহা আরোগ্যও হয় না প্রশমিতও হয় না; সুনির্ব্বাচিত ঔষধেও ফল না দর্শিলে

বৃহৎ, দুর্গন্ধ, সংযত (চাকাচাকা) খণ্ড; ত্রিকাস্থিতে (Sacrum) তীব্র বেদনা; দৌর্ব্বল্য; রজঃ নিবৃত্তির সময়ে; শ্বেত প্রদর।

গর্ভাবস্থায় দুর্দ্দম্য বমন, ভ্রূণের অতিক্রান্ত সঞ্চালন; যখন সুনির্ব্বাচিত ঔষধে কোনও উপকার হয় না গর্ভস্থ শিশুর সোরাধাতুদোষ দূর করিতে এই ঔষধ ব্যবহৃত হয়

সকল যন্ত্রণার শান্তি সহকারে (ক্যালাড, ষ্ট্যাট-মি) তরুণ রোগের পরবর্ত্তী প্রভৃত ঘর্ম্মস্রাব

শ্বাসরোগে (হাঁপানি) শ্বাস কৃচ্ছ্র:—বিমুক্তবায়ুতে উঠিয়া বসিলে বৃদ্ধি (লরো); শয়ন করিলে ও দুই বাহু দুইদিকে অতিদূরে প্রসারিত করিয়া দিলে উপশম (আর্সেনিকের বিপরীত); নিরাশা, রোগী মনে করে সে আর বাঁচিবে না।

প্রতি শীতকালে কাসের আক্রমণ

ওষধিগন্ধজ-জ্বর (Hay fever)) —শ্বাসকাস সোরা বা পামার ইতিবৃত্ত সহকারে প্রতিবৎসর নিয়মিতরূপে মাসের একই দিনে প্রত্যাবর্ত্তন রোগের গ্রীষ্মকালের আক্রমণ নিবারণার্থে ও রোগের ধাতুদোষ খালনার্থে পূর্ব্ব শীতকালে চিকিৎসিত হওয়া আবশ্যক।

কাসি —একৃত্রিম অথবা পাঁচড়া বসিয়া যাইবারপরে বহুবৎসরের পুরাতন; প্রাতে নিদ্রা হইতে জাগরণান্তে ও সন্ধ্যায় শয়নে বিবর্দ্ধিত (ফস, টিউব); হরিৎ, পীত বা লবণাক্ত নিষ্ঠীবন বিশিষ্ট; পূযেরন্যায়; নিষ্ঠীবন ত্যাগের পূর্ব্বে অনেকক্ষণ ধরিয়া কাসিতে হয় এরূপ; কাস

চর্ম্ম '—চর্ম্মরোগে আক্রান্ত হইবার অস্বাভাবিক প্রবণতা (সলফ); উদ্ভেদে সহজেই পূযোৎপত্তি (হিপার) প্রবণ শুষ্ক, নিষ্ক্রিয়, কচিৎ ঘর্ম্ম সংযুক্ত নোংরা, মনেহয় কখনও প্রক্ষালন করা হয়না এরূপ কর্কশ, আঠা আঠা, তৈলসিক্তবৎ; গন্ধক ও সীসার মলম ব্যবহারের মন্দফল সংযুক্ত; চর্ম্ম

দুর্দ্দম্য কণ্ডূয়ন, অথবা চোর ডাকাত ও বিপদের ভয়পূর্ণ স্বপ্ন (ষ্ট্যাট-মি) সংযুক্ত নিদ্রাহীনতা

সোরা বা সোরাধাতুদোষের জন্যই যে কেবল সোরিণঃম ব্যবহৃত হইবে তাহা নহে, অপরাপর ঔষধের মত লক্ষণ সমষ্টির সহিত মিলাইয়া ইহা ব্যবহার করিতে হয়, এবং তখনই আমরা ইহার আশ্চার্য্য ক্রিয়া প্রত্যক্ষ করিয়া থাকি।

সম্বন্ধ।—সলফার ও টিউবারকিউলিনামের সহিত অনুপূরক সম্বন্ধ

এলুমি, বোরা, হিপার, সলফ, টিউব, সোরিণঃমের পরে ভাল খাটে।

গর্ভাবস্থায় বমনে ল্যাক্টিক এসিডের পরে; ডিম্বাশয়ের আভিঘাতিক রোগে আর্নিকার পরে সোরিণঃম ভাল খাটে।

স্তনের ক্যান্সারে সোরিণঃমের পরে সলফার ভালকাজ করে।

J.B Bell—"বিশুদ্ধ স্বর্ণ অথবা অতিশয় ঘৃণ্য যে কোনও বস্তু হইতেই ঔষধ প্রস্তুত হউক না কেন, উহার আশ্চর্য্য কার্য্যকারিতা শক্তির নিকট আমরা কৃতজ্ঞ, উহা কোন্ বস্তু হইতে উৎপন্ন হইয়াছে, তাহা জানিবার কোনও আবশ্যক করে না।"

স্পঞ্জিয়া টোষ্টা।

(Spongia Tosta)

গুটিকা-ধাতুতে এই ঔষধ বিশেষ উপযোগী। পাতলা চুল, শিথিল দেহ-তন্তু, সুন্দর মুখাকৃতি বিশিষ্ট (ব্রোম) বালক-বালিকা ও স্ত্রীলোকদিগের পক্ষে স্পঞ্জিয়া বিশেষ উপযোগী

গ্রন্থির স্ফীততা ও দৃঢ়তা; গলগণ্ড (ব্রোম)।

ভীত হইয়া নিদ্রা হইতে জাগরণ এবং শ্বাস-রোধ অনুভব; বোধ হয় যেন স্পঞ্জের অভ্যন্তর দিয়া শ্বাস-ক্রিয়া নিষ্পন্ন হইতেছে।

প্রত্যেক মানসিক উত্তেজনায় কাশের বৃদ্ধি

নিদ্রান্তে বা নিদ্রা যাইতে যাইতে বৃদ্ধি (ল্যাক)।

গলা-ব্যথা, মিষ্টদ্রব্য আহারে উহার বৃদ্ধি গল-গ্রন্থির স্ফীততা; তৎসহ রাত্রিতে শ্বাস-রোধের আক্রমণ। গলগণ্ড।

গল মধ্যে স্বরযন্ত্র, কণ্ঠনালী, বায়ু-নলী-ভুজ (bronchi) প্রভৃতি বায়ু-পথের শ্লৈষ্মিক ঝিল্লীর অতিশয় শুষ্কতা—"যেন শৃঙ্গের ন্যায় শুষ্ক "

কাস —শুষ্ক, কুক্কুর-রববৎ, ক্রুপ-রোগের কাস ; উখার ঘর্ষণসদৃশ ঝন্ ঝন্ শব্দ বিশিষ্ট, সাঁইসাঁই, শুন্ শুন্ সংযুক্ত কাস ; সকলই সম্পূর্ণ শুষ্ক, শ্লেষ্মার ঘড়ঘড় শব্দ শুনা যায় না।

কাস।—দেবদারুর তক্তার ভিতর দিয়া করাত টানার ন্যায় শুষ্ক হিস্ হিস্ শব্দ বিশিষ্ট কাস, মিষ্টদ্রব্য, শীতল পানীয়, ধূমপান, মাথা নীচু করিয়া শয়ন ও শুষ্ক, শীতল বাতাসে উহার আধিক্য ; পঠনে, গানে, আলাপনে, ও গলাধঃকরণে বৃদ্ধি ; উষ্ণদ্রব্য আহারে বা পানে হ্রাস

ক্রুপ —আকুলিত সাঁইসাঁই শব্দ বিশিষ্ট, নিশ্বাস-কালে বিবর্দ্ধিত (প্রশ্বাসে বিবর্দ্ধিত, একন) ; ও দুই প্রহর রাত্রির পূর্ব্বে বর্দ্ধিত (প্রাতঃ-কালের পূর্ব্বে বর্দ্ধিত, হিপ) ; ক্রুপ

হৃৎকম্প।—যাতনা ও হাঁপানি সহকারে প্রবল হৃৎকম্প ; মধ্যরাত্রির পরে শ্বাস রোধ ও ব্যাকুলতা সহকারে সহসা নিদ্রা হইতে জাগরণ ; হৃদ্‌কপাটের অপ্রাচুর্য্য (valvular insufficiency) ; ঋতুর পূর্ব্বে ও ঋতু-কালে উপস্থিতি।

হৃদ্‌শূল ; আকুঞ্চক বেদনা, উত্তাপ, শ্রান্তি, শ্বাস-রোধ, উৎকণ্ঠা ও ঘর্ম্ম ; মধ্য-রাত্রির পরে বৃদ্ধি।

শুক্রবাহিনী নাড়ীর স্ফীততা ও ব্যথিততা ; অণ্ডকোষের স্ফীততা, দুষ্টতা, ও নিষ্পেষণ ; বিলুপ্ত প্রমেহ অথবা কুচিকিৎসিত অণ্ড-প্রদাহের পর উহার উৎপত্তি।

সম্বন্ধ —(১) কাস ও ক্রুপরোগে, শুষ্কতার প্রাধান্য থাকিলে একন, ও হিপের পরে স্পঞ্জিয়া ভাল খাটে ; শ্লেষ্মা ঘড় ঘড় করিতে আরম্ভ করিলে স্পঞ্জিয়ার পরে হিপার ভাল খাটে ; নিষ্ঠীবন শিথিল হয় কিন্তু রোগীকে উহ গিলিয়া ফেলিতে হয়, এই লক্ষণে আর্জ, কষ্ট, আইওড, ল্যাক, ও নক্স-মস সহিত স্পঞ্জিয়ার তুলনা হয়

স্পাইজিলিয়া।

(Spigelia)

নীরক্ত, দুর্ব্বলীভূত; আমবাতিক শারীরিক প্রকৃতির ব্যক্তি; এবং ক্ষুদ্র ও দীর্ঘ কৃমি বিশিষ্ট গণ্ডমাল-ধাতু-দুষ্ট বালক-বালিকাদিগের পক্ষে স্পাইজিলিয়া উপযোগী।

লঘু-কেশ; পাণ্ডুর, ক্ষীণ, স্ফীত, দুর্ব্বল; ও কুঞ্চিত, পীত, সুবর্ণত্বক্ বিশিষ্ট ব্যক্তি।

স্পর্শে শরীরের যাতনাযুক্ত অনুভূতি; স্পৃষ্টস্থানে শীতলতা অনুভব, স্পর্শে সর্ব্ব শরীরের অভ্যন্তর দিয়া কম্পের সঞ্চরণ (কালী-কা) সূচী, আলপিন প্রভৃতি সূক্ষ্মাগ্র, ধারাল বস্তুর ভয়।

হৃৎপিণ্ডের আমবাতিক রোগ (ক্যালী, লিড, স্পাজা); হৃদগ্র প্রদেশে হৃৎপিণ্ডের আকুঞ্চনজনিত শব্দ। ধমনীর অর্ব্বুদ (eneurism)।

স্নায়বীয় শিরোবেদনা —নির্দ্ধারিত সময়ে উপস্থিতি, মস্তিষ্কের ভূমিদেশে প্রাতে আরম্ভ, মস্তকের উপর প্রসারণ এবং বামদিকের চক্ষু, চক্ষু-কোটর ও শঙ্খস্থানে অবস্থিতি (দক্ষিণ পার্শ্বে, স্যাঙ, সিপি); স্পন্দনজনক, দপদপকর, প্রবল বেদনা।

সূর্য্যোদয়ে শিরঃপীড়া, মধ্যাহ্নে উহার চরম বৃদ্ধি, সূর্য্যাস্ত পর্য্যন্ত হ্রাস প্রাপ্তি (ন্যাট, ট্যাব)।

অক্ষি-গোলকে অসহ্য প্রচাপনী বেদনা; সর্ব্বশরীর না ঘুরাইয়া চক্ষু ঘুরাণ যায়না, পা ফসকিয়া গেলে উহার বিশেষ আধিক্য।

চক্ষু যেন গহ্বর অপেক্ষা অতিরিক্ত বৃহৎ এরূপ অনুভব (এক্ট, কোম); **স্পর্শে অতিরিক্ত অনুভূতি;** মাথার চারিদিকে যেন বন্ধন রহিয়াছে এ প্রকার অনুভব (ক্যাক্ট, কার্ব্ব-এসি, সলফ,)

নাসিকার পশ্চাদ্ভাগের রন্ধ্র হইতে দুর্গন্ধ প্রচুর শ্লেষ্ম গলার অভ্যন্তরে পতন, তদ্বারা রাত্রিতে গল-রোধের উৎপত্তি (হাইড্রা)।

অক্ষি-গোলকের অভ্যন্তর দিয়া পশ্চাদ্দিকে মস্তকের অভ্যন্তর পর্য্যন্ত তীব্র, বেধন, ও ভেদনবৎ শীতল, আর্দ্র, বৃষ্টি কালে উহার উৎপত্তি।

মুখমণ্ডলের স্নায়ুশূল ; নির্দ্দিষ্ট সময়ে উহার উপস্থিতি ; বামভাগের চক্ষুকোটর, চক্ষু, হনুর অস্থি ও দন্তের আক্রান্তি ; প্রাতঃকাল হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত অবস্থিতি, ছিঁড়িয়া যাওয়া ও জ্বালার ন্যায় বেদনা, গালের মলিন আরক্ততা ; শীতল, বৃষ্টি-কালে ; ও চা পানে উহার উৎপত্তি।

তাম্রকূটের ধূম-পান জনিত দন্ত-বেদনা ; কেবল শয়ন করিয়া থাকিলে ও আহার-কালে উপশম (প্ল্যান্ট)। শীতল বায়ু ও জলে বৃদ্ধি ; উহার বিষয় চিন্তা করিলে প্রত্যাবৃত্তি।

স্থূলান্ত্রের শেষ বক্রাংশে (sigmoid) অথবা সরলান্ত্রে কঠিন কর্কট (scirrhus) উহাতে অসহ্য নিদারুণ বেদনা (এলুমেন)।

শ্বাস-কৃচ্ছ্র ; দক্ষিণ পার্শ্বে অথবা মাথা উচ্চ করিয়া শয়নের আবশ্যকতা (ক্যাক্টি, স্পঞ্জ) ; বক্ষঃস্থলে সূচী-বেধবৎ বেদনা।

নাড়ীর স্পন্দনের সহিত যুগপৎ সূচী-বেধবৎ বেদনা বিশিষ্ট বক্ষঃস্থলের রোগ, সঞ্চলনে ও শীতল আর্দ্র ঋতুতে উহার আতিশয্য।

হৃৎকম্প ; প্রবল, দৃশ্যমান ও শ্রুতমান স্পন্দন ; অত্যল্প মাত্র নড়িলে চড়িলে ; ও সম্মুখদিকে অবনত হইলে উহার উপস্থিতি ; হৃদগ্রপ্রদেশে (apex) হৃৎপিণ্ডের আকুঞ্চনজনিত শব্দ

উদরের রোগ ; ও কৃমি-রোগ সহযোগে তোতলামি, প্রথম শব্দাংশ তিন চারিবার বলিতে হয়

উপচয়।—নড়িলে চড়িলে, শব্দে, স্পর্শে, চক্ষু ঘুরাইলে ; ঝাঁকি লাগিলে অথবা সংঘর্ষণে ; বৃদ্ধি।

উপশম।—মস্তক উচ্চ করিয়া দক্ষিণ পার্শ্বে শয়নে হ্রাস (আস, ক্যাক্টি, স্পঞ্জ)।

সম্বন্ধ।—হৃদ্রোগে, একন, আর্স, ক্যাক্টি, ডিজি, কালী-কা, নাজা, ক্যালমিয়া ও স্পঞ্জিয়ার সহিত স্পাইজিলিয়ার তুলনা হয়।

স্যাঙ্গুইনেরিয়া।

(Sanguinaria)

নির্দ্ধারিত সময়ে উপস্থিত সবমন শিরঃপীড়া, প্রাতে উহার আরম্ভ, দিবাভাগে বৃদ্ধিপ্রাপ্তি, সন্ধ্যাকাল পর্য্যন্ত অবস্থিতি ; মাথা যেন ফাটিয়া পড়িবে, অথবা চক্ষু প্রচাপিত হইয়া বাহির হইয়া পড়িবে এরূপ অনুভব ; নিদ্রান্তে উপশমপ্রাপ্তি।

আমেরিকার সবমন শিরঃপীড়া, অন্ধকার গৃহে সম্পূর্ণরূপে শান্ত হইয়া থাকিলে উহার হ্রাস (অতিরিক্ত মানসিক ও শারীরিক পরিশ্রম বশতঃ শিরঃপীড়া, ইপিজিয়া, সবমন শিরঃপীড়ার পরিশ্রম-কালে বৃদ্ধি এবং ঘর্ষণে, প্রচাপনে ও সঞ্চালনে হ্রাস, ইগ্নিগো)

শিরঃপীড়ার মস্তকের পশ্চাদ্ভাগে আরম্ভ, উপরের দিকে প্রসারণ ও দক্ষিণ চক্ষুর উপরে অবস্থিতি (সিলি।—বাম অক্ষি-কোটরের উপরে বা মধ্যে অবস্থিতি, স্পিজি)

নিবৃত্ত-রজকালে প্রত্যাবৃত্ত, শিরঃপীড়া ; প্রতি সপ্তম দিবসে উপস্থিতি (স্যাবাড, সিলি, সলফ —অষ্টম দিবসে, আইরিস)।

মুখমণ্ডলের স্নায়ু-শূল, নিহিত-জানু (kneeling down) হইয়া ভূতলে দৃঢ়রূপে মস্তক চাপিয়া রাখিলে উহার উপশম ; উপরের হনু হইতে সকল দিকে বেদনার প্রসারণ।

ব্রঙ্কাইটিস নিউমোনিয়া ও থাইসিস রোগে, অপরাহ্নে গণ্ডদ্বয়ের সীমা-বিশিষ্ট আরক্ততা ; কর্ণে জ্বালা।

দক্ষিণ বাহু ও দক্ষিণ স্কন্ধে বাতের বেদনা (বাম, ফির), বাহু উপরে উঠাইতে পারা যায় না, রাত্রিতে উহার বৃদ্ধি

দীর্ঘাস্থি, কর-পৃষ্ঠ প্রভৃতি যে যে স্থানের অস্থি অত্যল্প আবৃত তথায় বেদনা (রুঃস-ভেনি)

গল-কোষ ও গল নালীতে জ্বালা। স্বরযন্ত্রের ও নাসিকার বহুপাদ (polypus) (স্যাঙ্গ, সোরি, টিউক)।

নিবৃত্ত-রজস্কাদিগের পীড়া।—তাপাবেশ ও শ্বেতপ্রদর, করতল ও পদতলের জ্বালা; শয্যায় গাত্রাবরণ ফেলিয়া দিতে হয়; স্তনের বেদনাবিশিষ্ট বিবর্দ্ধন; যখন ল্যাকেসিস ও সলফারে উপকার দর্শে না।

ওষধিগন্ধজ জ্বরের পরবর্তী শ্বাস রোগ, গন্ধে উহার বৃদ্ধি।

কাস—শুষ্ক কাস, তজ্জন্য রাত্রিতে নিদ্রা হইতে জাগরণ এবং যে পর্য্যন্ত না শয্যায় উঠিয়া বসা যায় ও বায়ু-নিঃসরণ হয় সে পর্য্যন্ত উহার অবিরতি; গণ্ডদ্বয়ের সীমাবদ্ধ আরক্ততা; নৈশ ঘর্ম্ম; অতিসার

হুপ-শব্দ-কাসের পরে উগ্র কাস; রোগীর যতবার সর্দ্দি লাগে ততবারই কাস প্রত্যাবৃত্ত হয়।

যুবতী স্ত্রীদিগের, বিশেষতঃ স্বল্প রজ-কালে, মুখমণ্ডলে উদ্ভেদ (বেলিস, ক্যাল্ক, ইউজিন, সোরি)।

সম্বন্ধ।—(১) সবমন শিরঃপীড়ায়, বেল, আইরিস, মেলিলোটের সহিত; বিরজ-কালের রোগে, ল্যাক ও সলফের সহিত; পুরাতন ব্রঙ্কাইটিস বা প্রচ্ছন্ন নিউমোনিয়ায়, চেলি, সলফ, ফস, ভিরে-ভির সহিত ইহার তুলনা হয়। (২) স্কার্লেটিনায় বেলেডোনা বিফল হইলে এই ঔষধ ব্যবহৃত হয় (৩) ওপিয়মের মত্ততা নিবারণার্থে ইহার ব্যবহার হয়।

স্যানিকিউলা।

(Sanicula)

নিম্নাভিমুখ গতিতে ভয় (বোরা)।

শিশুর দুর্দ্দমনীয়তা ও অবাধ্যতা, ক্রন্দন ও পদাঘাত করণ, বিরক্তচিত্ততা ও কোপনতা, আবার সত্বর হাস্য; স্পর্শ করিতে দিতে অনিচ্ছা।

অবিরত কার্য্যের পরিবর্ত্তন

নিদ্রা কালে বালক-বালিকাদিগের মাথায় ও ঘাড়ের সমধিক ঘর্ম্ম; উহাতে অনেকদূর পর্য্যন্ত বালিশ ভিজিয়া যায় (ক্যাল্ক, সিলি)

মস্তকের কেশাবৃতভাগে, চক্ষুর ভ্রূতে, এবং দাড়িতে শল্কবৎ প্রভৃত খুস্কি।

কর্ণের পশ্চাতে ক্ষত এবং উহা হইতে শুভ্র, ধূসর, আঠা আঠা রস নিঃসরণ (গ্রাফ, সোরি)।

জিহ্ব —বৃহৎ, লোহিত জিহ্বা; উহাতে জ্বালা শীতল রাখিবার জন্য বাহির করিয়া রাখিতে হয়; জিহ্বার উপর দন্তক্ষত (ষ্টাট-মি)।

শকটারোহণ বশতঃ বিবমিষা ও বমন। পিপাসা; বারবার অল্প অল্প জল পান; জল আমাশয়ে পৌঁছিবামাত্র বমন হইয়া পতন (আর্স, ফস)।

অবিরত লক্ষণের পরিবর্ত্তন (ল্যাক-ক্যান, পলস)।

অনিচ্ছায় মল ও মূত্র নিঃসরণ; দ্বারাবরণী পেশীর (sphincter) উপর নির্ভর করিতে পারা যায়না (এলো); অপানের বেগ-কালে মল নিঃসৃত না হয় এজন্য জঙ্ঘাদ্বয় আড়াআড়ি করিয়া রাখিতে হয়

কোষ্ঠ-বদ্ধতা —যে পর্য্যন্ত অধিক মল সঞ্চিত না হয় সে পর্য্যন্ত মল-প্রবৃত্তি পরিশূন্যতা; অতি কুন্থনে আংশিক নিঃসারিত মলের পুনরায় ভিতরে প্রবেশ (সিলি, থুজা); অধিক পরিমাণে ধূসর বর্ণ, শুষ্ক, ক্ষুদ্র ক্ষুদ্র বর্ত্তুলাকার মল নিঃসরণ, হাতদিয়া বাহির করিতে হয় (সেলে)।

মল।—শক্ত, পরিত্যাগ করা অসাধ্য; দগ্ধ চূণের ন্যায় ধূসরাভ শুভ্র গোলা সদৃশ; মলদ্বারের প্রান্ত হইতে খণ্ড খণ্ড হইয়া পতিত (ম্যাগ-মি) মল; মলে পনিরের গন্ধ।

অতিসার।—বিরেচনের প্রকৃতি ও বর্ণের পরিবর্ত্তন; ভগ্নডিম্বের ন্যায় আকৃতি; ফেণিল, ঘাসের ন্যায় সবুজবর্ণ, খানিক থাকিলে পর সবুজবর্ণ, ভাঙ্গ-পড়া পুকুরের গাদের মত,—মল; আহারান্তে তাড়াতাড়ি মল-ত্যাগ করিতে যাইতে হয়

স্নান করিলেও মলের গন্ধ যায়না (সলফ)।

মল-দ্বারের সমীপবর্ত্তী ত্বকের অবদরণ (সলফ); মূলাধার (perinaeum) আবৃত করিয়া জননাঙ্গ পর্য্যন্ত উহার প্রসার।

লোণা মৎস্যের জলের ন্যায় উগ্রগন্ধবিশিষ্ট প্রদর (সরলান্ত্র হইতে লোণা-মৎস্যের জলের ন্যায় রস-ক্ষরণ, ক্যাল্ক; কর্ণ হইতে, টেলু)।

দুর্ব্বলতা, বস্তি-গহ্বরের আধেয় (contents of pelvis) যেন বাহির হইয়া পড়িবে এরূপ আবেগ (bearing down); হাঁটিলে, পদ-স্খলিত হইলে, বা

সংঘর্ষে উহার বৃদ্ধি, বিশ্রামে ও শয়ন করিয়া থাকিলে হ্রাস ; অগের সম্মুখে হাত রাখিয়া অননাঙ্গ তুলিয়া ধরিবার ইচ্ছা (লিলি, মিউর) ; জরায়ুর স্পর্শ-দ্বেষ।

পদ-ঘর্ম্ম।—পদাঙ্গুলীর মধ্যবর্ত্তী স্থানে ঘর্ম্ম, ও তজ্জন্য উহাদের ক্ষত ; দুর্গন্ধ ঘর্ম্ম (গ্রাফ, সোরি, সিলি) ; যেন শীতল জলে পা ফেলা হইয়াছে পদতলে এরূপ ঘর্ম্ম

পদতলের জ্বালা, উহা আবৃত করিতে বা শীতল স্থানে রাখিতে হয় (ল্যাক, মেডে, স্যাঙ্গ, সলফ)।

শিশু অত্যন্ত শীতকালেও পদাঘাত করিয়া কাপড় ফেলিয়া দেয় (হিপ, সলফ)

ক্রমশঃ বর্দ্ধনশীল শীর্ণতা, শিশুকে অধিক বয়স্ক, মলিন, তৈলাক্ত ও ঈষৎ কপিশ বর্ণ দেখায় ; উহার ঘাড়ের নিকটের ত্বক, কুঞ্চিত হইয়া বলিতে বলিতে ঝুলিতে থাকে (এব্রোট, আইওড, স্যাট-মিউ, সার্স

সম্বন্ধ।—এলম, এব্রোট, বোরা, ক্যাল্ক, গ্রাফ, স্যাট-মিউ, সিলি ও অন্যান্য প্রধান প্রধান সোরা-দোষঘ্ন ঔষধের সহিত সম্বন্ধ।

স্যাবাডিলা।

(Sabadilla.)

লঘু-কেশ, সুন্দর মুখাকৃতি, দুর্ব্বলীভূত শিথিল পেশীমণ্ডলীবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে এই ঔষধ উপযোগী।

বালক-বালিকাদিগের ক্রিমিজনিত রোগ (সিনা, সিলি, স্পাইজি).

স্নায়বিক রোগ।—স্পন্দন, আক্ষেপিক-কম্পন, ক্যাটালেপ্সি ; ক্রিমিজন্য উৎপত্তি (সিনা, সোরি)

সূত্র-ক্রিমিজনিত নারীদিগের কামোন্মাদ

অনেক লক্ষণের দক্ষিণ হইতে বামদিকে গতি (লাই, পড) ; পা হইতে মাথায় শীতের উত্থিতি

ভ্রান্তি।—যেন রোগ হইয়াছে; অঙ্গগুলি যেন শীর্ণ হইয়াছে, রোগীর এরূপ ভ্রান্তি; বায়ুজন্য উদরের স্ফীততা দেখিয়া রোগিণীর গর্ভ বলিয়া ভ্রম; রোগিণী মনে করে যেন তাহার কোন ভয়ঙ্কর গল-রোগ জন্মিয়াছে, উহাতে তাহার মৃত্যু হইবে।

সবিরাম জ্বরের ভোগকালে প্রলাপ (পড)

শিরঃপীড়া —অতিরিক্ত চিন্তা করাতে,অতিরিক্ত মনোনিবেশ করাতে (আর্জ্জ-না); ও পট্টি-কৃমি (tape-worm) হইতে উৎপন্ন, শিরঃপীড়া

হাঁচি।—আক্ষেপিক, আবেশে আবেশে উপস্থিত, হাঁচি; তৎপরে অশ্রুপাত; প্রচুর জলবৎ স্রাব নিঃসরণশীল নাসিকার প্রতিশ্যায়; মুখমণ্ডলের উত্তপ্ততা এবং অক্ষিপুটের আরক্ততা ও জ্বালা।

ডিফথিরিয়া, টন্সিলাইটিস (তালুমূল-প্রদাহ); অপেক্ষাকৃত অনায়াসে উষ্ণদ্রব্য গিলিতে পারা যায়; সূচী-বেধবৎ যাতনা ও অন্যান্য অধিকাংশ লক্ষণ, বিশেষতঃ গল-লক্ষণের বাম হইতে দক্ষিণদিকে গতি (ল্যাকে, ল্যাক-ক্যান)।

গলার মধ্যে যেন একখণ্ড চর্ম্ম শিথিলভাবে ঝুলিয়া রহিয়াছে এপ্রকার অনুভব, উহার উপর দিয়া গিলিতে হয় (পিণ্ডবৎ অনুভব, ল্যাক)।

গল-কোষ ও গল-গহ্বরের পরিশুষ্কতা।

ত্বকের পার্চমেণ্টের মত শুষ্কতা।

উপচয়।—শীতলতায়; শীতল বায়ুতে; বিশ্রাম-কালে; ও পূর্ব্বাহ্ণে; বৃদ্ধি।

সম্বন্ধ।—(১) অপরাহ্ণ ৪টা হইতে ৮টা পর্য্যন্ত বৃদ্ধি লক্ষণে, কলোস, কলচি, লাইকোর সহিত; এবং অনাবৃত বায়ুতে হ্রাসে, পলস, ও স্যাবিনার সহিত স্যাবাডিলার তুলনা হয়; (২) প্লুরিসি রোগে ব্রাই ও রাণ-বল্বের পর স্যাবা ভাল খাটে, এবং একন ও ব্রাই বিফল হইলে পরেও একদ্বারা উপকার দর্শে।

স্যাবিনা।

(Sabina.)

স্ত্রীলোকদিগের পুরাতন পীড়া সন্ধিবাতজ বেদনা, বিশেষতঃ তৃতীয় মাসে গর্ভস্রাবের অভিমুখতা।

গীত-বাদ্যে অসহ্যতা উহাতে স্নায়বীয়তার উৎপত্তি যেন অস্থি ও মজ্জার (marrow) অভ্যন্তর দিয়া সংপ্রবেশ অশ্রুপাতের উৎপত্তি, থুজা)।

প্রায় সকল রোগেই ত্রিকাস্থি হইতে মণিপুর পর্য্যন্ত (from sacrum to pubes) কটিদেশে আকর্ষণী বেদনা ; পৃষ্ঠ হইতে শরীরের চারিদিক-দিয়া মণিপুর পর্য্যন্ত বেদনার গতি (ভাইবারনম)

গর্ভস্রাব বা অকাল-প্রসব জনিত পীড়া ; জরায়ু হইতে রক্তস্রাব ; আংশিক ফিকা লাল আংশিক সংযত রক্তের প্রবাহ, অত্যল্প সঞ্চলনে উহার আধিক্য (সিকেলি) ; বিচরণে সতত হ্রাস, ত্রিকাস্থি হইতে মণিপুর (pubes) পর্য্যন্ত বেদনার সংপ্রসারণ।

ঋতু।—নির্দ্ধারিত সময়ের অনেক পূর্ব্বে, অত্যন্ত অধিক পরিমাণে, অতিরিক্ত দীর্ঘকালস্থায়ী ঋতু ; আংশিক তরল আংশিক সংযত (ফিন) রক্ত ; (যাহাদের অতি অল্প বয়সে প্রথম রজোদর্শন হইয়াছিল, তাহাদের) ; থাকিয়া থাকিয়া ঋতু-প্রবাহ নিঃসরণ ; তৎসহ উদর বেদনার ও প্রসব-বেদনার ন্যায় বেদনা ; ত্রিকাস্থি হইতে মণিপুর পর্য্যন্ত বেদনা।

সংসর্গ-লালসার উত্তেজনা সহকারে ঋতু-কালের ব্যবধান-সময়ে রক্ত-স্রাব (এম্ব)

জরায়ুর দৌর্ব্বল্য বশতঃ অমরা-রোধ (ফুল না পড়া) ; দারুণ প্রসবান্তিক বেদনা (কলো, সিকে)।

পূর্ব্বে গর্ভস্রাবিণী ; ও অল্পবয়সে প্রথম ঋতুবতী নিবৃত্ত-রজস্কাদিগের অতিশয় রক্ত-স্রাব।

গর্ভপাত বা অকাল-প্রসবের পর ডিম্বাশয় কিংবা গর্ভাশয়ের প্রদাহ

এই ঔষধে, জরায়ু হইতে অর্ব্বুদ কিংবা অন্যবিধ শৈল্য (foreign body) নিঃসারণের সহায়তা হয় (ক্যাম্ফ)।

অসহ্য কণ্ডুয়ন ও জ্বালা সংযুক্ত ডুমুর-বৎ ক্ষত ছিল ; উহাতে মাংসাঙ্কুরের (granulations) প্রাচুর্য্য (থুজা, নাই-এসি)

উপচয় ।—অত্যল্প সঞ্চালনে (সিকেলি) ; উষ্ণবায়ুতে অথবা উষ্ণগৃহে (এপিস, পলস) ; বৃদ্ধি

উপশম ।—শীতল, বিমুক্ত, বিমল বায়ুতে হ্রাস

সম্বন্ধ ।—(১) থুজার সহিত অনুপূরক সম্বন্ধ (২) উপমাংস ও যাযকদোষ জনিত পীড়ায় থুজার পরে স্যাবি ভাল খাটে । (৩) ক্যাল্ক, ক্রোক, মিলিফো, সিকে, ও ট্রিলের সহিত স্যাবির তুলনা হয়

স্যাম্বুকাস নাইগ্রা ।

(Sambucus Nigra)

গণ্ডমালা-ধাতুগ্রস্ত বালক-বালিকাদিগের রোগে ; বিশেষতঃ বায়ু-পথের (air-passage) রোগে এই ঔষধ উপযোগী ।

সবল ও মাংসল ব্যক্তিদিগের সহসা শীর্ণতা প্রাপ্তি (আইওড, টিউব) ।

প্রবল চিত্ত-বিকার ; উৎকণ্ঠা, শোক, অথবা সম্ভোগ-লিপ্সার অতি পরিতৃপ্তির মন্দ ফল (ফস-এসি, কালী-ফস)

শরীরের নানাস্থানে, বিশেষতঃ জঙ্ঘায়, গুল্‌ফে, পদে জলপূর্ণ স্ফীততা

শিশুদিগের শুষ্ক প্রতিশ্যায় ; নাসিকার শুষ্কতা ও সম্যক অবরুদ্ধতা, উহার শ্বাসের ও স্তন-পানের প্রতিবন্ধকতা ; নাকে ঘুণ্ ঘুণ্ করা (এম-কা,নক্স)

শ্বাস-কৃচ্ছ্র ; শিশু সহসা নিদ্রা হইতে জাগরিত হয়, তাহার শ্বাস প্রায় রুদ্ধ হয়, মুখমণ্ডল সীসবর্ণ ও নীলবর্ণ ধারণ করে, সে শয্যায় উঠিয়া বইসে ; নীলবর্ণ হইয়া উঠে, শ্বাসের জন্য খাবি খায় (gasps for breath), অবশেষে শ্বাস ছাড়িতে পারে ; রোগের আক্রমণ নিবৃত্ত হয় বটে, কিন্তু পুনরায় উপস্থিত হয় ; শিশু নিশ্বাস গ্রহণ করিতে পারে, কিন্তু প্রশ্বাস ত্যাগ করিতে পারে না (ক্লোর, মেফা) , রোগের আক্রমণের মধ্যে নিদ্রা যায় (ল্যাক,—এরম-ট্রাক, তুলনা করুন) ।

ক্রুপরোগে শেষাবস্থায় যে প্রকার শ্বাস-রোধের আক্রমণ ঘটে তদ্রূপ শ্বাস-রোধের আক্রমণ

ক্রন্দনপরায়ণ বালক-বালিকাদিগের শ্বাস-রোধ-কর কাস, মধ্য রাত্রির সময় উহার আতিশয্য; শূন্য-গর্ভ, গভীর শব্দবিশিষ্ট বক্ষঃস্থলের আক্ষেপ সংযুক্ত; এবং নিয়মিত শ্বাস, ও দীর্ঘশ্বাস সম্বলিত প্রশ্বাস বিশিষ্ট; কাস।

জ্বরের আবেশের পূর্ব্বে গভীর কাস

জ্বর—নিদ্রাকালে শুষ্ক উত্তাপ; নিদ্রিত হইবার অব্যবহিত পরে; শয়নের পরে; পিপাসা-পরিশূন্য উত্তাপ গাত্রে উন্মুক্ত করিতে আশঙ্কা (জ্বরের সকল অবস্থায়ই আবৃত থাকিবার আবশ্যকতা—নক্স)।

জাগ্রৎ সময়ে, সর্ব্বশরীরে প্রভূত ঘর্ম্ম; নিদ্রিত হইবামাত্র শুষ্ক উত্তাপের প্রত্যাবৃত্তি (নিদ্রা যাইবার জন্য চক্ষু বুজিবামাত্র ঘর্ম্ম, সিঙ্ক, কোনা)

উপচয়।—বিশ্রাম কালে; মধ্যরাত্রির সময় ও ফল আহারের পরে; বৃদ্ধি।

উপশম।—শয্যায় উঠিয়া বসিলে; ও সঞ্চালনে; হ্লাস অধিকাংশ যাতনা বিশ্রাম কালে উপস্থিত ও সঞ্চালনে তিরোহিত হয় (হ্লাস)।

সম্বন্ধ।—(১) সিঙ্ক, ক্লোর, ইপি, মেফা, সলফের সহিত স্যাম্বুর তুলনা হয়। (২) আর্সেনিকের অপব্যবহার জনিত পীড়া স্যাম্বুদ্বার উপশমিত হয়। (৩) ভয়-প্রাপ্তির মন্দফলে ও ওপিয়মের পরে স্যাম্বু ভাল খাটে।

হাইওসায়েমাস।

(Hyoscyamus Niger)

কোপন-স্বভাব, উত্তেজনশীল, স্নায়বীয়, হিষ্টিরিয়া-গ্রস্ত রক্ত-প্রধান ধাতুর ব্যক্তি।

হিষ্টিরিয়া বা মদাত্যয় (delirium tremens) প্রভৃতি রোগে যেরূপ দৃষ্টহয় তদ্রূপ অপ্রদাহিত প্রকৃতি বিশিষ্ট কিন্তু মস্তিষ্কের বিবৰ্দ্ধিত ক্রিয়াশীলতা সংযুক্ত রোগ

টঙ্কার।—ভয় বা অন্ত্রের কৃমি জন্য বালক-বালিকাদিগের টঙ্কার (সিনা) প্রসব-কালে কিংবা সুতিকাবস্থায় টঙ্কার ; আহারান্তে শিশুর বমন, তৎপরে সহসা চিৎকার করিয়া অচেতন হইয়া পতন।

আক্ষেপ —সংজ্ঞাশূন্যতা ও অতিশয় অস্থিরতা সহ আক্ষেপ ; চক্ষু হইতে পদাঙ্গুলী পর্য্যন্ত শরীরের প্রত্যেক পেশীর স্পন্দন (সংজ্ঞাসহ আক্ষেপ, নক্স)

প্রলাপ —অস্থিরতা, শয্যা হইতে লাফাইয়া পড়া, পলাইয়া যাইবার চেষ্টা অপ্রাসঙ্গিক উত্তর দান; রোগী মনে করে যে সে ঠিক স্থানে নাই ; সে নানাবিধ কাল্পনিক আচারের (doings) কথা বলে, কিন্তু কোন অভাব জানায় না, এব কোন অভিযোগ করে না।

প্রলাপে বেলেডোনা ও ষ্ট্রামোনিয়মের মধ্যবর্ত্তী অবস্থায়ই হাইওসায়েমাস ব্যবহৃত হয় ; এই ঔষধে বেলেডোনার লক্ষণের ন্যায় সর্ব্বদা মস্তিষ্কের রক্তসঞ্চয় এবং ষ্ট্রামোনিয়মের ভয়ঙ্কর ক্রোধ ও উন্মাদবৎ প্রলাপ থাকেনা।

ভয়।—একাকী থাকিতে ভয় ; বিষাক্ত হইবে, দংশিত হইবে ও বিক্রীত হইবে বলিয়া ভয় ; খাইতে ; ও কিছু দিলে তাহা লইতে ভয়।

ভগ্নপ্রেমের মন্দ ফল ; তৎসহ বিদ্বেষ, ক্রোধ, অসম্বদ্ধ কথা অথবা প্রত্যেক বিষয়েই হাস্য করিবার প্রবৃত্তি ; তৎপরে অপস্মার।

কামোন্মাদ ; লজ্জাহীনতা, আবৃত থাকিতে অনিচ্ছা, পদাঘাত করিয়া কাপড় ফেলিয়া দেওয়া, গুপ্তাঙ্গ উন্মুক্ত করা ; অশ্লীল গান গাওয়া ; বিবস্ত্র হইয়া শয্যায় শুইয়া থাকা ও বক্ বক্ করিয়া বকা।

কাস —শুষ্ক, নৈশ, আক্ষেপিক কাস ; শয়ন করিলে উহার বৃদ্ধি, ও উঠিয়া বসিলে হ্রাস (ড্রস) ; রাত্রিতে আহারান্তে, পানে, আলাপনে, ও গানে আধিক্য (ড্রস, ফস।—শয়নে উপশম, ম্যাঙ্গ-মি)।

প্রসবের পরে মূত্ররুদ্ধ কিংবা অবারিত মূত্র-স্রাব সহকারে মূত্রাশয়ের পক্ষাঘাত ; প্রসূতীদিগের মূত্র-ত্যাগে অনিচ্ছা (আর্স, ওপি)।

আক্ষেপিক রোগের অপস্মারের প্রবণতা।

কোপন-স্বভাব, উত্তেজনশীল ব্যক্তিদিগের উৎকট নিদ্রো-

হীনতা ; কাযকর্ম্মের উপদ্রব হইতে উহার উৎপত্তি , অনেক সময় কল্পিত কারণে উহার উদ্ভব ।

জ্বর ।—নিউমোনিয়া, স্কার্লেটিনা, সন্বর উহার সন্নিপাতাবস্থা প্রাপ্তি, মস্তিষ্কের আবিলতা (sensorium clouded), চক্ষের একতান দৃষ্টি, কিছু যেন ধরা যাইতেছে এরূপভাবে শূন্যে হস্ত প্রসারণ অথবা শয্যা-বস্ত্র খুঁটন, দন্ত-শর্করাবৃত দন্ত, জিহ্বার শুষ্কতা ও গুরুতা, অনিচ্ছায় মল-মূত্র নিঃসরণ ; কণ্ডরা-স্পন্দন (subsultus tendinum) ।

উপচয় ।—সন্ধ্যাকালে ; রাত্রিতে ; ঋতু-কালে মানসিক পীড়ায় ; বিদ্বেষে, অসুখকর প্রেমে ; ও শয়ন করিলে বৃদ্ধি ।

উপশম ।—মস্তক অনবত করিলে (শিরোলক্ষণ) ও উঠিয়া বসিলে (কাস) , হ্রাস ।

সম্বন্ধ ।—(১) বেল, ষ্ট্রাম, ও ভিরেট্রমের সহিত হাইওসের তুলনা হয় (২) হাইওসে উপকার না দর্শিলে অনেক সময় ফস প্রয়োগে কামোন্মাদের আরোগ্য জন্মে । (৩) মদ্যপায়ীদিগের রক্ত-কাসে হাইওস বিফল হইলে নক্স বা ওপি ব্যবহৃত হয় । (৪) সন্ন্যাসের পরবর্ত্তী বধিরতায় বেলেডোনার পরে হাইওস ভাল খাটে ।

হাইড্রাষ্টিস ক্যানেডেন্সিস ।

(Hydrastis canadensis)

আঠা আঠা শ্লেষ্মা-স্রাববিশিষ্ট দুর্ব্বলীভূত ব্যক্তি ।

আমাশয়ের ও যকৃতের ক্রিয়ার সুস্পষ্ট বৈলক্ষণ্য সহকারে ধাতু-বিকৃতি ; অপরিমিত মদিরাপানে শরীরের ভগ্নতা ।

কঠিন, সংলগ্ন ক্যান্সার উহার ত্বক্ কলঙ্কিত ও কুঞ্চিত , ছুরিকা দ্বারা কর্ত্তনবৎ তীব্র বেদনা ; স্তন-বৃন্ত আকুঞ্চিত

শুক্রদানজনিত মুখ-ক্ষত ; জিহ্বার বৃহত্ত্বরতা ও উহাতে দন্তাঙ্ক।

প্রদর ;—গাঢ়, আঠ আঠা, পীতবর্ণ, রজ্জুবৎ স্রাব ; উহা অপত্য-পথের (vagina) মুখ হইতে দীর্ঘ দড়ির ন্যায় ঝুলিয়া থাকে (বোভ, কালী-বাই) ; ভগকণ্ডূয়ন

নাসা-পথ হইতে গাঢ় পীতবর্ণ, রজ্জুবৎ, প্রভৃত শ্লেষ্ম নিঃসরণ (কোরেলা)

নাসিকার পশ্চাৎ-রন্ধ্র ও গল-কোষ হইতে কাসিয়া পীতবর্ণ ও আঠ আঠা শ্লেষ্ম উত্তোলন ; মারকিউরি কিংবা ক্লোরেট-অব পটাশ সেবনের পর ক্ষত ; উপদংশ-জনিত গলা-বেদনা।

হাইপারিকম।

(Hypericum)

পৃষ্ঠবংশীয় মজ্জার ভৌতিক উপঘাত (mechanical injury) ; পৃষ্ঠবংশের সঙ্ঘর্ষ (spinal concussion) ; পতনের পর কোকিল-চঞ্চু-অস্থিতে (coccyx) বেদনা

বিদ্ধব্রণ (punctured wound), ছিন্নব্রণ বা বিদারিত ব্রণ; উহাতে স্পর্শ-দ্বেষ, বেদনা (লিড), বিশেষতঃ অনেক দিনের ব্রণ (দুষ্টব্রণ, আর্ণ, হেমে)।

উপঘাত।—প্রেক, সূচী, আলপিন, চোঁচ প্রভৃতির উপর পদ-মর্দ্দিত হওয়াতে উপঘাত (লিড) ; ইন্দুরের কামড়ের উপঘাত ; হনু-স্তম্ভের প্রতিষেধক।

এই ঔষধে প্রায় সম্যকরূপে শরীর হইতে বিচ্ছিন্ন ছিন্ন ও বিদীর্ণ অঙ্গের যোড়া লাগে (ক্যালেণ্ড)

হস্তাঙ্গুলী, পদাঙ্গুলী, নখ-তল, করতল, পদতল, প্রভৃতি যে সকল স্থলে জ্ঞান-জনক স্নায়ুর (sentient nerve) আধিক্য সেই সকল স্থানের উপঘাত, বেদনার অসহ্যতা দ্বারা তীব্রভাবে স্নায়ুর আক্রান্ততা বুঝা যায় ; হস্ত-পদাদির বিধান-তন্তুর উপঘাত।

সন্ত্রণ বা শস্ত্রোপচারের পরবর্ত্তী স্নায়বীয় অবসাদন ; ভগ্নাদির মন্দক্ষাল

এতদ্দ্বারা সর্ব্বদাই ক্ষতের রূপান্তর জন্মে এবং সময়ে সময়ে উহার গতি ও পচলা অবরুদ্ধ হয় (ক্যালেণ্ড) ; হস্তাঙ্গুলীর অগ্রভাগের ছিন্নতা ও পিষ্টতা অভিঘাত জনিত অপকার হইতে উৎপন্ন ধনুষ্টঙ্কার (ফাইসেস সহিত তুলনা করুন) ।

শিরোঘূর্ণন ।– মস্তক যেন সহসা লম্বা হইয়া পড়িয়াছে এপ্রকার অনুভব ; রাত্রিতে মূত্র বেগ সহকারে শিরোঘূর্ণন

শিরঃপীড়া ; মস্তকের পশ্চাদ্ভাগের উপর পতিত হওয়াতে যেন শূন্যে উচ্চে তুলিতেছে এরূপ অনুভব ; রোগিণী পাছে উচ্চ হইতে পড়িয়া যায় এজন্য বড়ই উৎকণ্ঠা ।

পৃষ্ঠবংশ ।—পতনের পরে, বাহুদ্বয়ের বা ঘাড়ের অত্যল্প মাত্র সঞ্চালনে রোগীর চিৎকার করা ; স্পর্শে পৃষ্ঠবংশের অতিশয় অনুভূতি

গুঞ্জন (bunions) ও কড়ায় স্নায়ুর আক্রান্ততাসূচক নিদারুণ বেদনা

মস্তকে আঘাত বা সংঘর্ষ বশতঃ টঙ্কার ।

সম্বন্ধ ।—(১) আর্ণ, ক্যালেণ্ড, রূটা ও ষ্ট্যাফের সহিত তুলনা হয় (২) সন্ত্রণে পূর্ব্বে যে সকল স্থলে পর্য্যায়ক্রমে একন ও আর্ণ ব্যবহৃত হইত, এক্ষণ সেই সকল স্থলে হাইপারিকম প্রয়োগে আরোগ্য জন্মে ।

হিপার সংলফঃর ।

(Heper Sulphur)

নিশ্চেষ্ট লসিকা-প্রধান-ধাতু ; এবং পাতলা চুল ও পাতলা মুখাকৃতি, কার্য্যে ধীরতা, এবং পেশীর কোমলতা ও লোলিততাবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে হিপার উপযোগী

সলফারের ন্যায় সোরা-দোষ, ও গণ্ডমালা-দোষেও হিপার উপযোগী ।

সলফারের লক্ষণে চর্ম্ম-রোগে শুষ্ক, কণ্ডুয়ন থাকে কিন্তু স্পর্শে অনুভূতি

থাকে না, বরং চুলকাইলে ও ঘর্ষণ করিলে উপশম জন্মে ; কিন্তু হিপার সলফারের লক্ষণে চর্ম্মের অসুস্থতা, ও পূয-নিঃসরণ থাকে, এমন কি ঈষৎ উপঘাতেও পূযোৎপন্ন হয় (গ্রাফ, মার্ক), স্পর্শে অত্যন্ত অনুভূতি জন্মে, ত্বকের ক্ষতস্থানে বস্ত্রের স্পর্শ পর্য্যন্ত সহ্য করিতে পারা যায় না (ল্যাক —অল্প স্পর্শে অনুভূতি, কিন্তু শক্ত চাপ সহ্য হয়, সিঙ্ক); বেদনায় অনেক সময় মূর্চ্ছা উপস্থিত হয়।

যে সকল রোগে পূযোৎপত্তি অনিবার্য্য, এবং পারদের অপব্যবহারে যে সকল স্থলে শরীরের অপকার জন্মিয়াছে, সেই সকল স্থলে হিপার ব্যবহৃত হয়।

রোগীর ক্ষণরাগিতা, যৎসামান্য বিষয়ে ক্রোধের উদ্রেক ; অবসাদ-বায়ুর ভাব ; অসঙ্গত উৎকণ্ঠা, শারীরিক ও মানসিক অতিরিক্ত অনুভূতি ; যৎসামান্য কারণে বিরক্তি ; দ্রুত, ব্যস্ত সমস্ত কথা এবং তাড়াতাড়ি জলপান

শীতল বায়ুতে অত্যন্ত অনুভূতি, পাশের ঘরের দরজা খুলিলেও বায়ুর স্পর্শ অনুভব করিতে পারা যায় বলিয়া অনুমান। গ্রীষ্মের সময়ও বদন পর্য্যন্ত বস্ত্রাবৃত রাখিবার আবশ্যকতা (সোরি) ; অনাবৃত থাকা সহ্য করিতে পারা যায় না (নক্স—বস্ত্রাবৃত থাকা সহ্য করিতে পারা যায় না, ক্যাম্ফ, সিকে) অত্যল্পমাত্র বিমুক্ত বায়ু ভোগে শর্দ্দি লাগে (টিউব)।

মূত্র।—মূত্রের প্রবাহের প্রতিবন্ধকতা ; ধীরে ধীরে মূত্র-নিঃসরণ, শক্তি-শূন্যতা, সরলভাবে পতন ; মূত্র পরিত্যক্ত হইবার পূর্ব্বে খানিকক্ষণ অপেক্ষা করিয়া থাকিতে হয়, মূত্রাশয়ের দুর্ব্বলতা, মূত্র-ক্রিয়া পরিসমাপ্ত করিতে পারা যায় না, বোধ হয় যেন খানিকটা মূত্র সর্ব্বদাই অবশিষ্ট থাকে (এলম, সিলি)।

কাস।—শরীরের কোন অংশ অনাবৃত হইলে কাস (হ্রাস) ; শ্বাস-রোধকর ও গল-রোধকর ক্রুপজনিত কাস ; পশ্চিম দিকের শুষ্ক ভূ-বায়ু ভোগ বশতঃ কাস (একন)

ক্রুপ। শুষ্ক শীতল বাতাস লাগাইবার পর ক্রুপ (একন) ; গভীর, কর্কশ কুকুরের ডাকের ন্যায় কাস, তৎসহ স্বরভঙ্গ ও শ্লেষ্মার ঘড় ঘড় শব্দ ;

শীতল বায়ু ও শীতল পানীয় দ্রব্যে, এবং দুই প্রহর রাত্রির পূর্বে কিংবা প্রাতঃকালের প্রাক্কালে উহার বৃদ্ধি

গলার মধ্যে চোঁচ, মাছের কাঁটা অথবা গোঁজ থাকার ন্যায় অনুভব (আর্জেন্-না, নাই-এসি) থাকিবার সম্ভাবনা বিশিষ্ট তালু-মূল-প্রদাহ; শ্রুতিশক্তির ক্ষীণতা সহ উহার পুরাতন বিবৃদ্ধি (ব্যারা, আই, প্লম, সোরি।

ক্ষত, দদ্রু, উহার চারিদিকে ক্ষুদ্র ক্ষুদ্র অপচ্যমান (pimples) বা পচ্যমান পীড়কা (pustules) সম্মিলিত হইয়া প্রসারণ

নিম্ন ওষ্ঠের মধ্যস্থানের বিদারণ (এম-কা, ন্যাট—ওষ্ঠের বিভেদস্থলে বিদারণ, কণ্ডু)

অতিসার।—অম্লগন্ধ বিশিষ্ট বালক-বালিকাদিগের অতিসার (ক্যাল্ক, ম্যাগ-কা—শিশু ও মলের অম্লগন্ধ, রিউম); কর্দ্দমের বর্ণ মল (ক্যাল্ক, পড)

অক্ষিগোলক।—স্পর্শে যাতনা, উহা যেন মস্তকের মধ্যে আকৃষ্ট হইবে এরূপ বেদনা (ওলিন, প্যারিস)।

ঘর্ম্ম—শান্তি ব্যতীত দিবারাত্রি প্রভূত ঘর্ম্ম, ঘর্ম্মের অম্লত্ব ও দুর্গন্ধ; প্রত্যেক শারীরিক বা মানসিক শ্রমে ঘর্ম্ম-নিঃসরণ (সোরি, সিপি)।

উপচয়।—ব্যথিত পার্শ্বে শয়নে (কালি-কা, আইওড); শীতল বায়ুতে অনাবৃত হইলে; শীতল দ্রব্য পান বা আহারে; রোগাক্রান্ত স্থান স্পর্শ করিলে; পারদের অপব্যবহারে; বৃদ্ধি

উপশম।—সাধারণতঃ উষ্ণতায় (আর্স); উষ্ণরূপে গাত্র, বিশেষতঃ মস্তক বস্ত্রাবৃত করিলে (সোরি, সিলি); সেঁতসেঁতে আর্দ্রকালে (কষ্ট, নক্স, ন্যাট-সলের বিপরীত); হ্রাস

সম্বন্ধ।—(১) কোমলাংশের উপঘাতে হিপার ক্যালেণ্ডুলার অনুপূরক। (২) হিপার, পারদ ও অন্যান্য ধাতু আইওডিন, আইওডাইড অব পটাশ, ও কড্‌লিভার অয়েলের কুফলের দোষ নিবারণ করে। এতদ্দ্বারা বাতাতপের পরিবর্ত্তন ও শীতল বায়ুর অসহ্যতার কতকটা হ্রাস জন্মে (৩) সোরাদোষজনিত চর্ম্মরোগে সলফারের সহিত হিপারের তুলনা হয়

হেমেমেলিস।

(Hamamelis)

নাসিকা, ফুস্ফুস, অন্ত্র, গর্ভাশয়, মূত্রাশয় প্রভৃতি শরীরের কোন দ্বার হইতে শৈরিক রক্তস্রাবে এই ঔষধ উপযোগী।

শৈরিক রক্ত-সঞ্চয় —ত্বক্‌ ও শ্লৈষ্মিক ঝিল্লীর অপ্রবল রক্ত-সঞ্চয়; শিরা-প্রদাহ, শিরা-স্ফীতি, শিরা-স্ফীতি সংযুক্ত ক্ষত, উহাতে হুল বেঁধা ও কণ্টকবেধবৎ বেদনা; অর্শ।

শিরা-স্ফীতি বিশিষ্ট রোগীর সামান্য ঠাণ্ডা লাগিলে, বিশেষতঃ উষ্ণ আর্দ্র বায়ুতে সহজে সর্দ্দি লাগে

হেমেমেলিস "কৈশিকা শিরামণ্ডলীর (Venous Capillary System) একোনাইট স্বরূপ"

আক্রান্ত স্থলের ঘৃষ্টবৎ স্পর্শ-দ্বেষ (আর্ণ), সন্ধির ও পেশীর বাত।

সদ্যব্রণ (wound)।—ছিন্ন, বিদারিত, ও ঘৃষ্ট ব্রণ; পতনজনিত উপঘাত; এতদ্দ্বারা রক্তস্রাব অবরোধিত, এবং বেদনা ও স্পর্শ-দ্বেষ প্রশমিত হয় (আর্ণ)।

আভিঘাতিক উপঘাতের পুরাতন সংফল (কোনা)

আভিঘাতিক শুক্লমণ্ডল প্রদাহ (conjunctivitis), চক্ষু-কক্ষে নীলবর্ণ চিহ্ন অথবা রস-সঞ্চয়, উগ্র কাস বশতঃ উহার উৎপত্তি; তীব্র স্পর্শ-দ্বেষ (আর্ণ, ক্যালেণ্ড, লিড)।

নাসিকার রক্তস্রাব।—অপ্রবল, অনেক সময় স্থায়ী অসংযত (ক্রোট) রক্তপাত; প্রভূত রক্তস্রাবে শিরোবেদনার শান্তি (মেলি); স্বয়ম্ভূত, আভিঘাতিক, অনুকল্প (Vicarious) ও বাল্যকালের রক্তস্রাব।

রক্তস্রাব।—প্রভূত, মলিন, গাঢ়, অন্ত্রের ক্ষত হইতে উৎপন্ন (ক্রোট), জরায়ু হইতে নির্গত প্রবল বা অপ্রবল; এবং পতন বা প্রচণ্ডভাবে অশ্বারোহণ জনিত রক্তস্রাব; রজের অনুকল্পে আস্থানিক রক্তস্রাব; মানসিক উৎকণ্ঠার অভাব।

রক্ত-কাস, রক্ত ব গন্ধকের স্বাদবিশিষ্ট গলকণ্ডূয়নকর কাস, ওয়াস বা কাস ব্যতীত রক্তপাত, সময়ে সময়ে অনেক মাসাবধি বা বৎসরাবধি উহার অবস্থিতি

প্রভৃত স্রাব নিঃসরণ, রক্তস্রাবের সহিত উহার সাদৃশ্য এবং রক্তস্রাবের ন্যায় উহাতেও ক্রমে ক্রমে শরীরের ক্ষয় প্রাপ্তি।

অর্শ অধিক রক্তপাত, তৎসহ জ্বালা, স্পর্শ-দ্বেষ, পূর্ণতা ও গৌরব, বোধ হয় যেন পিঠ ভাঙ্গিয়া যাইবে; মল-বেগ; বলির ঈষৎ নীলবর্ণ; মলদ্বার টাটায় ও হাজিয়া যাওয়ার মত বোধ হয়।

ঋতু।—মলিন, প্রভৃত প্রবাহ, উদরের স্পর্শ-দ্বেষ; ডিম্বাশয়ে আঘাত প্রাপ্তির অথবা পতনের পর উৎপত্তি; ঋতুকালে সকল যাতনার আতিশয্য (এক্ট, পলস)।

গর্ভাশয় হইতে প্রবল বা অপ্রবল রক্তস্রাব; কর্কশ রাস্তায় অশ্বারোহণে ঝাঁকি লাগিয়া উহার উৎপত্তি; পৃষ্ঠে কুন্থনবৎ বেদনা।

অর্শ হইতে রক্তস্রাবের পর পতিত রক্তের অনুপাতাপেক্ষা অবসন্নতার আতিশয্য (হাইড্রা)

রক্ত-স্রাবের মন্দফল (সিঙ্ক)

সম্বন্ধ।—(১) রক্ত-স্রাবে ও রক্ত-স্রাব-প্রবণ ধাতুতে ফিরমের সহিত অনুপূরক সম্বন্ধ। (২) আভিঘাতিক রক্ত-স্রাবে এবং চক্ষুর অভ্যন্তরের রক্ত-স্রাব পরিশোষণার্থে আর্ণ ও ক্যালেণ্ডের সহিত সমগুণ সম্বন্ধ।

হেলিবোরস নাইজার।

(Helleborus Niger)

দুর্ব্বল, সুকুমার, সোরা-দোষ দুষ্ট বালক-বালিকা; মস্তিষ্কের উপদ্রবের প্রবণতা (বেল, ক্যাল্ক, টিউব); তৎসহ মস্তু-সঞ্চয়।

বিষাদ। টাইফয়েড জ্বরের পরে; বালিকাদিগের বয়ঃপ্রাপ্তির পরে, অথবা

রক্ত প্রকাশের পরে পুনরায় ঋতুর প্রত্যাবৃত্তি না হইলে ; বিষণ্ণতা, আশাশূন্যতা, ও নীরবতা।

কোপনতা, সহজে ক্রোধের উদ্রেক, সান্ত্বনায় বৃদ্ধি (ইগে, ন্যাট, সিপি, সিল), বিরক্ত হইতে অনিচ্ছা (বেল, ন্যাট)

সংজ্ঞাশূন্যতা ; বিমূঢ়তা ; কিছু জিজ্ঞাসা করিলে আস্তে আস্তে উত্তরদান ; তরুণ জড়ত্বের প্রতিকৃতি (পুরাতনের, ব্যারা-কা)

দন্তোদ্ভেদ-কালে মস্তিষ্ক-লক্ষণ (বেল, পড) ; রস-সঞ্চয়ের আশঙ্কা (এপিস, টিউব)।

মস্তিষ্ক ঝিল্লীর প্রদাহ। তরুণ, মস্তিষ্ক-পৃষ্ঠবংশীয় গুটিকাজনিত, রস-ক্ষরণ সংযুক্ত মিনিঞ্জাইটিস ; অল্পাধিক পূর্ণ পক্ষাঘাত মস্তিষ্ক-রোগজনিত বিশেষ চিৎকার ধ্বনি।

চিন্তা শূন্য একতান শূন্যদৃষ্টি ; চক্ষুর বিস্তৃত বিকাশ ; আলোকে জ্ঞানশূন্যতা ; চক্ষুতারা প্রসারিত অথবা পর্য্যায়ক্রমে প্রসারিত ও সঙ্কুচিত। প্রগাঢ় নিদ্রা, নিদ্রায় চীৎকার করা ও চমকিত হইয়া উঠা

হাইড্রোকেফেলাস, স্কার্লেটিনার পরে অথবা গুটিকাজন্য উহার দ্রুত বিকাশ (এপিস, সলফ, টিউব), একবাহু ও জঙ্ঘার অনিচ্ছায় সঞ্চালন।

মস্তক বা মস্তক-পশ্চাৎ ব্যতীত শরীরে অত্যন্ত শীতলতা সংযুক্ত টঙ্কার, মস্তক ও মস্তক-পশ্চাৎ উত্তপ্ত থাকিতে পারে (আর্ণ)

অতিশয় আগ্রহপূর্ব্বক শীতল জল গলাধঃকরণ ; (জলের) চামচ দংশন; কিন্তু জ্ঞানশূন্য অবস্থায় অবস্থিতি

মুখের চর্ব্বণবৎ সঞ্চালন, মুখের কোণের ঘা ও বিদারণ ; মলিন, ঝুলমাখান-বৎ, শুষ্ক নাসা-রন্ধ্র

সর্ব্বদা ওষ্ঠ ও বস্ত্র খুঁটন, অথবা নাসারন্ধ্রে অঙ্গুলী প্রবিষ্ট করণ (সম্পূর্ণ সচেতন অবস্থায়, এরম)।

বালিশে মস্তক প্রবিষ্ট করণ ; একপার্শ্ব হইতে অপর পার্শ্বে মস্তক অবলুণ্ঠন ; হস্তদ্বারা মস্তকে আঘাত করণ।

অতিসার —তরুণ হাইড্রোকেফেলাস, দন্তোদ্ভেদ ও গর্ভকালে অতিসার ;

জলবৎ মল ; পরিষ্কার, শ্লেষ্মবৎ বর্ণশূন্য আম ; শুভ্র, শ্লেষবৎ আম , বেঙের ডিমের মত ; অনিচ্ছায় নির্গত ; মল।

মূত্র।—লোহিত, কৃষ্ণবর্ণ, স্বল্প, কফি-চূর্ণের ন্যায় অধঃপতিত পদার্থ ; মস্তিষ্কের উপদ্রবে ও শোথে মূত্রবিলোপ ; সাগুদানা মূত্র

শোথ —মস্তিষ্ক, বক্ষঃস্থল, ও উদরের শোথ ; স্কার্লেটিনা, সবিরাম জ্বরের পরবর্তী শোথ ; তৎসহ জ্বর, দুর্ব্বলতা ও মূত্র-বিলোপ ; উদ্ভেদ বসিয়া গিয়া উৎপত্তি (এপিস, জিঙ্ক)

সম্বন্ধ।—মস্তিষ্ক বা মস্তিষ্ক-ঝিল্লীর রোগে এপিস, এপোসা, আর্স, বেল, ব্রাই, ডিজি, ল্যাক, সলফ, টিউব ও জিঙ্কের সহিত হেলিবোরের তুলনা হয়।

হেলোনিয়াস।

(Helonias)

দৌর্ব্বল্য বশতঃ কন্দ, আলস্য ও ভোগ-বিলাসে দুর্ব্বলীভূতা ; মানসিক বা শারীরিক কঠিন পরিশ্রমে জীর্ণা ; স্ত্রীলোকের পক্ষে উপযোগী ; অতিশ্রমার্ত্ত পেশীর জ্বালা ও বেদনা ; এত শ্রান্তি যে নিদ্রা যাইতে পারা যায়না।

যখন কার্য্যে নিবিষ্ট থাকা যায়, পীড়ার বিষয় ভাবা যায়না তখন সর্ব্বদাই ভাল থাক যায় (ক্যাল্ক-ফস, অক-এসি)

অস্থিরতা, অবিরত নড়িয়া চড়িয়া বেড়াইতে হয়

কোপনতা, দোষ-গ্রাহিতা , যৎসামান্য প্রতিবাদ সহ্য করিতে অথবা ইঙ্গিত গ্রহণ করিতে পারা যায়না (এনাক)।

গভীর বিষাদ ; প্রগাঢ় মানসিক অবসাদ

বহুমূত্র।— প্রথম অবস্থা ; প্রভূত, পরিষ্কার, সশর্করা মূত্র ; ওষ্ঠের শুষ্কতা,উহা একত্র আটকিয়া থাকে ; অতিশয় পিপাসা , অস্থিরতা ; শীর্ণতা ; কোপনতা , ও বিষণ্ণতা।

সাওলালমূত্র (albuminuria) :—তরুণ বা পুরাতন ; গর্ভাবস্থায়, অতিশয় দুর্বলতা, অলসতা ও তন্দ্রালুতা সংযুক্ত ; এলবুমিনুরিয়া। সাধারণতঃ রোগীর অতিশয় শ্রান্তি বোধ হয়, অথচ রোগী তাহার কারণ জানে না

ঋতু —রক্তস্রাব বশতঃ দুর্বলীভূত নারীদিগের জরায়ুর ক্ষীণতাজনিত নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে, অতি প্রভূত রক্ত-স্রাব ; ঋতুদ্বয়ের ব্যবহিত সময়ে শরীরের যে পরিমাণ রক্ত জন্মে তদপেক্ষা অধিক রক্তের অপচয় ; স্তন-দ্বয়ের স্ফীততা, স্তন-বৃন্তের ব্যথিততা ও স্পর্শ-দ্বেষ (কোনা, ল্যাক-ক্যান)। ঋতু-রক্তের অপ্রবল, মলিন সংযত, ও দুর্গন্ধ প্রবাহ

বস্তি-গহ্বরে (pelvis), স্পর্শ-দ্বেষ ও গৌরব অনুভব (লাপ্পা) ; জরায়ুর বিদ্যমানতা উপলব্ধি ; রোগিণী নড়িলে চড়িলে জরায়ুও নড়ে-চড়ে বলিয়া অনুভূত হয়, উহাতে অতিশয় স্পর্শ-দ্বেষ (লাইসি)

গর্ভ-পাত ও গর্ভ-স্রাবের মন্দ ফল।

সম্বন্ধ।—(১) এলিট্রিস, কিয়, লিলি, ফস-এসিড সহিত হেলোনের তুলনা হয় (২) কন্দ, দীর্ঘকালস্থায়ী রোগ, ও অসম্যক পরিপোষণজনিত দুর্ব্বলতায় হেলন এলিট্রিসের অনুরূপ।

রোগানুক্রমে

সংক্ষিপ্ত

ঔষধ প্রদর্শিকা।

অগ্নিদাহ (বার্ণস)—ক্যান্থ, রস, ক্রিয়ো বা আর্টিকা।

অজীর্ণ, অগ্নিমান্দ্য (ডিসপেপ-সিয়া) তরুণ—একন, ইপিক, নক্স-ভ, ব্রাই।

পুরাতন—কা-বাইক্রে, কার্বো-ভে, নক্স-ভ, আর্স

বালকদিগের—ক্যাম, পলস নক্স, সলফ, এণ্ট-ক্রু।

বৃদ্ধদিগের—এণ্ট-ক্রু কা-বাইক্র, কার্বো, নক্স, আর্স।

সর্দ্দিজনিত—একন, আর্স, মার্ক ব্রাই।

বসা বা ঘৃত-পক্ক আহার জনিত—পলস, এণ্ট-ক্রু।

ক্রোধজনিত—ক্যাম।

শোকাদিজনিত—ইগ্নে, চায়, নক্স, পলস।

অণ্ডকোষবৃদ্ধি (হাইড্রোসিল) পলস, ক্লিম, স্পঞ্জ, আর্ণ, অর, একন।

অতিসার (ডায়ারিয়া) অপাচ্য আহারজনিত—এণ্ট-ক্রু, পলস, ইপিক।

সর্দ্দিজনিত—একন, ডল্ক, মার্ক, ক্যাম্ফ।

কৃমিজনিত—সিনা, আর্স, মার্ক।

উদরবেদনাসহ—কলোস, ভিরেট।

রাত্রিকালীন—পলস, চায়, রস।

প্রাতঃকালীন—এপিস, সুফর, এসি-ফস

গ্রীষ্মকালীন—চায়, ভিরেট, ক্যাম, আর্স, আইরিস।

বালকদিগের—ক্যাম, মার্ক, রিউম, ইপিক, ডল্ক, আর্স, আইরিস।

বৃদ্ধদিগের—ফস, আর্স, চায় এণ্ট-ক্রু।

অন্ত্র-প্রদাহ (এণ্টিরাইটিস)—একন, বেল, কলোস, মার্ক-ক, আর্স, ব্রাই।

অপস্মার (এপিলেপ্সি)—বেল, কুপ্র, হাইয়স, ষ্ট্রাম, ভিরেট ভি, ইগ্নে; আর্স, জিঙ্ক, ক্যাল্ক, কা-ব্রোম।

অবদরণ (এক্সকোরিয়েশন) ক্যাম, ক্যাল্ক, লাইক, সলফ।

অবসাদ-বায়ু (হাইপোকণ্ড্রিয়্যা-সিস)—অর, আর্জ্জ-মে, ইগ্নে, নক্স লাইক, এনাক।

অভিষ্যন্দ (অপথ্যালমিয়া) সন্ধি-জনিত—একন, মার্ক, ইউফ্রে, বেল, পলস।

পুরাতন ক্লিম, ক্যাল্ক, সলফ, মার্ক, হিপার, আস

রোমান্তীর পর—পলস, সলফ।

বসন্তের পর—মার্ক, সলফ

গণ্ডমালাজনিত—ক্যাল্ক, আইয়োড, গ্রাফ, হিপ, সলফ, মার্ক-ক, আর্স।

উপদংশজনিত—মার্ক-ক, নাইট-এসি, থুজা, অর

শিশুদিগের—আর্জ্জ-নাইট, ক্যাল্ক, সলফ, মার্ক

অরুংষিকা (প্রেরাইগো) গুহ্য দ্বারের—নাইট-এসি, সলফ

জননেন্দ্রিয়ের উর্দ্ধদেশের—একন, সলফ, সিপি, লাইক, কোণিন; বোরাক্স ধাবন (লোশন)

অণ্ডকোষের—পেট্রো, মার্ক-ক, নাইট-এসি, রস, একন।

অর্শ (হেমরয়েডস) নক্স, হেম, কোলিন, এলোজ, নক্স, ইসকিউ।

অশ্মরি (লিথিয়্যাসিস)—লাইক, নক্স, ক্যাল্ক, ক্যান

অস্থি-ক্ষত (কেরিজ)—সিল, ফস-এসি, সলফ, ক্যাল্ক

বক্রতা—ক্যাল্ক, সিল, সলফ।

বিবর্দ্ধন—অর, মার্ক-আইয়োড।

বেদনা—মার্ক, অর, মেজ, আর্স, মার্ক-আইয়োড, ইউপ-পর

অস্থি-বিকৃতি (রিকেটস)—সিলি, ক্যাল্ক, সলফ

অস্ফুটভাষণ (ষ্ট্যামারিং)—বেল, হাইয়স, ষ্ট্রাম।

আক্ষেপ (স্প্যাজম)—বেল, ক্যাম, ভিরেট-ভি, জেলস, ওপি।

শুল্মবায়ুজনিত—ক্যাম্ফ, মস্ক, ইগ্নে, হাইয়স।

আক্ষেপ ও খল্লী (স্পাজম ও ক্র্যাম্পস)—ক্যাম্ফ, নক্স, কলোস, ভিরেট, কক, জেলস।

আগুলালিকমূত্রে (এলবুমিনুরিয়া)—আর্স, ফস, মার্ক-ক, টেরেব, ক্যান্থ

আতপঘাত (সংনষ্ট্রোক)—ক্যাম্ফ, বেল, গ্লন, জেলস, ভিরেট-ভি।

আধ্মান (ফ্লেটুলেন্স)—নক্স, কার্ব্বো, লাইক, চায়না

আমবাত (রিউমেটিজম) :—বক্ষের—রোড, সিমিসি, কা-হাইড

হৃৎপিণ্ডের—স্পাইজি, সিমিসি, ক্যাক্টি, এপিস, ডিজি

সন্ধির—রুটা, ব্রাই, রস, সিমিসি, কষ্টি, কা-হাইড

গ্রীবার—ব্রাই, রোড

পুরাতন—রস, আর্ণ, সলফ, রোড, সিমিসি, কা-হাইড।

আমবাত-জ্বর - (রুমেটিক ফিভার) একন,, ব্রাই, বেল, সিমিসি।

আঁব (টিউমার)—রুটা, আর্ণ, আইয়োড, সিলি, ক্যাল্ক

ইন্দ্রলুপ্ত (এলোপিসিয়া) :—পূর্ব্ব-রোগজনিত—ফস-এসি, ইগ্নে, ক্যাল্ক, সিল, চায়, ক্যাল্ক।

পারদজনিত—কার্ব্বো, হিপার।

শিরঃপীড়াসংযুক্ত—ফ্লোর-এসি, নাইট-এসি, ফস, সিপি, সলফ, ক্যাল্ক।

উদরী (এসাইটিস)—এপোসাই, আর্স, এপিস, ডিজি, চায়, লাইক।

উদ্গার (ইরক্টেশন)—ব্রাই, নক্স, পলস, সলফ-এসি, লাইক, কার্ব্বো, আর্স।

উপক্ষত (এপথি)—বোরা, মার্ক, আর্স, সলফ।

উপদংশ (সিফিলিস)—মার্ক, নাইট-এসি, থুজা, আর্জ্জ-নাইট, অরম।

উপদংশ ক্ষত—মার্ক, নাইট-এসি, কা-হাইড, ফাইটো

ওষ্ঠ-বিদারণ-রোগ, মার্ক আর্ণ, ক্যালেণ্ড-মলম

কচ্ছু (স্কেবিস)—গন্ধকের মলম; কার্ব্বো, কষ্টি, মার্ক, সিপি, রস, হিপার।

কটিবন্ধবৎ দদ্রু (জোনা)—রস, রাস-বিষ, একন, সলফ, লাইক

কটিবাত (লম্বেগো)—এণ্ট-টা, আর্ণ, রস, সিমিসি।

কদর (করণ)—ক্যাল্ক, সলফ, আর্ণ বা ভিরেট-ভি।

কন্দ (প্রোলাপসস ইউটিরাই)—ষ্টান, সিপে, বেল, সিপি, নক্স হেলোন।

কর্কট (ক্যান্সার)—আর্স, হাইড্রাস, কোনা, ফাইটো।

কর্ণমূল-প্রদাহ (প্যারোটাইটিস)—মার্ক-আইয়োড, মার্ক-সল, মার্ক-কর, বেল, পলস

কর্ণ-বেদনা—বেল, পলস, মার্ক, ক্যাম, একন, ভিরেট-ভি।

স্রাব—হিপার, ক্যাল্ক, পলস, কর্ব্বল-এসি, মার্ক, কষ্টি।

ক্ষত—মিউর-এসি, পলস, কষ্টি।

প্রদাহ—একন, বেল, পলস, মার্ক-সল।

নাদ—একন, চিন-সলফ, পলস, মস্ক, নক্স, সলফ।

কালিমা (একিমোসিস)—হেম, আর্ণ, রস, মিউর-এসি)

কাস—সর্দ্দিজনিত—একন, বেল, ব্রাই, কষ্ট

পুরাতন—কা-বাইক্র, সলফ, ব্রাই

স্বরযন্ত্রজনিত—স্পঞ্জ, হিপার, কুপ্র

হুপশ্বক—ইপিক, ড্রস, কোরাল, নাইট এসি, ভিরেট-ভি, জেলস বা বেল

গুল্মবায়ুজনিত কোরাল, হাইয়স, ইগে

কুষ্ঠ (লেপ্রসি)—আর্স, মার্ক, সলফ, আইয়োড

কৃমি—সূত্রাকার—সিনা, টিউক, ইগে, আর্টি-ইউ, স্যাণ্ট, চায়না

দীর্ঘ ও গোলাকার—মার্ক, স্পাজি, সলফ, একন

ফিতার ন্যায়—ফিল-মাস, সিন, সলফ

কৃমি-জ্বর—একন, সিন, সিক

কোষ্ঠবদ্ধতা—নক্স, এাই বা ওপি, লাইক, সলফ, কোলিন বা ইস্কিউ, প্লম্ব।

খল্লী (ক্র্যাম্পস) —অজ্যায়-ভিরেট, নক্স, আর্ণ, বেল, কুপ্র, জেলস।

পাকাশয়ে—নক্স, ডাইয়োস, কক।

খুসকী (ড্যানড্রিফ)—আর্স, গ্রাফ, লাইক, সলফ, রস।

গর্ভস্রাব (এবরশন)—সিকে, কন, ক্রোক, ইপিক, সিড্রণ, আর্ণ, বেল

আশঙ্কিত—পলস, ক্যাম, বেল, স্যাব, আর্ণ, সিকে।

প্রতিষেধক—সিকে, ক্যাল্ক সিমিসি, চায়, সিড্রণ

গর্ভাবস্থায় বিবমিষা—ইপিক, ক্রিয়োজ, নক্স, পলস, আইরিস।

গলগণ্ড (গয়টার)—স্পঞ্জ, মার্ক-আইয়োড, আইয়োড, ব্রোম

গলাবেদনা (সোর-থোট)—একন, বেল, মার্ক, কাইটো।

গলকণ্ডুয়ন—আর্জ্জ-নাইট, সলফ, আর্স, মেজ, ভিরেট-ভি

গুল্মবায়ু (হিষ্টিরিয়া)—ইগে, প্লাট, এসা, ভেলার, কফ, জেলস, পলস, হাইয়স।

গুহ্যদ্বার ঃ—কণ্ডুয়ন—সলফ, নাইট-এসি, সিন, ইগে বা মার্ক, আর্স, একন।

ভ্রংশ—ইগে, নক্স, পডফ, মার্ক

গুঞ্জন (বিউনিয়ন)—ভিরেট-ভি, আর্ণ বা রুটা।

গৃধ্রসী (সায়েটিকা)—কলোস রস, আর্স, নক্স, ক্যান

গ্রন্থি-বিবর্দ্ধন মার্ক-আয়োড, ব্যারাই-কা, বেল, হিপার, আইয়োড, সিল, ক্যাল্ক ফস, ফাইটো।

গ্রীবাস্তম্ভ (ষ্টিফ নেক)—একন ও বেল ; সিমিসি, ব্রাই

ঘৃষ্টব্রণ (কন্টিউজন) —আর্ণ

ঘ্রাণাভাব—পলস, মার্ক, জেলস একন, ক্যাল্ক, স্যাঙ্গ, প্লম্ব।

চক্ষু :—ক্ষত—মার্ক, ক্লিম, নাইট-এসি, ইউফ্রে বেল, মার্ক-ক

তির্য্যক দৃষ্টি—বেল,হাইয়স, জেলস, ষ্ট্রাম।

দৌর্ব্বল্য—সলফ, ফস, আইয়োড, বেল।

সত্তব্রণ—আর্ণ ও একন ; বেল. হেম।

চক্ষুর কালিমা—আর্ণ, হেম

জড়ুক (নিভাস) থুজা, ক্রিয়ো

ঝিল্লিক প্রদাহ (ডিপথিরিয়া) বেল, ফাইটো, ক'-পার্মেঙ্গ, ম'র্ক-আই-য়োড,,আর্স, মিউর-এসি

তন্দ্রা (কোমা) ওপি, একন, বেল ; লাইক।

তাণ্ডব (কোরিয়া) কুপ, এগার, ডিরেট-ভি, বেল, ইগ্নে, সিমিসি, আর্স।

তাল-মুল-প্রদাহ (টন্সিলাইটিস্) —বেল, ব্যারাই,ম র্ক-আইয়োড ; কা-পার্মেঙ্গ।

তিমির (অ্যামোরোসিস)—বেল, ইউফ্রে, মার্ক-কর সিক্ক,হাইয়োস, জেলস, নক্স, চায়

তিল (মোল) কার্ব্বো, সলফ ; ক্যালেণ্ড

তির্য্যক দৃষ্টি (ষ্ট্রাবিসমাস)—বেল, হাইয়স, জেলস বা ষ্ট্রাম ; সিনা ; স্পিজি, ফস।

দদ্রোঃ—(হার্পিজ) শুষ্ক—মার্ক, আইয়োড, আর্স, পেট্রো।

রক্তস্রাবী—একন, রস, আর্স, ফাইটো গ্রাফ, ক্যাল্ক, সলফ

দদ্রোঃ—মস্তকের—সিপি

চর্ম্মের—টেলার, রস, সিপি, সলফ।

দন্ত-পুষ্পুট (গাম বয়েল)—একন ও বেল ; মার্ক, সিলি, হিপার ; ফস

দন্তশূলঃ— (টুথেক)—একন ও বেল ; পলস

ক্ষয়জন্য—ক্রিয়ে ,মার্ক,ষ্টাফ, ফাইটো,

স্নায়বীয়—কফ, ক্যাম, ইগ, জেলস।

বালকদিগের—ক্যাম, ক্রিয়ো

গর্ভাবস্থায়—বেল, নক্স ক্যাম, কফ।

দন্তোদ্ভেদ-বিলম্ব- ক্যাল্ক,ক্যাম, একন, ক্রিয়ে, ভিরেট-ভি, মার্ক

দংশন ও হুল-বেধ লিডম, এপিস, রস, ক্যান্থ।

দাহিকা (কার্ব্বঙ্কল)—বেল ও সলফ, এপিস ; আর্স ; একন ; সিল

দুর্ব্বলতা (ডিবিলিটি)—চায়না, ফির, ফস, ফস-এসি, ইগ্নে মস্ক, আই-য়োড, নক্স

ধ্বজভঙ্গ (ইম্পোটেন্স)—ফস এগ-নস্-কা, নক্স, ফির, ব্যারাই, মুফ, চায়না ফস-এসিড।

নাড়ীব্রণ (ফিষ্টুল—সিলি ফ্লোর-এসি, ক্যাল্ক হাইড্রাস।

নাসিকাঃ—রক্তস্রাব—একন,ব্রাই, ইপিক, হেম ; পলস ; চায়না, আর্ণ

ক্ষত—আর্স, সলফ, গ্রাফ, অর, কষ্ট ; আইয়োড

নিদ্রাহীনতা—কফি, বেল, হাইয়স জেলস ভিরেট-ভি, প্লন, ইগ্নে

নিদ্রালুতা—ওপি, বেল, একন ; লাইক

নিরুদ্ধপ্রকাশ (ষ্ট্রীকচার)—একন, নক্স, ক্যান্থ, ক্যান।

নিশ্বাস-দুর্গন্ধ—মার্ক, কার্ব্ব, স্পাজি, অর, একন, পলস

নীলপাণ্ডু (সায়েনোসিস)—ডিজি, অ র্স, কুপ ভিরেট

পক্ষাঘাত (প্যারালিসিস) — ব্যারাই-কা, নক্স, আর্জ-নাইট,প্লম্ব রস, ফস, জেলস, একন

পাকাশয় (ষ্টমাক) অম্লত্ব—পলস, নক্স, ব্রাই, লাইক, কার্ব্বো, ক্যাল্ক।

প্রদাহ—একন, আর্স, বেল, ফস

ক্ষত—আর্স, হাইড্রাস, কা-ফ বাইক্রম

পানিবসন্ত (ভেরিসেলা)—রস, সলফ, এণ্ট-টা।

পাণ্ডু (জণ্ডিস)—একন, ব্রাই, মার্ক চেল, আর্স ; ফস ; চায়, নক্স।

পানাত্যয় (ডিলিরিয়ম ট্রিমেন্স) ষ্ট্রাম, ওপি, বেল, হাইয়স, নক্স।

পামা (একজিমা)—আর্স, ক্যাল্ক, মার্ক, রস, ক্রোট-টিগ, সলফ

পারদ-দোষ—নাইট-এসি, হিপার, কার্ব্বো

পিচ্ছিতব্রণ (কণ্টিউজড্ উণ্ড)—আর্ণ ; হেম ; কোনা ; রুটা

পিত্তশিলা (গল-ষ্টোণ) — একন, মার্ক, পডফ, নক্স, চায়না।

পৃষ্ঠবংশের উপদাহ (স্পাইন্যাল ইরিটেশন—চায়না, ইগ্নে, নক্স, জেলস।

পৃষ্ঠ-বেদনা — পরিশ্রমজনিত— আর্ণ, রস, ব্রাই, জেলস

রজোকৃচ্ছ্র জনিত—বেল, পলস, সিকে, কক প্লাট

পৃষ্ঠবংশের উপদাহ জনিত—চায়, ইগ্নে, নক্স, জেলস।

প্রতিশ্যায় (ক্যাটার) মস্তকের একন, আর্স, মার্ক; নক্স, ইউফ্রে, কা-বাইক্র, কা-হাইড, সলফ।

বক্ষঃস্থলের—ব্রাই, ও একন বা ফস।

প্রমেহ (গনোরিয়া)—ক্যান, জেলস, মার্ক, একন, ক্যান্থ, থুজা, কোপ।

প্রসব-বেদনা (লেবর)—ক্যাম পলস, কফি, জেলস

কৃত্রিম—পলস, সিমিসি, কক, নক্স বেল।

প্রসবান্তিক বেদনা (আফটার-পেইন্স) - সিকে, কফি, পলস, আর্ণ ক্যাল, ক্রোক

ফুসফুস-প্রদাহ (নিউমোনিয়া) একন ও ফস, ব্রাই, চেল, এণ্ট-টা

ফুসফুস-বেষ্ট-প্রদাহ (প্লুরাইটিস)—একন ও ব্রাই; ফস, আইয়োড, আর্স।

বধিরতা (ডেফ নেস): সর্দি-জনিত—একন, মার্ক, বেল, পলস, ডল্ক

রোমান্তীর পর—পলস, সলফ, বেল

বসন্তের পর—মার্ক, সলফ, বেল।

স্নায়বীয় রোগের পর—ফস, ফস-এসি, চায়না, পেট্রোল

বন্ধ্যাত্ব (ষ্টারিলিটি) -ফস, প্লাট, কোন, ব্যারাই, ক্যাল, সিপি, বোরাক্স।

বমন (ভমি টিং): অপাচ্য আহার জনিত—পলস, এণ্ট-ক্রু, ইপিক, আইরিস

পুরাতন—ক্রিয়ো, আর্স, হাইড্রাস।

রক্ত—ইপিক, হেম, নাইট-এসিড, চায়না।

বসন্ত (ভেরিওলা)—এণ্ট-টা, মার্ক, বেল, ব্রাই, সলফ।

বহুপাদ (পলিপাস)—মার্ক-আই য়োড, কা-বাইক্র, টিউক, ক্যাল্ক।

বহুব্যাপকপ্রতিশ্যায় (ইনফ্লুয়েঞ্জা) ক্যাম্ফ; একন; আর্স; কা-বাইক্র

বাতকণ্টক (গ্রেণ) রস, আর্ণ, বা রুটা।

বাতরক্ত, গ্রন্থিবাত (গাউট)— একন ও বেল, কলচ, বা ব্রাই; রোড, সিমিসি, পলস, নক্স, লাইক, আর্ণ।

বায়ুনলী-ভুজপ্রদাহ (ব্রঙ্কাইটিস)

তরুণ—একন, এণ্ট-টার্ট ব্রাই, ইপিক, ফস, কা-বাইক্র।

বালকদিগের—ফস, এণ্ট টা, লোব

বৃদ্ধদিগের কার্বো, এ ট ট, সিনেগা, স্কুইল।

পুরাতন কা-বাইক্র, হিপার, ফস কার্বো, আর্স, কা হাইড

বিচরণ-বিলম্ব—ক্যাল্ক, ফস, সলফ।

বিদগ্ধ-দৃষ্টি (ক্যাটারাক্ট)—কোনা, ফস, ক্যান, ক্যাল্ক, সিল, সলফ, স্ট্যাঙ্গ, বেল।

বিবমিষা (নশিয়া)—ইপিক, ক্রিয়োজ, এণ্ট-ক্রু, লোব, টাবে, পলস, নক্স-ভ।

বিমর্ষতা (মিলানকোলি)—ইগ্নে অরম, চায়না, নক্স, প্লাট, মার্ক বা পড-ফ

বিষমজ্বর (ইণ্টার-মিটেণ্ট ফিবার) —চায় বা কুইন; আর্স; ভিরেট-এ, ফস-এসিড; নক্স বা ইপিক; সলফ-কুইন ইগ্নে।

বিষাদ-বায়ু (মিলানকোলিয়া) —অর, ইগ, প্লাট, ফস, জিঙ্ক, সলফ

বিসর্প (এরিসিপেলাস)—একন বেল, রস, ভিরেট-ভি, এপিস, ক্যান্থ আর্স।

বিসূচিকা (কলেরা): সাংঘাতিক —ক্যাম্ফ, ভিরেট, কুপ, আস

বুকজ্বালা (কার্ডিয়ালজিয়া) — কার্বো-ভে, ব্রাই, নক্স; লাইক; পলস, ভিরেট-এ।

বৃক্ক প্রদাহ (নিফ্রাইটিস)— ক্যান্থ, টেরেব, একন, বেল।

ব্রণশোথ (য়্যাবসেস):—তরুণ— বেল বা একন ও হিপার; মার্ক, আইয়োড, আর্স।

পুরাতন—সিল, ক্যাল্ক, সলফ, ফস; চায়

স্তনের—ফাইটো, ব্রাই; বেল ও হিপার; ফস (পুরাতন); মার্ক, চায়

মস্তিষ্কঃ—বিকম্পন (কঙ্কশন)— আর্ণ ও একন বা বেল।

রক্তসঞ্চয়—গ্লন, বেল, একন

প্রদাহ—একন, বেল, ভিরেট-ভি, ব্রাই, হাইয়োস, ওপি।

মাথক (ওয়ার্টস)—থুজা, রস; সলফ

মুখের পচাক্ষত—কা-ক্লোর, মার্ক আর্স; কার্বো, নাইট-এসি

মুখ-প্রসেক (পাইরোসিস) লাইক নক্স, কার্বো ব্রাই, আর্স

মুখমণ্ডল-বেদনা (ফেসেক) একন;

বেল, কলোস, স্পিজি ; সিপি স ক্যাম, ইক্টা।

মধুমেহ—(ডায়েবিটিস) যস-এসি, আর্স, নক্স-ভ, হেলোন

মূত্রেরেণু—(গ্রাভেল) ল্যাইক, এপ্ট-ক্রু, নক্স, ব্রাই

মূত্রস্তম্ভ—(রিটেনশন অভ ইউ-রিণ) ক্যাম্ব, নক্স, ওপি, একন, ক্যাম্ফ ক্যান।

মূত্রাশয় (ব্লাডার) শ্লেষ্মাস্রাব-এণ্ট-ক্রু, পলস, ফিস, ক্যাম্ব, ক্যান

প্রদাহ—ক্যাম্ব, টেরেব, এপিস একন।

পক্ষাঘাত-ব্যারাইট কার্ব, একন, নম্ন আর্স বেল।

মূত্রাশয়-প্রদাহ (সিষ্টাইটি) ক্যাম্ব, টেরেব, এপিস।

মূত্রাশয়ের মুখশায়ী-গ্রন্থির প্রদাহ (প্রষ্টেটাইটিস)—বেল, পলস ক্যা-হাইড।

মূর্চ্ছা (সিনকোপ)—মস্ক, ক্যাম্ফ, ইগ্নে, ভিরেট, আইয়োড, চায়না, কক।

মৃৎপাণ্ডু (এনিমিয়া) ফিস পলস, সিপি, কোনা।

মেদ রোগ (ওবিসিটি) আর্স ফিস, ক্যাল্ক, সলফ

মেদাপকর্ষ (ফ্যাটিডিজেনারেশন) ফস, আর্স, ফিস

যকৃৎকাঠিন্য—ফস, মার্ক-ক, ডিজি, আর্স

যকৃৎ বিবর্দ্ধন—মার্ক-আইয়োড

প্রদাহ—একন, ব্রাই, মার্ক-ক।

নিষ্ক্রিয়তা মার্ক, পডফ।

রজঃস্রাব (মেনষ্ট্রুয়েশন) প্রথম বিকম্ব-পলস, ফিস, সিপি, সলফ, ফস, সিকে, সাইক্লে

অনিয়মিত—সিপি, পলস, সলস, সিনিসিও

যন্ত্রণাযুক্ত—সিমিসি, কক, ক্রোক, বেল, ক্যাম, পলস, প্লাট, হেম, ইগ, জেলস, সিকে, ভিরেট

অধিক পরিমাণ সিকে, ক্রোক ; স্রাব একন, ক্যাল্ক, ইপিক ; চায়।

স্বল্প—সিপি ফিস, পলস, কোনা সলফ, হিলোন।

অবরুদ্ধ—একন, পলস, বেল ; কোনা ; সিপি. প্লাট, গ্রস।

নিয়মিত কালের পূর্ব্বে—ক্যাল্ক স্যাব, ইগ ; ক্রিয়ো ; সিকে, নক্স-ভ

নিয়মিত কালের অধিক পরে—পলস, ফস, ফিস, সিপি।

আনুকল্পিক (ভাইকেরিয়স) ·· হেম, ব্রাই, পলস ফস সিমিসি

নিবৃত্তি (সেসেশন)—চায় বা

ফির ; সলফ, গ্রন, ল্যাক বা স্যাঙ্গ ; সিমিসি, জেলস।

রক্ত-সঞ্চয় (কঞ্জেসশন) :

মস্তিষ্কের—একন, বেল, গ্লন ওপি, জেলস

যকৃতের—মার্ক, বেল, এলোজ, ব্রাই চায়, আর্স, আইয়োড একন

ফুসফুসের—একন, এস, ভিরেট-ভি এন্ট-টা, ব্রাই।

রক্ত-স্বল্পতা (এনিমিয়া), ফির, চায়, ফস-এসি, আর্স সিল, হেলোন

রক্তাতিসার (ডিসেন্ট্রি) মার্ক-ক, ইপিক, আর্স, এলোজ ; হেম

রোমান্তী (মিজেল্‌স) একন ও পলস ; জেলস, ব্রাই, বেল ; কা-বাইক্র ; সলফ

লালমেহ (গ্লীট)—সিনেবা, ক্যান্থ, ক্যান, পলস নক্স সলফ, ম্যাটিকো।

লিঙ্গবক্র (কর্ডি)—একন ; জেলস, বেল, ক্যান্থ, ক্লোরাল

লিঙ্গোত্থান (ইরেকশন) লাইক ফস-এসি, নুফর, একন বেল, জেলস।

শয্যা-ক্ষত (বেড সোর) গ্লিসারিণ-ক্রিম বা ক্যালেণ্ড লোশন্

শরীর-ক্ষয় (মারাসমাস), আই-য়োড, ক্যাল্ক, সলফ, ফস, আর্স, পলস।

কৃমিজন্য—সিনা, মার্ক, এন্ট-ক্রু।

শারীরব্রণ (অংলগার)—হাইড্রাস, সিলি বা কা-বাইক্রম, বেল, লাইক.; আর্স ; মার্ক, কষ্ট।

শিরা-প্রসারণ (ভেরিসিস)—হেম, পলস ফ্লোর-এসি

শিথিলিত গলমধ্য (রিল্যাক্সড্ থ্রোট)—কা-বাইক্র, হিপার, ব্যারাই কার্বটো, ফস

শিরোঘূর্ণন (ভার্টিগো)—একন, বেল, নক্স, কক, ব্রাই, পলস, জেলস।

শীতপিত্ত (আর্টিকেরিয়া)—এপিস, রস, পলস ; ক্লোরাল।

শীতাদ (স্কার্ভি)—মার্ক, নাইট-এসি, কার্বো-ভে, আর্স।

শুক্রমেহ (স্পার্মেটোরিয়া)—ফস চায়, ফির, ফস-এসি, আর্জ-মে, জেলস।

শূল (কলিক)—কলোস, নক্স, প্লব ; আইরিস, কোলিন।

সীসশূল—ওপি, এলম, সলফ-এসি

রজোশূল—কক, প্লাট, নক্স, সিকে, ইগ্নে।

শোথ (ড্রপসি) : আর্স, এপিস, ডিজি, ব্রাই, চায় এপোসাই।

উদরের—এপোসাই, আর্স, এ-পিস, ডিজি, চায়না।

মস্তিষ্কের—হেল, বেল, এপিস, ভিরেট-ভি বা জেল্‌স

বক্ষঃস্থলের—ডিজি, আর্স, ব্রাই, হেল

শাখার—চায়, ফির, এপিস, আর্স।

অণ্ডকোষের—আইয়োড, রোড, গ্রাফ, অরম।

শ্লৈষ্মিকপাণ্ডু, হরিৎপাণ্ডু (ক্লে-রোসিস)—ফির, পলস, ফির-আই য়োড, সিপি, ক্যাল্ক।

শ্বাস (হ্যাজম) আর্স, একন লোব, ইপিক, ইউক্রে, কুপ।

বালকদিগের—এন্ট টার্ট, স্যাম্বু, ইপিক আর্স, কুপ।

শ্বেতপ্রদর (লিউকোরিয়া)—সিপি, কক, পলস, ক্যাল্ক, সিলি; ক্রিয়োজ; কোনা।

সন্নিপাত-জ্বর (টাইফয়েড ফি-ভার) ব্যাপ্ট, আর্স মিউর-এসি, রস)।

সবমন শিরঃপীড়া (সিক্‌হেডেক)—আইরিস, ইপিক, পলস, নক্স সিপি।

সংন্যাস (এপোপ্লেক্সি) একন, ওপি, বেল, গ্লন, নক্স)

সামান্য জ্বর (সিম্পেল ফিভার)—একন ভিরেট-ভি।

সূতিকাজ্বর (পিউয়ারপারল ফিভার)—একন বেল, এাই, ষ্ট্রাম

স্তন্য স্বল্প বা রুদ্ধ—পলস, এগ্নস্; একন; বেল।

অতিরিক্ত—ক্যাল্ক ফস, আই-য়োড; চায়না

স্তন্য-জ্বর (মিল্ক-ফিভার)—ব্রাই একন, ক্যাম, ভিরেট-ভি, বেল।

স্নায়ু-শূল (নিউরালজিয়া) মুখ-মণ্ডলে—একন, আর্স, বেল, কলোস, ক্যাম জেলস।

মস্তকে—গ্লন, বেল, নক্স, স্পিজি, সিমি

পৃষ্ঠে নক্স অক্স-এসি, সিমিসি, ভিরেট।

উরুতে—কলোস, আর্স, নক্স ক্যান।

পার্শ্বে—রোড, আর্স, সিমিসি।

স্ফোটক (বয়েল—বেল) সলফ, আইওড বা হিপার।

স্বরঘ্ন (ক্রুপ)—একন, স্পঞ্জ, হিপার, আর্ণ, এপিস।

স্বরভঙ্গ (হোর্সনেস):—একন, কষ্ট; ব্যারাই-কা, ফস, মার্ক ইয়ে বা বেল; কা—হাইড আর্ণ।

পুরাতন ক্যা-বাইক্রোম, হিপার ফস কার্ব্বো, কষ্ট, মার্ক

স্বল্প-বিরামজ্বর (রেমিটেণ্ট-ফিবার) জেলস, আর্স, ভিরেট, চায়না, ইপিক, বস

স্বাদ-বৈলক্ষণ্য পলস, মার্ক, ব্রম

হনুস্তম্ভ (লকজ) একন, বেল, আর্ণ, নক্স, জেলস।

হিম-স্ফোট (চিলব্লেন) পেট্রোল, পলস হেম বা রস; ফস, ক্যালেণ্ড ক্রিয়োজ।

হুপশব্দককাশ (হুপিংকাফ) ইপিক ড্রস কোরাল কুপ ভিরেট; জেলস ভিরেট, ভি বা বেল।

হৃৎকম্প (প্যাল্পিটেশন) মস্ক; একন, স্পিজি বেল ক্যাক্ট, ফস, পলস, আর্স।

হৃদ্রোগ (হার্টডিজিজ) ডিজি, নাজা, একন, স্পিজি, আর্স, ফস।

হৃৎশূল (এঞ্জাইনা পেক্টোরিস) আর্স, ডিজি, আম্ব, ভিরেট-এ, ক্যাক্ট, ল্যাক, ভিরেট-ভি, ট্রিক।

ক্ষয়, যক্ষ্মা (থাইসিস): ফস, আর্স, ফস-এসি, ফির আইয়োড, ড্রস, ক্যাল্ক,-আইয়োড্র লাইক; একন, বা ব্রাই।

অন্ত্রের— আইয়োড, ক্যাল্ক, ফির, সলফ, মার্ক আইওড আর্স।

ক্ষুধা: অভাব, চায়না, নক্স, পলস, রস, আর্স ফির

অতিরিক্ত বা বিকৃত ক্যাল্ক সিন, নক্স সিল, ভিরেট

ক্ষৌরকণ্ড (সাইকোসিস) এণ্টি-টা সিপিয়া আর্স

সম্পূর্ণ।

IMPERIAL LIBRARY